# 31 মার্চ 2024-এ সমাপ্ত সময়কালের জন্য ভারতের মহাহিসাব-নিয়ামক ও নিরীক্ষকের প্রতিবেদন

**পশ্চিমবঙ্গ সরকার**

**2025 সালের প্রতিবেদন সংখ্যা 7**
**(কার্য্যসম্পাদন এবং মান্যতা বিষয়ক নিরীক্ষা-সিভিল)**

## সূচীপত্র


| বিষয় | উল্লেখ সূত্র | |
|---|---|---|
| | অনুচ্ছেদ | পৃষ্ঠা নং |
| প্রাক্কথন | | (v) |
| নির্বাহী সারসংক্ষেপ | | (vii-xiv) |
| **প্রথম অধ্যায়** | | |
| **জনস্বাস্থ্য কারিগরি দপ্তর** | | |
| ***পশ্চিমবঙ্গে জল জীবন মিশনের উপর কার্য্যসম্পাদন নিরীক্ষা*** | | |
| ভূমিকা | 1.1 | 1 |
| জে জে এম-এর প্রধান বৈশিষ্ট্য | 1.2 | 1-2 |
| জে জে এম-এর কাজে অগ্রগতি | 1.3 | 2 |
| জে জে এম-এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা | 1.4 | 2 |
| আর্থিক অগ্রগতি | 1.5 | 3-4 |
| নিরীক্ষার উদ্দেশ্য | 1.6 | 4 |
| নিরীক্ষার মানদণ্ড | 1.7 | 4 |
| নিরীক্ষার পরিধি এবং পদ্ধতি | 1.8 | 4-5 |
| নিরীক্ষার ব্যপ্তি | 1.9 | 5-14 |
| পরিকল্পনা | 1.10 | 14-17 |
| কাজের বাস্তবায়ন | 1.11 | 17-26 |
| পরিচালনা পরবর্তী ব্যবস্থাপনা এবং স্থায়িত্ব | 1.12 | 27-29 |
| জলের গুণমান পর্যবেক্ষণ ও নজরদারি | 1.13 | 29-39 |
| নজরদারি | 1.14 | 39-42 |
| মূল স্টেকহোল্ডার এবং প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া | 1.15 | 42-44 |
| উপসংহার | 1.16 | 45 |
| **দ্বিতীয় অধ্যায়** | | |
| **পরিবহন দপ্তর** | | |
| ***আর টি ও এবং এস টি এ গুলির কার্যকারিতা সম্পর্কিত বিষয় ভিত্তিক মান্যতাবিষয়ক নিরীক্ষা*** | | |
| ভূমিকা | 2.1 | 47 |
| সাংগঠনিক কাঠামো | 2.2 | 47 |
| দপ্তরের রাজস্ব প্রাপ্তি ও আদায়ের জন্য ব্যয় | 2.3 | 47-48 |
| নিরীক্ষার উদ্দেশ্য | 2.4 | 48 |
| নিরীক্ষার মানদণ্ড | 2.5 | 48-49 |
| আঞ্চলিক পরিবহন কার্যালয় নির্বাচনের জন্য নমুনা পদ্ধতি | 2.6 | 49 |

| বিষয় | উল্লেখ সূত্র | |
|---|---|---|
| | অনুচ্ছেদ | পৃষ্ঠা নং |
| নিরীক্ষার পরিধি এবং পদ্ধতি | 2.7 | 49-50 |
| লাইসেন্স প্রদান, নবীকরণ ও বাতিল | 2.8 | 50-53 |
| নিবন্ধীকরণ, পারমিট ও ফিটনেস শংসাপত্র প্রদানের মাধ্যমে যানবাহনের নিবন্ধীকরণ ও ব্যবহারের প্রনিয়ম এবং নিয়ন্ত্রণ | 2.9 | 53-60 |
| রাজস্ব নির্ধারণ, ধার্য্য, সংগ্রহ এবং প্রেরণ | 2.10 | 60-68 |
| মোটরযান আইন/বিধি মেনে চলা বলবৎকরণ কার্যক্রম ও পর্যবেক্ষণ | 2.11 | 68-73 |


## পরিশিষ্টসমূহ


| ক্রমিক সংখ্যা | বিবরণসমূহ | পৃষ্ঠা নং |
|---|---|---|
| 1.1 | নির্বাচিত জেলা, ব্লক ও গ্রামের তালিকা | 73 |
| 1.2 | জমির সমস্যা, ডি আই পাইপের সমস্যা ইত্যাদির কারণে ব্যাহত পরিবর্ধন প্রকল্পগুলির বিবরণ | 74-77 |
| 1.3 | জমি সমস্যার কারণে নতুন প্রকল্পগুলির কাজ ব্যাহত হয়েছে | 78-80 |
| 1.4 | 28 টি বাতিল প্রকল্পের ডি পি আর-এর জন্য অপব্যয় | 81-83 |
| 1.5 | 14 টি বাস্তবায়নে সহায়তাকারী সংস্থা (আই এস এ)-র নিযুক্তিতে ব্যয়ের বিবরণ | 84-85 |
| 1.6 | বিদ্যমান পি ডব্লিউ এস এস-এর কমান্ড এলাকার বাইরে অবস্থিত অঙ্গনওয়াড়ি কেন্দ্র (এ ডব্লিউ সি)-এ জল সরবরাহ ব্যবস্থা বাস্তবায়নে অতিরিক্ত ব্যয়ের বিশদ বিবরণ | 86 |
| 1.7 | অস্বীকার্য ব্যয় | 87 |
| 1.8 | সময়মতো এফ টি কে ব্যবহার না করার কারণে অপব্যয় | 88 |
| 1.9 | দুটি রাজ্য পরীক্ষাকেন্দ্রে উপলব্ধ সরঞ্জামের বিশদ বিবরণ | 89-90 |
| 1.10 | নমুনা পরীক্ষিত ছয়টি জেলা পরীক্ষাগারে সরঞ্জামের অভাব/ঘাটতি | 91 |
| 1.11 | নমুনা পরীক্ষিত 80 টি উপ-জেলা পরীক্ষাগারে সরঞ্জামের বিবরণ | 92 |
| 1.12 | কার্যস্থল পরিদর্শন করা পাম্প হাউসগুলির তালিকা | 93 |
| 2.1 | একটি গাড়ি চালানোর দক্ষতা পরীক্ষা করার জন্য নিয়ম | 94 |
| 2.2 | নিবন্ধন মাশুল পুনর্নির্ধারন না করা | 95-96 |
| 2.3 | পুঙ্খানুপুঙ্খ তদন্তের জন্য নির্বাচিত পারমিট রেজিস্টারের সংখ্যা | 97 |
| 2.4 | পারমিট মাশুল অনাদায় (সেই যানবাহন যাদের পারমিটের তথ্য এখনও বাহন-4 এ আপডেট করা হয়নি) | 98 |

| পরিশিষ্টসমূহ | | |
|---|---|---|
| ক্রমিক সংখ্যা | বিবরণসমূহ | পৃষ্ঠা নং |
| 2.5 | পারমিট মাশুল অনাদায় (সেই যানবাহন যাদের পারমিটের তথ্য বাহন-4 এ আপডেট করা আছে) | 99-100 |
| 2.6 | পারমিট ছাড়াই গাড়ি চলাচল | 101 |
| 2.7 | জাতীয় পারমিট ধারকদের কাছ থেকে অনুমোদন মাশুল অনাদায় | 102-103 |
| 2.8 | ফিটনেস মাশুল এবং জরিমানা অনাদায় | 104-106 |
| 2.9 | ফিটনেস মাশুল কম আদায় | 107-108 |
| 2.10 | অবৈধ দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র থাকা যানবাহনকে ফিটনেস শংসাপত্র প্রদান | 109-110 |
| 2.11 | ডিলার এবং/অথবা নির্মাতাদের কাছ থেকে কর এবং জরিমানা অনাদায় | 111-112 |
| 2.12 | ডিলার করের উপর জরিমানার কম আদায় | 113-114 |
| 2.13 | সড়ক কর ও জরিমানা অনাদায় | 115-116 |
| 2.14 | কন্ট্রাক্ট ক্যারেজ থেকে অতিরিক্ত কর অনাদায় | 117-118 |
| 2.15 | অন্যান্য রাজ্য পণ্যবাহী যানবাহন থেকে অতিরিক্ত কর কম আদায় | 119-120 |
| 2.16 | স্টেজ ক্যারেজ থেকে অতিরিক্ত কর আদায় | 121-122 |
| 2.17 | হালকা মোটরযান থেকে সড়ক কর আদায়ের মূল্যায়ন | 123-125 |
| 2.18 | বিশেষ কর ও জরিমানা অনাদায় | 126-127 |
| 2.19 | অডিও মাশুল অনাদায় | 128-129 |
| 2.20 | ভিডিও মাশুল অনাদায় | 130-131 |
| 2.21 | ভারী পণ্যবাহী যানবাহনের ক্ষেত্রে বিশেষ মাশুলের হার | 132 |
| 2.22 | বিশেষ মাশুল অনাদায় | 133-134 |
| 2.23 | পরিবহন শ্রমিকদের কল্যাণ সেস, সুদ ও জরিমানা অনাদায় | 135-136 |
| 2.24 | পরিবহণ শ্রমিকদের কল্যাণ সেসের উপর সুদ অনাদায় | 137-138 |
| | **শব্দকোষের সংক্ষিপ্ত রূপ** | |
| | শব্দকোষের সংক্ষিপ্ত রূপ | 139-140 |

# প্রাক্‌কথন

ভারতীয় সংবিধানের ধারা 151 অনুযায়ী পশ্চিমবঙ্গের রাজ্যপালের কাছে পেশ করার নিমিত্ত মার্চ 2024-এ সমাপ্ত বছরের জন্য এই প্রতিবেদনটি প্রস্তুত করা হয়েছে।

এই প্রতিবেদনে পশ্চিমবঙ্গ সরকারের দুটি দপ্তরের সাথে সম্পর্কিত একটি কার্য্যসম্পাদন নিরীক্ষা এবং একটি বিষয়ভিত্তিক মান্যতা নিরীক্ষার গুরুত্বপূর্ণ ফলাফল উপস্থাপিত হয়েছে।

এই প্রতিবেদনে সেইসব বিষয়গুলির উল্লেখ করা হয়েছে যেগুলি 2019-20 থেকে 2023-24 সময়কালে নমুনা নিরীক্ষার সময় পরিলক্ষিত এবং যেগুলি পূর্ববর্তী বছরগুলিতে পরিলক্ষিত হয়েছে কিন্তু ইতিপূর্বে প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়নি; প্রয়োজনমত 2023-24-এর পরবর্তী সময়ের কিছু বিষয়ও এই প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

ভারতের মহা হিসাব-নিয়ামক ও নিরীক্ষক কর্তৃক জারি করা নিরীক্ষার মানদন্ড অনুসারে নিরীক্ষা পরিচালিত হয়েছে।

**বাংলা প্রতিবেদনে কোনরকম সন্দেহের অবকাশ থাকলে ইংরাজী প্রতিবেদনকে প্রামাণ্য বলে ধরতে হবে।**

# নির্বাহী সারসংক্ষেপ

# নির্বাহী সারসংক্ষেপ

## পশ্চিমবঙ্গে জল জীবন মিশনের উপর কার্য্যসম্পাদন নিরীক্ষা

জল জীবন মিশন (জে জে এম) একটি ফ্ল্যাগশিপ প্রকল্প যা ভারত সরকারের জলশক্তি মন্ত্রক (জি ও আই) দ্বারা 15 আগস্ট 2019-এ চালু করা হয়েছিল; যার মাধ্যমে 2024 সালের মধ্যে গৃহস্থালিতে কার্যকরী নল সংযোগ (এফ এইচ টি সি)-এর মাধ্যমে প্রতিটি গ্রামীণ পরিবারকে (এইচ এইচ) নিরাপদ এবং পর্যাপ্ত পানীয় জল সরবরাহ করা হবে।

পশ্চিমবঙ্গে, মার্চ 2019 পর্যন্ত, 1.63 কোটি গ্রামীণ পরিবারের মধ্যে, এফ এইচ টি সি 2.15 লক্ষ গ্রামীণ পরিবারে উপলব্ধ ছিল, অর্থাৎ মাত্র 1.31 শতাংশ। জে জে এম প্রকল্পের লক্ষ্য ছিল 2024 সালের শেষের দিকে (2025-26 সালের কেন্দ্রীয় বাজেটে 2028-এ) রাজ্যের অবশিষ্ট 1.61 কোটি গ্রামীণ পরিবারকে এফ এইচ টি সি-এর মাধ্যমে নলবাহিত জল সরবরাহ করা। পরবর্তীকালে, জে জে এম-আই এম আই এস পোর্টাল অনুসারে পশ্চিমবঙ্গে এফ এইচ টি সি প্রদেয় পরিবারের সংখ্যা বৃদ্ধি পেয়ে 1.75 কোটি (17 অক্টোবর 2024) হয়। পশ্চিমবঙ্গে, জনস্বাস্থ্য কারিগরি দপ্তর (পি এইচ ই ডি) জে জে এম-এর বাস্তবায়নকারী দপ্তর।

জে জে এম-এর বাস্তবায়নের বিবরণ এবং কাঙ্খিত ফলাফল অর্জনের মূল্যায়ন করার জন্য 2019-20 থেকে 2023-24 সময়কালে জল জীবন মিশনের কার্য্যসম্পাদন নিরীক্ষা করা হয়।

### *উল্লেখযোগ্য নিরীক্ষা ফলাফল:*

- 31 মার্চ 2019 পর্যন্ত, পশ্চিমবঙ্গে 1.31 শতাংশ (অর্থাৎ 1.63 কোটি গ্রামীণ পরিবারের মধ্যে 2.15 লক্ষ), গ্রামীণ পরিবারকে এফ এইচ টি সি প্রদান করা হয়েছিল এবং সর্বভারতীয় ক্ষেত্রে 18.33 শতাংশ। রাজ্যে জে জে এম বাস্তবায়নের পাঁচ বছর পরে 1.75 কোটি পরিবারকে আওতায় নিয়ে আসার সংশোধিত লক্ষ্যের নিরিখে এফ এইচ টি সি আওতাভুক্ত পরিবারের সংখ্যা মাত্র 58.74 লক্ষ (34 শতাংশ) অর্থাৎ 1.16 কোটি পরিবার (66.45 শতাংশ) 31 মার্চ 2024 পর্যন্ত আওতার বাইরে ছিল। এছাড়াও, নির্বাচিত ছয়টি জেলার মধ্যে, এফ এইচ টি সি আওতাভুক্ত পরিবারের সর্বাধিক সংখ্যা ছিল (47.83 শতাংশ) বাঁকুড়া জেলায় এবং সর্বনিম্ন সংখ্যা ছিল (17 শতাংশ) পুরুলিয়া জেলায়।

  ***(অনুচ্ছেদ 1.3 এবং 1.9.1)***

- 2019-24 সালের জন্য মোট 19,595.02 কোটি টাকা কেন্দ্রীয় বরাদ্দের মধ্যে, 2019-23 সালে রাজ্যের দুর্বল আর্থিক অগ্রগতির কারণে ভারত সরকার কর্তৃক মাত্র 10,502.85 কোটি টাকা (53.60 শতাংশ) প্রদান করা হয়েছিল, যা ভারত সরকারের কাছ থেকে কোনও অতিরিক্ত তহবিল পাওয়ার ক্ষেত্রে অন্তরায় হয়। শুধুমাত্র 2023-24 সালে রাজ্য ভারত সরকারের কাছ থেকে দক্ষতা পুরষ্কার হিসাবে অতিরিক্ত 400 কোটি টাকা পেয়েছিল।

  ***(অনুচ্ছেদ 1.5)***

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, ভারত সরকার, পশ্চিমবঙ্গের 10 টি জেলাকে জাপানি এনসেফালাইটিস-অ্যাকিউট এনসেফালাইটিস সিনড্রোম দ্বারা প্রভাবিত হিসাবে চিহ্নিত করেছে। জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে, রাজ্যগুলিকে 2021-এর মধ্যে এই জাতীয় জেলাগুলির প্রতিটি গ্রামীণ পরিবারে এফ এইচ টি সি সরবরাহ নিশ্চিত করতে হবে। যাইহোক, 01 এপ্রিল 2024 পর্যন্ত, রাজ্য এই জেলাগুলির 73.81 লক্ষ পরিবারের মধ্যে মাত্র 24.52 লক্ষ পরিবারকে (33.22 শতাংশ) এফ এইচ টি সি সরবরাহ করতে

সক্ষম হয়েছিল, এমনকি নির্ধারিত সমাপ্তির তারিখ (মার্চ 2021) থেকে তিন বছর বিলম্বের পরে।

***(অনুচ্ছেদ 1.9.3.1)***

- জে জে এম-এর লক্ষ্য ছিল 2024 সালের মধ্যে সমস্ত স্কুল এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রে পানীয় জল সরবরাহ করা। তবে, রাজ্যের 18 শতাংশ স্কুল এবং প্রায় 50 শতাংশ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কোনও ট্যাপ সংযোগ ছিল না। মাত্র 44 *শতাংশ* গ্রামীণ স্কুল এবং 20 *শতাংশ* অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শৌচাগার/প্রস্রাবখানায় জলের ব্যবস্থা ছিল।

***(অনুচ্ছেদ 1.9.4)***

- রাজ্য জল বাজেট, সংরক্ষণের প্রচেষ্টা, প্রকল্পগুলি সম্পাদনের জন্য জমির প্রয়োজনীয়তা, মানব সম্পদের প্রয়োজনীয়তা, আই এস এ-র প্রয়োজনীয়তা, আই ই সি কার্যক্রম, প্রকল্পগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, তৃতীয় পক্ষের পরিদর্শন, অভিযোগ নিষ্পত্তি প্রক্রিয়া ইত্যাদি বিবেচনা না করে এবং জে জে এম নির্দেশিকা লঙ্ঘন করে রাজ্য কর্ম পরিকল্পনা (এস এ পি) প্রস্তুত করা হয়েছিল।

***(অনুচ্ছেদ 1.10.4)***

- 2019-23 সালে রাজ্য স্তরের প্রকল্প অনুমোদন কমিটি (এস এল এস এস সি) দ্বারা মোট 9,336 টি প্রকল্প অনুমোদিত হয়েছিল যার আনুমানিক ব্যয় 56,983.50 কোটি টাকা ছিল। এই 9,336 টি প্রকল্পের মধ্যে 7,961 টি প্রকল্প (85.27 শতাংশ) ডিসেম্বর 2024 পর্যন্ত অসম্পূর্ণ ছিল। 2023-24 সালে এস এল এস এস সি দ্বারা কোনও প্রকল্প অনুমোদিত হয়নি। প্রকল্পগুলি শেষ করতে বিলম্বের কারণ হল উৎস এবং বিতরণ ব্যবস্থা না বাড়িয়ে পুনর্নির্মাণের কাজ শুরু করা, কাজ বাদ দেওয়া, জমির সমস্যা, বিদ্যুৎ সরবরাহের বিলম্ব ইত্যাদি।

***(অনুচ্ছেদ 1.11.1)***

- 18 টি জেলায় 1,123.53 কোটি টাকার আনুমানিক ব্যয়ে 3,54,535 টি এফ এইচ টি সি নিয়ে মোট 707 টি প্রকল্প পরবর্তীকালে (16 ডিসেম্বর 2024 পর্যন্ত) অনুপযুক্ত পরিকল্পনা, পুনরাবৃত্তি, ডুপ্লিকেটিং ইত্যাদির কারণে বাদ দেওয়া হয়েছিল। প্রকল্পগুলি বাদ দেওয়ার ফলে ডি পি আর প্রস্তুতির জন্য কেবল 1.62 কোটি টাকার অপচয় হয়নি, প্রকল্পগুলি গ্রহণের আগে যথাযথ সমীক্ষা/তদন্ত এবং পরিকল্পনার অভাবও দেখা গেছে।

***(অনুচ্ছেদ 1.11.2)***

- 10.82 কোটি টাকা ব্যয়ে মোট 99 টি কমিউনিটি ওয়াটার পিউরিফিকেশন প্ল্যান্ট (সি ডব্লিউ পি পি) স্থাপন করা হয়েছিল এবং জল শুন্য কলের কারণে 14 টি সি ডব্লিউ পি পি আগস্ট 2024 পর্যন্ত অসম্পূর্ণ ছিল। 99 টি সম্পূর্ণ সি ডব্লিউ পি পি গুলির মধ্যে 18 টি আগস্ট 2024 পর্যন্ত অকার্যকর ছিল এবং 25 টি অপরিশ্রুত জল সঠিকভাবে পরিশোধন করতে পারেনি কারণ ঠিকাদাররা বিপরীতমুখী ধৌতকরনের কাজ এবং ফ্লোরাইড-অপসারনের মাধ্যম প্রতিস্থাপন করেনি। ফলস্বরূপ, 14 টি অসম্পূর্ণ এবং 18 টি অকার্যকর সি ডব্লিউ পি পি র-এর মাধ্যমে 21,069 জনকে ফ্লোরাইড মুক্ত জল সরবরাহের লক্ষ্য অর্জন করা হয়নি, যার ফলে 2.13 কোটি টাকা অপব্যয় হয়েছিল, অন্যদিকে 25 টি কার্যকরী প্রকল্পের জন্য ব্যয় করা 2.96 কোটি টাকাও ফলপ্রসূ ছিল না কারণ এগুলি ফ্লোরাইড অপসারন করতে অক্ষম ছিল।

***(অনুচ্ছেদ 1.11.3)***

- জে জে এম নির্দেশিকা অনুসারে, বাস্তবায়নে সহায়তাকারী সংস্থা (আই এস এ) একটি অলাভজনক সংস্থা হওয়া উচিত বা তার মুনাফা, যদি থাকে বা অন্যান্য আয় দাতব্য উদ্দেশ্যগুলি প্রচারের জন্য ব্যবহার করা উচিত। নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে কাজের ব্যয়ের 10 শতাংশ হারে প্রতিটি আইটেমের মূল্যের সাথে এজেন্সি মুনাফা হিসাবে যুক্ত করা হয়েছিল যার ফলে জুলাই 2024 পর্যন্ত আই এস এ-কে 7.25 কোটি টাকা অযৌক্তিক সুবিধা দেওয়া হয়েছিল। মুনাফার অংশ প্রদানের আগে দাতব্য কার্যক্রমে মুনাফার ব্যবহারের সমর্থনে কোনও হলফনামা পাওয়া যায়নি।

**(*অনুচ্ছেদ 1.11.4*)**

- পাঁচটি নির্বাচিত জেলায়, পি এইচ ই ডি-এর ছয়টি বিভাগ 2019-24 সালে মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজে এবং ভবন সংস্কারের জন্য 6.41 কোটি টাকা ব্যয় করেছে, যা জে জে এম নির্দেশিকা অনুসারে গ্রহণযোগ্য ছিল না।

**(*অনুচ্ছেদ 1.11.8*)**

- জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে, জল সরবরাহ প্রকল্পগুলির কার্যকারিতা নিশ্চিত করার জন্য গৃহস্থালিতে নল সংযোগগুলির পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং মালিকানার অনুভূতি জাগিয়ে তোলা, স্বচ্ছতা বৃদ্ধি করা এবং দীর্ঘমেয়াদি স্থায়িত্ব নিশ্চত করার জন্য জনসাধারণের দ্বারা বাস্তবায়নের পরিকল্পনা ছিল। তবে নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে নমুনা পরীক্ষিত জেলাগুলিতে (সেপ্টেম্বর 2024 পর্যন্ত) জে জে এম-এর অধীনে সম্পন্ন 455 টি প্রকল্পের কোনওটিই জনসাধারণের কাছে হস্তান্তর করা হয়নি। এর ফলে, জনসম্প্রদায় দ্বারা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করা, মালিকানার ভাবনা বাড়ানো এবং সুবিধাপ্রাপকদের অংশগ্রহণের মাধ্যমে দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করার লক্ষ্য পূরণ করা যায়নি।

**(*অনুচ্ছেদ 1.12.1*)**

- রাজ্যের 219 টি পরীক্ষাগারের মধ্যে মাত্র 22 টি পরীক্ষাগার এন এ বি এল স্বীকৃত, 194 টি পরীক্ষাগার এন এ বি এল মান্যতা প্রাপ্ত এবং তিনটি এখনও এন এ বি এল স্বীকৃতি/মান্যতা পায়নি। 88 টি নমুনা পরীক্ষিত পরীক্ষাগারগুলির সবকটিই রাসায়নিক এবং জৈবিক উভয় মানদন্ডের জন্য জলের গুণমান পরীক্ষা করছিল। তবে, এন এ বি এল এগুলিকে কেবল রাসায়নিক প্যারামিটারগুলির নিরিখে পরীক্ষা করার অনুমতি দিয়েছিল, জৈবিক প্যারামিটারগুলির জন্য নয়। সুতরাং, নির্ভুলতা এবং নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য এন এ বি এল স্বীকৃত মানদণ্ড ছাড়াই পরীক্ষাগারগুলিতে পরিচালিত ব্যাকটেরিয়া এবং রাসায়নিক পরীক্ষার ফলাফলের উপর নির্ভর করা যায় না।

**(*অনুচ্ছেদ 1.13.1*)**

- ফেব্রুয়ারী 2013 সালে জলশক্তি মন্ত্রণালয় কর্তৃক জারি করা অভিন্ন পানীয় জল গুণমান পর্যবেক্ষণ নিয়মাবলী (ইউ ডি ডব্লিউ কিউ এম পি), রাজ্য, জেলা এবং উপ জেলা পরীক্ষাগারগুলির জন্য প্রয়োজনীয় জায়গা, কম্পিউটার, ইন্টারনেট, ইউ পি এস, ইনভার্টার, প্রিন্টার, টেলিফোন, এয়ার কন্ডিশনার এবং গ্যাসের বিধানের মতো ন্যূনতম পরিকাঠামোগত প্রয়োজনীয়তা নির্ধারণ করে। তবে নিরীক্ষায় দেখা যায় যে 88 টি নমুনা পরীক্ষিত পরীক্ষাগারে নয়টি নির্ধারিত পরিকাঠামোগত আইটেমের মধ্যে কেবল একটি পাওয়া গেছে। এছাড়াও, ইউ ডি ডব্লিউ কিউ এম পি অনুসারে একটি রাজ্য পরীক্ষাগারে 43 টি সরঞ্জাম এবং একটি জেলা পরীক্ষাগারে 32 টি থাকতে হবে। নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে দুটি রাজ্য পরীক্ষাগারের মধ্যে একটিতে (দক্ষিণ রায়পুর ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট

স্টেট রেফারেল ল্যাবরেটরি) আটটি আইটেমের অভাব ছিল, অন্যটিতে (কল্যাণী স্টেট রেফারেল ল্যাবরেটরি) 13 টি আইটেমের অভাব ছিল। ছয়টি নমুনা পরীক্ষিত জেলা পরীক্ষাগারের মধ্যে নির্ধারিত 32 টি সরঞ্জামের মধ্যে পাঁচটি ছিল না।

***(অনুচ্ছেদ 1.13.2 এবং 1.13.3)***

- ইউ ডি ডব্লিউ কিউ এম পি অনুসারে, রাজ্যের জল পরীক্ষাগারগুলিতে 13 টি পরীক্ষার প্যারামিটার বিশ্লেষণ করা দরকার। যাইহোক, ছয়টি নির্বাচিত জেলা এবং দুটি রাজ্য পরীক্ষাগারের 86 টি পরীক্ষাকেন্দ্রের পরীক্ষায় দেখা গেছে যে এই পরীক্ষাগারগুলিতে মোট 13 টি প্যারামিটার পরীক্ষা করা হচ্ছে না। বিশেষত, 88 টি পরীক্ষাগারের মধ্যে 87 টি সালফেট এবং নাইট্রেটের জন্য পরীক্ষা করেনি, এটি একটি গুরুতর ঝুঁকি তৈরি করে।

***(অনুচ্ছেদ 1.13.8)***

- ছয়টি নমুনা পরীক্ষিত জেলায়, 2019-24 সালে বাড়তি ক্লোরিনের জন্য 1,23,358 টি নমুনা পরীক্ষা করা হয়েছিল। 48,762 টি নমুনায় (39.53 শতাংশ) কোনও বাড়তি ক্লোরিন সনাক্ত করা হয়নি, যা স্পষ্টভাবে অপর্যাপ্ত ক্লোরিন ডোজের ইঙ্গিত দেয়। আরও 43,763 টি নমুনায় পরিচালিত ব্যাকটেরিয়া পরীক্ষায় 7,099 টি নমুনায় (16.22 শতাংশ) কলিফর্ম এবং 3,374 টি নমুনায় (7.71 শতাংশ) ই-কোলাই-এর উপস্থিতি পাওয়া গেছে। ফলস্বরূপ, 2019-24 সালে উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তি আমাশয়, কলেরা, জন্ডিস ইত্যাদির মতো জলবাহিত রোগে আক্রান্ত হয়েছেন।

***(অনুচ্ছেদ 1.13.9)***

- জল জীবন মিশনের আওতায় সম্পাদিত সমস্ত কাজের জন্য ঠিকাদারদের অর্থ মঞ্জুর করার আগে তৃতীয় পক্ষের পরিদর্শন এবং শংসাপত্র বাধ্যতামূলক ছিল। যাইহোক, 22 টি জেলার জন্য তৃতীয় পক্ষের পরিদর্শন সংস্থাগুলি (টি পি আই এ) কেবল জুন 2022 এবং জানুয়ারী 2023 এ নিযুক্ত ছিল এবং টি পি আই এ দ্বারা বাধ্যতামূলক চেকিং ছাড়াই 2019-22 সালে রাজ্যে জে জে এম-র অধীনে 4,811.07 কোটি টাকা ব্যয় করা হয়েছিল।

***(অনুচ্ছেদ 1.14.1)***

- ছয়টি নির্বাচিত জেলার নথি পরীক্ষা করে দেখা গেছে যে 2022-23 সালে তিনটি জেলার (মুর্শিদাবাদ, জলপাইগুড়ি এবং বাঁকুড়া) 106 টি প্রকল্পে আই ও টি সিস্টেম/ডিভাইস স্থাপনের কাজটি এস এল এস এস সি দ্বারা আনুমানিক 26.51 কোটি টাকা ব্যয়ে অনুমোদিত হয়েছিল। যাইহোক, সেপ্টেম্বর 2024 পর্যন্ত, তিনটি জেলার কোনওটিতেই এই জাতীয় কোনও আই ও টি কাজ সম্পাদন করা হয়নি, যা রিয়েল-টাইম ভিত্তিতে কেন্দ্রীভূত এবং অবিচ্ছিন্ন পর্যবেক্ষণকে বাধা দেয়।

***(অনুচ্ছেদ 1.14.2)***

- জে জে এম নির্দেশিকা অনুসারে, সমস্ত জে জে এম প্রকল্পের বাস্তবিক এবং আর্থিক অগ্রগতি পর্যবেক্ষণের জন্য একটি ডেডিকেটেড জে জে এম-আই এম আই এস (জে জে এম ইন্টিগ্রেটেড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) স্থাপন করা হয়েছিল। জে জে এম-আই এম আই এস তথ্য এবং নির্বাচিত জেলাগুলির বিভাগ এবং পি এইচ ই ডি-র প্রদত্ত তথ্যের মধ্যে বেশ কয়েকটি অসঙ্গতি লক্ষ্য করা গেছে।

***(অনুচ্ছেদ 1.14.3)***

- জল জীবন মিশনের নির্দেশিকায় গ্রাম পঞ্চায়েত এবং ভি ডব্লিউ এস সি-গুলিকে জল জীবন মিশন প্রকল্পগুলির সামাজিক হিসাব নিকাশ করতে হবে, প্রকল্পের ত্রুটিগুলি

চিহ্নিত করতে হবে এবং সময়মতো সংশোধন করতে হবে। নিরীক্ষায় লক্ষ্য করা গেছে যে জি পি গুলি দ্বারা নমুনা-পরীক্ষিত ছয়টি জেলার কোনওটিতেই সামাজিক নিরীক্ষা পরিচালিত হয়নি। ফলস্বরূপ স্বচ্ছতা প্রচার, জনসাধারণের অংশগ্রহণ এবং প্রকল্পের কার্যকারিতা বৃদ্ধি নিশ্চিত করা যায়নি।

***(অনুচ্ছেদ 1.14.4)***

- ছয়টি নির্বাচিত জেলায় ওয়ার্কিং ডিভিশনের নথি যাচাই করে, নির্বাচিত 24 টি গ্রামে সুবিধাপ্রাপকদের সমীক্ষা এবং 21 টি জি পি-তে ফোকাসড গ্রুপ ডিসকাশন ইঙ্গিত দেয় যে গ্রামীন জল ও স্বাস্থ্যবিধি কমিটি (ভি ডব্লিউ এস সি) গ্রামের জল সরবরাহ প্রকল্পগুলির পরিকল্পনা, নকশা, বাস্তবায়ন এবং ও এন্ড এম-এর সাথে জড়িত ছিল না কারণ রাজ্য জল ও স্বাস্থ্যবিধি মিশন জেলা জল ও স্বাস্থ্যবিধি মিশনকে আন্তঃজেলা এবং গ্রামের অভ্যন্তরে প্রশাসনিক অনুমোদন দেওয়ার ক্ষমতা দেয়নি।

***(অনুচ্ছেদ 1.15.3)***

*প্রধান সুপারিশসমূহ:*

1. ***গুণগতমান ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে বসবাসকারী পরিবারগুলিকে অগ্রাধিকার দিয়ে বাকি পরিবারগুলির জন্য এফ এইচ টি সি সরবরাহ করার উদ্দেশ্যে দপ্তরকে একটি সময়সীমাবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করতে হবে।***

2. ***জল জীবন মিশনের নির্দেশিকায় জনসাধারনের অংশীদারিত্ব এবং স্বত্ব নিশ্চিত করার জন্য সম্পূর্ণ প্রকল্পগুলি জি পি বা ভি ডব্লিউ এস সি-র হাতে হস্তান্তরের বিষয়টি বিবেচনা করা উচিত।***

3. ***সমস্ত পরীক্ষাগারগুলি যাতে সমস্ত রাসায়নিক এবং ব্যাকটেরিয়া সংক্রান্ত মানদন্ড অনুসারে পরীক্ষার জন্য এন এ বি এল স্বীকৃতি পায় তা নিশ্চিত করতে দপ্তরকে পদক্ষেপ নিতে হবে।***

4. ***জলের গুণমান সঠিকভাবে পরীক্ষা করার জন্য সমস্ত পরীক্ষাগারে প্রয়োজনীয় পরিকাঠামো, স্থান এবং নির্ধারিত পরীক্ষার সরঞ্জাম দিয়ে সম্পূর্ণরূপে সজ্জিত রয়েছে তা দপ্তরকে নিশ্চিত করা উচিত।***

5. ***দপ্তরকে পানীয় জলে ন্যূনতম রেসিডুয়াল ক্লোরিন মাত্রা বজায় রাখার জন্য সরবরাহকৃত জলের যথাযথ ক্লোরিনেশন নিশ্চিত করতে হবে যাতে ব্যাকটেরিয়া দূষণ এড়ানো যায়।***

6. ***জল সরবরাহ প্রকল্পগুলির রিয়েল টাইম পর্যবেক্ষণের জন্য দপ্তরকে সমস্ত অনুমোদিত আই ও টি ভিত্তিক প্রকল্পগুলি যত দ্রুত সম্ভব সম্পন্ন করতে হবে।***

7. ***দপ্তরকে জে জে এম-আই এম আই এস পোর্টালে তথ্য জমা দেওয়ার আগে তা বৈধকরণের জন্য একটি যথাযথ ব্যবস্থা গঠন করা উচিত।***

8. ***পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সহযোগিতায় দপ্তরের উচিত জি পি দের সমাপ্ত প্রকল্পগুলির সামাজিক নিরীক্ষা সম্পাদনে উৎসাহিত ও সহায়তা করা।***

9. ***জে জে এম নির্দেশিকা অনুসারে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (এস ডব্লিউ এস এম, ডি ডব্লিউ এস এম এবং ভি ডব্লিউ এস সি) কার্যকর করার জন্য দপ্তরের পদক্ষেপ নেওয়া উচিত।***

## আঞ্চলিক পরিবহন কার্যালয় (আর টি ও)/রাজ্য পরিবহন কর্তৃপক্ষ (এস টি এ) এর কার্যকারিতার মূল্যায়নের বিষয় ভিত্তিক মান্যতাবিষয়ক নিরীক্ষা (এস এস সি এ)

পশ্চিমবঙ্গ সরকারের পরিবহন বিভাগ ড্রাইভিং লাইসেন্স প্রদান, মোটর যানবাহন নিবন্ধন, যাত্রী ও পণ্য পরিবহনের জন্য অনুমতি প্রদান, ফি, কর এবং এই পরিষেবাগুলির সাথে সম্পর্কিত চার্জের মাধ্যমে রাজস্ব আদায়ের জন্য দায়ী। 2019-2024 সময়কালে 0041 খাতের অধীনে গড় বার্ষিক রাজস্ব সংগ্রহ ছিল 2,953 কোটি টাকা। এ প্রসঙ্গে, মোটরযানের জন্য বিভিন্ন মোটরযান কার্যালয়ে নিয়োজিত পরিবহন অধিদপ্তরের কর্মকর্তাগণ মোটরযানের ক্ষেত্রে জনগণের সেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। যে কারণে, আঞ্চলিক পরিবহন অফিস (আর টি ও)/ রাজ্য পরিবহন কর্তৃপক্ষ (এস টি এ) কে তাদের কার্যসম্পাদনের দক্ষতা এবং কার্যকারিতা মূল্যায়নের জন্য এস এস সি এ-র জন্য নির্বাচন করা হয়েছিল।

এসএসসিএ 2019-24 সময়কালের জন্য করা হয়েছিল। নিরীক্ষার সময় সমগ্র রাজ্যের কম্পিউটারাইজড কার্যকরী এলাকাগুলির তথ্য বিশ্লেষণ করা হয়েছে এবং যদৃচ্ছ নমুনা সংগ্রহের মাধ্যমে নির্বাচিত ছয়টি আর টি ও-তে বিশদে পরীক্ষা করা হয়েছে।

### *উল্লেখযোগ্য নিরীক্ষা ফলাফল:*

- বিভিন্ন ড্রাইভিং কেন্দ্রে (*পি ভি ডি-কাসবা, আর টি ও-মুর্শিদাবাদ, পুরুলিয়া, আলিপুদুয়ার, আর টি ও-ব্যারাকপুর, কালনা*) ড্রাইভিং দক্ষতা পরীক্ষা করার জন্য পরিকাঠামো অপর্যাপ্ত ছিল কারণ তাদের উঁচু জায়গা, ট্র্যাফিক আলো, টেস্ট ট্র্যাকে ট্র্যাফিক প্রতীক/চিহ্ন ইত্যাদির অভাব ছিল। এই জাতীয় পরিকাঠামোর অভাব আবেদনকারীদের ড্রাইভিং দক্ষতার কার্যকরি মূল্যায়নকে বাধা দেয়। ফলস্বরূপ, এমন ব্যক্তিদের ড্রাইভিং লাইসেন্স প্রদানের সম্ভাবনা ছিল যারা গাড়ি চালাতে পুরোপুরি দক্ষ নয় যা রাস্তায় নির্বিঘ্নে যানবাহন চলাচল এবং জনসাধারণের সুরক্ষাকে প্রভাবিত করবে।

**(অনুচ্ছেদ 2.8.1)**

- 2019-2024 সময়কালের জন্য 53 টি লাইসেন্সিং কর্তৃপক্ষ (এল এ)-র *'ই-সারথী'*র তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে গিয়ার ছাড়া এবং 50 সিসির বেশি ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল চালানোর জন্য ড্রাইভিং লাইসেন্স (ডি এল) দেওয়ার জন্য ন্যূনতম যোগ্য বয়স 18 বছরের পরিবর্তে 16 বছর হিসাবে ম্যাপ করা হয়েছিল। ফলস্বরূপ, 50 সিসির বেশি ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল চালানোর জন্য 46 টি এল এ-তে 18 বছরের কম বয়সী 1,271 জন আবেদনকারীকে ডি এল দেওয়া হয়েছে।

**(অনুচ্ছেদ 2.8.2)**

- ই-রিকশা বা ই-ঠেলাগাড়ি চালানোর জন্য 10 দিনের বাধ্যতামূলক প্রশিক্ষণ নিশ্চিত না করে 33 টি এল এ-তে 8,516 জন আবেদনকারীকে ডি এল জারি করা হয়েছিল।

**(অনুচ্ছেদ 2.8.4)**

- ব্যাবসা সংশাপত্র (টি সি) হল সি এম ভি আর, 1989-এর অধীনে আর টি ও দ্বারা জারি করা একটি অফিসিয়াল নথি, যা মোটর গাড়ি ডিলারদের যানবাহন ক্রয়, বিক্রয় বা পরিবহনের অনুমতি দেয় এবং প্রতিটি টি সি একবারে কেবল একটি গাড়ির জন্য ব্যবহার করা যেতে পারে। 2019 এবং 2024-এর মধ্যে, ডিলাররা 19,08,482 টি যানবাহনের নিবন্ধনের জন্য আবেদন করেছিলেন, যদিও ডিলারদের কাছে প্রকৃতপক্ষে উপলব্ধ টি সি-এর সংখ্যা ছিল 8,38,664 টি (যা আবেদনের দিন এবং জারি করা টি সি-এর উপর ভিত্তি করে গণনা করা হয়)। এর থেকে বোঝা যায় যে 10,69,818 টি যানবাহন বৈধ টি সি ছাড়াই নিবন্ধিত হয়েছিল। ফলস্বরূপ, ই-বাহন-এর পাশাপাশি আর এ গণ এমন

ক্ষেত্রে নজরদারি করতে ব্যর্থ হয়েছিল যেখানে একই সময়ে একাধিকবার টি সি ব্যবহার করা হয়েছিল।

***(অনুচ্ছেদ 2.9.1)***

- নথি যাচাই করে দেখা যায় যে 31 মার্চ 2024 পর্যন্ত 14,417 টি পরিবহন যানবাহনের পারমিটের মেয়াদ উত্তীর্ণ হয়ে গিয়েছিল। সড়ক কর প্রদান করা এবং বীমা পুনর্নবীকরণ, দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র এবং ফিটনেস শংসাপত্র বজায় রাখা ইঙ্গিত দেয় যে এই যানবাহনগুলি বৈধ অনুমতি ছাড়াই চলাচল করছিল। ফলস্বরূপ, পারমিট এবং বিলম্ব মাশুল বাবদ 28.77 কোটি টাকা আদায় করা হয়নি।

***(অনুচ্ছেদ 2.9.3)***

- পি ভি ডি কলকাতা, পুরুলিয়া, ব্যারাকপুর, মুর্শিদাবাদ, কালনা এবং আলিপুরদুয়ারের নথি পরীক্ষা করে দেখা যায় যে অফার লেটারের ভিত্তিতে নিবন্ধিত 5,212 টি যাত্রীবাহী যানবাহনের মধ্যে 867 টি যানবাহনের মালিকরা পারমিটের জন্য আবেদন করেননি, যদিও তারা ফিটনেস শংসাপত্র, দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র ইত্যাদির মতো অন্যান্য নথি পুনর্নবীকরণ অব্যাহত রেখেছেন। পারমিট ছাড়াই পরিবহন যানবাহন চালানো কেবল বিধিবদ্ধ বিধান লঙ্ঘন করেনি, ফলস্বরূপ পারমিট এবং বিলম্ব মাশুল বাবদ 92.92 লক্ষ টাকা রাজস্বের ক্ষতি হয়েছে।

***(অনুচ্ছেদ 2.9.4)***

- 13,055 টি যানবাহনের ক্ষেত্রে জাতীয় পারমিটের অনুমোদন পুনর্নবীকরণ না করার কারণে অনুমোদন মাশুল বাবদ 2.73 কোটি টাকা আদায় করা হয়নি।

***(অনুচ্ছেদ 2.9.5)***

- 44,132 টি যানবাহনের জন্য ফিটনেস শংসাপত্র (সি এফ) পুনর্নবীকরণ না করার ফলে 187.04 কোটি টাকার রাজস্ব ক্ষতি হয়েছে, যদিও প্রমাণ পাওয়া গেছে যে এই যানবাহনগুলি এখনও রাস্তায় চলাচল করছে এবং অচল পড়ে নেই। এছাড়াও, 52 টি আর এ-তে 3,26,177 টি পরিবহন যানবাহন সি এফ পরিদর্শন এবং পুনর্নবীকরণের জন্য হাজির করা হয়েছিল যা এক দিন থেকে 83 মাস পর্যন্ত বিলম্বে হাজির করা হয়েছে। যাইহোক, আর এ গণ 150 শতাংশ জরিমানার পরিবর্তে কেবল সাধারণ মাশুল আদায় করেছিল, কারণ প্রাসঙ্গিক বিধানগুলি 'ই-বাহন' সফ্টওয়্যারে ম্যাপ করা হয়নি, যা সি এম ভি আর, 1989-এর নিয়ম 81-এ উল্লেখিত জরিমানার মূল্যায়ন করতে অক্ষম হয়েছিল। এর ফলে ফিটনেস মাশুল বাবদ 10.61 কোটি টাকা কম আদায় হয়েছে।

***(অনুচ্ছেদ 2.9.6)***

- 'ই-বাহন'-এ পর্যবেক্ষণ ব্যবস্থার অভাবের কারণে আর এ (2019-24 সালে 45,61,529 টি যানবাহনের মধ্যে)-তে প্রথমবারের মতো নিবন্ধিত 40,09,900 টি যানবাহন থেকে ডিলার কর এবং জরিমানা বাবদ 181.87 কোটি টাকা মূল্যায়ন এবং আদায় করা যায়নি।

***(অনুচ্ছেদ 2.10.1)***

- কর আধিকারিক (টি এ) 52 টি আর এ-তে 19,17,497 টি যানবাহনের মধ্যে 4,11,260 টি (আজীবন কর প্রদানের মাধ্যমে নিবন্ধিত যানবাহন ব্যতীত) খেলাপি যানবাহন মালিকদের কাছ থেকে সড়ক কর মূল্যায়ন এবং আদায়ের ক্ষেত্রে নজরদারি করেনি। এর ফলে 'ই-বাহন'-এ খেলাপিদের তালিকা থাকা সত্ত্বেও 31 মার্চ 2024 পর্যন্ত সড়ক কর এবং জরিমানা বাবদ 1,074.23 কোটি টাকা আদায় করা হয়নি।

***(অনুচ্ছেদ 2.10.2)***

- 51 টি টি এ-তে 1,48,519 টি যানবাহনের মধ্যে 46,874 টি তে, 'ই-বাহন' সফ্টওয়্যারে ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 3 এবং 4-এর যথাযথ ম্যাপিংয়ের অভাবে কনট্রাক্ট ক্যারেজ থেকে কোনও অতিরিক্ত কর সংগ্রহ করা যায়নি। এর ফলে অতিরিক্ত কর বাবদ 8.05 কোটি টাকা আদায় করা যায়নি।

***(অনুচ্ছেদ 2.10.3)***

- কর কর্তৃপক্ষ খেলাপি গাড়ির মালিকদের কাছ থেকে বিশেষ কর আদায় করতে অক্ষম ছিল কারণ 'ই-বাহন' সিস্টেমে বিশেষ কর খেলাপি রিপোর্ট তৈরি করার পদ্ধতির অভাব ছিল। ফলস্বরূপ, 50 টি আর এ-তে 1,323 টি যানবাহনের মালিকরা 31 মার্চ 2024 পর্যন্ত বিশেষ কর এবং প্রযোজ্য জরিমানা বাবদ 2.86 কোটি টাকা প্রদান করেননি।

***(অনুচ্ছেদ 2.10.7)***

- 31 মার্চ 2024 পর্যন্ত, অডিও/ভিডিও সিস্টেম লাগানো 1,40,966 টি গাড়ির মধ্যে 44,085 টি গাড়ির মালিকরা অডিও/ভিডিও মাশুল বাবদ 6.15 কোটি টাকা প্রদান করেননি।

***(অনুচ্ছেদ 2.10.8)***

- 15,722 টি ভারী পণ্যবাহী যানবাহনের জন্য 14.54 কোটি টাকার বিশেষ মাশুল অপরিশোধিত ছিল, যদিও যানবাহনগুলি খেলাপি সময়কালে চালু ছিল।

***(অনুচ্ছেদ 2.10.9)***

- 8,51,028 টি যানবাহনের মধ্যে 2,64,974 টি যানবাহনের মালিকরা 31 মার্চ 2024 পর্যন্ত পরিবহন শ্রমিকদের কল্যাণ সেস, সুদ এবং জরিমানা বাবদ 68.56 কোটি টাকা প্রদান করেননি।

***(অনুচ্ছেদ 2.10.10)***

- 2,514 টি যানবাহনের ক্ষেত্রে পি ইউ সি সি জারি করা হয়েছিল, যদিও এই যানবাহনগুলি 9.83 কোটি টাকার এম ভি কর দিতে ব্যর্থ হয়েছিল। যেহেতু স্বয়ংক্রিয় ধোঁয়া নির্গমন পরীক্ষা কেন্দ্রগুলি 'ই-বাহন' ডেটাবেসের সঙ্গে যথাযথভাবে লিঙ্ক ছিল না, তাই সিস্টেমটি করের বাধ্যবাধকতা থেকে মুক্ত যানবাহনগুলিকে সনাক্ত করতে সক্ষম হয়নি।

***(অনুচ্ছেদ 2.11.4)***

***প্রধান সুপারিশসমূহ:***

1. ***আবেদনকারীদের দক্ষতা কার্যকরভাবে মূল্যায়ন করার জন্য সরকার ড্রাইভিং পরীক্ষাস্থলগুলিতে পর্যাপ্ত পরিকাঠামোর ব্যবস্থা করতে পারে।***
2. ***সরকার মোটরযান আইনের নিয়ম মেনে শুধুমাত্র বৈধ টি সি-এর ভিত্তিতে গাড়ি বিক্রি নিশ্চিত করতে ডিলারদের দ্বারা গাড়ির নিবন্ধীকরণের উপর পর্যবেক্ষন ব্যবস্থা জোরদার করতে পারে।***
3. ***অফার লেটার, আর সি, পারমিট প্রদান/পুনর্নবীকরণের সময় বিদ্যমান নিয়ম ও বিধানগুলির পালন নিশ্চিত করার জন্য সরকার 'ই-বাহন'-এর মাধ্যমে যথাযথ নজরদারি করতে পারে।***
4. ***সড়ক কর বকেয়া থাকা যানবাহনগুলিকে পি ইউ সি সি জারি করা রোধ করতে সরকার এ ই টি সি গুলির সাথে 'ই-বাহন' পোর্টাল যথাযথভাবে লিঙ্ক করতে পারে।***

# প্রথম অধ্যায়

## পশ্চিমবঙ্গে জল জীবন মিশনের উপর কার্য্যসম্পাদন নিরীক্ষা

# প্রথম অধ্যায়

## জনস্বাস্থ্য কারিগরি দপ্তর

## 1 পশ্চিমবঙ্গে জল জীবন মিশনের উপর কার্য্যসম্পাদন নিরীক্ষা

### 1.1 ভূমিকা

জল জীবন মিশন (জে জে এম) হ'ল ভারত সরকারের জলশক্তি মন্ত্রক (জি ও আই) দ্বারা 15 আগস্ট 2019-এ চালু করা একটি ফ্ল্যাগশিপ প্রকল্প, যা 2024 সালের মধ্যে প্রতিটি গ্রামীণ গৃহস্থালীকে (এইচ এইচ) গৃহস্থালীগুলিকে সক্রিয় নল সংযোগ (এফ এইচ টি সি)[1]-এর মাধ্যমে নিরাপদ এবং পর্যাপ্ত পানীয় জলের উপলব্ধতা প্রদান করে। জল জীবন মিশনের আওতায় প্রতিটি গ্রামীণ গৃহস্থালীতে নল বাহিত জল সরবরাহ করার পরিকল্পনা করা হয়েছিল, যাতে প্রতিটি পরিবার নিয়মিত এবং দীর্ঘমেয়াদী ভিত্তিতে পর্যাপ্ত পরিমাণে এবং নির্ধারিত মানের পানীয় জল পায়।

পশ্চিমবঙ্গে, মার্চ 2019 পর্যন্ত, 1.63 কোটি গ্রামীণ পরিবারের মধ্যে, এফ এইচ টি সি 2.15 লক্ষ গ্রামীণ পরিবারে উপলব্ধ ছিল, অর্থাৎ মাত্র 1.31 শতাংশ। জে জে এম প্রকল্পের লক্ষ্য ছিল 2024[2] সালের শেষ নাগাদ রাজ্যের বাকি 1.61 কোটি গ্রামীণ পরিবারকে এফ এইচ টি সি-এর মাধ্যমে নলবাহিত জল সরবরাহ করা। জে জে এম-আই এম আই এস পোর্টাল অনুসারে পরবর্তীকালে, পশ্চিমবঙ্গে এফ এইচ টি সি প্রদেয় পরিবারের সংখ্যা বৃদ্ধি পেয়ে 1.75 কোটি (17 অক্টোবর 2024) হয়।

### 1.2 জে জে এম-এর প্রধান বৈশিষ্ট্য

জল জীবন মিশন গ্রামীণ জল সরবরাহের সমস্যাগুলি সমাধানের জন্য সম্পূর্ণ ভিন্ন দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছে যা নীচে বলা হল:

- পর্যাপ্ত পরিমাণে জল সরবরাহ *(প্রতিটি গ্রামীণ জনগোষ্ঠীকে কমপক্ষে মাথাপিছু প্রতিদিন 55 লিটার[3])* নিশ্চিতকরন।
- বিশেষভাবে গুণমান প্রভাবিত অঞ্চলে সারা বছর সরবরাহকৃত জলের গুণমান (বি আই এস 10500 মানদন্ড[4]) নিশ্চিতকরন;
- নিছক পরিকাঠামো তৈরির পরিবর্তে জল সরবরাহের আনুষঙ্গিক উপকরণের কার্যকারিতার উপর নজর দেওয়া হয়েছে;
- পরিকল্পনা, বাস্তবায়ণ এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষণে জনসাধারণকে যুক্ত করার পাশাপাশি জনসাধারনের অধিকারের জন্য সর্বস্তরের পরিকল্পনা;
- জল সরবরাহ প্রক্রিয়ার পরিচালনায় মহিলা এবং জনসাধারণের দুর্বল অংশের প্রধান ভূমিকা;
- স্কুল এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতে (এ ডব্লিউ সি) বাধ্যতামূলকভাবে নলবাহিত জল সরবরাহ করা;
- মহিলাদের সামিল করে স্থানীয় জনসাধারন দ্বারা জলের গুণমান পর্যবেক্ষণ;
- জল সরবরাহের আনুষঙ্গিক উপকরণের রক্ষণাবেক্ষণে জনসাধারনের যোগদান;
- স্বাস্থ্যবিধি এবং দায়বদ্ধতা মূল্যায়নে প্রযুক্তিগত ভূমিকা;

---

1 *নিয়মিতভাবে পর্যাপ্ত পরিমাণে পানীয় জল সরবরাহের জন্য গ্রামীণ পরিবার প্রতি একটি নলসংযোগ।*

2 *2025-26 সালের কেন্দ্রীয় বাজেটে তারিখটি সংশোধন করে 2028 করা হয়েছিল।*

3 *প্রতিদিন মাথাপিছু লিটার করে।*

4 *আই এস 10500:2012 'ইন্ডিয়ান স্ট্যান্ডার্ড-ড্রিংকিং ওয়াটার স্পেসিফিকেশন' যা সময়ে সময়ে সংশোধন করা হয়েছে।*

- রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে উৎসাহ বর্ধক ভাতা হিসেবে কর্মসম্পাদন অনুদান;
- গ্রামে জল সরবরাহ পরিমাপ ও পর্যবেক্ষণের জন্য ‘সেন্সর-ভিত্তিক ইন্টারনেট অফ থিংস’[5] ব্যবস্থা
- উৎসের স্থায়িত্ব-জল সংরক্ষণ ইত্যাদির নিশ্চয়তা।

## 1.3 জে জে এম-এর কাজে অগ্রগতি

31 মার্চ 2019 পর্যন্ত, সমগ্র ভারতের 18.33 শতাংশ পরিবারকে এফ এইচ টি সি প্রদানের নিরিখে পশ্চিমবঙ্গে 1.31 শতাংশ (অর্থাৎ, 1.63 কোটি গ্রামীণ পরিবারের মধ্যে 2.15 লক্ষ) গ্রামীণ পরিবারে এফ এইচ টি সি প্রদান করা হয়েছিল। রাজ্যে জে জে এম বাস্তবায়নের পাঁচ বছর পরে, রাজ্যে এফ এইচ টি সি-এর আওতায় না থাকা অবশিষ্ট 1.61 কোটি (পরবর্তীকালে 1.75 কোটিতে বৃদ্ধি পেয়েছে) পরিবারকে অন্তর্ভূক্তকরার সামগ্রিক লক্ষ্যমাত্রার নিরিখে প্রাপ্তি ছিল মাত্র 58.74 লক্ষ[6] (37 শতাংশ)।

## 1.4 জে জে এম-এর প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

নির্দিষ্ট সময়ের মধ্যে জল জীবন মিশনের সফল রূপায়ণের জন্য জল জীবন মিশনের নির্দেশিকার[7] পঞ্চম অধ্যায়ে জাতীয়, রাজ্য, জেলা এবং গ্রাম এই চার স্তরে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তোলার পরামর্শ দেওয়া হয়েছে। জল জীবন মিশন বাস্তবায়নের জন্য রাজ্যে সাংগঠনিক কাঠামো **তালিকা 1.1**-এ উল্লেখ করা হল:

**তালিকা 1.1: পশ্চিমবঙ্গে জল জীবন মিশনের সাংগঠনিক কাঠামো**




*5 সেন্সরগুলির সাথে যুক্ত করা ফিসিক্যাল ডিভাইসগুলির একটি নেটওয়ার্ক যা তাদের চারপাশ সম্পর্কে তথ্য সংগ্রহ করে এবং ইন্টারনেটে এই তথ্যটি প্রেরণ করে।*

*6 জে জে এম-আই এম আই এস পোর্টাল অনুসারে 01.04.2024 পর্যন্ত।*

*7 ভারত সরকারের জলশক্তি মন্ত্রক ডিসেম্বর 2019-এ জারি করেছে।*

## 1.5 আর্থিক অগ্রগতি

জল জীবন মিশন একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে মিশন ভিত্তিক কর্মসূচি এবং এর সফল রূপায়ণের জন্য বলিষ্ঠ আর্থিক পরিকল্পনা, সময়মতো তহবিল, পর্যাপ্ত সম্পদ সংগ্রহ এবং তহবিলের সুবিবেচিত ব্যবহার হল পূর্বশর্ত। জে জে এম-এর অধীনে কেন্দ্র ও রাজ্য সরকারের মধ্যে তহবিল বন্টনের ধরন হল, কভারেজ (সম্পদ তৈরি) এর জন্য 50:50 এবং সহায়ক কার্যক্রম সহ (আই ই সি, মানব সম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ, জনসাধারণের সমাবেশ ইত্যাদি) জলের গুণমান পর্যবেক্ষণ এবং নজরদারি (ডব্লিউ কিউ এম এস)-এর জন্য 60:40। জল জীবন মিশনের নীতি-নির্দেশিকা অনুযায়ী, ভারত সরকার তার বার্ষিক বরাদ্দ দুটি সমান কিস্তিতে দেবে এবং প্রতিটি কিস্তি দুটি সমান দফায় দেওয়া হবে। পি এফ এম এস পোর্টাল/আই এম আই এস-এ দেখানো সদ্ব্যবহারের উপর ভিত্তি করে স্বয়ংক্রিয়ভাবে তহবিল প্রদান করা হয়েছে।

রাজ্য সরকার রাজ্য জল এবং স্বাস্থ্যবিধি মিশন (এস ডব্লিউ এস এম)[৪]-এর ব্যাঙ্ক অ্যাকাউন্টে জে জে এম তহবিল (কেন্দ্রের অংশ এবং রাজ্যের অংশ উভয়ই) প্রদান করেছে। 2019-20 থেকে 2023-24 সময়কালে জে জে এম-এর জন্য এস ডব্লিউ এস এম-এর অ্যাকাউন্ট থেকে তহবিল প্রাপ্তির বিবরণ **সারণী 1.1**-এ দেখানো হল:

**সারণী 1.1: জে জে এম-এর অধীনে ব্যয়ের নিরিখে বন্টন (কোটি টাকায়)**

| বছর | কেন্দ্রের অংশ/ রাজ্যের অংশ | ওপেনিং ব্যালেন্স | কেন্দ্রের অংশ বরাদ্দ | কেন্দ্রের অংশ প্রদান | ম্যাচিং স্টেট শেয়ার | কেন্দ্র ও রাজ্য সরকার দ্বারা এস ডব্লিউ এস এম অ্যাকাউন্টে প্রাপ্ত অংশ | তহবিল উপলব্ধ | এ এস এ*/ পি এফ এম এস অনুসারে নথিভুক্ত ব্যয় | ক্লোজিং ব্যালেন্স |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 = 3 + 7 | 9 | 10 |
| 2019-20 | কেন্দ্রের অংশ | 860.20 | 995.33 | 994.75 | - | 699.33 | 1,559.53 | 460.64 | 1,098.89 |
| | রাজ্যের অংশ | 921.20 | - | - | 994.75 | 398.49 | 1,319.69 | 346.82 | 972.87 |
| 2020-21 | কেন্দ্রের অংশ | 1,098.89 | 1,614.18 | 807.08 | - | 296.06 | 1,394.95 | 903.21 | 491.74 |
| | রাজ্যের অংশ | 972.87 | - | - | 807.08 | 0.00 | 972.87 | 595.05 | 377.82 |
| 2021-22 | কেন্দ্রের অংশ | 491.74 | 6,998.97 | 1,404.61 | - | 1,883.31 | 2,375.05 | 1,747.05 | 628.00 |
| | রাজ্যের অংশ | 377.82 | - | - | 1,404.61 | 2,750.87 | 3,128.69 | 758.30 | 2,370.39 |
| 2022-23 | কেন্দ্রের অংশ | 628.00 | 6,180.25 | 3,090.12 | - | 3,417.87 | 4,045.87 | 2,007.16 | 2,038.71 |
| | রাজ্যের অংশ | 2,370.39 | - | - | 3,018.02 | 1,564.80 | 3,935.19 | 3,404.65 | 530.54 |
| 2023-24 | কেন্দ্রের অংশ | 2,038.71 | 3,806.29 | 4,206.29 | - | 4,206.29 | 6,245.00 | 5,448.15 | 796.85 |
| | রাজ্যের অংশ | 530.54 | - | - | 4,108.14 | 5,617.15 | 6,147.70 | 5,448.45 | 699.25 |
| মোট | | | 19,595.02 | 10,502.85 | 10,332.60 | 20,834.17 | | 21,119.48 | |

*(উৎস: দপ্তরীয় উত্তর)*

** অ্যাকাউন্ট-এর নিরীক্ষিত হিসাব*

মোট কেন্দ্রীয় বরাদ্দ 19,595.02 কোটি টাকার মধ্যে (2019-24 সালে), 10,502.85 কোটি টাকা (53.60 *শতাংশ*) ভারত সরকার কর্তৃক প্রদান করা হয়েছিল, রাজ্যের ব্যয়ের খারাপ আর্থিক প্রগতির কারণে। 2019-20 এবং 2020-21 সালে রাজ্যগুলি তার ম্যাচিং শেয়ারের 1,403.34 কোটি টাকা প্রদান করেনি। মোট উপলব্ধ 22,615.57 কোটি টাকা তহবিলের

[8] *জল জীবন মিশনের অধীনে রাজ্য জল ও স্যানিটেশন মিশন (এস ডব্লিউ এস এম) মুখ্যসচিবের নেতৃত্বে ছিলেন এবং অন্যান্য বিভাগ যেমন পি আর আই, স্বাস্থ্য বিভাগ ইত্যাদির সাথে সমন্বয়ের জন্য স্থাপন করা হয়েছিল।*

নিরিখে 21,119.48 কোটি টাকা (93 শতাংশ) 2019-2024 (মার্চ 2024 পর্যন্ত)-এর মধ্যে ব্যয় করা হয়।

জে জে এম দেশব্যাপী সময়নির্ধারিত কর্মসূচি হওয়ায় ভারত সরকার প্রগতিকারী রাজ্য/ কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে তাদের ভালো কাজ করার জন্য অতিরিক্ত তহবিল প্রদান করে। নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে, 2023-24 সাল ব্যতীত জে জে এম কর্মসূচি বাস্তবায়নে রাজ্যের আর্থিক অগ্রগতি খুব খারাপ ছিল। রাজ্য 2019-23 সালে আর্থিক প্রগতির নিরিখে খারাপ প্রদর্শনের কারণে ভারত সরকারের কাছ থেকে কোনও অতিরিক্ত তহবিল পায়নি। শুধুমাত্র 2023-24 সালে, রাজ্য ভারত সরকারের কাছ থেকে দক্ষতা পুরস্কার হিসাবে 400 কোটি টাকা অতিরিক্ত তহবিল গ্রহণ করে।

## 1.6 নিরীক্ষার উদ্দেশ্য

**পশ্চিমবঙ্গে জে জে এম-এর ওপর পি এ-এর উদ্দেশ্য হল এটা নিশ্চিত করা যে:**

i. *কর্মসূচীর উদ্দেশ্য (অর্জন এবং ফলাফল) সফলভাবে সাধন হয়েছে;*

ii. *প্রকল্পসমূহের পরিকল্পনা, বাস্তবায়ন এবং ক্রিয়াপ্রণালী পরবর্তী পরিচালনার জন্য দক্ষ প্রাতিষ্ঠানিক পরিকাঠামো ছিল কিনা;*

iii. *আর্থিক সম্পদসমূহ অর্থনৈতিক এবং দক্ষ পদ্ধতিতে প্রয়োগ করা হয়েছে কিনা; এবং*

iv. *এই প্রকল্পের মাধ্যমে সৃষ্ট সম্পদ পরবর্তী দুই থেকে তিন দশকের জন্য দীর্ঘস্থায়ী এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য জলসংক্রান্ত নিরাপত্তার ক্ষেত্রে কোনও আপস করেনা।*

## 1.7 নিরীক্ষার মানদণ্ড

**নিরীক্ষার পর্যবেক্ষণসমূহ নিম্নলিখিত বিষয়গুলি থেকে প্রাপ্ত মানদণ্ডের উপর ভিত্তি করে করা হয়েছে:**

- জে জে এম-এর বাস্তবায়নের জন্য অপারেশনাল গাইডলাইন (ডিসেম্বর 2019) (জে জে এম-এর গাইডলাইন);
- গ্রামীণ পরিবারগুলিতে নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য গ্রাম পঞ্চায়েত এবং ভি ডব্লিউ এস সি-এর জন্য মার্গদর্শিকা[9]।
- ভারত সরকারের জলশক্তি মন্ত্রক দ্বারা জারি করা ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি মনিটরিং এন্ড সার্ভেইলেন্স ফ্রেমওয়ার্ক (অক্টোবর 2021);
- ভারত সরকারের ড্রিঙ্কিং ওয়াটার এন্ড স্যানিটেশন মন্ত্রক কর্তৃক জারি করা ইউনিফর্ম ড্রিংকিং ওয়াটার কোয়ালিটি মনিটরিং প্রোটোকল (ফেব্রুয়ারী 2013);
- এস ডি জি সংক্রান্ত বাধ্যবাধকতা এবং ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন (ডব্লিউ এ এস এ) মানদন্ডের জন্য মানক পরিচালন পদ্ধতি;
- জেনারেল ফিনান্সিয়াল রুলস, 2017;
- রাজ্যে জে জে এম-এর বাস্তবায়নের সুবিধার্থে রাজ্য সরকারের জারি করা আদেশসমূহ;

## 1.8 নিরীক্ষার পরিধি এবং পদ্ধতি

এই কার্য্যসম্পাদন নিরীক্ষায় 2019-20 থেকে 2023-24 সময়কালের মধ্যে জে জে এম-এর বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। এই নিরীক্ষায় পি এইচ ই ডি, পি এইচ ই

[9] *জলশক্তি মন্ত্রক দ্বারা 2020-এ জারি করা হয়েছে।*

ডিরেক্টরেট (ডিরেক্টরেট), রিসোর্স ডিভিশন, প্ল্যানিং সার্কেল, প্ল্যানিং ডিভিশন এবং তেরোটি ওয়ার্কিং ডিভিশন[10], দুটি স্টেট ওয়াটার টেস্টিং ল্যাবরেটরি, ছয়টি ডিস্ট্রিক্ট ল্যাবরেটরি, 80 টি উপ জেলা ল্যাবরেটরি, স্টেট ওয়াটার অ্যান্ড স্যানিটেশন মিশন (এস ডব্লিউ এস এম) এবং ডিস্ট্রিক্ট ওয়াটার অ্যান্ড স্যানিটেশন মিশন (ডি ডব্লিউ এস এম)-এর রেকর্ডগুলি যাচাই করা হয়েছিল।

রাজ্যের 23 টি জেলার মধ্যে 22 টি জেলায়[11] জে জে এম কার্যকর করার কাজ চলছিল। এই 22 টি জেলার মধ্যে ছয়টি জেলা[12] আইডিয়া সফ্টওয়্যার ব্যবহার করে যথেচ্ছ নমুনার সংগ্রহের মাধ্যমে নির্বাচিত হয়েছিল। প্রতিটি নির্বাচিত জেলা থেকে দুটি করে ব্লক নির্বাচন করা হয় যথেচ্ছ নমুনার সংগ্রহের মাধ্যমে এবং প্রতিটি নির্বাচিত ব্লক থেকে দুটি গ্রামও একইভাবে নির্বাচিত হয়েছিল। নির্বাচিত ব্লক এবং গ্রামগুলির তালিকা ***পরিশিষ্ট-1.1***-এ দেখানো হয়েছে। জল জীবন মিশনের সাফল্য মূল্যায়নের জন্য 24 টি নির্বাচিত গ্রামের 480 জন সুবিধাপ্রাপককে নিয়ে একটি সমীক্ষা করা হয়। নির্বাচিত গ্রামগুলির সংশ্লিষ্ট 21 টি জি পি-কে বিষয়ভিত্তিক গ্রুপ ডিসকাশন এবং ভিলেজ ওয়াটার অ্যান্ড স্যানিটেশন কমিটি (ভি ডব্লিউ এস সি)-এর সমীক্ষার জন্য নেওয়া হয়। দপ্তরীয় আধিকারিকদের সঙ্গে যৌথভাবে প্রকল্পগুলির কার্যস্থলও পরিদর্শন করা হয়।

এপ্রিল 2024 সালে পশ্চিমবঙ্গ সরকারের প্রধান সচিব, পি এইচ ই ডি, জি ও ডব্লিউ-এর সাথে এন্ট্রি কনফারেন্স করা হয় যেখানে নিরীক্ষার উদ্দেশ্য, পরিধি, মানদণ্ড এবং পদ্ধতি নিয়ে আলোচনা করা হয়েছিল। নিরীক্ষার ফলাফলগুলি 05 ফেব্রুয়ারী 2025-এ দপ্তরের প্রধান সচিবের সাথে এক্সিট কনফারেন্সে আলোচনা করা হয়। দপ্তরের কাছ থেকে প্রাপ্ত উত্তরগুলি যথাযথভাবে প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## নিরীক্ষার ফলাফল

কার্য্যসম্পাদন নিরীক্ষা থেকে উদ্ভূত নিরীক্ষা ফলাফলগুলি পরবর্তী অনুচ্ছেদগুলিতে আলোচনা করা হল।

## 1.9 নিরীক্ষার ব্যপ্তি

জে জে এম-এর পরিচালন নির্দেশিকা অনুসারে, এই প্রকল্পের প্রাথমিক লক্ষ্য ছিল 2024[13] সালের মধ্যে সমস্ত গ্রামীণ পরিবারকে একটি করে এফ এইচ টি সি সরবরাহ করা।

### 1.9.1 এফ এইচ টি সি সরবরাহের ব্যপ্তি

জে জে এম প্রকল্পটি কেবলমাত্র জুলাই 2020 থেকে রাজ্যে বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়েছিল, অর্থাৎ ভারত সরকার কর্তৃক কর্মসূচি শুরু করার (আগস্ট 2019) প্রায় 11 মাস পরে। এছাড়াও, পি এইচ ই ডি (দপ্তর) দ্বারা কোনও বার্ষিক কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়নি এবং 2019-20 সালের জন্য রাজ্য দ্বারা এফ এইচ টি সি সরবরাহের কোনও লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়নি। নিরীক্ষা জানতে চাওয়া সত্ত্বেও, জে জে এম-এর কাজ শুরু হওয়ায় বিলম্বের কারণগুলি নিরীক্ষার জন্য পেশ করা হয়নি।

জে জে এম বাস্তবায়নের প্রথম পাঁচ বছরে, ভারত সরকারের জে জে এম ইন্টিগ্রেটেড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (জে জে এম-আই এম আই এস) পোর্টাল অনুসারে

[10] *বাঁকুড়া বিভাগ, বাঁকুড়া মেকানিক্যাল বিভাগ, বহরমপুর বিভাগ, বহরমপুর মেকানিক্যাল/বৈদ্যুতিক বিভাগ, বর্ধমান বিভাগ, সেন্ট্রাল মেক্যানিক্যাল বিভাগ, জলপাইগুড়ি বিভাগ, মেদিনীপুর মেকানিক্যাল বিভাগ, মুর্শিদাবাদ বিভাগ, উত্তরাঞ্চলীয় মেক্যানিক্যাল বিভাগ, পুরুলিয়া বিভাগ, পুরুলিয়া মেক্যানিক্যাল বিভাগ ও তমলুক বিভাগ।*

[11] *কলকাতা জেলায় কোনও গ্রামীণ এলাকা না থাকায় জে জে এম রূপায়ন করা যায়নি।*

[12] *বাঁকুড়া, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পূর্ব মেদিনীপুর এবং পুরুলিয়া।*

[13] *পরবর্তীকালে ইউনিয়ন বাজেট 2025-26, 2028-এ সংশোধিত।*

পি এইচ ই ডি কর্তৃক গ্রামীণ পরিবারগুলিকে মাত্র 58.74 লক্ষ এফ এইচ টি সি (01এপ্রিল 2024 পর্যন্ত) সরবরাহ করা হয়েছে। তবে, দপ্তর দ্বারা প্রদত্ত উত্তর অনুসারে, 31 মার্চ 2024 পর্যন্ত এফ এইচ টি সি সরবরাহের ব্যপ্তি ছিল 70.70 লক্ষ। পরিসংখ্যানে অসামঞ্জস্যের কারনগুলি নথিতে পাওয়া যায়নি।

দপ্তর জানায় (মার্চ 2025) যে, জে জে এম-আই এম আই এস তথ্য এবং দপ্তরের তথ্যের মধ্যে এফ এইচ টি সি সরবরাহ সংখ্যার পার্থক্য সংশোধন করা হয়েছে। তবে, দপ্তর এই ধরনের সংশোধনের বিশদ বিবরণ দেয়নি এবং এফ এইচ টি সি-এর লক্ষ্য পূরণ না করার বিষয়েও নীরব ছিল।

সুতরাং, 31 মার্চ 2024 পর্যন্ত 1.61 কোটি পরিবারের মধ্যে 1.02 কোটি[14] পরিবার এই প্রকল্পের সুবিধা পায়নি। সংশোধিত পরিবারের সংখ্যা[15] বিবেচনায়, 1.16 কোটি[16] পরিবারকে (66.45 শতাংশ) এখনও এফ এইচ টি সি প্রদান করা হয়নি। সুতরাং, মার্চ 2024-এর মধ্যে 100 শতাংশ গ্রামীণ জনবসতিকে এই প্রকল্পের সুবিধা দেওয়ার লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

নির্বাচিত ছয়টি জেলার[17] মধ্যে, বাঁকুড়া জেলায় এফ এইচ টি সি সরবরাহের সংখ্যা সর্বাধিক ছিল (47.83 শতাংশ) এবং পুরুলিয়া জেলায় সর্বনিম্ন (17 শতাংশ)। আর্সেনিক আক্রান্ত জেলায় অর্থাৎ মুর্শিদাবাদে, মার্চ 2024 পর্যন্ত 68 শতাংশ গ্রামীণ পরিবার প্রকল্পে সুবিধা পায়নি। সুতরাং, রাজ্য মার্চ 2024-এর মধ্যে গুণমান প্রভাবিত পরিবার সহ সমস্ত গ্রামীণ পরিবারকে এফ এইচ টি সি সরবরাহ করতে ব্যর্থ হয়।

পি এইচ ই ডিরেক্টরেটের মুখ্য বাস্তুকার (সদর দপ্তর) বলেন (এপ্রিল 2024) যে, রাজ্যে জে জে এম চালু করতে বিলম্ব (জুলাই 2020), নল বাহিত জল সরবরাহ প্রকল্প (পি ডব্লিউ এস এস) -এর জন্য বিশদ প্রকল্প প্রতিবেদন (ডি পি আর) তৈরির কাজ শুরু করতে বিলম্ব, রেট্রোফিটিং কাজ গ্রহণের পরে উৎস বৃদ্ধির প্রয়োজনীয়তা, ডেলিভারি সিস্টেম বৃদ্ধি এবং পরিবর্ধন এবং নতুন প্রকল্পগুলি শেষ করতে বিলম্বের কারণে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

উত্তরে এটা স্পষ্ট যে, উদ্দিষ্ট পরিবারসমুহের চাহিদা পূরণের জন্য জলের উৎসের মূল্যায়ন, সরবরাহ ব্যবস্থা বৃদ্ধির প্রয়োজনীয়তা, ডি পি আর সময়মতো চূড়ান্ত করা ইত্যাদি প্রকল্প গ্রহণের আগে নিশ্চিত করা হয়নি, যার ফলে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

### 1.9.2 গ্রামসমূহে প্রকল্পের সুবিধা দান এবং 'হর ঘর জল গ্রাম' ঘোষণা করা হয়েছে

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 3.6.1 অনুসারে, যে গ্রামের সমস্ত পরিবারে এফ এইচ টি সি সংযোগ রয়েছে, তাকে 100 শতাংশ এফ এইচ টি সি গ্রাম হিসাবে ঘোষণা করা হবে। অক্টোবর 2021-এ জলশক্তি মন্ত্রক 100 শতাংশ নল সংযোগ সম্বলিত গ্রামগুলির জন্য হর ঘর জল (এইচ জি জে) শংসাপত্র জারি করার পদ্ধতি ঘোষনা করে। এইচ জি জে শংসাপত্র প্রদানের এই পদ্ধতি অনুসারে[18] সমস্ত গ্রামীণ পরিবার এবং একটি গ্রামের সমস্ত বিদ্যালয় এবং অঙ্গনওয়াড়িসমূহে নল সংযোগের ব্যবস্থা করার পরে, সংশ্লিষ্ট নির্বাহী বাস্তুকার গ্রাম পঞ্চায়েতকে (জি পি) একটি সমাপ্তি শংসাপত্র প্রদান করবেন। গ্রামীণ জন সম্প্রদায় গ্রামসভার একটি বৈঠকের মাধ্যমে এই শংসাপত্রটি প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবে এবং জলশক্তি মন্ত্রক দ্বারা জারি জি পি এবং ভি ডব্লিউ সি সি (2020)-এর জন্য জে জে এম মার্গদর্শিকার

---

*[14] 1.61 কোটি থেকে বিয়োগ 58.74 লক্ষ।*

*[15] জে জে এম-আই এম আই এস পোর্টালের সি-54 ফর্ম্যাট অনুসারে 1.75 কোটি।*

*[16] 1.75 কোটি থেকে বিয়োগ 58.74 লক্ষ।*

*[17] বাঁকুড়া, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পূর্ব মেদিনীপুর এবং পুরুলিয়া।*

*[18] ভারত সরকারের জলশক্তি মন্ত্রকের পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের মেমো নং 11042/101/2021-জে জে এম-আই তারিখ 17 মে 2023।*

***পরিশিষ্ট-6***-এ উল্লিখিত ফর্ম্যাটে একটি এইচ জি জে গ্রাম সংশাপত্র প্রদান করবে। তারপর, এই শংসাপত্রটি জে জে এম-আই এম আই এস[19] পোর্টালে আপলোড করা হবে এইচ জি জে গ্রাম হিসাবে ঘোষণার জন্য।

জে জে এম-আই এম আই এস পোর্টাল অনুসারে, আগস্ট 2024 পর্যন্ত, পশ্চিমবঙ্গের 38,173টি গ্রামের মধ্যে 3,627 টি গ্রামকে এইচ জি জে গ্রাম হিসাবে উল্লেখ করা হয়েছে। যাইহোক, এই 3,627 টি এইচ জি জে গ্রামের মধ্যে, আগস্ট 2024 পর্যন্ত প্রযোজ্য নির্দেশিকা/বিধান লঙ্ঘন করে সংশ্লিষ্ট জি পি দ্বারা মাত্র 2,005 টি গ্রামকে এইচ জি জে গ্রাম হিসাবে শংসাপত্র দেওয়া হয়। 1,622 টি গ্রামের শংসাপত্র না দেওয়ার কারণগুলি (3,627 থেকে বিয়োগ 2,005) নথিভুক্ত ছিল না।

দপ্তর জানায় (মার্চ 2025) যে, এইচ জি জে হিসাবে ঘোষিত গ্রামের সংখ্যা কম ছিল, কারণ জে জে এম-আই এম আই এস পোর্টালে উল্লিখিত সংখ্যার চেয়ে প্রকৃত পরিবারের সংখ্যা বেশি ছিল। দপ্তরের প্রতিক্রিয়া নিরীক্ষা পর্যবেক্ষণ সম্বন্ধিত নয়। কোনও গ্রামকে হর ঘর জল হিসাবে চিহ্নিত করা যায় না যতক্ষণ না সমস্ত পরিবারে নলবাহিত জল সংযোগ দেওয়া না হয় এবং জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে গ্রামসভার বৈধতা সহ শংসাপত্র প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করা হয়। শংসাপত্র ছাড়াই এইচ জি জে হিসাবে উল্লেখ নির্ধারিত পদ্ধতি লঙ্ঘন করে এবং জে জে এম-আই এম আই এস পোর্টালে উল্লিখিত তথ্যের সত্যতা সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে।

### 1.9.3 গুণগত মানের সাপেক্ষে ক্ষতিগ্রস্ত অঞ্চলসমূহে প্রকল্পের ব্যাপ্তি

জে জে এম-এর নির্দেশিকার অনুচ্ছেদ 3.5 (xi)-এ বলা হয়েছে যে, জলের গুণগত মানের সাপেক্ষে প্রভাবিত জনবসতিগুলিতে, বিশেষত আর্সেনিক এবং ফ্লোরাইড দ্বারা দূষিত জনবসতিগুলিতে সুপেয়জল সরবরাহে অগ্রাধিকার দেওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 3.6.1 অনুসারে এস ডব্লিউ এস এম-কে প্রতিটি গ্রামীণ পরিবারে এফ এইচ সি টি-এর মাধ্যমে সুপেয় জল সরবরাহের জন্য জলের মানের সাপেক্ষে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলিকে অগ্রাধিকার দিতে হয়েছিল। গুণমান প্রভাবিত অঞ্চলগুলিতে প্রকল্পের সুবিধা দেওয়ার ঘাটতিগুলি পরবর্তী অনুচ্ছেদগুলিতে আলোচনা করা হল।

#### *1.9.3.1 জাপানি এনসেফালাইটিস-অ্যাকিউট এনসেফালাইটিস সিন্ড্রোম (জে ই-এ ই এস) আক্রান্ত জেলাগুলি*

জাপানি এনসেফালাইটিস (জে ই) রোগে প্রচণ্ড জ্বর, মাথাব্যথা, ঘাড় শক্ত হয়ে যাওয়া, কোমা, খিঁচুনি ইত্যাদি হতে পারে। মৃত্যুর হার 30 শতাংশ পর্যন্ত হতে পারে। যারা বেঁচে থাকে তাদের ক্ষেত্রে প্রায় 20-30 *শতাংশের* স্থায়ী বোধগত, আচরণগত বা স্নায়বিক প্রভাব যেমন খিঁচুনি, শ্রবণশক্তি বা দৃষ্টিশক্তি হ্রাস, বাকশক্তি জনিত সমস্যা, স্মৃতিশক্তি সংক্রান্ত সমস্যা ইত্যাদি থেকে যেতে পারে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, ভারত সরকার পশ্চিমবঙ্গ রাজ্যের 10 টি জেলাকে জাপানীস এনসেফালিটিস-অ্যাকিউট এনসেফেলিটিস সিন্ড্রম (জে ই-এ ই এস)-এ আক্রান্ত হিসাবে চিহ্নিত করেছে। জে জে এম-এর নির্দেশিকা অনুসারে, এই জেলাগুলির ক্ষেত্রে, রাজ্যগুলিকে 2021 সালের মধ্যে রেট্রোফিটিং করে এবং জে জে এম-এর আওতায় নিয়ে প্রতিটি গ্রামীণ পরিবারকে এফ এইচ টি সি (পরিষেবার স্তর মাথাপিছু 55 লিটার প্রতিদিন) সরবরাহ করার ব্যবস্থা নিতে হবে। 01 এপ্রিল 2024 পর্যন্ত রাজ্যের জে ই-এ ই এস প্রভাবিত জেলাগুলিতে এফ এইচ টি সি-এর সাফল্যের বিবরণ **সারণী 1.2**-এ বিশদভাবে দেওয়া হল।

[19] *ইন্টিগ্রেটেড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম।*

**সারণী 1.2: জে ই-এ ই এস আক্রান্ত জেলাগুলিতে এফ এইচ টি সি-এর বিবরণ**

| ক্রমিক সংখ্যা | জেলার নাম | পরিবারের সংখ্যা | 01 এপ্রিল 2024 পর্যন্ত এফ এইচ টি সি প্রদত্ত পরিবারের সংখ্যা | শতকরা |
|---|---|---|---|---|
| 1 | বাঁকুড়া | 7,41,390 | 3,54,600 | 47.83 |
| 2 | বীরভূম | 8,50,505 | 2,57,039 | 30.22 |
| 3 | দক্ষিণ দিনাজপুর | 3,38,228 | 1,08,777 | 32.16 |
| 4 | দার্জিলিং | 3,40,699 | 79,696 | 23.39 |
| 5 | হুগলি | 9,64,446 | 3,55,611 | 36.87 |
| 6 | হাওড়া | 6,73,557 | 2,23,182 | 33.13 |
| 7 | জলপাইগুড়ি | 4,36,525 | 1,45,211 | 33.27 |
| 8 | মালদা | 8,70,803 | 2,21,335 | 25.42 |
| 9 | পশ্চিম মেদিনীপুর | 10,42,526 | 2,26,527 | 21.73 |
| 10 | পূর্ব বর্ধমান | 11,22,770 | 4,80,040 | 42.75 |
| **মোট** | | **73,81,449** | **24,52,018** | **33.21** |

*(উৎস: জে এম-আই এম আই এস পোর্টাল ফর্ম্যাট C-54)*

**সারণী 1.2** থেকে এটি স্পষ্ট যে, মার্চ 2024-এর মধ্যে এই 10 টি জেলার 73.81 লক্ষ পরিবারের মধ্যে শুধুমাত্র 24.52 লক্ষ পরিবারকে এফ এইচ টি সি সরবরাহ করা হয়েছিল (33.22 শতাংশ)। সুতরাং, নির্দিষ্ট সময়সীমার (মার্চ 2021) তিন বছর পরেও রাজ্য জে ই-এ ই এস প্রভাবিত এলাকায় 100 শতাংশ এফ এইচ টি সি দিতে ব্যর্থ হয়, যার ফলে জে ই-এ ই এস আক্রান্ত অঞ্চলের সুবিধাপ্রাপকরা নিশ্চিত জল সরবরাহ থেকে বঞ্চিত হয়েছেন।

দপ্তর জে ই-এ ই এস আক্রান্ত অঞ্চলে এফ এইচ টি সি কম সরবরাহের কোনও নির্দিষ্ট কারণ জানায়নি এবং বলেছে (মার্চ 2025) যে, জে জে এম-এর কাজ চলছে।

### *1.9.3.2 আর্সেনিক আক্রান্ত এলাকা*

আর্সেনিক একটি অত্যন্ত বিষাক্ত ধাতুকল্প এবং আর্সেনিকের উচ্চ মাত্রাযুক্ত পানীয় জলের দীর্ঘমেয়াদী ব্যবহারের কারণে মানুষের মধ্যে বিভিন্নপ্রকার স্বাস্থ্যজনিত সমস্যা দেখা দিতে পারে। সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডের (সি জি ডব্লিউ বি) ভূগর্ভস্থ জল মূল্যায়ন প্রতিবেদন 2022 অনুসারে, রাজ্যের 341 টি ব্লকের মধ্যে 104 টি ব্লক আর্সেনিক আক্রান্ত। ভারত সরকারের জলশক্তি মন্ত্রক কর্তৃক জারি করা অক্টোবর 2021-এর পানীয় জলের গুণমান পর্যবেক্ষণ ও নজরদারি পরিকাঠামো (ডি ডব্লিউ কিউ এম এস এফ)-তে বলা হয়েছে যে, আর্সেনিকের গ্রহণযোগ্য সীমা 0.01 মিলিগ্রাম/লিটার। আর্সেনিক আক্রান্ত এলাকা সম্পর্কিত পর্যবেক্ষণগুলি নিম্নরূপ:

#### *ক) নমুনা পরীক্ষাতে আর্সেনিক আক্রান্ত জেলাগুলির অন্তর্ভুক্তি*

23 টি জেলার মধ্যে পশ্চিমবঙ্গের 10 টি জেলা আর্সেনিক আক্রান্ত ছিল। রাজ্যের সবচেয়ে বেশি আক্রান্ত জেলাগুলি হল মালদা, মুর্শিদাবাদ, নদীয়া এবং উত্তর 24 পরগনা। জে জে এম-আই এম আই এস পোর্টাল অনুসারে, আগস্ট 2017 পর্যন্ত, পশ্চিমবঙ্গে 8,066 টি জনবসতির মোট 89.50 লক্ষ[20] জনসংখ্যা আর্সেনিক দূষণে আক্রান্ত হয়।

[20] *পানীয় জল ও স্বাস্থ্যবিধি মন্ত্রকের জে জে এম-আই এম আই এস পোর্টাল অনুসারে (তথ্য 06.08.2017 পর্যন্ত বৈধ)।*

এই আক্রান্ত জেলাগুলির মধ্যে মুর্শিদাবাদ নমুনা পরীক্ষিত জেলাগুলির একটি। মুর্শিদাবাদ জেলার 26 টি ব্লকের মধ্যে 23 টি ব্লক আর্সেনিক আক্রান্ত ছিল। জে জে এম-আই এম আই এস পোর্টালে পাওয়া তথ্য অনুসারে (07 অক্টোবর 2024) মুর্শিদাবাদ জেলার মোট 3,155 টি জনবসতির মধ্যে 22 টি জনবসতি কোনও নলবাহিত জল সরবরাহ প্রকল্পের আওতাধীন ছিল না। অবশিষ্ট 3,133 টি জনবসতির মধ্যে (16.64 লক্ষ পরিবার অন্তর্গত) কেবল 256 টি জনবসতি এফ এইচ টি সি সরবরাহের নিরিখে 100 শতাংশ বাস্তবিক অগ্রগতি অর্জন করেছে। এছাড়াও, 1,034 টি জনবসতিতে কোনও অগ্রগতি দেখা যায়নি এবং বাকি 1,843 টি জনবসতি এফ এইচ টি সি সংযোগ বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে।

নিরীক্ষার পর্যবেক্ষণে সম্মত হয়ে দপ্তর জানায় (মার্চ 2025) যে, আজ অবধি 22 টি জনবসতির মধ্যে 14 টি কোনও পি ডব্লিউ এস এস-এর আওতায় আনা হয়নি।

### *খ) আর্সেনিক পরীক্ষার রিপোর্ট বিশ্লেষণ*

জলে আর্সেনিকের মাত্রা পরীক্ষা করার জন্য মুর্শিদাবাদের জেলা ও মহকুমা পরীক্ষাগারে 2019-20 থেকে 2023-24-এর মধ্যে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন ভূগর্ভস্থ জলের উৎস থেকে মোট 1,24,940 টি জলের নমুনা পরীক্ষা করা হয়। পরীক্ষার ফলাফল বিশ্লেষণ করে নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে, 1,24,940 টি নমুনার মধ্যে 54,007 টি নমুনাতে (42.40 শতাংশ) আর্সেনিকের মাত্রা অনুমোদিত সীমার বেশি ছিল। এটিও লক্ষ্য করা গেছে যে 1,24,940 টি নমুনার মধ্যে 17,130 টি নমুনা নলবাহিত জল সরবরাহ প্রকল্প (পি ডব্লিউ এস এস) থেকে নেওয়া যেখানে 6,027 টি নমুনায় আর্সেনিকের মাত্রা অনুমোদিত সীমার বেশি ছিল।

মুর্শিদাবাদে আর্সেনিক দূষণ থেকে গুরুতর স্বাস্থ্যজনিত সমস্যা প্রকাশ পায়, যেখানে 42 শতাংশ নমুনা, যেখানে 6,027 টি নমুনা পি ডব্লিউ এস এস উৎস থেকে নেওয়া হয়েছিল, আর্সেনিকের মাত্রা অনুমোদিত সীমার বেশি ছিল। এটি ইঙ্গিত দেয় যে পি ডব্লিউ এস এস জল নিরাপদ নয়, যাতে জনসাধারণকে দীর্ঘকালীন স্বাস্থ্যজনিত সমস্যার মুখোমুখি হয় এবং জে জে এম-এর নিরাপদ পানীয় জল সরবরাহের লক্ষ্যকে দুর্বল করে।

দপ্তর জানিয়েছে (মার্চ 2025) যে, 2019-24 সালে নিরাপদ পানীয় জল সরবরাহের জন্য জল পরিশোধন ইউনিট সহ ভূপৃষ্ঠস্থ জল ভিত্তিক পি ডব্লিউ এস এস, ভূগর্ভস্থ জল ভিত্তিক পি ডব্লিউ এস এস বাস্তবায়ন এবং সি ডব্লিউ পি পি স্থাপনের মতো কিছু প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। উত্তরটি গ্রহণযোগ্য নয়, কারণ উদ্ধৃত প্রতিকারমূলক ব্যবস্থা সত্ত্বেও, ভূগর্ভস্থ জলের উৎস এবং পি ডব্লিউ এস এস উভয় থেকে সংগৃহীত বিপুল সংখ্যক নমুনায় এখনও অর্থাৎ 2019-24 সালে অনুমোদিত সীমার বেশি আর্সেনিক রয়েছে, যা ইঙ্গিত দেয় যে আক্রান্ত অঞ্চলে নিরাপদ পানীয় জল নিশ্চিত করার জন্য হস্তক্ষেপগুলি অপর্যাপ্ত ছিল।

### *গ) আর্সেনিক সহ আয়রন নিষ্কাশন প্ল্যান্ট (এ আই আর পি) নির্মাণ*

জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 3.5 (xi)-এ বলা হয়েছে যে জলের গুণমান প্রভাবিত জনবসতিগুলিতে, বিশেষত যেখানে আর্সেনিক এবং ফ্লোরাইড উচ্চ মাত্রায় রয়েছে, সেখানে অগ্রাধিকার ভিত্তিতে সুপেয় জল নিশ্চিত করতে হবে। আর্সেনিক সহ আয়রন নিষ্কাশন প্ল্যান্ট (এ আই আর পি) হল কম খরচের, বৃহত্তর আকারের জল পরিশোধন প্ল্যান্ট যা ভূগর্ভস্থ জল থেকে আর্সেনিক এবং উচ্চ মাত্রার আয়রন নিষ্কাশনের জন্য তৈরি করা হয়েছে। নমুনা পরীক্ষিত বিভাগগুলিতে এ আই আর পি নির্মাণের জন্য নিস্ফল ব্যয়ের উদাহরণগুলি নিম্নরূপ:

- নিরীক্ষায় মুর্শিদাবাদ জেলায় জে জে এম-এর অধীনে আর্সেনিক সহ আয়রন নিষ্কাশন প্ল্যান্ট (এ আই আর পি) স্থাপন এবং সেটিকে চালু করার ক্ষেত্রে উল্লেখযোগ্য ত্রুটি লক্ষ্য করা যায়। হুরশি পি ডব্লিউ এস এস-এর প্রধান কাজের জায়গায় ঘন্টায় 30.56 ঘনমিটার ক্ষমতার এ আই আর পি নির্মাণের কাজ ফেব্রুয়ারি 2021-এ 1.65 কোটি টাকার দরপত্র মূল্যে দেওয়া হয় এবং ফেব্রুয়ারি 2022-এর মধ্যে শেষ করার সময়সূচী নির্ধারণ করা

হয়, চুক্তি অনুসারে, সংস্থাটি তিন মাস পরীক্ষামূলক চালানোর পরে পাঁচ বছরের জন্য এ আই আর পি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করবে। যদিও এ আই আর পি-এর কাজ 1.42 কোটি টাকা ব্যয়ে সম্পন্ন হয়েছিল, তবে আগস্ট 2024 পর্যন্ত এ আই আর পি-টিকে চালু হিসাবে ঘোষণা করা হয়নি, যার ফলে ফেব্রুয়ারী 2022-এ শেষ হওয়ার নির্ধারিত তারিখ থেকে মোট 30 মাস বিলম্ব হয়েছে।

নিরীক্ষায় যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের সময় (আগস্ট 2024), দেখা যায় যে এই অকার্যকরি এ আই আর পি-এর মাধ্যমে পরিশোধিত জল ইতিমধ্যেই জনসাধারণের কাছে সরবরাহ করা হচ্ছে। পরিশোধিত জলের নমুনার ল্যাবরেটরি পরীক্ষায় আর্সেনিকের ঘনত্ব 0.013মিলিগ্রাম/লিটার দেখা যায়, যা অনুমোদিত সীমা 0.01 মিলিগ্রাম/লিটার অতিক্রম করেছে, যা ইঙ্গিত দেয় যে 1.42 কোটি টাকা ব্যয় করা সত্ত্বেও আর্সেনিকমুক্ত জল নিশ্চিত করা যায়নি। ফলস্বরূপ, 1,313 জন বাসিন্দা আর্সেনিকযুক্ত দূষিত জলের সংস্পর্শে রয়েছেন।

- এছাড়াও, পরীক্ষায় দেখা যায় যে, বহরমপুরের মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ডিভিশন, আগস্ট 2022 থেকে জানুয়ারী 2023-এর মধ্যে 16.72 কোটি টাকা ব্যয়ে ছয়টি পি ডব্লিউ এস এস-এর স্থানে এস সি এ ডি এ ভিত্তিক স্বয়ংক্রিয় এ আই আর পি স্থাপন এবং চালু করেছে। চারটি এ আই আর পি থেকে সংগৃহীত জলের নমুনার পরীক্ষার ফলাফল (আগস্ট 2022 থেকে মার্চ 2024) সম্পর্কিত তথ্য বিশ্লেষণ থেকে দেখা যায় যে 233 টি নমুনার মধ্যে 128 টি নমুনায় (54.94 শতাংশ) অনুমোদিত সীমার বেশি আর্সেনিক ছিল (0.012 মিলিগ্রাম/লি থেকে 0.153 মিলিগ্রাম/লি), যা ইঙ্গিত দেয় যে চারটি এ আই আর পি নিঃসৃত জল আর্সেনিকের মাত্রা হ্রাস করতে পারেনি।

ফলস্বরূপ, 10.92 কোটি টাকা ব্যায় করে এই এ আই আর পি গুলি নির্মান সত্ত্বেও এই পি ডব্লিউ এস এস-র মূল এলাকার 44,392 টি গৃহস্থালি আর্সেনিক দূষণের কবলে পড়েছে।

দপ্তর জানায় (মার্চ 2025) যে, এ আই আর পি গুলির জল পরীক্ষার ফলাফলে আর্সেনিক মাত্রা অনুমোদিত সীমার মধ্যে পাওয়া গেছে। তবে এই দাবির সমর্থনে পরীক্ষার ফলাফলের নথি সরবরাহ করেনি।

### *1.9.3.3 ফ্লোরাইড আক্রান্ত এলাকা*

পানীয় জলে অতিরিক্ত ফ্লোরাইড ডেন্টাল ফ্লোরোসিস[21], স্কেলিটাল ফ্লোরোসিস[22] এবং হৃৎপিণ্ড, ধমনী, কিডনি, লিভার, এন্ডাক্রিন গ্রন্থি এবং নিউরন সিস্টেমের ক্ষতির মতো অন্যান্য স্বাস্থ্যজনিত সমস্যা সহ বেশ কয়েকটি পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে। সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ড (সি জি ডব্লিউ বি)-এর ভূগর্ভস্থ জল মূল্যায়ন প্রতিবেদন 2022 অনুসারে, রাজ্যের 43 টি ব্লক (341 টি ব্লকের মধ্যে) ফ্লোরাইডে আক্রান্ত হয়। ভারত সরকারের জলশক্তি মন্ত্রক কর্তৃক জারি করা অক্টোবর 2021-এর পানীয় জলের গুণমান পর্যবেক্ষণ ও নজরদারি পরিকাঠামো (ডি ডব্লিউ কিউ এম এস এফ) অনুসারে ফ্লোরাইডের (এফ হিসাবে) অনুমোদিত সীমা 1.5 মিলিগ্রাম/লিটার।

### *ক) ফ্লোরাইড আক্রান্ত এলাকায় কভারেজ*

সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডের প্রতিবেদন, 2022 অনুসারে, পশ্চিমবঙ্গের 23 টি জেলার মধ্যে সাতটি জেলা[23] ফ্লোরাইড আক্রান্ত। এর মধ্যে দুটি জেলা বাঁকুড়া ও পুরুলিয়াকে এই নিরীক্ষার

[21] *দাঁতের এনামেলের বিবর্ণতা বা গর্ত।*

[22] *উচ্চ মাত্রার ফ্লোরাইডের সংস্পর্শে দীর্ঘকাল থাকলে হাড়ের খনিজ ম্যাট্রিক্সে ফ্লোরাইড অন্তর্ভুক্ত হয়ে হাড়কে দুর্বল করতে পারে। এটি হাড়ের বিকৃতি, টেন্ডন এবং লিগামেন্টগুলির ক্যালসিফিকেশন এবং অস্টিওসক্লেরোসিসের কারণ হতে পারে।*

[23] *বাঁকুড়া, বীরভূম, মালদহ, উত্তর দিনাজপুর, পুরুলিয়া, দক্ষিণ দিনাজপুর এবং দক্ষিণ 24 পরগনা।*

আওতায় নমুনা পরীক্ষিত জেলা হিসাবে অন্তর্ভুক্ত করা হয়। জে জে এম-আই এম আই এস পোর্টালে পাওয়া তথ্য অনুসারে, সাতটি ফ্লোরাইড আক্রান্ত জেলার 38,945 টি জনবসতির মধ্যে 18 টি জনবসতি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের আওতার বাইরে ছিল (22 অক্টোবর 2024 পর্যন্ত)। বাকি 38,927 টি জনবসতিকে অন্তর্ভুক্ত করার বিবরন **সারণী 1.3**-এ বিশদে দেওয়া হল।

**সারণী 1.3: ফ্লোরাইড আক্রান্ত সাতটি জেলায় এফ এইচ টি সি সুবিধা প্রদানের পরিসংখ্যান**

| এফ এইচ টি সি সুবিধা প্রদানের মান | জনবসতির সংখ্যা | পরিবার সংখ্যা | প্রদত্ত এফ এইচ টি সি -এর সংখ্যা | সুবিধাপ্রাপ্ত পরিবারের মান (শতাংশে) |
|---|---|---|---|---|
| এফ এইচ টি সি সুবিধা প্রদানের মান = 0% | 13,308 | 14,64,177 | 0 | 0 |
| এফ এইচ টি সি সুবিধা প্রদানের মান >0% এবং< 25% | 7,782 | 13,29,443 | 64,411 | 4.84 |
| এফ এইচ টি সি সুবিধা প্রদানের মান >25% এবং< 50% | 2,124 | 4,20,152 | 1,59,050 | 37.86 |
| এফ এইচ টি সি সুবিধা প্রদানের মান >50% এবং< 75% | 2,640 | 4,93,877 | 3,10,625 | 62.90 |
| এফ এইচ টি সি সুবিধা প্রদানের মান >75% এবং< 100% | 4,607 | 9,07,077 | 8,17,698 | 90.15 |
| এফ এইচ টি সি সুবিধা প্রদানের মান 100% | 8,466 | 12,26,030 | 12,26,030 | 100 |
| | **38,927** | **58,40,756** | **25,77,814** | **44.13** |

*(উৎস: জে জে এম আই এম আই এস পোর্টাল, ফর্ম্যাট J-5)*

**সারণী** 1.3 থেকে, এটি লক্ষ্য করা যায় যে, জে জে এম বাস্তবায়নের চার বছর পরেও ফ্লোরাইড আক্রান্ত সাতটি জেলার মাত্র 44.13 শতাংশ পরিবার কোনও জল সরবরাহ প্রকল্পের আওতায় ছিল।

দপ্তর জানায় (মার্চ 2025) যে ফ্লোরাইড আক্রান্ত জনবসতিগুলির জন্য একটি ডি পি আর প্রস্তুত করা হয়েছে যা এস এল এস এস সি দ্বারা অনুমোদনের জন্য মুলতুবি রয়েছে।

### *খ) ফ্লোরাইড পরীক্ষার ফলাফল বিশ্লেষণ*

2019-24 সালে দুটি নির্বাচিত ফ্লোরাইড আক্রান্ত জেলায়[24] ফ্লোরাইডের জন্য পরীক্ষা করা 2,34,439 টি জলের নমুনার মধ্যে 2,631 টি নমুনায় (1.12 শতাংশ) ফ্লোরাইড অনুমোদিত সীমার বেশি ছিল। ফ্লোরাইড দূষণযুক্ত নমুনার উপস্থিতি নির্দেশ করে আক্রান্ত অঞ্চলে দূষিত পানীয় জল ব্যবহারের ফলে বিপদের সম্ভাবনা অব্যাহত ছিল। এই জেলাগুলিকে ফ্লোরাইড আক্রান্ত হিসাবে চিহ্নিত করা সত্ত্বেও নিরাপদ এবং পানীয় জল সরবরাহ নিশ্চিত করার ক্ষেত্রে এটি অপ্রতুলতা প্রকাশ করে। অনুমোদিত সীমার বেশি ফ্লোরাইডযুক্ত জল দীর্ঘকালিন সেবনের ফলে দাঁত এবং স্কেলিটাল ফ্লোরোসিসের মতো মারাত্মক স্বাস্থ্যজনিত সমস্যা হতে পারে।

দপ্তর জানায় (মার্চ 2025) যে, পি ডব্লিউ এস এস প্রকল্পের চলতে-থাকা কাজ শেষ হওয়ার পরে বর্তমান পরিস্থিতির স্থায়ী সমাধান করা হবে। এই জবাব গ্রহণযোগ্য নয়, কারণ জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে 2021 সালের মার্চের মধ্যে ফ্লোরাইড আক্রান্ত জনবসতিগুলিতে নিরাপদ পানীয়জল সরবরাহ নিশ্চিত করা উচিত ছিল।

***সুপারিশ 1: গুণগতমান ক্ষতিগ্রস্ত জেলাগুলিতে বসবাসকারী পরিবারগুলিকে অগ্রাধিকার দিয়ে বাকি পরিবারগুলির জন্য এফ এইচ টি সি সরবরাহ করার উদ্দেশ্যে দপ্তরকে একটি সময়সীমাবদ্ধ কর্মপরিকল্পনা তৈরি করতে হবে।***

[24] *বাঁকুড়া ও পুরুলিয়া।*

### 1.9.4 বিদ্যালয় এবং অঙ্গনওয়াড়িগুলিত সুবিধা প্রদান

জল জীবন মিশন প্রকল্পের লক্ষ্য বিদ্যালয় ও অঙ্গনওয়াড়ি কেন্দ্র সহ প্রতিটি গ্রামীণ পরিবার এবং সরকারি প্রতিষ্ঠানে দীর্ঘমেয়াদী ভিত্তিতে পানীয় জলের সরবরাহ নিশ্চিত করা। প্রাপ্ত তথ্য অনুসারে, রাজ্যে মোট 72,755 টি গ্রামীণ বিদ্যালয় এবং 1,11,074 টি অঙ্গনওয়াড়ি কেন্দ্র ছিল। এর মধ্যে, জে জে এম-আই এম আই এস পোর্টালটি 63,875 টি গ্রামীণ বিদ্যালয় এবং 75,528 টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে (আগস্ট 2024 পর্যন্ত) নলবাহিত জল সংযোগ এবং অন্যান্য পরিকাঠামোর বিবরণ প্রকাশ করে যা **সারণী 1.4**-এ বিবৃত হল।

**সারণী 1.4: গ্রামীণ বিদ্যালয় এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রে জল সরবরাহ পরিকাঠামোর বিবরণ**

| কাজের বর্ণনা | বিদ্যালয় | | অঙ্গনওয়াড়ি কেন্দ্র | |
|---|---|---|---|---|
| | সংখ্যা | শতাংশ | সংখ্যা | শতাংশ |
| জে জে এম আই এম আই এস-এ অন্তর্ভুক্ত | 63,875 | --- | 75,528 | --- |
| নল সংযোগের মাধ্যমে পানীয় জলের যোগান | 52,383 | 82.00 | 37,833 | 50.09 |
| শৌচাগার /প্রস্রাবখানায় প্রবাহিত জল | 28,377 | 44.43 | 15,234 | 20.17 |
| হাত ধোয়ার সুবিধা উপলব্ধ | 29,184 | 45.69 | 17,507 | 23.18 |
| ছেলে ও মেয়েদের জন্য আলাদা শৌচাগার | 46,124 | 72.21 | 25,862 | 34.24 |
| বৃষ্টির জল সংরক্ষণের পরিকাঠামো স্থাপন করা হয়েছে | 106 | 0.17 | 46 | 0.06 |
| জলের সরবরাহের ব্যবস্থা না থাকা শৌচাগার/ প্রস্রাবখানা | 526 | 0.82 | 928 | 1.23 |
| নোংরা জল ব্যবস্থাপনা | 198 | 0.31 | 958 | 1.27 |

*(উৎস: জে জে এম-আই এম আই এস পোর্টালে 29 আগষ্ট 2024-এর ফর্ম্যাট F26 অনুসারে)*

**সারণী 1.4** থেকে, এটি স্পষ্ট যে 18 শতাংশ বিদ্যালয় এবং প্রায় 50 শতাংশ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কোনও নল সংযোগ ছিল না। মাত্র 44.43 শতাংশ গ্রামীণ বিদ্যালয় এবং 20.17 শতাংশ অঙ্গনওয়াড়ি কেন্দ্রে শৌচাগার/প্রস্রাবখানায় জল সরবরাহের ব্যবস্থা ছিল।

সুতরাং, যেখান জে জে এম-এর লক্ষ্য ছিল 2024 সালের মধ্যে সমস্ত বিদ্যালয়ে এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সুপেয় জল সরবরাহ সেখানে পি এইচ ই ডি সমস্ত বিদ্যালয়ে এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রে এফ এইচ টি সি সরবরাহ করতে ব্যর্থ হয় (আগস্ট 2024 পর্যন্ত)। ফলস্বরূপ, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির শিক্ষক, শিক্ষার্থী, অঙ্গনওয়াড়ি কর্মী, গর্ভবতী মায়েরা বিপদজ্জনক উৎস থেকে জল পান করার কারণে জলবাহিত রোগের সম্ভাবনার মধ্যে থেকে যান।

জে জে এম-এর পরিকল্পনা অনুসারে পানীয় জলের প্রাপ্যতার মূল্যায়ন করার উদ্দেশ্যে নির্বাচিত 24 টি গ্রামে প্রকল্পের সুবিধাপ্রাপকদের সমীক্ষা চলাকালীন নিরীক্ষা দল বাঁকুড়া, জলপাইগুড়ি এবং মুর্শিদাবাদ জেলার নয়টি বিদ্যালয় এবং সাতটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে (এ ডব্লিউ সি) পরিদর্শন করে। নিরীক্ষা লক্ষ্য করে যে:

i. আর্সেনিক আক্রান্ত মুর্শিদাবাদের দুটি বিদ্যালয়[25] এবং তিনটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কোনও এফ এইচ টি সি সংযোগ দেওয়া হয়নি।

ii. বাঁকুড়া জেলার দুটি প্রাথমিক বিদ্যালয়ে জল সংরক্ষণের সুবিধা ছিল না, ফলে বিদ্যালয়ে পঠন পাঠন চলাকালীন (সকাল 10 টা থেকে বিকেল 4 টা) বিদ্যালয়ে জলের প্রাপ্যতা ছিল না কারণ বিদ্যালয় দুটিতে জল সংরক্ষণের ব্যবস্থা ছিল না এবং সেগুলিতে জল

---

[25] *একটি শিশু শিক্ষা কেন্দ্র এবং একটি প্রাথমিক বিদ্যালয়।*

সরবরাহ করা হত পঠন পাঠনের সময়ের আগে (সকাল 7 টা থেকে 9 টা পর্যন্ত) এবং পঠন পাঠনের সময়ের পরে (বিকেল 4 টা থেকে সন্ধ্যা 6 টা পর্যন্ত)।

iii. জলপাইগুড়ি ও মুর্শিদাবাদ জেলায় প্রতিটিতে একটি করে মোট দুটি প্রাথমিক বিদ্যালয়ে এবং মুর্শিদাবাদ জেলার দুটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে (আর্সেনিক আক্রান্ত) সরবরাহকৃত এফ এইচ টি সি বিকল হয়ে পড়ে থাকতে দেখা যায়। এই বিদ্যালয় এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রে জল সঞ্চয়ের কোনও ব্যবস্থা ছিল না। ফলে জলপাইগুড়ি জেলার সমীক্ষকৃত বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিকটবর্তী পি এইচ ই ডি জল সরবরাহ পাম্প হাউস থেকে সরাসরি অপরিশোধিত জল সংগ্রহ করতে দেখা যায়।

iv. নলবাহিত সংযোগ না থাকায় মুর্শিদাবাদ জেলার একটি বিদ্যালয় এবং দুটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের শিক্ষার্থী/শিক্ষক/শিশুরা হ্যান্ডপাম্প-এর জল ব্যবহার করছে। পি এইচ ই ডি-এর কর্মকর্তাদের সাথে যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের সময় (জুলাই 2024), পি এইচ ই ডি-এর জেলা/উপ জেলা পরীক্ষাগারগুলিতে গুণমান পরীক্ষার জন্য এই হ্যান্ডপাম্পগুলি থেকে জলের নমুনা সংগ্রহ করা হয়। পরীক্ষার ফলাফলে জানা যায় যে, তিনটি জলের নমুনাই আর্সেনিকযুক্ত। সুতরাং, এই সমীক্ষাকৃত বিদ্যালয় ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির ছাত্র-ছাত্রী/শিক্ষক/শিশুরা আর্সেনিকের বিষাক্ততার কারণে প্রবল স্বাস্থ্যজনিত ঝুঁকির মধ্যে রয়েছে।

দপ্তর জানায় (মার্চ 2025) যে মুর্শিদাবাদ জেলার আজমতপুর পি ডব্লিউ এস এস বৃদ্ধির প্রস্তাবটি এস এল এস এস সি-এর অনুমোদনের অপেক্ষায় রয়েছে। তবে, দপ্তর স্কুল এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিকে সামগ্রিকভাবে অপার্যপ্ত কভারেজের বিষয়ে দপ্তর নীরব ছিল।

### 1.9.5 নিয়মিতভাবে পর্যাপ্ত পরিমাণে বিপন্মুক্ত পানীয় জল সরবরাহ

জে জে এম-এর লক্ষ্য ছিল গৃহস্থালী স্তরে পরিষেবা প্রদান অর্থাৎ নিয়মিত (দৈনিক) পর্যাপ্ত পরিমাণে (কমপক্ষে 55 এল পি সি ডি) এবং নির্ধারিত মানের[26] জল সরবরাহ করা।

ছয়টি নির্বাচিত জেলার 24 টি নির্বাচিত গ্রামে 480 জন সুবিধাপ্রাপকের (জুন-আগস্ট 2024) সমীক্ষা চলাকালীন, 149 জন সুবিধাপ্রাপক (31 *শতাংশ*) জানায় যে, তাঁরা জে জে এম-এর অধীনে নল সংযোগ স্থাপনের পর থেকে কোনও জল সরবরাহ পাচ্ছেন না, 111 জন সুবিধাপ্রাপক (23 শতাংশ) বলেন যে, তাঁরা পর্যাপ্ত পরিমান (55 এল পি সি ডি) জল পাচ্ছেন না এবং 11 জন সুবিধাপ্রাপক (2.29 শতাংশ) জানান যে, তাঁরা নিয়মিত জল সরবরাহ পাচ্ছেন না। জলের ঘাটতির সন্মুখীন সুবিধাপ্রপাকরা বলেন যে, তাঁরা হ্যান্ড পাম্প/নলকূপ/স্ট্যান্ড পোস্ট/কেনা জলের দ্বারা তাদের জলের চাহিদা পূরণ করেন। জল সরবরাহ পাচ্ছেন এরকম 331 জন সুবিধাপ্রাপকের মধ্যে 87 জন সুবিধাপ্রাপক (18.13 শতাংশ) জানান যে, সরবরাহকৃত জলের গুণমান নিয়ে তাঁরা সন্তুষ্ট ছিলেন না। এর ফলে, দপ্তর নির্ধারিত নিয়ম অনুযায়ী সুবিধাপ্রাপকদের নিয়মিত নিরাপদ সুপেয় জল সরবরাহ করতে ব্যর্থ হয়।

জল সরবরাহ না করা/স্বল্প পরিমান সরবরাহের কারণ হল সরবরাহ ব্যবস্থায় অপ্রতুলতা, নিম্ন মাত্রায় জলের চাপ, বর্তমান ওভারহেড জলাধারের কম ক্ষমতা, অপারেটদের ভালভ না চালানো, উৎসস্থলে জলের অপর্যাপ্ত প্রাপ্যতা, সম্প্রসারণের কাজ মুলতুবি থাকা, জলের অপচয় ইত্যাদি।

[26] *সরবরাহ করা পানীয় জলের মান বিভিন্ন সময়ে সংশোধিত ভারতীয় মান "আই এস 10500:2012-ড্রিঙ্কিং ওয়াটার স্পেসিফিকেশন" অনুযায়ী হতে হবে।*

দপ্তর নিরীক্ষা পর্যবেক্ষণ মেনে নিয়ে জানায় (মার্চ 2025) যে সম্প্রসারণের কাজ/নতুন প্রকল্পগুলির কাজ শেষ হওয়ার পরে[27] সমস্যাটি সমাধান হবে।

## 1.10 পরিকল্পনা

একটি কর্মসূচি বা প্রকল্পের বিভিন্ন কাজ সফলভাবে রূপায়ণের জন্য পরিকল্পনা সঙ্গে প্রতিটি স্তরে পর্যাপ্ত অংশগ্রহণের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যের দায়িত্ব ছিল যথাযথ পরিকল্পনার মাধ্যমে প্রতিটি গ্রামীণ পরিবার এবং সরকারী প্রতিষ্ঠানে যেমন গ্রাম পঞ্চায়েত ভবন, স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র (এ ডব্লিউ সি), স্বাস্থ্য কেন্দ্র, কল্যানকর কেন্দ্র ইত্যাদিতে সুপেয় জলের দীর্ঘমেয়াদী সরবরাহ নিশ্চিত করা। জে জে এম নির্দেশিকা 2019-এর অনুচ্ছেদ 3.6.1 অনুসারে, জে জে এম বাস্তবায়নের জন্য তিন ধরণের পরিকল্পনা প্রস্তুত করার প্রয়োজন ছিল–গ্রাম স্তরীয় কর্ম পরিকল্পনা (ভি এ পি), জেলা স্তরীয় কর্ম পরিকল্পনা (ডি এ পি) এবং রাজ্য স্তরীয় কর্ম পরিকল্পনা(এস এ পি)।

### 1.10.1 গ্রাম স্তরীয় কর্ম পরিকল্পনা প্রস্তুতিতে বিলম্ব

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 3.5 (xxiv) অনুসারে, সমস্ত জল সরবরাহ এবং অন্যান্য কাজের জন্য ভি এ পি একটি গ্রামের প্রধান নথি ছিল। জি পি বা ভিলেজ ওয়াটার অ্যান্ড স্যানিটেশন কমিটি[28] (ভি ডব্লিউএস সি) ইমপ্লিমেন্টেশন সাপোর্ট এজেন্সি (আই এস এ)[29]-এর সহায়তায় বেসলাইন জরিপ, রিসোর্স ম্যাপিং এবং গ্রাম সম্প্রদায়ের চাহিদা অনুসারে গ্রাম-ভিত্তিক ভি এ পি প্রস্তুত করবে। সভায় উপস্থিত কমপক্ষে 80 শতাংশ জনসম্প্রদায়ের সম্মতিতে ভি এ পি গুলি সংশ্লিষ্ট গ্রামসভা দ্বারা অনুমোদিত হবে।

ভি এ পি পরবর্তীকালে ডি ডব্লিউ এস এম দ্বারা ডি এ পি প্রস্তুতির জন্য ব্যবহার করা হয়। ডি ডব্লিউ এস এম গুলি জেলার জন্য ভি এ পি গুলি একত্রিত করে ডি এ পি প্রস্তুত করবে এবং সেটি এস এ পি প্রস্তুতির জন্য এস ডব্লিউ এস এম-এ জমা দেবে।

সমস্ত গ্রামের ভি এ পি প্রস্তুতির জন্য, পি এইচ ই ডি ওপেন টেন্ডারের মাধ্যমে রাজ্যের 22 টি জেলায় 15 টি আই এস এ নিযুক্ত করেছে (মে-নভেম্বর 2022)। নির্বাচিত 24 টি গ্রামের ভি এ পি-এর পরীক্ষায় দেখা গেছে যে জে জে এম বাস্তবায়নের প্রাথমিক পর্যায়ে অর্থাৎ জুলাই 2020 এর পরিবর্তে জুন 2022 থেকে জুন 2024-এর মধ্যে ভি এ পি প্রস্তুত করা হয়। সুতরাং, ভি এ পি গুলি, যা জুলাই 2020 সালে জে জে এম-এর শুরু থেকেই পরিকল্পনাকে গাইড করার জন্য ছিল, 2022-24 অবধি বিলম্বিত হয় এবং কিছু ক্ষেত্রে কাজ শুরু হওয়ার পরে প্রস্তুত করা হয় যা অংশগ্রহণমূলক পরিকল্পনা এবং জনসম্প্রদায়ের অধিকার খর্ব করে।

### 1.10.2 জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে ভি এ পি প্রস্তুতিকরণ

জল জীবন মিশনের নির্দেশিকা, 2019-এর অনুচ্ছেদ 3.6.1 অনুসারে, ভি এ পি প্রস্তুত করার আগে একটি বেসলাইন সমীক্ষা পরিচালনা করা প্রয়োজন। জনসংখ্যা, জলের চাহিদা নিরূপন,

---

27 *জল সরবরাহ প্রকল্পগুলির সম্প্রসারণের অর্থ জনসাধারণের ব্যবহারের জন্য জলের সরবরাহ এবং প্রাপ্যতা বাড়ানো, ক্রমবর্ধমান চাহিদা এবং ঘাটতি মোকাবিলায় বিদ্যমান পরিকাঠামো বৃদ্ধি, নতুন উৎস নির্মান ইত্যাদি। নতুন জল প্রকল্পগুলির অর্থ জল সরবরাহের আওতায় নতুন অঞ্চলগুলি অন্তর্ভুক্ত করার জন্য জল সরবরাহ প্রকল্প গ্রহণ করা হয়েছে।*

28 *একটি গ্রাম জল ও স্বাস্থ্যবিধি কমিটি, ভারতের গ্রাম পঞ্চায়েতের একটি জনসম্প্রদায়-ভিত্তিক, আইনত স্বীকৃত সাব-কমিটি যা জল জীবন মিশন (জে জে এম)-এর মতো কর্মসূচির অধীনে গ্রামের জল সরবরাহ এবং স্বাস্থ্যবিধি পরিকাঠামোর পরিকল্পনা, বাস্তবায়ন এবং পরিচালনা করে।*

29 *এন জি ও/এস এইচ জি/ট্রাস্ট ইত্যাদি এন জি ও/এস এইচ জি/ট্রাস্ট ইত্যাদি যা গ্রামের জল সরবরাহ পরিকাঠামোর পরিকল্পনা, নকশা, বাস্তবায়ন, পরিচালনা, নিয়ন্ত্রণ এবং রক্ষণাবেক্ষণের জন্য জনসম্প্রদায়গুলিকে একত্রিত ও অংশগ্রহনের কাজের অংশীদার হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।*

কৃষি উৎপাদনের ধরন, বৃষ্টিপাতের তথ্য, জল সরবরাহের বিবরণ, উৎসের স্থায়িত্বের ব্যবস্থা, গবাদি পশুর সংখ্যা, নোংরা জল ব্যবস্থাপনা, ধৌতকরন/স্নানের ব্লকের প্রয়োজনীয়তা ইত্যাদি সম্পর্কিত তথ্য এই ভি এ পি-তে অন্তর্ভুক্ত করার কথা ছিল। এছাড়াও, জল জীবন মিশনের আওতায় তৈরি পরিকাঠামোর জন্য দীর্ঘমেয়াদী পর্যবেক্ষণ ও রক্ষণাবেক্ষণ পরিকল্পনাও ভি এ পি-তে অন্তর্ভুক্ত করার প্রয়োজন ছিল।

জে জে এম-এর নির্দেশিকার অ্যানেক্স-XA ভি এ পি-এর একটি বিস্তারিত ফর্ম্যাট দেওয়া আছে। নীতি-নির্দেশিকা অনুযায়ী, বিস্তারিত ফর্ম্যাটে উল্লিখিত প্রয়োজনীয় তথ্য অন্তর্ভুক্ত করে ভি এ পি প্রস্তুত করার দরকার ছিল। নিরীক্ষা নির্বাচিত জেলাগুলির[30] 24 টি নির্বাচিত গ্রামের ভি এ পি-এর পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পরে, ভি এ পি গুলিতে নিম্নলিখিত ত্রুটিগুলি পর্যবেক্ষণ করে:

i. কৃষি উৎপাদনের ধরন, গবাদি পশুর সংখ্যা, বৃষ্টিপাতের তথ্য, গ্রামের জল সরবরাহের ইতিহাস ইত্যাদি সম্পর্কিত তথ্য ভি এ পি-তে অন্তর্ভুক্ত করা হয়নি।

ii. যদিও ভি এ পি-তে গ্রামের জনসংখ্যা এবং পরিবারের সংখ্যা উল্লেখ করা হয়েছিল তবে জনসংখ্যার বিবরণ (পুরুষ, মহিলা এবং শিশুর সংখ্যা এবং বর্তমান জনসংখ্যার বিবরণ) উল্লেখ করা হয়নি।

iii. একটি গ্রামের জলের চাহিদা সেই গ্রামের জনসংখ্যার ভিত্তিতে গণনা করা প্রয়োজন। যদিও, নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে জলপাইগুড়ি জেলার দুটি নির্বাচিত গ্রামের[31] ভি এ পি-তে জনসংখ্যার কোনও তথ্য নেই, কিন্তু তা সত্ত্বেও এই গ্রামগুলির জলের চাহিদা প্রতিদিন 352.33 কিলো লিটার (কে এল ডি) এবং 268.51 কিলোলিটার হয়।

iv. একইভাবে, জলপাইগুড়ি জেলার অন্য দুটি নির্বাচিত গ্রামের ভি এ পি-তে, একটি গ্রামের[32] জলের চাহিদা 1,158.80 কে এল ডি[33]-এর প্রকৃত প্রয়োজনের সাপেক্ষে 159.39 কে এল ডি হয় এবং অন্য একটি গ্রামের[34] জলের চাহিদা 179.36 কে এল ডি[35] প্রয়োজনের সাপেক্ষে 336.16 কে এল ডি হিসাবে দেখানো হয়।

v. এছাড়াও, নির্মান কার্যের সংখ্যা এবং অবস্থানের বিবরণ ছাড়াই বর্তমান পানীয় জলের উৎসের প্রবর্ধন, জল সংগ্রহের আধার নির্মাণ, জল পরিশোধনাগার, পাম্পিং ব্যবস্থা, ভূগর্ভস্থ সাম্প, ওভারহেড ট্যাঙ্ক, জল বিতরণের পাইপ লাইন, বোরওয়েল পুনর্ভরন কাঠামো, ওয়াশিং অ্যান্ড বাথিং কমপ্লেক্স, গবাদি পশুর জলপানের পাত্র ইত্যাদির প্রস্তাব ভি এ পি-তে করা হয়।

vi. নিরীক্ষায় দেখা যায় যে, ভি এ পি-তে জল সরবরাহের উৎসের কথা উল্লেখ থাকলেও জে জে এম নির্দেশিকার অ্যানেক্স-XA-এর নির্দেশ মত জল সরবরাহের জন্য প্রয়োজনীয় বোরওয়েল পুনঃভরন কাঠামোর সংখ্যা, জলাশয়গুলি পুনরুজ্জীবিত করা ইত্যাদির মতো দীর্ঘস্থায়ী ব্যবস্থাগুলি ভি এ পি-তে মূল্যায়ন করা হয়নি বা চিহ্নিত করা হয়নি।

vii. বর্জ্য জল ব্যবস্থাপনার উদ্দেশ্যে গৃহস্থালি, আবাসস্থলের, বিদ্যালয় এবং অঙ্গনওয়াড়ির প্রয়োজনীয় সংখ্যক জল স্থিতিশীল পুকুর এবং সোক পিট নির্ধারন বা চিহ্নিত করা হয়নি।

viii. জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 3.6.1 অনুসারে ভি এ পি-তে জলের গুণমান পর্যবেক্ষণ এবং নজরদারির জন্য প্রয়োজনীয় জনশক্তির মূল্যায়ন এবং চিহ্নিত করা হয়নি।

---

[30] *বাঁকুড়া, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, পূর্ব বর্ধমান, পুরুলিয়া এবং পূর্ব মেদিনীপুর।*

[31] *ক্রান্তি ব্লকের লাটাগুড়ি গ্রাম এবং যোগেশচন্দ্র চা বাগান গ্রাম।*

[32] *মাটিয়ালি ব্লকের ইয়ংটং চা বাগান গ্রাম।*

[33] *21,069 × 55 লিটার = 11,58,795 লিটার = 1,158.80 কে এল ডি।*

[34] *মাটিয়ালি ব্লকের জুরান্তি চা বাগান গ্রাম।*

[35] *3,261 × 55 লিটার = 1,79,355 লিটার = 179.36 কে এল ডি।*

ix. উপরোক্ত বিষয়গুলি ছাড়াও, জল জীবন মিশনের অধীনে তৈরি করা গ্রামাঞ্চলের পরিকাঠামো রূপায়ণ এবং পরিচালনার জন্য গ্রামীণ পঞ্চায়েত/ভি ডব্লিউ এস সি-এর সামগ্রিক ভূমিকা এবং দায়িত্বের বিষয়টি ভি এ পি-তে অন্তর্ভুক্ত করা হয়নি।

সুতরাং, এটি স্পষ্ট যে জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে ভি এ পি গুলি প্রস্তুত করা হয়নি যা প্রকল্পগুলির বাস্তবায়ন এবং নির্দিষ্ট সুবিধাপ্রাপকদের পর্যাপ্ত জল সরবরাহে প্রভাবিত করে।

### 1.10.3 জেলাস্তরীয় কর্ম পরিকল্পনা (ডি এ পি)

জে জে এম নির্দেশিকা (2019)-এর অনুচ্ছেদ 5.3 এবং অ্যানেক্স-XB অনুসারে, জেলা প্রশাসক/জেলা কালেক্টরের নেতৃত্বে জেলা জল স্বাস্থ্যবিধি মিশন (ডি ডব্লিউ এস এম) ডি এ পি প্রস্তুত এবং চূড়ান্ত করার জন্য দায়বদ্ধ। জেলায় প্রস্তুত সমস্ত ভি এ পি-এর সমন্বিত সংস্করণ হবে ডি এ পি এবং 2024 সালের মধ্যে জেলার পরিবারগুলিতে এফ এইচ টি সি সরবরাহের জন্য একটি রোডম্যাপের রূপরেখা তৈরি করা হবে।

নির্বাচিত ছয়টি বিভাগের নথি যাচাই করে দেখা গেছে যে নির্বাচিত ডি ডব্লিউ এস এম গুলির কোনটিতেই ডি এ পি প্রস্তুত বা অনুমোদিত হয়নি। জে জে এম-এর জন্য রাজ্য কর্ম পরিকল্পনা (এস এ পি) ডি এ পি বিবেচনা করে প্রস্তুত করার কথা ছিল, কিন্তু ডি এ পি-এর অনুপস্থিতিতে, এই সম্ভাবনাও রয়েছে যে জেলাগুলির প্রকৃত প্রয়োজনীয়তা বিবেচনা না করে এবং জে জে এম নির্দেশিকা লঙ্ঘন করে এস এ পি প্রস্তুত করা হয়।

জবাবে, দপ্তর জানায় (মার্চ 2025) যে রাজ্যের নির্দেশিকা অনুসারে ডি এ পি প্রস্তুত করা হয়েছে এবং জে জে এম নির্দেশিকা অনুসারে নয়। তবে, ঘটনাটি হল নমুনা পরীক্ষিত কোনও বিভাগই ডি এ পি-এর অনুলিপি নিরীক্ষাকে দিতে পারেনি যাতে এটি প্রস্তুত করা হয়েছিল কিনা তা প্রমাণ করতে পারে, ফলে প্রকল্পের নির্দেশিকা না মেনেই জে জে এম-এর পরিকল্পনা প্রস্তুতের সম্ভাবনা তৈরি হয়।

### 1.10.4 রাজ্যস্তরীয় কর্ম পরিকল্পনা (এস এ পি)

এস ডব্লিউ এস এম দ্বারা পি এইচ ই ডি-এর সহায়তায় জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 7.5 এবং অ্যানেক্স-XC অনুসারে, 2019-20 থেকে 2023-24 সময়কালের জন্য জে জে এম-এর জন্য রাজ্যস্তরীয় কর্ম পরিকল্পনা (এস এ পি) প্রস্তুত এবং চূড়ান্ত করা হয়। ডি ডব্লিউ এস এম কর্তৃক প্রস্তুত ডি পি আর-এর উপর ভিত্তি করে এস এ পি প্রস্তুত করার কথা ছিল। এস এ পি-তে (ক) জলের গুণমান প্রভাবিত অঞ্চলে অগ্রাধিকার ভিত্তিতে সম্পাদিত কাজ (খ) বৃষ্টির জল সংরক্ষণ, সম্পদ এবং প্রচেষ্টার সমন্বয়ের মাধ্যমে পানীয় জলের উৎসগুলির কৃত্রিম রিচার্জ (গ) সরকারি-বেসরকারি অংশীদারিত্ব পদ্ধতিতে প্রকল্প গ্রহণ; (ঘ) গৃহস্থালিতে নলবাহিত সংযোগের কার্যকারিতা এবং জলের গুণমান পর্যবেক্ষণ ও নজরদারি নিশ্চিত করার জন্য বিস্তারিত কর্ম পরিকল্পনা; (ঙ) প্রতিটি গ্রামে প্রদত্ত এফ এইচ টি সি-এর সংখ্যার সাথে গ্রামগুলির জেলাভিত্তিক তালিকার বিবরণ, অবশিষ্ট এফ এইচ টি সি সরবরাহ করা; (চ) বার্ষিক আর্থিক ব্যয় ইত্যাদি অন্তর্ভুক্ত হওয়ার কথা ছিল। রাজ্যের সঙ্গে আলোচনার ভিত্তিতে ভারত সরকারের পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তর (ডি ডি ডব্লিউ এস) দ্বারা এস এ পি অনুমোদিত হওয়ার কথা ছিল।

জে জে এম-এর জন্য প্রস্তুত এস এ পি-এর একটি অনুলিপি নিরীক্ষা পি এইচ ই ডি-এর কাছ থেকে চেয়েছিল। উত্তরে, পি এইচ ই ডি 15 মে 2020-এ কেবল একটি এক্সেল ফাইল সরবরাহ করে। এই নথি অনুসারে 2020-21 থেকে 2023-24 সময়কালে জে জে এম-এর আওতায় রাজ্যের 22 টি জেলায় আনুমানিক 58,890.09 কোটি টাকা ব্যয়ের 4,062টি কাজ (1,290 রেট্রোফিটিং স্কিম, 1,090 টি পরিবর্ধন প্রকল্প এবং 1,682 টি নতুন প্রকল্প) বাস্তবায়িত হওয়ার কথা ছিল। এছাড়াও নথিতে রাজ্যের জল বাজেট, গ্রহণযোগ্য সংরক্ষণ

প্রচেষ্টা, প্রকল্পগুলি বাস্তবায়ণের জন্য জমির প্রয়োজনীয়তা, মানবসম্পদের প্রয়োজনীয়তা, আই এস এ-এর প্রয়োজনীয়তা, আই ই সি কার্যক্রম, প্রকল্পগুলির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, তৃতীয় পক্ষ দ্বারা পরিদর্শন, অভিযোগ নিষ্পাদন ব্যবস্থা ইত্যাদি সম্পর্কিত তথ্যের অভাব রয়েছে।

দপ্তর জানায় (মার্চ 2025) যে এস এ পি রাজ্যের নির্দেশিকা অনুসারে প্রস্তুত করা হয়েছিল এবং জে জে এম নির্দেশিকা অনুসারে নয়। যাইহোক, ঘটনাটি হল এই যে, পি এইচ ই ডি 58,890.09 কোটি টাকার জে জে এম স্কিমগুলি সনাক্ত করে, এগুলির কার্যকর বাস্তবায়নের জন্য ভি এ পি, ডি এ পি এবং এস এ পি প্রস্তুত না করেই।

### 1.10.5 অন্যান্য কর্মসূচি/প্রকল্পের সাথে সমকেন্দ্রিতা

জে জে এম নির্দেশিকার অধ্যায়-1-এ জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (এন আর এল এম), মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি স্কিম (এম জি এন আর ই জি এস) ইত্যাদির মতো অন্যান্য কর্মসূচি/প্রকল্পগুলির সাথে জে জে এম-এর সমকেন্দ্রিতার বিষয়ে বলা হয়েছে।

2020-21 থেকে 2023-24 পর্যন্ত সময়কালের বার্ষিক কর্ম পরিকল্পনা (এ এ পি) খতিয়ে দেখে জানা গেছে যে, এ এ পি গুলিতে এম জি এন আর ই জি এস, 15 তম এফ সি এবং এস বি এম-জি-এর প্রকল্পের সাথে একত্রে মোট 2,154.98 কোটি টাকার আর্থিক সংস্থান করা হয়েছিল (i) বোরওয়েল রিচার্জ স্ট্রাকচারের মতো উৎসগুলি শক্তিশালী করার জন্য 40.56 কোটি টাকা (ii) জল সংরক্ষণ এবং ভূগর্ভস্থ জল সঞ্চয় রিচার্জ কাঠামোর জন্য 45.31 কোটি টাকা (iii) নোংরা জল শোধন এবং পুনর্ব্যবহারের জন্য 1,841.49 কোটি টাকা এবং (iv) গবাদি পশুর খাতের মতো অন্যান্য, ধোয়া এবং স্নানের জায়গাগুলির জন্য 227.62 কোটি টাকা।

অন্যান্য প্রকল্পের সাথে একত্রে জল সরবরাহ প্রকল্পগুলি গ্রহণ করার জন্য ভি এ পি গুলিতে একটি বিধানও ছিল তবে ছয়টি নির্বাচিত জেলার নমুনা পরীক্ষিত 24 টি গ্রামের ভি এ পি-তে প্রকৃত কাজগুলি (কনভারজেন্সের অধীনে) প্রস্তাবিত কাজের বাছাই করা হয়নি। এছাড়াও, নির্বাচিত ছয়টি জেলার ওয়ার্কিং ডিভিশন জানায় যে, এখনও পর্যন্ত সমন্বয়ের কাজ শুরু হয়নি।

## 1.11 কাজের বাস্তবায়ন

নিরীক্ষা দেখা যায় যে পি এইচ ই ডি-এর তরফে ঘাটতির কারণে জল জীবন মিশনের আওতায় গৃহীত বেশিরভাগ প্রকল্প অসম্পূর্ণ থেকে গেছে এবং অতিরিক্ত, পরিহারযোগ্য, অযথা এবং নিস্ফল ব্যয়ের ঘটনা ঘটেছে।

### 1.11.1 জল জীবন মিশনের আওতায় গৃহীত প্রকল্পগুলির বর্তমান অবস্থা

জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 7.1 অনুসারে প্রতিটি গ্রামীণ পরিবারে জল সরবরাহ পরিকাঠামো তৈরি করতে হবে।

দপ্তরের পোর্টাল (ডব্লিউ বি-জে জে এম ড্যাশবোর্ড) থেকে, এটি দেখা যায় যে 2019-23 সালে মোট 9,336 টি প্রকল্প (2,496 রেট্রোফিটিং স্কিম, 2,933 পরিবর্ধন প্রকল্প এবং 3,907 নতুন প্রকল্প) রাজ্য স্তরীয় প্রকল্প অনুমোদন কমিটি (এস এল এস এস সি) দ্বারা আনুমানিক 56,983.50 কোটি টাকা ব্যয়ে অনুমোদিত হয়েছিল। 2023-24 সালে এস এল এস এস সি দ্বারা কোনও প্রকল্প অনুমোদিত হয়নি।

এই 9,336 টি প্রকল্পের মধ্যে 1,375 টি প্রকল্প (14.73 শতাংশ) সম্পন্ন হয়েছে এবং বাকি 7,961 টি প্রকল্প (85.27 শতাংশ) ডিসেম্বর 2024 পর্যন্ত অসম্পূর্ণ ছিল।

নিরীক্ষায় দেখা যায় যে প্রকল্পগুলি সম্পন্ন করতে বিলম্বের কারণগুলির মধ্যে রয়েছে উৎস এবং বিতরণ ব্যবস্থা বৃদ্ধি না করেই রেট্রোফিটিং কাজ শুরু করা, কাজ বাদ দেওয়া, জমির সমস্যা, বিদ্যুৎ সরবরাহে বিলম্ব ইত্যাদি, যেমনটি পরবর্তী অনুচ্ছেদে আলোচনা করা হয়েছে:

### *1.11.1.1 রেট্রোফিটিং প্রকল্প*

জে জে এম নির্দেশিকার ষষ্ঠ অধ্যায় অনুসারে, এস ডব্লিউ এস এম-এ বিদ্যমান পরিকাঠামোর সংস্কারকে অগ্রাধিকার দেওয়ার কথা আছে, যেমন নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ সম্পূর্ণ করা এবং নলবাহিত জল সরবরাহ প্রকল্পের কাজ যা চলছে তা প্রথম দুই আর্থিক বছরে অর্থাৎ 2021 সালের মার্চের মধ্যে সম্পন্ন হওয়ার কথা ছিল।

2019-23 সময়কালে গৃহীত 2,496 টি রেট্রোফিটিং প্রকল্পের মধ্যে মাত্র 1,177 টি কাজ সম্পন্ন হয়েছে এবং বাকি 1,319 টি কাজ সমাপ্তির বিভিন্ন পর্যায়ে রয়েছে। রেট্রোফিটিং কাজ শেষ না হওয়া/বিলম্বের প্রধান কারণগুলি ছিল চিহ্নিত পরিবারগুলিকে সরবরাহের জন্য প্রয়োজনীয় জলের মূল্যায়ন না করা, সরবরাহ ব্যবস্থার ক্ষমতা মূল্যায়ন না করা (ও এইচ আর-এর ক্ষমতা, পাইপলাইনের পুরুত্ব), উৎসস্থলে জলের অপর্যাপ্ত প্রাপ্যতা ইত্যাদি। নিরীক্ষা নির্বাচিত ছয়টি জেলার বিভাগগুলির নথি পরীক্ষা এবং যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের পরে নিম্নলিখিতগুলি পর্যবেক্ষণ করেছে:

***সংস্কারের পর পুনরুজ্জীবনের কাজ***

জলপাইগুড়ি জেলার ক্ষেত্রে এন আর ডি ডব্লিউ পি-এর অধীনে 2018 এবং 2019 সালে দুটি ভূগর্ভস্থ জল ভিত্তিক পি ডব্লিউ এস[36] প্রকল্প চালু করা হয়, যা 2040 পর্যন্ত জল সরবরাহে সক্ষম থাকবে। দুটি প্রকল্পই 2020 সালে জে জে এম-এর অধীনে নেওয়া হয়েছিল। জুলাই 2024 পর্যন্ত, ইয়ংটং চা বাগান (ওয়াই টি জি) গ্রাম এবং জুরান্টি চা বাগান (জে টি জি) গ্রামে 933 টি এবং 677 টি এফ এইচ টি সি এই প্রকল্পের অধীনে সরবরাহ করা হয়েছে।

এফ এইচ টি সি দেওয়ার পরে, বিভাগ দেখে যে এই চা বাগানগুলির প্রত্যন্ত জনবসতিগুলি জলের চাপ কম থাকার কারণে জল পাচ্ছে না। দুটি গ্রামের মোট 1,610 টি পরিবারের মধ্যে 400 টি পরিবার জল পাচ্ছে না (জুলাই 2024 পর্যন্ত)। এটি লক্ষ্য করা যায় যে, সর্বনিম্ন 90 মিমি ব্যাসের পাইপের[37] প্রয়োজনের নিরিখে 80.05 লক্ষ টাকা ব্যয়ে কম ব্যাসের পাইপ (50 থেকে 75 মিমি ব্যাস), জল সরবরাহের জন্য পাতা হয়েছিল, যার ফলে জলের চাপ কম ছিল।

নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে বিভাগটি ওয়াই টি জি এবং জে টি জি-এর এই দুটি নতুন অনুমোদিত প্রকল্পের জন্য 3.83 কোটি টাকা ব্যয়ে পুনরুজ্জীবন কাজের পরিকল্পনা করেছে (2021 বছর)। এর মধ্যে রয়েছে বিদ্যমান জল সরবরাহের পাইপলাইন পরিবর্তন, অতিরিক্ত নলকূপ খনন, পাম্প হাউস ও সীমানা প্রাচীর এবং জলাধার নির্মাণ ইত্যাদি। মার্চ 2022 থেকে জুন 2024-এর মধ্যে পুনরুজ্জীবন কাজের জন্য কার্যাদেশ জারি করা হয়। জুলাই 2024 পর্যন্ত, অন্যান্য স্থানীয় সমস্যার পাশাপাশি নলকূপ এবং জলাধার নির্মাণের জন্য জমি না পাওয়ার কারণে কাজগুলি অসম্পূর্ণ থেকে যায়।

সুতরাং, এই ক্ষেত্রে এফ এইচ টি সি-এর কাজ বিদ্যমান পাইপলাইনের জলসরবরাহ ক্ষমতা মূল্যায়ন না করেই শুরু করা হয়েছিল।

দপ্তর জানায় (মার্চ 2025) যে ওয়াই টি জি গ্রামের পুনরুজ্জীবনের কাজ এখন শেষ হয়েছে। তবে জুরান্টি চা বাগানের পুনরুজ্জীবনের বিষয়ে দপ্তর নীরব ছিল।

*36 মাটিয়ালি ব্লকের ইয়ংটং চা বাগান ও জুরান্টি চা বাগান পি ডব্লিউ এস এস।*

*37 প্রকল্পগুলির পুনরুজ্জীবনের জন্য ডি পি আর গুলিতে এবং সি পি এইচ ই ই ও ম্যানুয়াল 1999 অনুসারে, জল বন্টন পরিসরে সর্বনিম্ন 100 মিমি ডায়া পাইপ স্থাপন করতে হবে। এন আর ডি ডব্লিউ পি-এর অধীনে মূল কাজ সম্পাদনের সময় ওয়াই টি জি-তে 8,944 মিটারের মোট বন্টন পরিসরের মধ্যে, 6,355 মিটারে (71%) নিম্ন ডায়া পাইপ বসানো হয়েছিল এবং জে টি জি-তে 20,210 মিটারের মোট বন্টন পরিসরের মধ্যে 17,560 মি (87%) নিম্ন ডায়া পাইপ বসানো হয়েছিল।*

***জল শুন্য কল সংযোগ***

2021-23 সালে, বর্ধমান বিভাগ (পি এইচ ই ডি) 41,610 টি এফ টি এইচ সি প্রদান করার জন্য জে জে এম-এর অধীনে 25 টি নতুন জল সরবরাহ প্রকল্প গ্রহণ করেছিল। এর নিরিখে, 45.64 কোটি টাকা ব্যয়ে 15,091 টি এফ এইচ টি সি প্রদান করা হয় (ডিসেম্বর 2024) এবং জে জে এম-আই এম আই এস পোর্টালেও অন্তর্ভুক্ত করা হয়। যাইহোক, নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে সেপ্টেম্বর 2024 পর্যন্ত এই 25 টি প্রকল্পের কোনওটিতেই পাম্প লাগানো, বিদ্যুৎ সংযোগের মতো মেকানিক্যাল কাজ শেষ হয়নি, যদিও সেন্ট্রাল মেকানিক্যাল ডিভিশন (পি এইচ ই ডি) দ্বারা কার্যাদেশ জারি করা হয়েছিল (জুন 2023 এবং সেপ্টেম্বর 2024)। মেকানিক্যাল কাজ শেষ না হওয়ার কারণে, 15,091 টি এফ এইচ টি সি সুবিধাপ্রাপ্ত পরিবারের কেউই জল পাচ্ছে না, যার ফলে এই 25 টি প্রকল্পে 45.64 কোটি টাকা অপব্যয় হয়েছে।

সুবিধাপ্রাপকদের জল সরবরাহ নিশ্চিত না করে জে জে এম-আই এম আই এস পোর্টালে 15,091 টি এফ এইচ টি সি-এর এই সংখ্যা অন্তর্ভুক্ত করা উচিত ছিল না। তাই এটি স্পষ্ট যে জলের প্রকৃত প্রাপ্যতা ছাড়াই জে জে এম-আই এম আই এস পোর্টালে আপলোড করার ফলে জেলার এফ এইচ টি সি প্রদানের বাস্তব অগ্রগতি 15,091-এ পৌঁছেছে।

দপ্তর জানায় (মার্চ 2025) যে বেশিরভাগ এফ এইচ টি সি এখন সক্রিয়। তবে, বিষয়টি হল অভিপ্রেত সুবিধাপ্রাপকদের কাছে জল সরবরাহ নিশ্চিত না করেই যে জে জে এম প্রকল্পগুলিকে 'সম্পূর্ণ' হিসাবে ঘোষণা করা হয়েছিল, যা প্রকল্পের মূল উদ্দেশ্যকে ব্যাহত করে।

***এফ এইচ টি সি-এর জন্য নিষ্ফল ব্যয়***

বহরমপুর ডিভিশন-I (পি এইচ ই ডি) বেগমপুর গ্রাম (এফ এইচ টি সি-321) এবং দৌলতপুর গ্রামে (এফ এইচ টি সি-1,332) 1,653 টি এফ এইচ টি সি সরবরাহ করার জন্য জে জে এম-এর অধীনে একটি রেট্রোফিটিং প্রকল্প গ্রহণ করে (আগস্ট 2020)। এই গ্রামগুলি জোন-I-এর হুরশি পি ডব্লিউ এস প্রকল্পের কমান্ড এরিয়ার মধ্যে পড়ছিল, যা 2019 সালে চালু হয়। এই প্রকল্পের আওতাধীন গ্রামগুলি আর্সেনিক আক্রান্ত মুর্শিদাবাদ জেলায় অবস্থিত।

বেগমপুর গ্রামে 321 টি এফ এইচ টি সি-এর রেট্রোফিটিং কাজ জানুয়ারী 2021 সালে একটি সংস্থাকে 17.92 লক্ষ টাকার দরপত্র মূল্যে 20 দিনের মধ্যে শেষ করার জন্য দেওয়া হয়। কাজটি শেষ হয়েছিল এবং কাজটি করার জন্য এজেন্সিকে 13.45 লক্ষ টাকা দেওয়া হয়।

দৌলতপুর গ্রামে 1,332 টি এফ এইচ টি সি-এর রেট্রোফিটিং কাজ জুলাই 2021 সালে 180 দিনের মধ্যে শেষ করার জন্য 71.98 লক্ষ টাকার দরপত্র মূল্যে অন্য একটি সংস্থাকে দেওয়া হয়। নিরীক্ষায় দেখা যায় যে, বিদ্যমান ভূগর্ভস্থ জলের উৎস থেকে নিরাপদ পানীয় জলের অপ্রাপ্যতার কারণে 1,332 টি এফ এইচ টি সি প্রদানের লক্ষ্যমাত্রার নিরিখে 535 টি এফ এইচ টি সি সরবরাহ করার পরে দৌলতপুর গ্রামে কাজ মাঝপথে বন্ধ হয়ে যায়। আংশিক কাজের জন্য 2021 সালের নভেম্বরে সংস্থাটিকে 20.60 লক্ষ টাকা দেওয়া হয়েছিল। বেগমপুর এবং দৌলতপুর গ্রামে রেট্রোফিটিং কাজের পরে, বিভাগটি হুরশি পি ডব্লিউ এস এস জোন-I-এর কাজ 310 দিনের মধ্যে শেষ করার জন্য 4.24 কোটি টাকার দরপত্র মূল্যে একটি তৃতীয় সংস্থা[38] নিয়োগ করেছে (সেপ্টেম্বর 2023)। এই কাজের মধ্যে রয়েছে অতিরিক্ত পাইপলাইন বসানো, একটি অতিরিক্ত টিউব ওয়েল, ওভারহেড জলাধার নির্মাণ এবং অবশিষ্ট এফ এইচ টি সি সরবরাহ। জুলাই 2024 পর্যন্ত 1.55 কোটি টাকা ব্যয়ে পরিবর্ধনের কাজ চলছিল।

[38] *মেসার্স বি এম ইন্ডাস্ট্রিজ উৎস বৃদ্ধি, এফ এইচ টি সি, ও এইচ আর, বন্টন পদ্ধতি, পাম্প হাউস, এ আই আর পি ইত্যাদির সিভিল কাজের জন্য।*

আগস্ট 2024 সালে দৌলতপুর এবং বেগমপুরে যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের সময়, নিরীক্ষা লক্ষ্য করে যে সমীক্ষা করা সুবিধাপ্রাপকদের কেউই পরিবর্ধনের কাজ শেষ না হওয়ার কারণে বসানো এফ এইচ টি সি-এর মাধ্যমে জল পাচ্ছেন না। ফলস্বরূপ, 856 টি এফ এইচ টি সি-এর রেট্রোফিটিংয়ের জন্য 34.05 টাকার (20.60 লক্ষ টাকা + 13.45 লক্ষ টাকা) নিষ্ফল ব্যায় হয়।

সুতরাং, হুরশি পি ডব্লিউ এস এস জোন-I এ জলের প্রাপ্যতা এবং পাইপলাইনের পর্যাপ্ততা নিশ্চিত না করে রেট্রোফিটিং কাজ শুরু করার কারণে, রেট্রোফিটিংয়ের কাজ অসম্পূর্ণ থেকে যায় এবং জুলাই 2024 পর্যন্ত দৌলতপুর এবং বেগমপুর গ্রামে বসবাসকারী 7,244 জন লোক পানীয় জল থেকে বঞ্চিত হয়েছিল।

দপ্তর নিশ্চিত করে (মার্চ 2025) যে পি ডব্লিউ এস এস পরিবর্ধনের কাজ চলছে এবং অবশিষ্ট এফ এইচ টি সি এখনও সরবরাহ করা হয়নি।

### *1.11.1.2 সম্প্রসারণের কাজ*

ভারত সরকার প্রথম এস এল এস এস সি সভায় (2022-23) নির্ধারন করে যে, সম্প্রসারিত সমস্ত প্রকল্পগুলি মার্চ 2022-এর মধ্যে শেষ করতে হবে এবং এই সময়সীমা পরবর্তীকালে সেপ্টেম্বর 2022 পর্যন্ত বাড়ানো হয়। তবে, নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে 2019-23 সালে, এস এল এস এস সি দ্বারা মোট 2,933 টি সম্প্রসারিত প্রকল্পের কাজ অনুমোদিত হয়েছিল যার মধ্যে 1,904 টি প্রকল্প (65 শতাংশ) 2022-23 সালে অনুমোদিত হয়। নিরীক্ষা আরও উল্লেখ করে যে নির্ধারিত তারিখ (সেপ্টেম্বর 2022) এর পরে (নভেম্বর 2022 এবং মার্চ 2023-এর মধ্যে) 984 টি প্রকল্প (34 শতাংশ) অনুমোদিত হয়েছিল।

গৃহীত 2,933 টি পরিবর্ধন প্রকল্পের মধ্যে মাত্র 96 টি প্রকল্প সম্পন্ন হয়েছিল এবং বাকি 2,837টি প্রকল্প সমাপ্তির বিভিন্ন পর্যায়ে ছিল (ডিসেম্বর 2024) যা **অনুচ্ছেদ 1.11.1**-এ আলোচনা করা হয়েছে। নির্বাচিত ছয়টি জেলার আটটি পরীক্ষামূলকভাবে যাচাই করা পরিবর্ধন প্রকল্পের (20টি পরিক্ষামূলকভাবে যাচাই করা) ক্ষেত্রে দেখা যায় যে পরিবর্ধন প্রকল্পগুলি সম্পূর্ণ না হওয়া/ বিলম্বের কারণগুলি ছিল জমির সমস্যা, ডি আই পাইপ সরবরাহে বিলম্ব, স্থানীয় সমস্যা এবং শ্রমিক সম্পর্কিত সমস্যা যা (***পরিশিষ্ট-1.2***) উল্লেখ করা হল। নিরীক্ষা পি এইচ ই ডি-এর দুটি নির্বাচিত বিভাগের নথি এবং যৌথভাবে কার্যস্থল পরিদর্শনে নিম্নলিখিতগুলি পর্যবেক্ষণ করে:

i. জলপাইগুড়ি জেলার লাটাগুড়ি পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারন কাজ এস এল এস এস সি দ্বারা 2021-22 সালে আনুমানিক 18.35 কোটি টাকা ব্যয়ে অনুমোদন করা হয়। 15 থেকে 180 দিনের মধ্যে কাজ শেষ করার জন্য ঠিকাদারদের বারোটি কার্যাদেশ (জানুয়ারী 2022 থেকে জুন 2024) জারি করা হয়। যাচাই করে দেখা যায় যে, 12 টি কাজের মধ্যে সাতটি কাজ চলছে (80 শতাংশ থেকে 98 শতাংশ *কাজ* সম্পূর্ণ হয়েছে) জুলাই 2024 পর্যন্ত। কাজে ব্যবহৃত নমনীয় লোহার পাইপের অভাব, স্থানীয় সমস্যা, শ্রমিক সমস্যা ইত্যাদির কারণে কাজ শেষ হয়নি।

ii. রঘুনাথপুর পি ডব্লিউ এস প্রকল্পটি অক্টোবর 2022 সালে 10.78 কোটি টাকার আনুমানিক ব্যয়ে অনুমোদিত হয়েছিল। পুরুলিয়া বিভাগ (পি এইচ ই ডি) 2023 সালের মার্চ মাসে প্রথম কার্যাদেশ জারি করে এবং এটি 2024 সালের মার্চের মধ্যে শেষ করার লক্ষ্য ছিল। তবে, নমনীয় লোহার পাইপের সরবরাহে ঘাটতি, জমির সমস্যা ইত্যাদির কারণে নভেম্বর 2024 পর্যন্ত মাত্র 20 শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

দপ্তর নিশ্চিত করে (মার্চ 2025) যে লাটাগুড়ি পি ডব্লিউ এস এস এবং রঘুনাথপুর পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণের কাজ এখনও শেষ হয়নি।

### *1.11.1.3 নতুন জল সরবরাহ প্রকল্প*

2019-23 সময়কালে, জে জে এম-এর আওতায় 3,907 টি নতুন জল সরবরাহ প্রকল্প রাজ্যে পি এইচ ই ডি দ্বারা গৃহীত হয়েছিল প্রকল্পের আওতার বাইরে থাকা এলাকাতে জল সরবরাহের জন্য, যার মোট আনুমানিক ব্যয় 29,109.12 কোটি টাকা এবং যা মার্চ 2024-এর মধ্যে শেষ হবে। যদিও, ডিসেম্বর 2024 পর্যন্ত, মাত্র 87 টি জল সরবরাহ প্রকল্প সম্পন্ন হয়েছে এবং বাকি 3,820 টির কাজ সমাপ্তির বিভিন্ন পর্যায়ে রয়েছে।

নির্বাচিত ছয়টি জেলার পি এইচ ই ডি-এর পরীক্ষামূলকভাবে নির্বাচিত বিভাগগুলির নথি পরীক্ষা এবং যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের পর নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে নতুন জল সরবরাহ প্রকল্পগুলি সম্পূর্ণ না হওয়ার কারণগুলির মধ্যে রয়েছে জমির সমস্যা এবং পাম্প হাউস ও জলাধার ইত্যাদির স্থান পরিবর্তন।

1) জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 3.5 অনুযায়ী ওই সংস্থাগুলিকে কাজটি দেওয়া হবে যেখানে জমি দপ্তরের দখলে আছে। জল সরবরাহ প্রকল্পগুলির সুষ্ঠু রূপায়ণ নিশ্চিত করতে ডি পি আর প্রস্তুত করার আগে জমির প্লটগুলি চিহ্নিত করা দরকার ছিল কারণ জল সরবরাহ লাইনের নকশা, বিভিন্ন ব্যাসের পাইপ লাগানো, ভালভের অবস্থান, প্রকল্পের সামগ্রিক ব্যয় ইত্যাদি নির্ভর করে মূল কাজ, জল ভরার স্থান/টিউব কল, পাম্প হাউস, ওভারহেড জলাধার ইত্যাদির সঠিক অবস্থানের উপর। যদিও, নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে জমি অধিগ্রহণ/সরাসরি ক্রয়/অনুদান/হস্তান্তর ইত্যাদির আগেই কাজ শুরু করা হয়েছিল যাতে নির্বাচিত ছয়টি জেলার মধ্যে তিনটি (মুর্শিদাবাদ, পুরুলিয়া এবং পূর্ব বর্ধমান)-তে 45 টি প্রকল্প বাধা পায় যা ***পরিশিষ্ট-1.3***-এ দেখানো হল।

2) বাঁকুড়া জেলার 20 টি ব্লকে 431 টি ছোট পি ডব্লিউ এস এস-এর কাজ সম্পাদনের জন্য বাঁকুড়া বিভাগ কার্যাদেশ জারি করে (আগস্ট 2022) জানুয়ারী 2023-এ সমাপ্তির নির্ধারিত তারিখ হিসাবে। ঠিকাদার সময় বাড়ানোর জন্য অনুরোধ করেছিলেন (জানুয়ারী 2023) কারন জমি চিহ্নতকরণ/বন্টনে বিলম্ব (28 জানুয়ারী 2023 পর্যন্ত 74 টি গ্রামের জমি এখনও সংস্থার কাছে হস্তান্তর করা হয়নি), স্থানীয় বাধা, বিদ্যুৎ সংযোগ পেতে বিলম্ব, নকশা পরিবর্তন, অনুমোদিত নকশা পেতে বিলম্ব ইত্যাদির কারণে তারা কাজ শেষ করতে পারবে না। এই কারণে, 431 টি ছোট প্রকল্পের মধ্যে 81 টি প্রকল্পের কাজ পরবর্তীকালে জমির সমস্যার কারণে কার্যাদেশ জারি করার পরে স্থানান্তর করার প্রয়োজন হয়েছিল। মে 2024 পর্যন্ত, 431 টি প্রকল্পের মধ্যে মাত্র 104 টি প্রকল্প আগস্ট 2024 পর্যন্ত চালু ছিল।

## 1.11.2 বাতিল প্রকল্পগুলিতে অপব্যয়

নিরীক্ষা পশ্চিমবঙ্গ-জে জে এম ড্যাশবোর্ড থেকে দেখে যে 18 টি জেলায় 3,54,535 টি এফ এইচ টি সি-এর সাথে জড়িত মোট 707 টি প্রকল্প আনুমানিক 1,123.53 কোটি টাকা ব্যয়ে এস এল এস এস সি দ্বারা অনুমোদিত হয়। যদিও, অনুপযুক্ত পরিকল্পনা, পুনরাবৃত্তি/নকল ইত্যাদির কারণে এগুলি পরবর্তীকালে বাদ দেওয়া হয়েছিল (16 ডিসেম্বর 2024 পর্যন্ত)। নির্বাচিত দুটি জেলার দুটি কার্যকরী বিভাগের নথি পরীক্ষা করে নিরীক্ষা নিম্নলিখিতগুলি পর্যবেক্ষণ করে:

i. 2022-23 সময়কালে পুরুলিয়া জেলার 641 টি ছোট পি ডব্লিউ এস এস[39] এস এল এস এস সি দ্বারা অনুমোদিত হয়েছিল (সেপ্টেম্বর 2022 থেকে ডিসেম্বর 2022), যার মধ্যে 555 টি প্রকল্প পরে বাদ দেওয়া হয় (আগস্ট 2023-এ 505 টি প্রকল্প এবং জানুয়ারী

*[39] এস এল এস এস সি (সেপ্টেম্বর 2022) এর সপ্তম সভায় 231 টি প্রকল্প অনুমোদিত হয়েছে, এস এল এস এস সি (সেপ্টেম্বর 2022) এর অষ্টম সভায় 48 টি প্রকল্প অনুমোদিত, নবম সভায় 182 টি প্রকল্প (নভেম্বর 2022) এবং এস এল এস এস সি (ডিসেম্বর 2022) এর দশম সভায় 180 টি প্রকল্প অনুমোদিত।*

2024-এ 50 টি প্রকল্প)। এই প্রকল্পগুলি বাদ দেওয়া হয়েছিল কারণ ছোট পি ডব্লিউ এস এস গুলি উত্তর এবং দক্ষিণ সেক্টরের পি ডব্লিউ এস এস এস নামে দুটি বৃহৎ পি ডব্লিউ এস এস-এর কমান্ড এরিয়ার অধীনে পড়ছিল, যা ইতিমধ্যে মে 2022-এ এস এল সি এস এস দ্বারা অনুমোদিত হয়েছিল। সুতরাং, পি এইচ ই ডি প্রকল্পগুলির পুনরাবৃত্তি এড়াতে প্রশাসনিক অনুমোদনের আদেশ বাতিল করেছে। পুরুলিয়া বিভাগ (পি এইচ ই ডি) ইতিমধ্যে এই বাদ পড়া প্রকল্পগুলির মোট 24 টি ডি পি আর প্রস্তুতির জন্য (জানুয়ারী-এপ্রিল 2022) 0.21 কোটি টাকা এবং সমীক্ষা এবং তদন্ত, রোড ফিক্সিং ম্যাপ ইত্যাদির মতো 18 টি বিভিন্ন কাজের জন্য 0.52 কোটি টাকা ব্যয় করেছে। প্রকল্পগুলি বাদ দেওয়ার ফলে 0.73 কোটি টাকা অপব্যয় হয়।

ii. মুর্শিদাবাদ বিভাগ (পি এইচ ই ডি) মুর্শিদাবাদ জেলায় 28 টি ডি পি আর (বিদ্যমান পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারন কাজের জন্য 26টি ডি পি আর এবং নতুন প্রকল্পের জন্য দুটি ডি পি আর) প্রস্তুতির জন্য পাঁচটি সংস্থাকে 11 টি কার্যাদেশ (অক্টোবর 2021 থেকে নভেম্বর 2022) জারি করে (***পরিশিষ্ট-1.4***)। 2022-23 সময়কালের এস এল এস এস সি দ্বারা সংস্থাগুলি কতৃক প্রস্তুত ডি পি আর অনুমোদিত হয়। ডি পি আর প্রস্তুত করার পরে, বিভাগটি জানতে পারে যে ছয়টি ডি পি আর-এর সম্প্রসারিত প্রকল্পগুলি ডোমকাল পৌরসভার (শহুরে অঞ্চল) এখতিয়ারের মধ্যে ছিল এবং 22 টি ডি পি আর একইপ্রকার প্রকল্প সম্পর্কিত (অন্যান্য প্রকল্পের কমান্ড এরিয়ার অধীনে পড়ে)। এই একইপ্রকার প্রকল্পের কারণে, বিভাগ দ্বারা 28 টি প্রকল্প বাদ দেওয়া হয়েছিল। এছাড়াও, এই ডি পি আর প্রস্তুতির জন্য বিভাগটি ইতিমধ্যে 89.12 লক্ষ টাকা ব্যয় করেছে।

এস এল এস এস সি-এর অনুমোদনের পরে প্রকল্পগুলি বাদ দেওয়ার ফলে কেবল 162.12 লক্ষ টাকা অপব্যয় হয়নি সাথে প্রকল্পগুলি গ্রহণ করার আগে যথাযথ সমীক্ষা/তদন্ত এবং পরিকল্পনার অভাবও দেখা গেছে। জবাবে দপ্তর (মার্চ 2025) নিরীক্ষা পর্যবেক্ষণ মেনে নেয়।

### 1.11.3 সর্বসাধারণের জন্য জল পরিশোধন প্লান্ট (সি ডব্লিউ পি পি) স্থাপন

নিরীক্ষা লক্ষ্য করে যে পুরুলিয়া বিভাগ (পি এইচ ই ডি) ফ্লোরাইড মুক্ত জল সরবরাহের লক্ষ্যে জে জে এম-এর অধীনে জেলায় 27 টি ফ্লোরাইড প্রভাবিত জনবসতিতে 113 টি স্বতন্ত্র কমিউনিটি ওয়াটার পিউরিফিকেশন প্ল্যান্ট (সি ডব্লিউ পি পি) স্থাপন করেছে (অক্টোবর 2020) প্রতিটি সি ডব্লিউ পি পি-এর আনুমানিক ব্যয় 18.09 লক্ষ টাকা থেকে 24.14 লক্ষ টাকার মধ্যে ছিল।

বিভাগটি 10.82 কোটি টাকা ব্যয় করার পরে এপ্রিল 2023-এর মধ্যে 99 টি সি ডব্লিউ পি পি স্থাপন করেছে। যাইহোক, জল শুন্য বোর ওয়েলের কারণে অবশিষ্ট 14 টি সি ডব্লিউ পি পি অসম্পূর্ণ (আগস্ট 2024 পর্যন্ত) ছিল। 99 টি সম্পূর্ণ সি ডব্লিউ পি পি-এর মধ্যে, 18 টি সি ডব্লিউ পি পি কাজ করছিল না আগস্ট 2024 পর্যন্ত। এছাড়াও, 81 টি কর্মরত সি ডব্লিউ পি পি-এর মধ্যে, 25 টি সি ডব্লিউ পি পি-এর অপরিশোধিত জল সঠিকভাবে শোধন করার ক্ষমতা ছিল না কারন ঠিকাদার দ্বারা বিপরীতমুখী ধৌতকরন এবং ফ্লোরাইড পরিশোধন প্ল্যান্টের ফ্লোরাইড মিডিয়ার টপ আপ প্রতিস্থাপন না করার (আগস্ট 2024) কারণে।

ফলস্বরূপ, 14 টি অসম্পূর্ণ সি ডব্লিউ পি পি এবং 18 টি বন্ধ সি ডব্লিউ পি পি-এর 21,069 টি গৃহস্থালীকে জনকে ফ্লোরাইড মুক্ত জল সরবরাহের উদ্দেশ্য অর্জন করা যায়নি যদিও এগুলি নির্মাণের জন্য 2.13 কোটি টাকা ব্যয় হয়, ফলস্বরপ 2.13 কোটি টাকা অপব্যয় হয়। এছাড়াও, 2.96 কোটি টাকা ব্যয়ের 25 টি কার্যকরী প্রকল্প ফ্লোরাইড যুক্ত জলকে শোধন করে জলে ফ্লোরাইডের মাত্রা অনুমোদিত সীমার মধ্যে রাখতে পারে নি, এইকারনে এগুলি নির্মাণের জন্য 2.96 কোটি ব্যয় অফলপ্রসূ ছিল (আগস্ট 2024 পর্যন্ত)।

দপ্তর জানায় (মার্চ 2025) যে বর্ণন করা সি ডব্লিউ পি পি গুলির বর্তমান অবস্থার উন্নতি হয়েছে। যদিও, এর সমর্থনে কোনও নথি নিরীক্ষার জন্য পেশ করা হয়নি।

### 1.11.4 বাস্তবায়নকারী সহায়তা সংস্থা (আই এস এ)-এর নিযুক্তি

জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 5.5 অনুসারে, অলাভজনক সংগঠন (এন জি ও)/ গ্রাম সংগঠন (ভি ও)/স্বনির্ভর গোষ্ঠী (এস এইচ জি)/যারা বাস্তবায়নে সহায়তাকারী সংস্থা (আই এস এ) হিসাবে পরিচিত তারা গ্রামে জল সরবরাহ পরিকাঠামোর পরিকল্পনা, নকশা, বাস্তবায়ন, ব্যবস্থাপনা, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য জনসাধারনকে একত্রিত ও যোগদান করাতে অংশীদার হিসাবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়াও, জল জীবন মিশনের নির্দেশিকার অ্যানেক্স-V অনুসারে, একটি আই এস এ সংস্থাকে অলাভজনক সংস্থা হতে হবে বা যদি তার মুনাফা বা অন্যান্য আয় থাকে তবে তা দাতব্য কাজে ব্যবহার করতে হবে। সম্পদ বিভাগ-পি এইচ ই ডি-এর নথি যাচাই করে দেখা যায় যে:

***আই এস এ-এর নিযুক্তিতে বিলম্ব***

যেহেতু জল জীবন মিশনের পরিকল্পনা এবং রূপায়ণে আই এস এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিল, তাই তাদের সময়মতো নিয়োগ করা দরকার ছিল। সম্পদ বিভাগ (পি এইচ ই ডি) 21 টি জেলায় (মে 2022 থেকে নভেম্বর 2022 এর মধ্যে) 150 থেকে 365 দিন পর্যন্ত সময়ের জন্য 14 টি সংস্থাকে আই এস এ হিসাবে নিযুক্ত করে। নিরীক্ষা লক্ষ্য করে যে ডিসেম্বর 2019-এ জে জে এম নির্দেশিকা জারি করার 28 থেকে 34 মাস পরে আই এস এ নিযুক্ত ছিল। আই এ এস-দের নিয়োগে বিলম্বের কারণে ভি এ পি প্রস্তুত করতে বিলম্ব হয়।

***আই এস এ-কে অনায্য আর্থিক সুবিধা প্রদান***

জে জে এম-এর নির্দেশিকার অ্যানেক্স-V-এর যোগ্যতার শর্তাবলী অনুসারে, আই এস এ-কে একটি অলাভজনক সংস্থা হওয়া উচিত বা লাভ বা অন্যান্য আয় দাতব্য উদ্দেশ্য ব্যবহার করতে হবে। কিন্তু, "জল জীবন মিশনের সহায়ক কার্যক্রমের আওতায় জনসমাবেশ এবং দক্ষতা বৃদ্ধির কার্যক্রম বাস্তবায়নের জন্য আই এস এ-এর নিযুক্তি" সম্পর্কিত ডি পি আর-এর পুঙ্খানুপুঙ্খ তদন্তে দেখা গেছে যে 10 *শতাংশ হারে* প্রতিটি আইটেমের মূল্যের সাথে এজেন্সি মুনাফা যুক্ত করা হয়েছিল যার ফলে এজেন্সি অযৌক্তিক সুবিধা পায়। 2022-25 সময়কালে (23 জুলাই 2024 পর্যন্ত) 14 টি আই এস এ (***পরিশিষ্ট-1.5***)-কে মুনাফা এবং 18 শতাংশ জি এস টি সহ মোট 94.15 কোটি টাকা প্রদান করা হয়। সুতরাং, দরপত্রের আনুমানিক ব্যয়ের মধ্যে এজেন্সির মুনাফা অন্তর্ভুক্ত করার কারণে, আই এস এ-কে জুলাই 2024 পর্যন্ত 7.25 কোটির[40] অযৌক্তিক আর্থিক সুবিধা দেওয়া হয়।

দপ্তর জানায় (মার্চ 2025) যে আই এস এ গুলিকে দাতব্য কার্যক্রম প্রচারে মুনাফা ব্যবহারের সমর্থনে হলফনামা জমা দিতে বলা হয়েছিল। কিন্তু বাস্তব এই যে, দপ্তর কর্তৃক এই জাতীয় হলফনামা পাওয়ার পরে লাভের অংশ প্রদান করা উচিত ছিল।

### 1.11.5 জে জে এম-এর অধীনে অস্বীকার্য জি এস টি প্রদান

ভারত সরকারের বিজ্ঞপ্তি (জুন 2017) অনুসারে, সংবিধানের অনুচ্ছেদ 243G-এর অধীনে পঞ্চায়েতগুলিকে অর্পিত কার্যাবলীর সাথে সম্পর্কিত সরকারকে প্রদত্ত *বিশুদ্ধ পরিষেবাগুলি* (অর্থাৎ কোনও পণ্য সরবরাহ বা কাজের চুক্তি ছাড়া যে কোনো পরিষেবা) জি এস টি মূল্য

*[40] মোট অর্থ প্রদান 94,15,19,891.00 টাকা, জি এস টি=94,15,19,891.00 টাকা X/18/118= 14,36,21,678.29 টাকা, ঠিকাদারের মুনাফা=(94,15,19,891.00 - 14,36,21,678.29) টাকা X10/110= 7,25,36,205.70 টাকা=অর্থাৎ 7.25 কোটি টাকা।*

প্রদানের থেকে অব্যাহতিপ্রাপ্ত। পশ্চিমবঙ্গ সরকারও জুন 2017 সালে জারি করা একটি গেজেট বিজ্ঞপ্তির[41] মাধ্যমে এই ছাড়ের পুনর্ব্যক্ত করেন। যেহেতু বিশুদ্ধ পানীয় জল সরবরাহ 243 G অনুচ্ছেদের অধীনে পঞ্চায়েতগুলির একটি কাজ, তাই এই উদ্দেশ্যে জল জীবন মিশন (জে জে এম)-এর অধীনে কেনা সমস্ত পরিষেবা ছাড়ের আওতায় ছিল। এছাড়াও, একটি আগাম রায়[42] অনুসারে, সিভিল ওয়ার্কস/পরিকাঠামো বা নির্মাণ কাজ সম্পর্কিত ডি পি আর প্রস্তুত করা বিশুদ্ধ পরিষেবার আওতায় পড়ে।

নিরীক্ষা তদন্তে দেখা গেছে যে জল জীবন মিশনের অধীনে নিযুক্ত বিভিন্ন বিভাগের সংস্থাগুলিকে জি এস টি প্রদান করা হয়, যদিও তাদের পরিষেবাগুলি স্পষ্টতই *বিশুদ্ধ পরিষেবার* অব্যাহতিপ্রাপ্ত শ্রেণীর মধ্যে পড়ে:

- **বাস্তবায়নে সহায়তাকারী সংস্থাগুলি (আই এস এ):** আই এস এ গুলিকে জনসম্প্রদায়কে একত্রকরা, তথ্য, শিক্ষা ও যোগাযোগ (আই ই সি) এবং পানীয় জল প্রকল্প সম্পর্কিত সক্ষমতা বৃদ্ধির কার্যক্রমের জন্য মে-নভেম্বর 2022-এর মধ্যে 144.48 কোটি টাকার দরপত্র মূল্যে নিযুক্ত করা হয়। জানুয়ারী 2023 থেকে জুন 2024-এর মধ্যে পি এইচ ই ডি দ্বারা 94.15 কোটি টাকা প্রদান করা হয়। যদিও এই পরিষেবাগুলিকে জি এস টি থেকে অব্যাহতি দেওয়া স্বত্তেও, 18 শতাংশ হারে কর প্রদান করা হয়, যার ফলে জুলাই 2024 পর্যন্ত 14.36 কোটি টাকা অঅনুমোদনীয় অর্থ প্রদান করা হয়।
- **পরামর্শদাতা সংস্থাগুলি:** পি এইচ ই ডি দ্বারা পরামর্শদাতা সংস্থাগুলিকে নভেম্বর থেকে ডিসেম্বর 2021 সালে জে জে এম প্রকল্পগুলির ডি পি আর প্রস্তুতির জন্য নিযুক্ত করা হয়, প্রকল্পের ব্যয়ের (জি এস টি বাদে) একটি নির্দিষ্ট শতাংশ হিসাবে পরামর্শ ফি প্রদান করা হয়। কিন্তু, জুন 2022 থেকে জানুয়ারী 2023-এর মধ্যে 18 শতাংশ হারে 10.30 কোটি টাকা জি এস টি দিতে হয়। এছাড়াও, চুক্তি অনুসারে জি এস টি বাদ দিয়ে প্রকল্পের ব্যয়ের উপর পরামর্শ ফি হিসাব করার কথা ছিল। পরিবর্তে, জি এস টি সহ প্রকল্পের ব্যয়গুলি বিবেচনায় নেওয়া হয়েছিল, যার ফলে একই সময়ের মধ্যে পরামর্শ ফি বাবদ 2.67 কোটি টাকা অতিরিক্ত প্রদান করা হয়।
- **তৃতীয় পক্ষ পরিদর্শন সংস্থা (টি পি আই এ):** তৃতীয় পক্ষ পরিদর্শন সংস্থা গুলি জে জে এম-এর কাজের পরিদর্শন এবং গুণমান যাচাইয়ের জন্য জুন 2022-এ পি এইচ ই ডি দ্বারা নিযুক্ত করা হয়। এই পরিষেবাগুলি "বিশুদ্ধ পরিষেবাগুলি"-এর অব্যাহতিপ্রাপ্ত বিভাগের অধীনেও আসে। তা সত্ত্বেও, এপ্রিল 2024 পর্যন্ত 18 শতাংশ হারে জি এস টি বাবদ 2.78 কোটি টাকা দেওয়া হয়।

এইভাবে, জি এস টি বিধানের ভুল ব্যাখ্যা এবং প্রয়োগের কারণে পি এইচ ই ডি দ্বারা প্রদত্ত 2.67 কোটি টাকা অতিরিক্ত পরামর্শ ফি ছাড়াও মোট 27.44 কোটি টাকা জি এস টি খাতে অস্বীকার্য মূল্য প্রদান করা হয়। এই অর্থ জে জে এম-এর অধীনে অতিরিক্ত কাজ বা প্রকল্পগুলির জন্য ব্যবহার করা যেতে পারত।

দপ্তর জানায় (জানুয়ারী/মার্চ 2025), যে প্রকল্পের ব্যয়ে সমস্ত কর অন্তর্ভুক্ত রয়েছে এবং জি এস টি প্রয়োগের বিষয়টি আগাম শাসক কর্তৃপক্ষের সামনে রাখা হয়েছে। উত্তরটি গ্রহণযোগ্য ছিল না কারণ জুন 2017 থেকে ছাড়ের বিজ্ঞপ্তি ইতিমধ্যে কার্যকর ছিল এবং চুক্তিগুলি নিজেরাই জি এস টি বাদ দিয়ে প্রকল্প ব্যয়ের উপর পরামর্শ ফি গণনা করার স্পষ্ট শর্ত দিয়েছিল। চুক্তি প্রদান এবং মূল্য প্রদানের আগে দপ্তরের জি এস টি-র যথাযথ প্রয়োগযোগ্যতা নিশ্চিত করা উচিত ছিল।

---

[41] *ডব্লিউ বি (পার্ট-I)/2017/এস এ আর-382 তারিখ 28 জুন 2017 এবং এর রায় 21 অক্টোবর 2022।*

[42] *কে ই আর/140/2021 তারিখ-05.06.2022।*

### 1.11.6 ভি এ পি প্রস্তুতির জন্য আইএসএ ব্যতীত অন্যান্য সংস্থাকে নিয়োগ করা

**অনুচ্ছেদ 1.10.1**-এ উল্লিখিত যে, 22 টি জেলায় ভি এ পি প্রণয়ন এবং অন্যান্য কাজকর্মের জন্য বাস্তবায়নে সহায়তাকারী সংস্থাগুলি (আই এস এ)-কে নিযুক্ত করা হয়। তবে নিরীক্ষায় দেখা যায় যে ভি এ পি প্রস্তুতির জন্য কয়েকটি জেলায় অন্যান্য সংস্থাও নিযুক্ত ছিল। নির্বাচিত ছয়টি জেলায় নমুনা পরীক্ষার সময় লক্ষ্য করা গেছে যে:

i. পুরুলিয়া জেলায়, আই এস এ[43] রিসোর্স ডিভিশন, পি এইচ ই ডি (আগস্ট 2022-এ) দ্বারা 365 দিনের জন্য নিযুক্ত ছিল, জনসম্প্রদায়ের সম্পৃক্ততার মাধ্যমে জেলার 170 টি জি পি-এর সবকটির ভি এ পি প্রস্তুত করার কথা ছিল। পুরুলিয়া বিভাগ (পি এইচ ই ডি) জেলার 18 টি ব্লকের 152 টি জি পি-এর ভি এ পি প্রস্তুতির জন্য দরপত্রের মাধ্যমে অতিরিক্ত দুটি সংস্থাকে নিযুক্ত করেছে (সেপ্টেম্বর 2022 সালে) এবং এই অতিরিক্ত সংস্থাগুলিকে 30.18 লক্ষ টাকা প্রদান করা হয়। এর ফলে অতিরিক্ত খরচ হয়েছে কারণ এই কাজটি পূর্বে রিসোর্স ডিভিশন, পি এইচ ই ডি-এর দ্বারা নিযুক্ত আই এস এ-এর করা উচিত ছিল।

ii. বাঁকুড়া জেলায়, আই এস এ[44] 2022 সালের মে মাসে 150 দিনের জন্য রিসোর্স ডিভিশন (পি এইচ ই ডি) দ্বারা নিযুক্ত ছিল এবং আই এস এ দ্বারা জি পি কর্মকর্তা/ভি ডব্লিউ এস সি সদস্যদের নিয়ে জেলার 190 টি জি পি-এর সবকটির ভি এ পি প্রস্তুত করার কথা ছিল। যাইহোক, বাঁকুড়া বিভাগ (পি এইচ ই ডি) জুলাই 2022 সালে জেলার ভি এ পি প্রস্তুতির জন্য অন্য একটি সংস্থাকে নিয়োগ করেছিল এবং ভি এ পি প্রস্তুতির জন্য এই ঠিকাদারদের 38.87 লক্ষ টাকা প্রদান করা হয়, যার ফলে অতিরিক্ত ব্যয় হয়।

দপ্তর জানায় (মার্চ 2025) যে আই এস এ নিয়োগের আগে ভি এ পি প্রস্তুত করা হয়। নথি থেকে দেখা যায় যে ভি এ পি প্রস্তুতির জন্য দায়বদ্ধ অন্যান্য সংস্থাগুলি নিয়োগের আগে রিসোর্স ডিভিশন, পি এইচ ই ডি আই এস এ নিয়োগ করেছিল।

### 1.11.7 অনুমোদিত ডি পি আর এবং এস ও আর থেকে বিচ্যুতি

জলপাইগুড়ি বিভাগ (পি এইচ ই ডি) বিদ্যমান পি ডব্লিউ এস প্রকল্পগুলির কমান্ড এলাকার মধ্যে 603 টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে (এ ডব্লিউ সি) জল সরবরাহ ব্যবস্থার জন্য একটি ডি পি আর প্রস্তুত করেছিল (ডিসেম্বর 2020) যার আনুমানিক ব্যয় 4.79 কোটি টাকা (এ ডব্লিউ সি প্রতি 79,495 টাকা)। অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য ডি পি আর-এ প্রস্তাবিত কাজের পরিধির মধ্যে রয়েছে এফ এইচ টি সি প্রদান, পাইপলাইন স্থাপন, 500 লিটার ক্ষমতার গ্রাউন্ড লেভেল ম্যাসনরি ট্যাঙ্ক নির্মাণ, সেন্ট্রিফিউগাল পাম্প লাগানো, 1,000 লিটার ক্ষমতার পি ভি সি ট্যাঙ্ক, সোক পিট ইত্যাদি। দপ্তর অক্টোবর 2021 সালে 4.79 কোটি টাকার প্রশাসনিক অনুমোদন দিয়েছে।

এ ডব্লিউ সি-তে পানীয় জল সরবরাহ সম্পর্কিত তিনটি দরপত্র নথির নমুনা পরীক্ষা করে দেখা গেছে যে ডি পি আর অনুসারে রিগ বোরড টিউবওয়েল নির্মাণের কোনও প্রয়োজন নেই। তবে, বিভাগটি এফ এইচ টি সি বাস্তবায়ন, 500 লিটার ম্যাসনরি ট্যাঙ্ক, সেন্ট্রিফিউগাল পাম্প, 1,000 লিটার পি ভি সি ট্যাঙ্ক, সোক পিট ইত্যাদি নির্মাণের জন্য নির্ধারিত অর্থ সরিয়ে বিদ্যমান পি ডব্লিউ এস এস গুলির কমান্ড এরিয়ার বাইরে 93 টি রিগ বোরড টিউবওয়েল স্থাপন করে।

এরফলে অনুমোদিত প্রকল্পের বাইরে কাজ বাস্তবায়নের জন্য 1.73 কোটি টাকা (***পরিশিষ্ট-1.6***) অতিরিক্ত ব্যয় হয়।

---

*43 কুলটিকারি মাদার টেরেসা সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি (এন জি ও)।*

*44 কর্ণজোরা অগ্নিবীনা সেবা সমিতি (এন জি ও)।*

দপ্তর জানায় (মার্চ 2025) যে নলকূপের গভীরতা বৃদ্ধির কারণে অতিরিক্ত ব্যয় হয়। উত্তরটি গ্রহণযোগ্য নয়, কারণ নিরীক্ষা দ্বারা উল্লিখিত অতিরিক্ত ব্যয় বিদ্যমান পি ডব্লিউ এস এস-এর কমান্ড এরিয়ার বাইরে কাজ সম্পাদনের কারনে হয়েছিল, অনুমোদিত ডি পি আর-এ যার উল্লেখ ছিল না।

### 1.11.8 অস্বীকৃত ব্যয়

জল জীবন মিশনের নির্দেশিকার অ্যানেক্স-IV অনুযায়ী জমি কেনা, ভবন নির্মাণ, সংস্কার/মেরামত, অফিস ভবন নির্মাণ, ভবন সম্প্রসারণ, সম্মেলন হল, অতিথি ভবন, আবাসিক ভবন পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য কোনও ব্যয় করা যাবে না।

তবে, নিরীক্ষায় দেখা যায় যে 2019-24 সালে পাঁচটি নির্বাচিত জেলায় পি এইচ ই ডি-এর ছয়টি বিভাগ মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ এবং অফিস ভবন সংস্কারের জন্য 6.41 কোটি টাকা ব্যয় করেছে যা ***পরিশিষ্ট-1.7***-এ বর্ণিত জে জে এম নির্দেশিকা অনুসারে অস্বীকার্য ছিল।

উত্তরে, দপ্তর জানায় (মার্চ 2025) যে রক্ষণাবেক্ষণের কাজকে জল সরবরাহ প্রকল্পের অপরিহার্য অংশ হিসাবে বিবেচনা করে এই ধরনের ব্যয় করা হয়েছিল। জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে এই প্রকার কাজের জন্য ব্যয় অনুমোদিত নয়।

### 1.11.9 ফিল্ড টেস্ট কিটের মেয়াদ শেষ হওয়ার কারণে অপচয় ব্যয়

ফিল্ড টেস্ট কিট (এফ টি কে) হল কর্মস্থলের জলের নমুনার বিভিন্ন রাসায়নিক উপাদান পরিমাপ করার জন্য সাধারণ হালকা সরঞ্জাম/আনুষঙ্গিকগুলির একটি সমাবেশ। এফ টি কে সাধারণত স্ট্যান্ডার্ড রাসায়নিক বিকারকের সাহায্যে একটি গুণগত অনুমান দেয়। এফ টি কে প্রায়শই গ্রামাঞ্চলে ব্যবহৃত হয় যেখানে নিরাপদ পানীয় জলের প্রাপ্যতা সম্পর্কে উদ্বেগ রয়েছে। সাধারনত একটি এফ টি কে ব্যবহার করে 50 টি জলের গুণমান পরীক্ষা করা যেতে পারে। একটি এফ টি কে-এর স্থায়িত্ব সাধারণত এক বছর এবং প্রতিটি এফ টি কে তার মেয়াদ শেষ হওয়ার আগে ব্যবহার করা উচিত।

নির্বাচিত জেলায় ছয়টি ওয়ার্কিং ডিভিশনের নথির তদন্তে দেখা গেছে যে, এফ টি কে গুলিকে বিভাগগুলি স্থানীয়ভাবে সংগ্রহ করে বা রিসোর্স ডিভিশন কর্তৃক নিয়োজিত সংস্থাগুলো কর্তৃক সরবরাহ করা হয়। জলের গুণমান পরীক্ষা করার জন্য পরীক্ষাগার এবং আশা কর্মীদের এফ টি কে দেওয়া হয়েছিল।

নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে রিসোর্স ডিভিশন (পি এইচ ই ডি) এবং নির্বাচিত বিভাগগুলি নিজেরাই ছয়টি নির্বাচিত বিভাগের জন্য 2.57 কোটি টাকা (2021-23 সময়ে) ব্যয়ে 15,120 টি এফ টি কে সংগ্রহ করে। এর মধ্যে 6,582 এফ টি কে জলের গুণমান পরীক্ষার জন্য ব্যবহৃত হয়েছিল এবং বাকি 8,538 টি এফ টি কে সময়সীমার মধ্যে ব্যবহার না করার কারণে সেগুলির মেয়াদ শেষ হয়ে যায়। এফ টি কে ব্যবহার করে জলের নমুনা পরীক্ষার ক্ষেত্রে ঘাটতির প্রধান কারণ ছিল আশা[45] কর্মীর ঘাটতি (49 থেকে 98 শতাংশ) এবং এফ টি কে ব্যবহার করে জলের নমুনা পরীক্ষা করার জন্য প্রতিটি গ্রামের মহিলাদের সনাক্তকরে প্রশিক্ষণ না দেওয়া। এর ফলে 1.45 কোটি টাকা অপচয় হয়েছে যেমনটি ***পরিশিষ্ট-1.8***-এ দেখানো হয়েছে।

দপ্তরটি জানায় (মার্চ 2025) যে এফ টি কে গুলি ব্যবহার করে পরীক্ষার উন্নতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের উদ্দেশ্যে বেশ কয়েকটি সভা করা হয়।

[45] *স্বীকৃত সামাজিক স্বাস্থ্য কর্মী।*

## 1.12 পরিচালনা পরবর্তী ব্যবস্থাপনা এবং স্থায়িত্ব

### 1.12.1 প্রকল্পগুলির পরিচালন ও রক্ষণাবেক্ষণ এবং দীর্ঘমেয়াদী স্ব-স্থিতিশীলতা

জল জীবন মিশন (জে জে এম)-এর নির্দেশিকা (অনুচ্ছেদ 6.1.3, 6.1.4 এবং 5.4) অনুসারে, জল সরবরাহ প্রকল্পগুলির কার্যকারিতা নিশ্চিত করার জন্য গৃহস্থালির নল সংযোগগুলির পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ (ও এন্ড এম) অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং মালিকানার অনুভূতি জাগিয়ে তোলা, স্বাস্থ্যবিধি বৃদ্ধি করা এবং দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করার জন্য জনসাধারণ পরিচালিত বাস্তবায়নের পরিকল্পনা ছিল। জরুরি মেরামত ও রক্ষণাবেক্ষণের চাহিদা মেটাতে স্থানীয় জনসাধারনকে মূলধন ব্যয়ের 10 শতাংশ রিভলিং ফান্ড হিসাবে দেবার কথা ছিল। এছাড়াও, জনসাধারণের অংশ এবং ও এন্ড এম চার্জ জমা করার জন্য জি পি/ভি ডব্লিউ এস সি গুলির ব্যাংক অ্যাকাউন্ট খোলার বা বিদ্যমান অ্যাকাউন্টগুলি ব্যবহার করার, ট্র্যাকিংয়ের জন্য একটি পৃথক খতিয়ান বজায় রাখার প্রয়োজন ছিল। নিরীক্ষায় দেখা যায় যে 2024 সালের সেপ্টেম্বর পর্যন্ত, নমুনা পরীক্ষিত জেলাগুলিতে জে জে এম-এর অধীনে 455টি প্রকল্প সম্পন্ন হয়েছিল; তবে, কোনও প্রকল্প স্থানীয় জনসাধারনের কাছে হস্তান্তর করা হয়নি, বা কোনও উৎসাহমূলক তহবিলও সরবরাহ করা হয়নি। সমস্ত ও এন্ড এম কার্যক্রম পি এইচ ডি বিভাগ দ্বারা পরিচালিত হয়েছিল, এবং রাজ্য সরকারের নীতিগত সিদ্ধান্তের পরে ব্যবহারকারীর চার্জ আদায় না করার কারণে ভি ডব্লিউ এস সি ব্যাংক অ্যাকাউন্টগুলি অকার্যকর ছিল। ফলস্বরূপ, জি পি এবং সুবিধাপ্রাপকদের রক্ষণাবেক্ষণের সাথে জড়িত না করার কারনে এবং পুরুলিয়া জেলার 16টি গ্রামে যৌথভাবে পরিদর্শনের সময় (ডিসেম্বর 2023, ফেব্রুয়ারী 2024 এবং জুলাই-আগস্ট 2024) রক্ষণাবেক্ষণে ঘাটতি, খারাপ নল, মাঝেমধ্যে জল সরবরাহ এবং নিম্নমানের জলের গুণমানের উদাহরণ লক্ষ্য করা গেছে। সুতরাং, জনসম্প্রদায় দ্বারা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করা, মালিকানার ভাবনা বাড়ানো এবং সুবিধাপ্রাপকদের অংশগ্রহণের মাধ্যমে দীর্ঘমেয়াদী স্থায়িত্ব নিশ্চিত করার লক্ষ্য পূরণ করা যায়নি।

***সুপারিশ 2: জল জীবন মিশনের নির্দেশিকায় জনসাধারনের অংশীদারিত্ব এবং স্বত্ব নিশ্চিত করার জন্য সম্পূর্ণ প্রকল্পগুলি জি পি বা ভি ডব্লিউ এস সি-র হাতে হস্তান্তরের বিষয়টি বিবেচনা করা উচিত।***

### 1.12.2 দক্ষতা উন্নয়ন

জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 9.4 অনুসারে, প্রতিটি গ্রামীণ পরিবারে এফ এইচ টি সি সরবরাহের লক্ষ্য অর্জনে রাজমিস্ত্রি, প্লাম্বিং, ফিটিং, বিদ্যুৎ ইত্যাদি ক্ষেত্রে দক্ষ মানব সম্পদের প্রয়োজন। এছাড়াও, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাগুলির প্রকল্পগুলির ধারাবাহিক পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য স্থানীয় দক্ষ কর্মী এবং উচ্চমানের মানব সম্পদের প্রয়োজন।

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 9.4-এ বিষয়ের উপর জোর দেওয়া হয়েছে যে, রাজ্যকে এই জাতীয় দক্ষ মানবসম্পদের জেলাভিত্তিক প্রয়োজনীয়তা চিহ্নিত করতে হবে এবং প্রধানমন্ত্রী কৌশল বিকাশ কেন্দ্র (পি এম কে ভি কে)-এর মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে তাদের প্রশিক্ষণ দিতে হবে। স্থানীয় ভাষায় যথাযথ প্রশিক্ষণ সারগ্রন্থ প্রস্তুত করতে হবে। এই ধরনের প্রশিক্ষিত ব্যক্তিদের শংসাপত্র দেওয়ার সুপারিশ করা হয়েছে এবং জল জীবন মিশনের আওতায় গৃহীত প্রকল্প/কাজে এই জাতীয় ব্যক্তিদের ব্যবহার করা যেতে পারে।

প্রধান বাস্তুকার (সদর দপ্তর) পি এইচ ই ডি (এপ্রিল 2024) জানায় যে, এই জাতীয় দক্ষ মানবসম্পদের জেলা-ভিত্তিক প্রয়োজনীয়তা মূল্যায়ন করা হয়েছে এবং 22 টি জেলায় দক্ষ মানবসম্পদের প্রয়োজন ছিল 51,984 যার মধ্যে 20,886 (40 শতাংশ) সরকারী আই টি আই

-এর মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। তবে স্থানীয় ভাষা অর্থাৎ বাংলায় কোনো প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরি করা হয়নি।

নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে নির্বাচিত ছয়টি জেলার মধ্যে জলপাইগুড়ি জেলার মাত্র একটি নোডাল বিভাগ[46] জানায় যে 54 জন প্লাম্বারকে জেলায় প্রশিক্ষণ দেওয়া হয়েছিল এবং জুলাই 2024 পর্যন্ত তাদের শংসাপত্র দেওয়া হয়। জল জীবন মিশনের কাজে এই ধরনের প্রশিক্ষিত প্লামবারদের নিযুক্ত করার বিষয়ে বিভাগের কাছে কোনও তথ্য ছিল না। বাকি পাঁচটি নমুনা পরীক্ষিত বিভাগের পক্ষ থেকেও এ বিষয়ে কোনো তথ্য পাওয়া যায়নি। তিনটিনমুনা পরীক্ষিত জেলার[47] 10 টি জি পি[48]-এর সাথে এফ জি ডি-এর সময় বলা হয় যে জে জে এম-এর অধীনে গ্রামে পরিকাঠামো তৈরির জন্য জি পি/ভি ডব্লিউ এস সি দ্বারা কোনও দক্ষ মানবসম্পদ নিযুক্ত করা হয়নি।

সুতরাং, পি এইচ ই ডি, জে জে এম-এর অধীনে প্রশিক্ষণের প্রয়োজনীয়তাকে পি এম কে ভি কে-এর সাথে একত্র করতে ব্যর্থ হয়েছে, যাতে দক্ষ মানবসম্পদ তৈরি করা যায়, যাদেরকে গ্রাম পঞ্চায়েত/ভি ডব্লিউ এস সি-এর দ্বারা গ্রামে পরিকাঠামো তৈরিতে নিযুক্ত করা যায়।

### 1.12.3 পি ডব্লিউ এস ব্যবস্থার গ্রিড সংযুক্ত সৌরবিদ্যুৎ

পুনর্নবীকরণযোগ্য শক্তি ব্যবহার করে ও অ্যান্ড এম-এর খরচ কমাতে, পি এইচ ই ডি বিভিন্ন জল সরবরাহ প্রকল্পের পাম্প হাউস প্রাঙ্গণে সৌর বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপনের জন্য একটি প্রকল্প[49] (2023-24) গ্রহণ করেছে। প্রকল্পের প্রস্তাব অনুসারে, অতিরিক্ত সৌর শক্তি/উদ্বৃত্ত বিদ্যুৎ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ বন্টন কোম্পানি লিমিটেড (ডব্লিউ বি এস ই ডি সি এল)-এর কাছে বিক্রি করা হবে। এর জন্য সৌর প্ল্যান্ট পাম্প হাউস সাইটে নেট মিটারিং ব্যবস্থা করা হয় এবং এই নেট বিলিং এর মাধ্যমে, ডব্লিউ বি এস ই ডি সি এল বিক্রি করা অতিরিক্ত বিদ্যুতের জন্য ঋণ দেওয়ার পরে বিদ্যুতের বিল জারি করবে।

নিরীক্ষায় দেখা যায় যে নির্বাচিত পাঁচটি জেলায়[50] জল জীবন মিশনের আওতায় মোট 226 টি সৌর বিদ্যুৎ প্ল্যান্ট স্থাপনের কাজ সংশ্লিষ্ট মেকানিক্যাল ডিভিশন[51], পি এইচ ই ডি দ্বারা হাতে নেওয়া হয়েছিল। নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে 226 টি পি ডব্লিউ এস এস প্রাঙ্গণে সৌর বিদ্যুৎ প্ল্যান্টের জন্য কার্যাদেশ 14.89 কোটি টাকার দরপত্র মূল্যে সংস্থাগুলিকে দেওয়া হয়েছিল (এপ্রিল 2022 থেকে আগষ্ট 2023) যার নিরিখে ব্যয় হয়েছিল সেপ্টেম্বর 2024 পর্যন্ত 9.07 কোটি টাকা। প্রতিটি সৌর প্ল্যান্টের সমাপ্তির নির্ধারিত সময়কাল ছিল কার্যাদেশ জারি করার তারিখ থেকে 45 থেকে 180 দিন। সেপ্টেম্বর 2024 পর্যন্ত, সৌর বিদ্যুৎ প্ল্যান্টগুলির সৌর প্যানেলগুলি 165 পি ডব্লিউ এস এস (73 শতাংশ) প্রাঙ্গণে 9.07 কোটি টাকা খরচে স্থাপন করা হয়।

নমুনা পরীক্ষিত পাঁচটি মেকানিক্যাল বিভাগ নেট মিটারিং সিস্টেম স্থাপনের জন্য আগস্ট 2024-এ ডব্লিউ বি এস ই ডি সি এল-এর কাছে আবেদন জমা দিয়েছিল তবে সেপ্টেম্বর 2024 পর্যন্ত কোনও মিটার ইনস্টল করা হয়নি। ফলস্বরূপ, 9.07 কোটি টাকা ব্যয়ে 165 পি ডব্লিউ এস এস প্রাঙ্গণে ইনস্টল করা সৌর প্যানেলগুলি 2022-23 সাল থেকে নিষ্ক্রিয় রয়েছে।

46 *নির্বাহী বাস্তুকার, জলপাইগুড়ি বিভাগ (পি এইচ ই ডি)।*

47 *বাঁকুড়া, জলপাইগুড়ি ও মুর্শিদাবাদ।*

48 *বাকাদহ, ভোরা, লক্ষ্মীসাগর, পারসোলা, চেংমারী, লাটাগুড়ি, মাটিয়ালিহাট, ইন্দং মাটিয়ালি, বেলকাশ ও ক্ষেতিয়া।*

49 *গ্রিড-সংযুক্ত সৌর ফটো-ভোলটাইক সিস্টেম নির্মাণ।*

50 *জলপাইগুড়ি, বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব বর্ধমান এবং পূর্ব মেদিনীপুর।*

51 *উত্তর মেকানিক্যাল বিভাগ, বাঁকুড়া মেকানিক্যাল ডিভিশন, মেদিনীপুর মেকানিক্যাল ডিভিশন, পুরুলিয়া মেকানিক্যাল ডিভিশন ও সেন্ট্রাল মেকানিক্যাল ডিভিশন।*

যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের সময় (জুলাই 2024) এটাও লক্ষ্য করা যায় যে, দপ্তর দ্বারা পি ডব্লিউ এস এস প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ না করার কারণে বাঁকুড়া জেলার সিমলাপাল ব্লকের লক্ষ্মীসাগর পাম্প হাউস প্রাঙ্গণে সোলার প্যানেলগুলি প্রায় লতা দ্বারা আচ্ছাদিত রয়েছে।




*চিত্র 1.1: লক্ষ্মীসাগর পাম্প হাউসে সদ্য ইনস্টল করা সৌর প্যানেল*




*চিত্র 1.2: লক্ষ্মীসাগর পাম্প হাউসে নতুন ইনস্টল করা সৌর প্যানেল (বিভিন্ন দিক থেকে)*

দপ্তর জানায় (মার্চ 2025) যে এটি বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ না করার কারণে হয়েছিল এবং বকেয়া পরিশোধের পরে সমস্যার সমাধান হবে। দপ্তরের জবাব গ্রহণযোগ্য নয়, কারণ এই ব্যবস্থা সম্পূর্ণরূপে কার্যকর করার জন্য সময়মতো বিল প্রদান নিশ্চিত করার জন্য তাদের পদক্ষেপ নেওয়া উচিত ছিল।

## 1.13 জলের গুণমান পর্যবেক্ষণ ও নজরদারি

জে জে এম নির্দেশিকা 2019-এর অধ্যায় 10 অনুসারে, পানীয় জলের গুণমান পি এইচ ই ডি দ্বারা পর্যবেক্ষণ করা হয়েছিল এবং প্রাথমিক স্তরে জলের গুণমান পর্যবেক্ষণের দায়িত্ব ছিল জি পি/গ্রামীণ জনসম্প্রদায়ের। জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 10.1 অনুযায়ী বিভিন্ন স্তরে উৎস/নমুনা পরীক্ষার কথা উল্লেখ আছে, যেমন (i) মহকুমা/ব্লক পরীক্ষাগার, (ii) জেলা পরীক্ষাগার এবং (iii) রাজ্য পরীক্ষাগার।

পশ্চিমবঙ্গে তিনটি ভিন্ন স্তরে[52] মোট 219 টি পরীক্ষাগার ছিল। 88 টি পরীক্ষাগারের নথি পরীক্ষা (দুটি রাজ্য পরীক্ষাগার, ছয়টি জেলা পরীক্ষাগার এবং ছয়টি নমুনা পরীক্ষিত জেলার 80 টি উপ জেলা পরীক্ষাগার), পরীক্ষার প্রতিবেদনের বিশ্লেষণ, নির্বাচিত জেলাগুলিতে যৌথভাবে কার্যস্থল পরিদর্শনে পানীয় জলের গুণমান পর্যবেক্ষণ এবং নজরদারির ক্ষেত্রে বেশ কিছু ত্রুটি দেখা যায় যা নিম্নলিখিত অনুচ্ছেদগুলিতে আলোচনা করা হয়েছে।

### 1.13.1 এন এ বি এল-এর স্বীকৃতি/পরীক্ষাগারগুলির স্বীকৃতি

জলশক্তি মন্ত্রক দ্বারা জারি করা পানীয় জলের গুণমান পর্যবেক্ষণ এবং নজরদারি রূপরেখা (অক্টোবর 2021) অনুযায়ী সমস্ত পরীক্ষাগারের জন্য ন্যাশনাল অ্যাক্রেডিটেশন বোর্ড ফর টেস্টিং অ্যান্ড ক্যালিব্রেশন ল্যাবরেটরিজ (এন এ বি এল) স্বীকৃতি থাকা উচিত।

নিরীক্ষায় দেখা যায় যে রাজ্যের মোট 219 টি পরীক্ষাগারের মধ্যে মাত্র 22 টি পরীক্ষাগার[53] এন এ বি এল স্বীকৃত, 194 টি পরীক্ষাগার এন এ বি এল মান্যতা প্রাপ্ত এবং তিনটি[54] এখনও এন এ বি এল স্বীকৃতি/মান্যতা পায়নি। এছাড়াও, প্রত্যন্ত অঞ্চল থেকে জলের নমুনা সংগ্রহ

[52] *দুটি রাজ্য পর্যায়ের, 22 টি জেলা স্তরের এবং 192 টি উপ জেলা স্তরের পরীক্ষাগার।*

[53] *3 টি রাজ্য স্তরের এবং 20 টি জেলা স্তরের।*

[54] *মালদা জেলায় একটি এবং দক্ষিণ 24 পারগনা জেলায় দুটি।*

ও পরীক্ষার জন্য রাজ্য বর্তমানে সাতটি জেলায়[55] সাতটি ভ্রাম্যমাণ ল্যাবরেটরি ভ্যান (এম এল ভি) চালু করেছে।

88 টি নমুনা পরীক্ষিত পরীক্ষাগারগুলির সবকটিতেই রাসায়নিক এবং জৈবিক উভয় প্যারামিটারের জন্য জলের গুণমান পরীক্ষা করা হচ্ছিল। তবে, এই 88 টি নমুনা পরীক্ষিত পরীক্ষাগারগুলিতে কেবল রাসায়নিক প্যারামিটারের নিরিখে পরীক্ষা করার জন্য এন এ বি এল দ্বারা অনুমতি দেওয়া হয়েছিল জৈবিক প্যারামিটার পরীক্ষা করার অনুমতি ছিলনা। সুতরাং, নির্ভুলতা এবং নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য এন এ বি এল স্বীকৃত মানদণ্ড ছাড়াই পরীক্ষাগারগুলিতে পরিচালিত ব্যাকটেরিয়া এবং রাসায়নিক পরীক্ষার ফলাফলের উপর নির্ভর করা যায় না।

মুর্শিদাবাদ বিভাগের (পি এইচ ই ডি) নথিগুলির যাচাই থেকে দেখা যায় যে বিভাগটি 12 টি সাব-ডিস্ট্রিক্ট পরীক্ষাগারের জন্য এন এ বি এল স্বীকৃতি অর্জনের উদ্দেশ্যে সংস্থাগুলিকে নিযুক্ত করেছে (সেপ্টেম্বর-অক্টোবর 2021)। তবে, জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 10.1 অনুসারে 13 টি প্যারামিটারের পরিবর্তে 11 টি প্যারামিটারের জন্য এন এ বি এল স্বীকৃতি অর্জনের জন্য কাজ করা হয়েছিল। আর্সেনিক এবং ফ্লোরাইড সংক্রমিত জেলাগুলিকে জল জীবন মিশনের আওতায় আনা সত্ত্বেও দুটি মানদন্ড যেমন আর্সেনিক এবং ফ্লোরাইড পরীক্ষার বিষয়টি বাদ দেওয়া হয়েছিল।

দপ্তর জানায় (মার্চ 2025) যে ব্যাকটেরিয়াগত প্যারামিটার পরীক্ষা করার জন্য এন এ বি এল স্বীকৃতি/মান্যতার জন্য পদক্ষেপ নেওয়া হবে।

***সুপারিশ 3: সমস্ত পরীক্ষাগারগুলি যাতে সমস্ত রাসায়নিক এবং ব্যাকটেরিয়া সংক্রান্ত মানদন্ড অনুসারে পরীক্ষার জন্য এন এ বি এল স্বীকৃতি পায় তা নিশ্চিত করতে দপ্তরকে পদক্ষেপ নিতে হবে।***

### 1.13.2 পরীক্ষাগারে পরিকাঠামোগত সুবিধা

রাজ্য, জেলা ও উপ জেলা স্তরের পরীক্ষাগারগুলিতে প্রয়োজনীয় জায়গা, কম্পিউটার, ইন্টারনেট, ইউ পি এস, ইনভার্টার (ব্যাক আপের জন্য), প্রিন্টার, টেলিফোন সুবিধা, এয়ার কন্ডিশনার এবং গ্যাস (এল পি জি) সরবরাহের মতো পরিকাঠামোর ন্যূনতম প্রয়োজনীয়তা সম্পর্কে জলশক্তি মন্ত্রক দ্বারা অভিন্ন পানীয় জল গুণমান পর্যবেক্ষণ নিয়মাবলী (ইউ ডি ডব্লিউ কিউ এম পি) জারি করা হয়েছিল (ফেব্রুয়ারী 2013)। তবে, নিরীক্ষায় দেখা যায় যে 88 টি নমুনা পরীক্ষিত পরীক্ষাগারে এই জাতীয় নয়টি পরিকাঠামো[56] প্রয়োজন ছিল যার মধ্যে কেবল একটি[57] সম্পূর্ণরূপে উপলব্ধ ছিল। বিভিন্ন পরীক্ষাগারে উপলব্ধ পরিকাঠামোর বিবরণ **সারণী 1.5**-এ দেখানো হল।

**সারণী 1.5 : নমুনা পরীক্ষিত পরীক্ষাগারগুলিতে পরিকাঠামোগত ঘাটতিগুলির বিবরণ**

| পরীক্ষাগারের ধরন | নমুনা পরীক্ষিত পরীক্ষাগার | পরিকাঠামো উপলব্ধ ল্যাবগুলির সংখ্যা | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রয়োজনমতো জায়গা[58] | প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার | ইন্টারনেট | ইউ পিএস | ইনভার্টার (ব্যাক আপের জন্য) | প্রিন্টার | টেলিফোন | এসি | এল পি জি |
| রাজ্য ল্যাব | 2 | 1 | 2 | 2 | 2 | 2 | 2 | 0 | 2 | 2 |
| জেলা ল্যাব | 6 | 4 | 6 | 6 | 6 | 2 | 6 | 5 | 6 | 0 |
| মহকুমা ল্যাব | 80 | 17 | 78 | 79 | 71 | 71 | 77 | 73 | 80 | 1 |
| মোট | 88 | 22 | 86 | 87 | 79 | 75 | 85 | 78 | 88 | 3 |

*(উৎস: বিভাগ দ্বারা সরবরাহিত তথ্য)*

[55] *সাতটি জেলা: দক্ষিণ 24 পরগনা, মালদহ, হাওড়া, নদীয়া, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর এবং পুরুলিয়া।*

[56] *প্রয়োজনীয় জায়গা, কম্পিউটার, ইন্টারনেট, ইউ পি এস, ইনভার্টার (ব্যাক আপের জন্য), প্রিন্টার, টেলিফোন সুবিধা, এয়ার কন্ডিশনার এবং গ্যাস সরবরাহ (এল পি জি)।*

[57] *এয়ার কন্ডিশনার।*

[58] *রাজ্য পরীক্ষাগারের জন্য প্রয়োজনীয় সর্বনিম্ন স্থান: 170 বর্গমিটার, জেলা পরীক্ষাগার: 100 বর্গমিটার এবং উপ জেলা পরীক্ষাগার: 80 বর্গমিটার।*

নিরীক্ষা দল দ্বারা ইসলামপুর মহকুমা পরীক্ষাগার পরিদর্শনের সময় (23 জুলাই 2024), এটি লক্ষ্য করা যায় যে একটি বেঞ্চে জলের গুণমান পরীক্ষা করা হচ্ছে, যথাযথ কার্যস্থলের অভাবে। এছাড়াও, পরীক্ষাগারে 80 বর্গমিটার (বর্গমিটার) প্রয়োজনের নিরীখে পরীক্ষার সরঞ্জাম সংরক্ষণ, পরীক্ষা এবং অফিসিয়াল কাজ করার জন্য মাত্র 18 বর্গমিটার জায়গা ছিল।

দপ্তর জানায় (মার্চ 2025) যে একটি ডি পি আর প্রস্তুত করা হয়েছে এবং পরীক্ষাগারগুলিতে পর্যাপ্ত জায়গা দেওয়ার অনুমোদন বাকি আছে। এল পি জি, ইনভার্টার, পরীক্ষাগারগুলির ইউ পি এস-এর মতো অন্যান্য পরিকাঠামোগত ঘাটতি সম্পর্কে দপ্তর নীরব ছিল।

### 1.13.3 পরীক্ষাগারগুলিতে সরঞ্জামের প্রাপ্যতা

ইউ ডি ডব্লিউ কিউ এম পি অনুসারে, একটি রাজ্য পরীক্ষাগারে 43 টি বিভিন্ন সরঞ্জাম থাকা উচিত এবং একটি জেলা পরীক্ষাগারে এর মধ্যে 32 টি থাকা উচিত। এছাড়াও, একটি উপ জেলা পরীক্ষাগারের জন্য 25 টি সরঞ্জাম নির্ধারিত হয়েছিল। তবে নিরীক্ষায় দেখা যায় যে দুটি রাজ্য পরীক্ষাগারের মধ্যে একটি পরীক্ষাগারে[59] আটটি সরঞ্জাম[60] ছিল না এবং অন্য রাজ্য পরীক্ষাগারে[61] নির্ধারিত 43 টি (***পরিশিষ্ট-1.9***)-এর মধ্যে 13 টি সরঞ্জামের[62] অভাব ছিল।

নির্ধারিত 32 টি সরঞ্জামের মধ্যে, ছয়টি নমুনা পরীক্ষিত জেলা পরীক্ষাগারের কোনওটিতেই পাঁচটি সরঞ্জাম[63] পাওয়া যায়নি এবং জেলা পরীক্ষাগারগুলিতে অন্যান্য ধরণের সরঞ্জামের ঘাটতি ছিল। সরঞ্জামের অনুপলব্ধতা এবং ঘাটতির বিবরণ ***পরিশিষ্ট-1.10***-এ দেওয়া হয়েছে। একইভাবে, 25 টি সরঞ্জামের মধ্যে, 80 টি নমুনা পরীক্ষিত উপ জেলা পরীক্ষাগারের কোনওটিতেই নয়টি সরঞ্জাম[64] পাওয়া যায়নি এবং উপ জেলা পরীক্ষাগারগুলিতে অন্যান্য ধরণের সরঞ্জামের ঘাটতি ছিল। ***পরিশিষ্ট-1.11***-এ বিশদে দেওয়া হয়েছে।

সুতরাং, নির্ধারিত নিয়ম অনুসারে জলের নমুনা পরীক্ষার জন্য প্রয়োজনীয় সরঞ্জামের অভাবে ভুল ফলাফল বা গুরুত্বপূর্ণ প্যারামিটারের হিসাবে পরীক্ষার না হওয়ার সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না।

দপ্তর নিরীক্ষা পর্যবেক্ষণ মেনে নেয় এবং জানায় (মার্চ 2025) যে ব্যবধানের মূল্যায়ন ইতিমধ্যে করা হয়েছে এবং সুষ্ঠভাবে কাজ করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহ করা হবে।

***সুপারিশ 4: জলের গুণমান সঠিকভাবে পরীক্ষা করার জন্য সমস্ত পরীক্ষাগারে প্রয়োজনীয় পরিকাঠামো, স্থান এবং নির্ধারিত পরীক্ষার সরঞ্জাম দিয়ে সম্পূর্ণরূপে সজ্জিত রয়েছে তা দপ্তরের নিশ্চিত করা উচিত।***

---

59 *দক্ষিণ রায়পুর জল শোধনাগার স্টেট রেফারেল ল্যাবরেটরি।*

60 *ফ্লেম ফটোমিটার, আর্সেনিক টেস্টিং ইনস্ট্রুমেন্টেশন (বহনযোগ্য), জি সি-এম এস/এইচ পি এল সি, অটো বুরেট এবং অটো পাইপেট, ইউরেনিয়াম বিশ্লেষক, কেজেলডাল পাতন যন্ত্রপাতি, প্রেশার পাম্প এবং পি সি আর মেশিন।*

61 *কল্যাণী স্টেট রেফারেল ল্যাবরেটরি।*

62 *হিটিং ম্যান্টল, ম্যাগনেটিক স্টায়ারার (2 নং), ফ্লেম ফটোমিটার, ডিও মিটার, ইলেক্ট্রোড সহ নির্দিষ্ট আয়ন মিটার (ফ্লোরাইড এবং নাইট্রেট ইত্যাদির জন্য), অটো বুরেট এবং অটো পাইপেট, ইউরেনিয়াম অ্যানালাইজার, কেজেলডাল ডিস্টিলেশন যন্ত্রপাতি, প্রেশার পাম্প, পি সি আর মেশিন, ডিপ ফ্রিজার (-20 ডিগ্রি সেন্টিগ্রেড), সেন্ট্রিফিউজ এবং রিফ্লাক্স যন্ত্রপাতি/সি ও ডি ডিজেস্টার।*

63 *প্লেট কাউন্ট এবং কলোনি কাউন্টার, সেন্ট্রিফিউজ, মাইক্রোস্কোপ, ফ্লেম প্রটেক্টর এবং কেজেলডাল পাতন যন্ত্রপাতি।*

64 *পি এইচ মিটার (ল্যাব ভিত্তিক এবং পানযোগ্য উভয়ই), টি ডি এস/পরিবাহিতা মিটার (ল্যাব ভিত্তিক এবং পানযোগ্য ধরন উভয়ই), নেফেলোমিটার (টার্বিডিমিটার), ডিজিটাল ব্যালেন্স, রেফ্রিজারেটর, 2 টি হট এয়ার ওভেন, 1 অটোক্লেভ, ভ্যাকুয়াম পাম্প, ব্যাকটেরিয়া বিশ্লেষণের জন্য ইউ ভি ল্যামিনার এয়ার ফ্লো চেম্বার।*

### 1.13.4 পরীক্ষাগারে কর্মীর সহজলভ্যতা

নমুনা পরীক্ষিত দুটি রাজ্য, ছয়টি জেলা এবং 80 টি উপ জেলা ল্যাবেটরির পরীক্ষা করে দেখা যায় যে ইউ ডি ডব্লিউ কিউ এম পি-তে নির্ধারিত প্রয়োজনীয়তার নিরীখে রাজ্য পরীক্ষাগারগুলিতে 21 শতাংশ এবং জেলা ও উপ জেলা উভয় পরীক্ষাগারে 35 শতাংশ কর্মীর ঘাটতি রয়েছে **(সারণী 1.6)**।

**সারণী 1.6: নমুনা পরীক্ষিত পরীক্ষাগারগুলিতে উপলব্ধ কর্মীর বিবরণ**

| পদ | দুটি রাজ্য পরীক্ষাগার | | ছয়টি জেলা পরীক্ষাগার | | 80 টি উপ জেলা পরীক্ষাগার | |
|---|---|---|---|---|---|---|
| | নির্ধারিত কর্মী | উপলব্ধ কর্মী | নির্ধারিত কর্মী | উপলব্ধ কর্মী | নির্ধারিত কর্মী | উপলব্ধ কর্মী |
| প্রধান রসায়নবিদ/প্রধান জল বিশ্লেষক | 1 × 2 = 2 | 1 | -- | প্রযোজ্য নয় | -- | প্রযোজ্য নয় |
| বরিষ্ঠ রসায়নবিদ/বরিষ্ঠ জল অ্যানালিস্ট | 1 × 2 = 2 | 2 | -- | প্রযোজ্য নয় | -- | প্রযোজ্য নয় |
| রসায়নবিদ/জল বিশ্লেষক | 2 × 2 = 4 | 5 | 1 × 6 = 6 | 8 | 1 × 80 = 80 | 80 |
| মাইক্রোবায়োলজিস্ট/ব্যাকটেরিওলজিস্ট | 1 × 2 = 2 | 2 | 1 × 6 = 6 | 6 | 1 × 80 = 80 | 73 |
| ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট | 3 × 2 = 6 | 6 | 2 × 6 = 12 | 6 | 2 × 80 = 160 | 78 |
| ডাটা এন্ট্রি অপারেটর | 2 × 2 = 4 | 1 | 1 × 6 = 6 | 1 | 1 × 80 = 80 | 80 |
| ল্যাব অ্যাটেনডেন্ট | 2 × 2 = 4 | 2 | 1 × 6 = 6 | 3 | 1 × 80 = 80 | 80 |
| স্যাম্পলিং অ্যাসিস্ট্যান্ট | 2 × 2 = 4 | 3 | 2 × 6 = 12 | 7 | 2 × 80 = 160 | 22 |
| **মোট** | **28** | **22** | **48** | **31** | **640** | **413** |

*(উৎস: বিভাগ দ্বারা সরবরাহিত তথ্য)*

এছাড়াও, ইউ ডি ডব্লিউ কিউ এম পি পরামর্শ দিয়েছে যে প্রতিটি পরীক্ষাগারে কমপক্ষে একটি স্থায়ী জল বিশ্লেষক/রসায়নবিদ পদ থাকা উচিত। যাইহোক, নিরীক্ষা লক্ষ্য করে যে 88 টি নমুনা পরীক্ষিত পরীক্ষাগারের কোনওটিতেই কোনও স্থায়ী বিশ্লেষক/রসায়নবিদ ছিলেন না। সমস্ত জল বিশ্লেষক/রসায়নবিদরা চুক্তির ভিত্তিতে নিযুক্ত ছিলেন।

দপ্তর নিরীক্ষা পর্যবেক্ষণ মেনে নেয় এবং জানায় যে (মার্চ 2025) কর্মী ঘাটতির বিষয়টি যথাযথ গুরুত্ব সহকারে নেওয়া হয়েছে এবং যত তাড়াতাড়ি সম্ভব সমস্যাটি সমাধান করা হবে।

### 1.13.5 জেলা পরীক্ষাগারগুলির কার্যসম্পাদন

জল জীবন মিশনের নির্দেশিকার 10.1 অনুচ্ছেদে বলা হয়েছে যে জেলা পরীক্ষাগারগুলিতে পরীক্ষা করা জলের নমুনার কমপক্ষে পাঁচ শতাংশ পুনঃরায় পরীক্ষার জন্য রাজ্যের পরীক্ষাগারগুলিতে পাঠানো উচিত। তবে, ছয়টি জেলায় পরীক্ষাগারের নমুনা পরীক্ষায় দেখা গেছে যে 2019-24 সালে রাজ্য পরীক্ষাগারগুলিতে নমুনা প্রেরণের ক্ষেত্রে ঘাটতি 23 শতাংশ থেকে 85 শতাংশের মধ্যে ছিল যা **সারণী-1.7**-এ বিশদে দেখানো হল।

**সারণী 1.7: উল্লিখিত ল্যাবরেটরিগুলিতে নমুনা প্রেরণের ঘাটতি**

| বছর | জেলা পরীক্ষাগারের সংখ্যা | জেলা পরীক্ষাগার দ্বারা পরিচালিত পরীক্ষা | রাজ্য পরীক্ষাগারে পাঠানোর জন্য প্রয়োজনীয় নমুনার সংখ্যা (5% গ) | প্রকৃতপক্ষে প্রেরিত নমুনার সংখ্যা | ঘাটতি (শতাংশ) |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| 2019-20 | 06 | 12,214 | 611 | 472 | 139 (23) |
| 2020-21 | 06 | 13,820 | 692 | 104 | 588 (85) |
| 2021-22 | 06 | 13,760 | 687 | 214 | 473 (69) |
| 2022-23 | 06 | 16,835 | 841 | 318 | 523 (62) |
| 2023-24 | 06 | 20,673 | 1,033 | 332 | 701 (68) |
| **মোট** | | **77,302** | **3,864** | **1,440** | |

*(উৎস: পি এইচ ই ডি দ্বারা সরবরাহিত তথ্য)*

পি এইচ ই ডি-এর নমুনা পরীক্ষিত বিভাগগুলি জানায় (জুলাই 2024-আগস্ট 2024) যে রাজ্য পরীক্ষাগারগুলিতে নমুনা পাঠানোর বিষয়ে দপ্তরের কোনও স্পষ্ট নির্দেশনা নেই।

উপরোক্ত বিষয় ছাড়াও, জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 10.1 অনুযায়ী জেলা পরীক্ষাগারগুলি ইতিবাচক পরীক্ষিত জলের নমুনাগুলি অবিলম্বে রাজ্য পরীক্ষাগারে পাঠিয়ে জেলা পরীক্ষাগারগুলির পরীক্ষার ফলাফল যাচাই করতে পারে। তবে, নমুনা পরীক্ষিত ছয়টি জেলা পরীক্ষাগারের যাচাই করে দেখা যায় যে ইতিবাচক পরীক্ষিত নমুনাগুলির মধ্যে 89 শতাংশ থেকে 98 শতাংশ যাচাইয়ের জন্য রাজ্য পরীক্ষাগারে পাঠানো হয়নি (2019-24 সালে)।

সুতরাং, ইতিবাচক পরীক্ষিত নমুনার ফলাফলের ক্ষেত্রে জেলা পরীক্ষাগারগুলির নির্ভুলতা রাজ্য পরীক্ষাগারগুলি দ্বারা অনেকাংশে যাচাই করা যায়নি, যা জে জে এম-এর নির্দেশিকা লঙ্ঘন করে।

দপ্তর পর্যবেক্ষণ মেনে নেয় এবং জানায় (মার্চ 2025) যে জেলা পরীক্ষাগারগুলি থেকে রাজ্যে নমুনা না প্রেরণের ঘাটতি মেটাতে পদক্ষেপ নেওয়া হয়েছে।

## 1.13.6 জলের গুণমান পরীক্ষা ও পর্যবেক্ষণে উপ জেলা পরীক্ষাগারগুলির ভূমিকা

### *1.13.6.1 উপ জেলা পরীক্ষাগারগুলিতে নমুনা পরীক্ষার লক্ষ্যমাত্রা অর্জন*

ইউ ডি ডব্লিউ কিউ এম পি অনুসারে, একটি উপ জেলা পরীক্ষাগারের বার্ষিক লক্ষ্য ছিল 3,000 জলের নমুনা পরীক্ষা করা। নমুনা পরীক্ষিত ছয়টি নির্বাচিত জেলার[65] 80 টি উপ জেলা পরীক্ষাগারের তথ্য থেকে দেখা যায় যে 2019-24 সালে পরীক্ষার বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ছয় শতাংশ থেকে 39 শতাংশের মধ্যে ঘাটতি ছিল যা **সারণী 1.8**-এ বর্ণিত হল।

**সারণী 1.8: উপ জেলা পরীক্ষাগারগুলির পরীক্ষার বার্ষিক লক্ষ্য অর্জনে ঘাটতি**

*(পরীক্ষা সংখ্যা)*

| বছর | উপ জেলা পরীক্ষাগারের সংখ্যা | প্রতি বছর লক্ষ্যমাত্রা (খ × 3,000) | অর্জন | ঘাটতি (শতাংশে) |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| 2019-20 | 80 | 2,40,000 | 1,52,178 | 87,822 (37) |
| 2020-21 | 80 | 2,40,000 | 1,47,010 | 92,990 (39) |

[65] *জলপাইগুড়ি, বাঁকুড়া, পূর্ব মেদিনীপুর, পূর্ব বর্ধমান, পুরুলিয়া, মুর্শিদাবাদ।*

| বছর | উপ জেলা পরীক্ষাগারের সংখ্যা | প্রতি বছর লক্ষ্যমাত্রা (খ × 3,000) | অর্জন | ঘাটতি (শতাংশে) |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| 2021-22 | 80 | 2,40,000 | 1,62,685 | 77,315 (32) |
| 2022-23 | 80 | 2,40,000 | 1,83,363 | 56,637 (24) |
| 2023-24 | 80 | 2,40,000 | 2,26,679 | 13,321 (6) |
| মোট | 400 | 12,00,000 | 8,71,915 | |

*(উৎস: পি এইচ ই ডি দ্বারা সরবরাহিত তথ্য)*

উপরের সারণী থেকে এটা স্পষ্ট যে বার্ষিক লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার কারণে জলের গুণমান পর্যবেক্ষণ কিছুটা হলেও বাধাপ্রাপ্তি হয়েছিল।

দপ্তর জানায় (মার্চ 2025) যে জি পি গুলির নিষ্ক্রিয়তা এবং জল ফেসিলেটরদের অনুপস্থিতি লক্ষ্যমাত্রা অর্জনে ঘাটতির প্রধান কারণ ছিল। পুনঃরায় জানায় যে এই ধরণের ঘাটতি কাটিয়ে উঠতে সম্প্রতি একটি সংস্থা নমুনা সংগ্রহের জন্য নিযুক্ত আছে।

### *1.13.6.2 জেলা উল্লিখিত ল্যাবরেটরিগুলিতে নমুনা প্রেরণ*

জল জীবন মিশনের নির্দেশিকার অনুচ্ছেদ 10.1-এ বলা হয়েছে যে জেলা পরীক্ষাগারগুলিকে সমস্ত ইতিবাচক পরীক্ষার নমুনা অবিলম্বে জেলা পরীক্ষাগারে পাঠিয়ে দিতে হবে পুনরায় প্রতিপরীক্ষার জন্য। তবে, নমুনা পরীক্ষিত 80 টি উপ জেলা পরীক্ষাগারের তথ্য থেকে জানা যায় যে 2019-24 সাল পর্যন্ত জেলা পরীক্ষাগারগুলিতে ইতিবাচক পরীক্ষিত নমুনা প্রেরণের ঘাটতি ছিল 98 শতাংশ থেকে 100 শতাংশ যা **সারণী 1.9**-এ বিশদে দেওয়া হল।

**সারণী 1.9: উপ জেলা পরীক্ষাগারগুলিতে ইতিবাচক নমুনা পাঠানোর ঘাটতি**

| বছর | জেলা পরীক্ষাগারের সংখ্যা | উপ জেলা পরীক্ষাগারগুলি দ্বারা ইতিবাচক নমুনা শনাক্ত করা হয়েছে | জেলা পরীক্ষাগারে পাঠানোর জন্য প্রয়োজনীয় নমুনার সংখ্যা | প্রকৃতপক্ষে প্রেরিত নমুনার সংখ্যা | ঘাটতি (শতাংশ) |
|---|---|---|---|---|---|
| 2019-20 | 80 | 43,333 | 43,333 | 661 | 42,672 (98) |
| 2020-21 | 80 | 37,412 | 37,412 | 135 | 37,277 (100) |
| 2021-22 | 80 | 43,005 | 43,005 | 293 | 42,712 (99) |
| 2022-23 | 80 | 38,139 | 38,139 | 308 | 37,831 (99) |
| 2023-24 | 80 | 41,750 | 41,750 | 360 | 41,390 (100) |
| মোট | | 2,03,639 | 2,03,639 | 1,757 | |

*(উৎস: বিভাগ কর্তৃক প্রদত্ত তথ্য)*

নির্বাচিত ছয়টি বিভাগের সবকটিই জানায় (জুলাই 2024-সেপ্টেম্বর 2024) যে জেলা পরীক্ষাগারগুলিতে নমুনা পাঠানোর জন্য রাজ্যের কাছ থেকে কোনও স্পষ্ট নির্দেশনা নেই। সুতরাং, উপ জেলা পরীক্ষাগারগুলির কাজ পর্যবেক্ষণ করা হয়নি এবং জেলা পরীক্ষাগারগুলির দ্বারা এই পরীক্ষাগারগুলির মান নিশ্চিতকরণ এবং মান নিয়ন্ত্রণ নিশ্চিত করা হয়নি।

দপ্তর নিরীক্ষা পর্যবেক্ষণ মেনে নেয় এবং জানায় (মার্চ 2025) যে নিরীক্ষা দ্বারা নির্দেশিত ঘাটতি পূরণের জন্য ইতিমধ্যে পদক্ষেপ নেওয়া হয়েছে।

## 1.13.7 এফ টি কে ব্যবহার করে জলের নমুনা পরীক্ষা

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 4.5 অনুসারে, ফিল্ড টেস্ট কিট (এফ টি কে) ব্যবহার করে স্থানীয় জনসম্প্রদায়, জি পি/ভি ডব্লিউ এস সি দ্বারা জলের গুণমান পর্যবেক্ষণ করা দরকার।

### *1.13.7.1 এফ টি কে ব্যবহার করে জলের নমুনা পরীক্ষায় ঘাটতি*

জলশক্তি মন্ত্রকের ডি ডব্লিউ কিউ এম এস-অক্টোবর 2021 অনুযায়ী জলে ভৌত-রাসায়নিক দূষণ পরীক্ষার জন্য ব্যবহৃত এফ টি কে গুলি কেবল দূষণের প্রাথমিক স্ক্রিনিংয়ের উদ্দেশ্যই পূরণ করে না, পানীয় জলের গুণমান সম্পর্কে জনসম্প্রদায়কে সচেতন করতেও কার্যকর।

জে জে এম নির্দেশিকার অধ্যায় 10 অনুসারে, প্রতিটি গ্রাম থেকে পাঁচজন মহিলাকে চিহ্নিত করা এবং ভি ডব্লিউ এস সি দ্বারা এফ টি কে ব্যবহার করে পরীক্ষা করার জন্য প্রশিক্ষণ দেওয়া প্রয়োজন। এছাড়াও, স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (এস ও পি) প্রাথমিক স্তরে এফ টি কে ব্যবহার করে আশা কর্মীদের দ্বারা জলের গুণমান পর্যবেক্ষণ এবং ব্যবস্থাপনার বিষয়ে রাজ্য সরকারের বিভিন্ন স্তরে ভূমিকা এবং দায়িত্বের কথা বলে।

ছয়টি নির্বাচিত বিভাগের নমুনা পরীক্ষায় দেখা যায় যে এফ টি কে দ্বারা জলের নমুনা পরীক্ষা পরিচালনায় 30 থেকে 100 শতাংশ পর্যন্ত ঘাটতি ছিল যা **সারণী 1.10**-এ বিশদে বর্ণিত হল।

**সারণী 1.10: এফ টি কে ব্যবহার করে জলের নমুনা পরীক্ষার ঘাটতি**

| বিভাগের নাম | এফ টি কে সংগ্রহ করা হয়েছে | পরীক্ষা করা যেতে পারে (খ × 50)[66] | প্রকৃতপক্ষে করা পরীক্ষার সংখ্যা | পরিচালিত পরীক্ষার সংখ্যায় ঘাটতি (শতাংশ) |
|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ |
| জলপাইগুড়ি | 968 | 48,400 | 11,455 | 36,945 (76) |
| বাঁকুড়া | 2,269 | 1,13,450 | 48,142 | 65,308 (58) |
| পূর্ব মেদিনীপুর | 2,907 | 1,45,350 | 1,13,592 | 31,758 (22) |
| পূর্ব বর্ধমান | 2,943 | 1,47,150 | 69,895 | 77,255(52) |
| পুরুলিয়া | 1,366 | 68,300 | 9,450 | 58,850 (86) |
| মুর্শিদাবাদ | 4,667 | 2,33,350 | 76,289 | 1,57,061 (67) |
| **মোট** | **15,120** | **7,56,000** | **3,28,823** | |

*(উৎস: নির্বাচিত বিভাগ দ্বারা প্রদত্ত তথ্য)*

ছয়টি নমুনা পরীক্ষিত জেলায় 2021-22 এবং 2022-23-এর মধ্যে, মোট 15,120 টি এফ টি কে সংগ্রহ করা হয়েছিল, যা 2021-22 থেকে 2023-24 এর মধ্যে 7,56,000 টি জলের নমুনা পরীক্ষার সহজতর করতে পারত। যাইহোক, এফ টি কে পাওয়া সত্ত্বেও, কিছু কিছু পরীক্ষা করা হয়েছিল যার ঘাটতি 22 শতাংশ থেকে 86 শতাংশের মধ্যে ছিল। এই ঘাটতির প্রাথমিক কারণ ছিল প্রতিটি গ্রামের ভি ডব্লিউ এস সি দ্বারা পাঁচজন মহিলাকে সনাক্ত না করা এবং এফ টি কে ব্যবহার করে জলের নমুনা পরীক্ষা করার জন্য প্রশিক্ষণের অভাব।

এছাড়াও, 38,173 টি গ্রামে 1,90,865 টি এফ টি কে ব্যবহারকারীর প্রয়োজনীয়তার নিরিখে রাজ্যে, সেপ্টেম্বর 2024 পর্যন্ত মাত্র 47,075 জন আশা কর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল (সনাক্ত করা হয়েছিল) এবং নিযুক্ত করা হয়েছিল। ছয়টি নমুনা পরীক্ষিত জেলায়, এফ টি কে ব্যবহারকারীর ঘাটতি 49 থেকে 98 শতাংশের মধ্যে ছিল, যা নজরদারি প্রচেষ্টাকে মারাত্মকভাবে বাধা দেয়। ফলস্বরূপ, এফ টি কে-গুলির ব্যবহার বেশিরভাগ ক্ষেত্রে কম লক্ষ্য করা গেছে এবং জল দূষণের প্রকৃত প্রাদুর্ভাব মূল্যায়ন করা হয়নি।

দপ্তর পর্যবেক্ষণটি গ্রহণ করে (মার্চ 2025) এবং জানায় যে এফ টি কে-ভিত্তিক পরীক্ষায় প্রশিক্ষণের জন্য স্বনির্ভর গোষ্ঠীগুলির মহিলাদের নিযুক্ত করার জন্য প্রাথমিক আলোচনা করা হয়েছে।

[66] *একটি এফ টি কে দিয়ে 50 টি জলের নমুনা পরীক্ষা করা যেতে পারে।*

### *1.13.7.2 এফ টি কে ব্যবহার করে পরীক্ষিত ইতিবাচক নমুনা নিকটবর্তী পরীক্ষাগারে পাঠানো*

জে জে এম নির্দেশিকার অধ্যায় 10 অনুসারে, জলের গুণমান নজরদারি কার্যক্রমের মধ্যে রয়েছে জি পি স্তরে এফ টি কে ব্যবহার করে দূষণের পরিমাণ জানা এবং ইতিবাচক পরীক্ষিত নমুনাগুলি নিশ্চিতকরণের জন্য নিকটবর্তী জলের গুণমান যাচাই কেন্দ্রে পাঠানো। এফ টি কে-এর নির্ভুলতা এবং জল দূষণের প্রকৃত প্রাদুর্ভাব মূল্যায়নের জন্য প্রতিপরীক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

যাইহোক, ছয়টি নির্বাচিত বিভাগের নমুনা পরীক্ষায় দেখা যায় যে, এফ টি কে ব্যবহার করে পরীক্ষিত ইতিবাচক নমুনাগুলিতে দূষণের মাত্রা নিশ্চিত করতে পুনঃরায় পরীক্ষার জন্য নিকটবর্তী পরীক্ষাগারে প্রেরণের ক্ষেত্রে বিশাল ঘাটতি ছিল যা **সারণী 1.11**-এ দেখানো হল।

**সারণী 1.11: এফ টি কে ব্যবহার করে পরীক্ষিত ইতিবাচক নমুনাগুলি নিকটবর্তী পরীক্ষাগারে পাঠানোর ক্ষেত্রে ঘাটতি**

| বিভাগের নাম | সম্পন্ন পরীক্ষার সংখ্যা | ইতবাচক (নিরাপদ নয়) পাওয়া নমুনার সংখ্যা | নিকটবর্তী জেলা/উপ জেলা পরীক্ষাগারে পাঠানো ইতিবাচক নমুনার সংখ্যা (শতাংশ) | ঘাটতি (শতাংশ) |
|---|---|---|---|---|
| জলপাইগুড়ি | 3,044 | 643 | শূন্য | 100 |
| | 8,411 | 855 | শূন্য | 100 |
| বাঁকুড়া | 20,238 | 1,618 | শূন্য | 100 |
| | 27,904 | 2,740 | শূন্য | 100 |
| পূর্ব মেদিনীপুর | 30,298 | 2,399 | 2,150 | 10 |
| | 83,294 | 1,611 | 1,561 | 3 |
| পূর্ব বর্ধমান | 12,638 | 1,228 | শূন্য | 100 |
| | 57,257 | 2,300 | শূন্য | 100 |
| পুরুলিয়া | 36 | 8 | শূন্য | 100 |
| | 9,414 | 1,031 | শূন্য | 100 |
| মুর্শিদাবাদ | 16,008 | 2,797 | শূন্য | 100 |
| | 60,281 | 4,729 | শূন্য | 100 |

*(উৎস: নির্বাচিত বিভাগ দ্বারা প্রদত্ত তথ্য)*

তথ্য ইঙ্গিত দেয় যে ইতিবাচক জলের নমুনাগুলি নিশ্চিতকরণের জন্য নিকটবর্তী পরীক্ষাগারে পাঠানোর ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য ত্রুটি রয়েছে। পূর্ব মেদিনীপুর ছাড়া বেশিরভাগ বিভাগে কোনও ইতিবাচক নমুনা পুনঃরায় পরীক্ষার জন্য পাঠানো হয়নি। এটি এফ টি কে ফলাফলগুলি যাচাই করার ক্ষেত্রে একটি পদ্ধতিগত ব্যর্থতা তুলে ধরে, জলের গুণমান পর্যবেক্ষণ এবং প্রকৃত দূষণের মাত্রার মূল্যায়নের নির্ভুলতাকে হ্রাস করে।

নির্বাচিত বিভাগগুলি জানায় (সেপ্টেম্বর 2024) যে নিকটবর্তী পরীক্ষাগারগুলিতে ইতিবাচক নমুনাগুলি পাঠানোর জন্য পি এইচ ই ডি-এর কাছ থেকে কোনও স্পষ্ট নির্দেশনা পাওয়া যায়নি। সুতরাং, এটি স্পষ্ট যে একটি জেলা বাদে পাঁচটি জেলার পরীক্ষিত ইতিবাচক নমুনা কোনও ওয়াটার কোয়ালিটি টেস্টিং ল্যাবরেটরিতে পাঠানো হয়নি, যাতে দূষণের প্রকৃত মাত্রা নির্ধারণ করা যায়।

দপ্তর জানায় (মার্চ 2025) যে ইতিবাচক নমুনাগুলি নিকটবর্তী পরীক্ষাগারগুলিতে পরীক্ষা করার উদ্যোগ নেওয়া হয়েছে।

***সুপারিশ 5: জল জীবন মিশনের নির্দেশিকা মেনে পুনঃরায় পরীক্ষার জন্য নিম্নস্তরের পরীক্ষাগার থেকে উচ্চতর পরীক্ষাগারে জলের নমুনা পাঠানোর জন্য দপ্তরকে নির্দিষ্ট নির্দেশিকা জারি করতে হবে।***

## 1.13.8 13 টি মৌলিক জলের সবকটি গুণমানের প্যারামিটার পরীক্ষা

ইউ ডি ডব্লিউ কিউ এম পি অনুসারে, রাজ্যের জল পরীক্ষাগারগুলিতে 13 টি টেস্ট প্যারামিটার বিশ্লেষণ করা দরকার। যদিও, ছয়টি নির্বাচিত জেলার 86 টি পরীক্ষাগার এবং দুটি রাজ্য পরীক্ষাগারের নমুনা যাচাই থেকে দেখা যায় যে 13 টি প্যারামিটারের সবকটি এই পরীক্ষাগারগুলিতে পরীক্ষা করা হচ্ছে না যা **সারণী 1.12**-এ দেখানো হল।

**সারণী 1.12: নির্বাচিত 88 টি পরীক্ষাগারে পরীক্ষিত জলের গুণমানের প্যারামিটারগুলি**

| ক্রমিক সংখ্যা | প্যারামিটার পরীক্ষা করা দরকার | প্যারামিটার পরীক্ষা করা হয়েছে এমন পরীক্ষাগারের সংখ্যা | প্যারামিটার পরীক্ষা করা হয়নি এমন পরীক্ষাগারের সংখ্যা |
|---|---|---|---|
| 1 | সম্ভাব্য হাইড্রোজেন (পি এইচ) | 88 | শূন্য |
| 2 | টার্বিডিটি | 88 | শূন্য |
| 3 | মোট দ্রবীভূত সলিড (টি ডি এস) | 88 | শূন্য |
| 4 | মোট কঠোরতা | 87 | 1 |
| 5 | ক্ষারত্ব | 87 | 1 |
| 6 | ফ্লোরাইড | 28 | 60 |
| 7 | ক্লোরাইড | 87 | 1 |
| 8 | সালফেট | 1 | 87 |
| 9 | নাইট্রেট | 1 | 87 |
| 10 | আর্সেনিক | 25 | 63 |
| 11 | আকরিক | 88 | শূন্য |
| 12 | মোট কলিফর্ম | 88 | শূন্য |
| 13 | ই. কোলাই | 87 | 1 |

*(উৎস: নমুনা পরীক্ষিত বিভাগ দ্বারা সরবরাহিত তথ্য)*

উপরের সারণী থেকে স্পষ্ট যে পি এইচ, টার্বিডিটি, টি ডি এস ইত্যাদির মতো প্রাথমিক প্যারামিটারগুলি সমস্ত বা বেশিরভাগ পরীক্ষাগারে পরীক্ষা করা হয়েছিল, তবে সালফেট এবং নাইট্রেটের মতো গুরুত্বপূর্ণ দূষকগুলি পর্যাপ্তভাবে পরীক্ষা করা হয়নি। বিশেষত, 88 টি পরীক্ষাগারের মধ্যে 87 টিতে সালফেট এবং নাইট্রেটের পরীক্ষা করা হয়নি।

নাইট্রেট পরীক্ষা না করা একটি গুরুতর ঝুঁকি তৈরি করে, কারণ পানীয় জলে উচ্চ নাইট্রেটের মাত্রা শিশুদের মধ্যে ব্লু বেবি সিনড্রোমের কারণ হতে পারে। একইভাবে, উচ্চতর সালফেটের মাত্রা বিশেষত শিশু এবং বয়স্কদের মধ্যে ডায়রিয়া, ডিহাইড্রেশন এবং গ্যাস্ট্রোইনটেস্টাইনাল ইরিটেশনের কারন হতে পারে। এই জাতীয় পরীক্ষার অনুপস্থিতি উল্লেখযোগ্য স্বাস্থ্য ঝুঁকি সনাক্ত এবং প্রতিরোধ করার ক্ষমতাকে হ্রাস করে, রাজ্যে জলের গুণমান নজরদারির কার্যকারিতা হ্রাস করে।

### 1.13.9 ক্লোরিনেশনের ঘাটতি

পি এইচ ই ডি (2021) রাজ্যের জল সরবরাহ বিভাগগুলিকে ক্লোরিনেশন পরীক্ষা করার জন্য দপ্তর দ্বারা জারি করা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এস ও পি) অনুসরণ করার নির্দেশ দিয়েছে।

পি এইচ ই ডি-এর জারি করা এই এস ও পি নিম্নলিখিত নির্দেশ দেয়:

i. জীবাণুনাশক এবং রাসায়নিক স্টক রেজিস্টারের পাশাপাশি জলের গুণমান পরীক্ষার জন্য একটি রেজিস্টার, ক্লোরিনেশন রেজিস্টার ইত্যাদির রক্ষণাবেক্ষণ।

ii. পাম্প অপারেটরকে রেসিডুয়াল ক্লোরিন কিট দেওয়া;

iii. এটা নিশ্চিত করা যে, জীবাণুনাশক পাম্প হাউসের অভ্যন্তরে শীতল, অন্ধকার ও শুকনো জায়গায় সংরক্ষণ করা হচ্ছে;

iv. ক্লোরিনের সংস্পর্শে আসা সমস্ত কর্মীরা ক্লোরিনের বিপদ, কীভাবে এটি নিরাপদে পরিচালনা এবং সংরক্ষণ করবেন এবং প্রাথমিক চিকিৎসা ব্যবস্থা ইত্যাদি সম্পর্কে প্রাথমিক প্রশিক্ষণ গ্রহণ করেন তা নিশ্চিত করা।

ছয়টি নির্বাচিত জেলার মধ্যে দুটি জেলার (জলপাইগুড়ি এবং বাঁকুড়া) চারটি নির্বাচিত ব্লকে[67] নিরীক্ষা দ্বারা 20 টি পাম্প হাউসের (***পরিশিষ্ট-1.12***) যৌথভাবে পরিদর্শন (সেপ্টেম্বর 2024) পরিচালনা করা হয়। যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের সময়, নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে:

i. ক্লোরিন ডোজিংয়ের প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য জলে ক্লোরিনের অনুমোদিত সীমার পরীক্ষা 20 টি পাম্প হাউসের কোনওটিতেই পরিচালিত হয়নি।

ii. জল সরবরাহে নিরবচ্ছিন্ন ক্লোরিনেশনের জন্য একটি চালু ক্লোরিনেশন সিস্টেম এবং একটি স্ট্যান্ড-বাই ক্লোরিনেশন সিস্টেম থাকা উচিত। যাইহোক, 20 টি পাম্প হাউসের মধ্যে, 16 টি পাম্প হাউসে কেবল একটি ক্লোরিনেশন সিস্টেম ছিল এবং দুটি পাম্প হাউসে, উপলব্ধ স্ট্যান্ড-বাই ক্লোরিনেশন সিস্টেমগুলি ছয় মাস থেকে এক বছর ধরে অকেজো হয়ে পড়ে আছে।

iii. পরিদর্শন করা পাম্প হাউসগুলির কোনওটিতেই ক্লোরিন পরিমাপের কোনও সরঞ্জাম পাওয়া যায়নি।

iv. 18 টি পাম্প হাউসে ক্লোরিনেশন লগ বুক/রেজিস্টার রক্ষণাবেক্ষণ করা হয়নি।

v. 20 টি পাম্প হাউসের মধ্যে 15 টিতে কোনও ক্লোরিন টেস্টিং কিট পাওয়া যায়নি এবং এই পাম্প হাউসগুলিতে রেসিডুয়াল ক্লোরিনের মান পর্যবেক্ষণের জন্য কোনও অবশিষ্ট ক্লোরিন পরীক্ষা করা হয়নি। বাকি পাঁচটি পাম্প হাউসে, ক্লোরিন টেস্ট কিট থাকলেও এগুলি ব্যবহার করা হচ্ছিল না এবং রেসিডুয়াল ক্লোরিনের মান অনুমানের ভিত্তিতে রেজিস্টারে নথিবদ্ধ করা হচ্ছিল। একটি পাম্প হাউসে[68], রেসিডুয়াল ক্লোরিন পরীক্ষা করা হয়েছিল (18 সেপ্টেম্বর 2024) নিরীক্ষার উপস্থিতিতে এবং এর স্তর শূন্য ছিল।

vi. ক্লোরিন মজুত, ব্যবহারের বিবরন, মেয়াদ শেষ হওয়ার বিবরণ ইত্যাদি সম্পর্কিত কোনও নথি রাখা হয়নি এবং এর ফলে ক্লোরিন সরবরাহ এবং তার ব্যবহারের বৈধতা সম্পর্কে নিরীক্ষা নিশ্চিত করতে পারেনি।

*67 জলপাইগুড়ি জেলার মাটিয়ালি ও ক্রান্তি ব্লক এবং বাঁকুড়া জেলার সিমলাপাল ও বিষ্ণুপুর ব্লক।*

*68 বাঁকুড়া জেলার বিষ্ণুপুর ব্লকের ভাত্রা গ্রামে সি ডব্লিউ আর পাম্প হাউস।*

vii. পাম্প অপারেটরদের/ক্লোরিন সিস্টেম অপারেটরদের/সংস্থার কর্মীদের কাছে পরিদর্শনকারী কর্মকর্তাদের নির্দেশাবলী নথিবদ্ধ করার জন্য পরিদর্শক খাতা/ রেজিস্টার 20 টি নমুনা পরীক্ষিত পাম্প হাউসের মধ্যে 15 টিতে রক্ষণাবেক্ষণ করা হয়নি।

ক্লোরিনেশনের অপ্রতুলতা পরীক্ষাগারে পরীক্ষার ফলাফল থেকেও স্পষ্ট ছিল। ছয়টি নমুনা পরীক্ষিত জেলায়, 2019-24 সালে 1,35,902 টি জলের নমুনা পরীক্ষা করা হয়েছিল, যার মধ্যে 1,23,358 টিতে বাড়তি ক্লোরিনের জন্য পরীক্ষা করা হয়েছিল। 48,762 টি নমুনায় (39.53 শতাংশ) কোনও বাড়তি ক্লোরিন সনাক্ত করা হয়নি, যা স্পষ্টভাবে অপর্যাপ্ত ক্লোরিন ডেজিংয়ের ইঙ্গিত দেয়। আরও 43,763 টি নমুনায় পরিচালিত ব্যাকটেরিয়া পরীক্ষায় 7,099 নমুনায় (16.22 শতাংশ) এবং 3,374 টি নমুনায় (7.71 শতাংশ) ই-কলিফর্মের উপস্থিতি পাওয়া গেছে। এই ঘাটতিগুলি উল্লেখযোগ্য স্বাস্থ্য ঝুঁকি তৈরি করে, যা জলবাহিত রোগ ঘটাতে সাহায্য করে।

নির্বাচিত জেলাগুলির স্বাস্থ্য বিভাগের মুখ্য মেডিকেল অফিসারদের দ্বারা প্রদত্ত তথ্যের বিশ্লেষণ থেকে জানা যায় যে 2019-24 সালে উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তি আমাশয়, কলেরা, জন্ডিস ইত্যাদির মতো জলবাহিত রোগে আক্রান্ত হয়েছেন। নথি অনুসারে, পাঁচ বছরের সময়কালে এই জেলাগুলিতে আমাশয় এবং কলেরায় 15.60 লক্ষ্যের বেশি এবং অন্যান্য জলবাহিত রোগের 9.07 লক্ষ কেস নথিভুক্ত করা হয়েছে। এছাড়াও, এই সময়ের মধ্যে জলবাহিত রোগের কারণে 78 জনের মৃত্যুও হয়েছিল।

জল জীবন মিশনের বাস্তবায়ন সত্ত্বেও জলবাহিত রোগের প্রকোপ বেশি হওয়ায় বোঝা যাচ্ছে যে, গ্রাহক পর্যায়ে সুপেয় জল এবং যথাযথ জীবাণুমুক্তকরণ নিশ্চিত করার জন্য পর্যাপ্ত ব্যবস্থা কার্যকর ছিলনা।

দপ্তর জানিয়েছে (মার্চ 2025) যে যথাযথ ক্লোরিনেশন এবং এর নিয়মিত পর্যবেক্ষণের জন্য প্রচেষ্টা করা হচ্ছে।

***সুপারিশ 6: দপ্তরকে পানীয় জলে ন্যূনতম রেসিডুয়াল ক্লোরিন মাত্রা বজায় রাখার জন্য সরবরাহকৃত জলের যথাযথ ক্লোরিনেশন নিশ্চিত করতে হবে যাতে ব্যাকটেরিয়া দূষণ এড়ানো যায়।***

## 1.14 নজরদারি

নলবাহিত জল সংযোগের কার্যকারিতা এবং পর্যাপ্ত পরিমাণে পানীয় জল সরবরাহের পাশাপাশি নির্দিষ্ট গুণমানের জল সরবরাহ নিশ্চিত করতে কার্যকর পর্যবেক্ষণ ব্যবস্থা থাকতে হবে।

### 1.14.1 তৃতীয় পক্ষের পরিদর্শন সংস্থা দ্বারা পর্যবেক্ষণ

জে জে এম নির্দেশিকার অধ্যায় 6 অনুসারে, উন্নতমানের কাজ সম্পাদন নিশ্চিত করনের জন্য জে জে এম-এর অধীনে সম্পাদিত সমস্ত কাজের জন্য ঠিকাদারদের অর্থ প্রদানের আগে তৃতীয় পক্ষের পরিদর্শন এবং শংসাপত্র বাধ্যতামূলক ছিল। সংস্থাগুলির দ্বারা সম্পাদিত কাজের মান, নির্মাণের জন্য ব্যবহৃত উপকরণের গুণমান এবং প্রতিটি প্রকল্পে ইনস্টল করা যন্ত্রপাতির গুণমান পরীক্ষা করার জন্য এস ডব্লিউ এস এম দ্বারা তৃতীয় পক্ষ পরিদর্শন সংস্থা (টি পি আই এ) গুলিকে নিয়োগ করা হয়।

জে জে এম 2020 সালের জুলাই মাসে রাজ্যে চালু হয়েছিল। যদিও, 22 টি জেলার জন্য টি পি আই এ গুলি কেবল জুন 2022 এবং জানুয়ারী 2023-এ নিযুক্ত করা হয়। 2019-22 সালে রাজ্যে জে জে এম-এর আওতায় আবাসস্থলে জল পৌঁছে দেওয়ার জন্য 4,811.07 কোটি টাকা ব্যয় হয়েছে। সুতরাং, টি পি আই এ-এর নিয়োগে বিলম্বের কারণে, টি পি আই এ দ্বারা নিয়মমাফিক চেকিং ছাড়াই 4,811.07 কোটি টাকা প্রদান করা হয়েছিল।

তিনটি নির্বাচিত গ্রামে[69] নিরীক্ষা দ্বারা দপ্তরীয় কর্মকর্তাদের সাথে যৌথভাবে কার্যস্থল পরিদর্শনের সময় (জুলাই 2024) এফ এইচ টি সি গুলির নিম্নমানের কাজ যেমন নতুন ইনস্টল করা ট্যাপগুলিতে মরিচা ধরা, মাটির উপর পাইপলাইন স্থাপন, বাড়িতে জলের সংযোগের পাইপের সাথে কল সংযুক্ত না করা ইত্যাদি দেখা যায় যেখানে টি পি আই এ নিযুক্ত হওয়ার আগে এফ এইচ টি সি র কাজ শেষ হয়।

## 1.14.2 পর্যবেক্ষণে প্রযুক্তির ব্যবহার

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 8.4 অনুসারে, স্মার্ট প্রযুক্তির আবির্ভাবের সাথে, ইন্টারনেট অফ থিংস (আই ও টি)[70], জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জি আই এস) সফ্টওয়্যার ইত্যাদি ব্যবহার করে রিয়েল-টাইমে জল সরবরাহ প্রকল্পগুলির কেন্দ্রীভূত এবং অবিচ্ছিন্ন পর্যবেক্ষণ করা সম্ভব। ডেটা অ্যানালিটিক্সের ব্যবহার গ্রামাঞ্চল থেকে সংগৃহীত তথ্য বিশ্লেষণ সক্ষম করবে এবং স্মার্ট ম্যানেজমেন্ট এবং আরও ভালো পরিষেবার জন্য ইউটিলিটিগুলি দ্বারা বিভিন্ন উদ্দেশ্যে ব্যবহার করা হবে।

ছয়টি নির্বাচিত জেলার নথি পরীক্ষা করে দেখা যায় যে 2022-23 সালে রাজ্য স্তরের প্রকল্প অনুমোদন কমিটি (এস এল এস এস সি) দ্বারা আনুমানিক 26.51 কোটি টাকা ব্যয়ে তিনটি জেলার[71] 106টি প্রকল্প আই ও টি সিস্টেম/ডিভাইস ইনস্টল করার কাজ অনুমোদিত হয়েছিল। তবে, সেপ্টেম্বর 2024 পর্যন্ত, তিনটি জেলার কোনওটিতেই এই জাতীয় আই ও টি কাজ হয়নি। সুতরাং, কোনও আই ও টি প্রকল্প না থাকায়, রিয়েল-টাইমে সম্পূর্ণ এবং অবিচ্ছিন্ন পর্যবেক্ষণ করা যায়নি।

দপ্তর (মার্চ 2025) জানায় যে, 220.39 কোটি টাকা ব্যয়ে 853টি আই ও টি প্রকল্প এস এল এস এস সি দ্বারা অনুমোদিত হয়েছে এবং পি ডব্লিউ এস এস চালু হওয়ার পর তার কাজ শুরু করা হবে। দপ্তরের জবাব গ্রহণযোগ্য নয়, কারণ আই ও টি-ভিত্তিক পর্যবেক্ষণের উদ্দেশ্য হল পরিষেবা প্রদানের গুণমান নিশ্চিতকরণ, দায়বদ্ধতা এবং স্থায়িত্ব নিশ্চিত করার জন্য একটি অবিচ্ছেদ্য নজরদারি ব্যবস্থা হিসাবে কাজ করা।

***সুপারিশ 7: জল সরবরাহ প্রকল্পগুলির রিয়েল টাইম পর্যবেক্ষণের জন্য দপ্তরকে সমস্ত অনুমোদিত আই ও টি ভিত্তিক প্রকল্পগুলি যত দ্রুত সম্ভব সম্পন্ন করতে হবে।***

## 1.14.3 ইন্টিগ্রেটেড ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম

জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে, জলশক্তি মন্ত্রক, জি ও আই দ্বারা জল জীবন মিশন সম্পর্কিত তথ্য সংগ্রহ করার জন্য একটি স্বতন্ত্র জে জে এম-আই এম আই এস গঠন করা হয়। জে জে এম-আই এম আই এস সমস্ত প্রকল্পগুলির বাস্তব এবং আর্থিক অগ্রগতির ওপর নজরদারির জন্য ব্যবহার করা হয়েছিল। রাজ্যগুলির বাস্তবিক অগ্রগতি, ব্যয়, সম্পদের জি ও-ট্যাগিং, প্রকল্পের কার্যকারিতার অবস্থা ইত্যাদি সম্পর্কিত রাজ্যগুলির তথ্য জে জে এম-আই এম আই এস-এ সংগ্রহ করা এবং জনসাধারণের আয়ত্তের মধ্যে রাখার বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন ছিল। এস ডব্লিউ এস এম-এর কার্যনির্বাহী কমিটি নিশ্চিত করবে যে জে জে এম-এর বাস্তবিক এবং আর্থিক অগ্রগতি সম্পর্কিত তথ্য নিয়মিত জে জে এম-আই এম আই এস পোর্টালে আপডেট করা হচ্ছে এবং তার সত্যতা যাচাই করা হচ্ছে।

---

69 *জুরান্টি চা বাগান, ইয়ংটং চা বাগান, যোগেশচন্দ্র চা বাগান।*

70 *এই সেন্সর-ভিত্তিক নজরদারি ব্যবস্থা গ্রাম ও জনবসতিতে নির্দিষ্ট সময় অন্তর জল সরবরাহ, জলের পরিমাণে এবং গুণমান নির্ধারণ করবে।*

71 *মুর্শিদাবাদ, জলপাইগুড়ি এবং বাঁকুড়া।*

যদিও, নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে জে জে এম-আই এম আই এস ডেটা এবং নির্বাচিত জেলাগুলিরর পাশাপাশি পি এইচ ই ডি-এর দেওয়া তথ্যের মধ্যে পার্থক্য রয়েছে। এই ধরনের অসঙ্গতির কিছু উদাহরণ **সারণী 1.13**-এ বিশদে দেওয়া হল।

**সারণী 1.13: জে জে এম-আই এম আই এস তথ্য এবং নিরীক্ষিত ইউনিট দ্বারা প্রদত্ত তথ্যের মধ্যে পার্থক্য**

| নিরীক্ষিত ইউনিট | জে জে এম-আই এম আই এস অনুযায়ী তথ্য | নিরীক্ষিত ইউনিট অনুযায়ী তথ্য |
|---|---|---|
| পি এইচ ই ডি | 01 এপ্রিল 2019 পর্যন্ত রাজ্যের জন্য কেন্দ্রের অংশের প্রাথমিক পরিমান ছিল 760.82 কোটি টাকা (জে জে এম-আই এম আই এস-এর রিপোর্ট ডি 1) | প্রধান বাস্তুকার (সদর দপ্তর), পি এইচ ই ডি জানায় যে 01 এপ্রিল 2019 পর্যন্ত কেন্দ্রের অংশের প্রাথমিক পরিমান ছিল 860.20 কোটি টাকা |
| উত্তরাঞ্চলীয় মেকানিক্যাল বিভাগ (পি এইচ ই ডি) | 13 টি আই ও টি প্রকল্প ডিসেম্বর 2022 সালে এস এল এস এস সি দ্বারা আনুমানিক 5.20 কোটি টাকা ব্যয়ে অনুমোদিত হয় যার নিরিখে 11 সেপ্টেম্বর 2023-এ কার্যাদেশ জারি করা হয় | আই ও টি প্রকল্প সম্পর্কিত কোনও কার্যাদেশ বিভাগ দ্বারা জারি করা হয়নি। এমনকি 05 ডিসেম্বর 2022-এ কোনও এস এল এস এস সি সভা অনুষ্ঠিত হয়নি |
| বাঁকুড়া মেকানিক্যাল বিভাগ (পি এইচ ই ডি) | 2022 সালের নভেম্বরে এস এল এস এস সি দ্বারা আনুমানিক 80.94 লক্ষ টাকা ব্যয়ে তিনটি আই ও টি প্রকল্প অনুমোদিত হয়েছিল যার নিরিখে জুলাই এবং আগস্ট 2023-এ কার্যাদেশ জারি করা হয়েছে | আই ও টি প্রকল্পগুলির জন্য বিভাগ থেকে কোনও কার্যাদেশ জারি করা হয়নি |
| | এস এল এস এস সি দ্বারা অনুমোদিত 71.59 কোটি টাকার আনুমানিক ব্যয়ে 186 টি মিনি পি ডব্লিউ এস প্রকল্পের জন্য কার্যাদেশের পরিপ্রেক্ষিতে আগস্ট 2022 এবং মার্চ 2023 এ কার্যাদেশ জারি করা হয়েছিল | মিনি পি ডব্লিউ এস প্রকল্পের জন্য বিভাগ থেকে কোনও কার্যাদেশ জারি করা হয়নি |
| বাঁকুড়া বিভাগ (পি এইচ ই ডি) | বাঁকুড়া বিভাগ 225 টি মিনি পি ডব্লিউ এস প্রকল্পের কাজ নেয় | বিভাগ 431 টি মিনি পি ডব্লিউ এস এস প্রকল্পের কাজ নেয় |
| | আগস্ট 2024 সালে বাঁকুড়া জেলার হর ঘর জল ঘোষিত খাপময়না গ্রামে 48 টি এফ এইচ টি সি সরবরাহ করা হয়েছে | ওই গ্রামে প্রকৃত এফ এইচ টি সি সরবরাহের সংখ্যা ছিল 71 |
| জলপাইগুড়ি বিভাগ (পি এইচ ই ডি) | 16 জুন 2024-এ জলপাইগুড়ি জেলার হর ঘর জল যোগেশ চন্দ্র চা বাগান গ্রামে 1,203 টি এফ এইচ টি সি সরবরাহ করা হয়েছে | 20 অক্টোবর 2023 পর্যন্ত সেই গ্রামে প্রকৃত এফ এইচ টি সি প্রদত্ত সংখ্যা ছিল 1,532 |
| বর্ধমান বিভাগ (পি এইচ ই ডি) | জুলাই 2024 সালে রায়ান ওয়াটার সাপ্লাই স্কিমের অধীনে 5,159 টি এফ এইচ টি সি সরবরাহ করা হয়েছে | রায়ান পি ডব্লিউ এস এস-এর অধীনে প্রকৃত এফ এইচ টি সি-এর সংখ্যা ছিল 4,394 |
| তমলুক বিভাগ, (পি এইচ ই ডি) | জুন 2024 সালে পূর্ব মেদিনীপুর জেলার হাবিচাক জল সরবরাহ প্রকল্পে 2,488 টি এফ এইচ টি সি সরবরাহ করা হয়েছে | জুন 2024 সালে হাবিচাক জল সরবরাহ প্রকল্পের অধীনে প্রকৃত এফ এইচ টি সি সরবরাহ করা হয়েছিল 2,543 |
| পি এম ইউ, ডব্লিউ বি পি ডব্লিউ এস পি (পুরুলিয়া) | পি এম ইউ পুরুলিয়া দ্বারা "বড়বাজার নলবাহিত জল সরবরাহ প্রকল্পের বাদ পড়া মৌজাগুলির" জন্য জে জে এম-আই এম আই এস-এ 23.21 কোটি টাকা ব্যয় ধার্য্য করা হয়েছিল (ফেব্রুয়ারি 2024) | এর জন্য ইউনিটের প্রকৃত ব্যয় ছিল 3.70 কোটি টাকা (ফেব্রুয়ারী 2024) |

**সারণী 1.13** থেকে এটি দেখা যায় যে জে জে এম-আই এম আই এস তথ্য এবং পি এইচ ই ডি তথ্যের মধ্যে বেশ কয়েকটি পার্থক্য ছিল।

দপ্তর জানায় (মার্চ 2025) যে এখন জে জে এম-আই এম আই এস-এ একটি রাজ্য স্তরের অনুমোদন চালু করা হয়েছে এবং ত্রুটি হ্রাস করার জন্য বিভাগ দ্বারা এন্টার করা প্রতিটি প্রকল্প

রাজ্য পর্যায়ে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা হয়। তবে, আই এম আই এস-এ ইতিমধ্যেই যে তথ্য দেওয়া হয়েছে তা সংশোধন করার বিষয়ে দপ্তর নীরব ছিল।

***সুপারিশ 8: দপ্তরকে জে জে এম-আই এম আই এস পোর্টালে তথ্য জমা দেওয়ার আগে তা বৈধকরণের জন্য একটি যথাযথ ব্যবস্থা গঠন করা উচিত।***

### 1.14.4 সামাজিক নিরীক্ষা

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 5.4 অনুযায়ী গ্রাম পঞ্চায়েত/ভি ডব্লিউ এস সি কর্তৃক জল জীবন মিশন প্রকল্পগুলির সামাজিক নিরীক্ষা করতে হবে। সামাজিক নিরীক্ষা একটি প্রোগ্রামের ঘাটতিগুলি সনাক্ত করতে সহায়তা করে এবং সময়মতো সংশোধনের সুযোগ করে দেয়।

2019-24 সময়কালে, পরিবারগুলিতে সুপেয় জল সরবরাহের জন্য রাজ্য দ্বারা জে জে এম-এর জন্য 21,119.48 কোটি টাকা ব্যয় করা হয়। নিরীক্ষা আরও পর্যবেক্ষণ করে যে নমুনা পরীক্ষিত ছয়টি জেলার কোনওটিতেই জি পি দ্বারা সামাজিক নিরীক্ষা করা হয়নি। ফলস্বরূপ, স্বাস্থ্যবিধি, জনসম্প্রদায়ের অংশগ্রহণ এবং কর্মসূচির কার্যকারিতা উন্নত করে প্রভাবিত করার বিষয়টি নিশ্চিত করা যায়নি। নিরীক্ষা পর্যবেক্ষণে সহমত হয়ে, দপ্তর (মার্চ 2025) জানায় যে এখন থেকে সামাজিক নিরীক্ষার সহায়তা করার জন্য জি পি দের নিযুক্ত করা হবে।

***সুপারিশ 9: পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সহযোগিতায় দপ্তরের উচিত জি পি দের সমাপ্ত প্রকল্পগুলির সামাজিক নিরীক্ষা সম্পাদনে উৎসাহিত ও সহায়তা করা।***

## 1.15 মূল স্টেকহোল্ডার এবং প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া

জে জে এম নির্দেশিকার অধ্যায় 5-এ বিভিন্ন সংগঠন/সংস্থা/কার্যালয়ের কার্যকারিতা, ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে বিশদভাবে বর্ণিত আছে। পানীয় জল পরিষেবার কার্যকর পরিকল্পনা ও বাস্তবায়নে রাজ্য/জেলা/জি পি স্তরে সংশ্লিষ্ট সংস্থা বা স্টেকহোল্ডারদের অংশগ্রহণের উল্লেখ করে। মূল স্টেকহোল্ডারদের কার্যকারিতা/অংশগ্রহণে লক্ষ্য করা ত্রুটিগুলি পরবর্তী অনুচ্ছেদগুলিতে আলোচনা করা হয়েছে।

### 1.15.1 রাজ্য জল ও স্বাস্থ্যবিধি মিশন

সমন্বয়, সমকেন্দ্রিকতা এবং নীতি নির্দেশিকার জন্য রাজ্য জল ও স্বাস্থ্যবিধি মিশন (এস ডব্লিউ এস এম)-এর ধারণাটি চালু করা হয়েছিল। রাজ্যে 2004-এর জুলাই মাসে মুখ্য সচিবের নেতৃত্বে এস ডব্লিউ এস এম গঠন করা হয়। জুলাই 2020-এ রাজ্যে জে জে এম চালু হওয়ার পরে, পি এইচ ই ডি এস ডব্লিউ এস এম-এর পুনর্গঠন করে (অক্টোবর 2020) রাজ্যে জে জে এম বাস্তবায়নের জন্য। এর নেতৃত্বে ছিলেন মুখ্য সচিব, জি ও ডব্লিউ বি, চেয়ারম্যান হিসাবে এবং আরও 16 জন সহকারী সদস্য[72]।

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 5.2 অনুসারে, এস ডব্লিউ এস এম-এর শীর্ষ কমিটির বছরে কমপক্ষে দু'বার বৈঠক করার বাধ্যবাধকতা ছিল, অর্থাৎ অক্টোবর 2020 থেকে মার্চ 2024-এর মধ্যে কমপক্ষে সাতটি মিটিং আহ্বানার করার কথা ছিল। এটি লক্ষ্য করা যায় যে কমিটি এই সময়ের মধ্যে পাঁচটি মিটিং[73] (71 শতাংশ) করে।

*[72] পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরের অতিরিক্ত মুখ্যসচিব/প্রধান সচিব/সচিব, ভারত সরকারের একজন প্রতিনিধি এবং তিনজন বিশেষজ্ঞ/বিশিষ্ট ব্যক্তি।*

*[73] 17.11.2020-এ প্রথম মিটিং, 15.03.2022-এ দ্বিতীয় মিটিং, 25.07.2022-এ তৃতীয় মিটিং, 30.08.2022-এ চতুর্থ মিটিং এবং 27.01.2024-এ পঞ্চম মিটিং আহ্বান করা হয়।*

নিরীক্ষায় পর্যবেক্ষণ করা হয় যে এস ডব্লিউ এস এম তার কার্য সম্পাদন করছে না যার বিবরণ নীচে দেওয়া হল:

i. অ্যাপেক্স কমিটির কোনও মিটিং-এ এস এ পি/ডি এ পি প্রনয়ন বা চূড়ান্ত করার বিষয়ে কোনও আলোচনা হয়নি।

ii. এস ডব্লিউ এস এম জল সরবরাহ প্রকল্পের আন্তঃজেলা এবং গ্রামের অভ্যন্তরীণ পরিকাঠামোর জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়ার উদ্দেশ্যে ডি ডব্লিউ এস এম-কে ক্ষমতা হস্তান্তর করেনি। ফলস্বরূপ, ডি ডব্লিউ এস এম জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে তার কার্য সম্পাদন করতে অক্ষম ছিল।

iii. এস ডব্লিউ এস এম জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে গ্রামীন পরিকাঠামো পরিচালনার জন্য জি পি/জি পি-এর সাব-কমিটিকে ক্ষমতা দেয়নি।

iv. এস ডব্লিউ এস এম কোনও ও এন্ড এম নীতি তৈরি করেনি এবং জল জীবন মিশনের আওতায় জি পি/ভি ডব্লিউ এস সি দ্বারা জল সরবরাহ প্রকল্পের পর্যবেক্ষণ এবং রক্ষনাবেক্ষণ-এর জন্যও কোনো নীতি তৈরি করেনি। ফলস্বরূপ, ও এন্ড এম-এর জন্য জি পি/ভি ডব্লিউ এস সি-এর হাতে প্রকল্পগুলি হস্তান্তর করা হয়নি এবং পি এইচ ই ডি-কে রাজ্য তহবিল থেকে প্রকল্পগুলি রক্ষণাবেক্ষণ করতে হয়েছিল।

v. ব্যবহারকারী/সুবিধাপ্রাপকদের কাছ থেকে রাজস্বের ক্রমাগত ক্ষতি বন্ধ করার জন্য অননুমোদিত/মিটারবিহীন/হিসাববর্হিভূত সংযোগগুলি পরীক্ষা করার জন্য এস ডব্লিউ এস এম কোনও নীতি তৈরি করেনি।

### 1.15.2 জেলা জল ও স্বাস্থ্যবিধি মিশন (ডি ডব্লিউ এস এম)

জেলা পরিষদের সভাধিপতির তত্ত্বাবধানে জেলা স্তরে একটি জেলা জল ও স্বাস্থ্যবিধি মিশন (ডি ডব্লিউ এস এম) গঠন করা হবে এবং *জেলা পরিষদের* তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ এবং নির্দেশনায় তার কাজ করার কথা ছিল। ডি ডব্লিউ এস এম একটি জেলায় জে জে এম-এর সামগ্রিক বাস্তবায়নের জন্য দায়বদ্ধ ছিল। নিম্নলিখিতগুলি বিবেচনা করতে মাস্থলি মিটিং আহ্বান করতে হবে।

i. গ্রামের জল সরবরাহ পরিকাঠামোর প্রশাসনিক অনুমোদন বিবেচনা ও মঞ্জুর করা,

ii. গ্রামের জলের উৎসগুলির সুরক্ষা ও সংরক্ষনের পরিকল্পনা, নোংরা জল ব্যবস্থাপনা, উৎসগুলি দূষিত হওয়া থেকে রোধ করা ইত্যাদি।

প্রতি বছর, জেলা বার্ষিক কর্মপরিকল্পনা প্রস্তুত করার জন্য, সাংসদ/বিধায়কদের মতো জনপ্রতিনিধিদের মতামত ডি ডব্লিউ এস এম-কে বিবেচনা করতে হবে।

পি এইচ ই ডি, অক্টোবর 2020-তে 22 টি ডি ডব্লিউ এস এম[74]-এর সবকটিই পুনর্গঠনের বিষয়ে বিজ্ঞপ্তি জারি করে (অক্টোবর 2020)। নিরীক্ষায় ডি ডব্লিউ এস এম-এর কার্যকারিতার ক্ষেত্রে নিম্নলিখিত ত্রুটিগুলি পর্যবেক্ষণ করা হয়েছে:

i. প্রতিটি ডি ডব্লিউ এস এম-এর 41 টি মাস্থলি মিটিংয়ের লক্ষ্যমাত্রার সাপেক্ষে, নভেম্বর 2020 থেকে মার্চ 2024-এই সময়কালে নির্বাচিত ছয়টি জেলায় মাত্র দুটি থেকে 12 টি মিটিং হয়েছিল। সুতরাং, নির্বাচিত জেলাগুলিতে ডি ডব্লিউ এস এম-এর মিটিং আহ্বানের আয়োজনে বিশাল ঘাটতি (71 শতাংশ থেকে 95 শতাংশ) ছিল।

[74] *জেলা পরিষদের সভাধিপতি, ডি ডব্লিউ এস এম-এর চেয়ারম্যান হিসাবে, জেলা শাসক ভাইস চেয়ারম্যান হিসাবে, কর্মাধক্ষ, জনস্বাস্থ্য-ও-পরিবেশ স্থায়ী সমিতি, জেলা পরিষদ সদস্য হিসাবে এবং জেলার বিভিন্ন দপ্তরীয় কার্যালয়ের প্রতিনিধিত্বকারী অন্যান্য 14 জন সদস্য।*

ii. এফ এইচ টি সি গুলির জন্য ডি ডব্লিউ এস এম-এর পক্ষ থেকে প্রতিটি গ্রামের স্টক নেওয়ার পরে ভি এ পি-এর প্রস্তুতির নিশ্চিত করার কথা ছিল। ছয়টি জেলার নির্বাচিত 24 টি গ্রামের ভি এ পি-এর পুঙ্খানুপুঙ্খ তদন্তে দেখা যায় যে ভি এ পি গুলি ডি ডব্লিউ এস এম দ্বারা অনুমোদিত ছিল না।

iii. মার্চ 2024-এর মধ্যে প্রতিটি গ্রামীণ পরিবারকে এফ এইচ টি সি সরবরাহ করার জন্য ডি ডব্লিউ এস এম-এর পক্ষ থেকে একটি জেলা কর্ম পরিকল্পনা (ডি এ পি) চূড়ান্ত করার কথা ছিল। নিরীক্ষায় পর্যবেক্ষণ করা হয় যে নির্বাচিত জেলাগুলির ডি এ পি গুলি ডি ডব্লিউ এস এম দ্বারা অনুমোদিত করা হয়নি।

iv. এস ডব্লিউ এস এম-এর দেওয়া ক্ষমতার বলে জেলাস্তরে গ্রামে জল সরবরাহ প্রকল্প/প্রকল্পগুলির প্রশাসনিক অনুমোদন দেওয়ার কথা ছিল। নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে এস ডব্লিউ এস এম ডি ডব্লিউ এস এম-কে এই জাতীয় কোনও ক্ষমতা হস্তান্তর করেনি। ফলস্বরূপ, ডি ডব্লিউ এস এম জেলাস্তরে গ্রামে জল সরবরাহ প্রকল্প/প্রকল্পগুলি অনুমোদন করতে পারেনি। ফলে, পি এইচ ই ডি জেলা থেকে কোনও মতামত না নিয়েই জল সরবরাহ প্রকল্পগুলি বাস্তবায়ন করছে।

v. ডি ডব্লিউ এস এম গুলি জল জীবন মিশনের নির্দেশিকাগুলিতে বর্ণিত জল সম্পর্কিত সমস্যাগুলি সমাধানের জন্য গ্রাম পঞ্চায়েত স্তরে কোনও অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা তৈরি করতে পারেনি।

সুতরাং, এটি স্পষ্ট ছিল যে জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে ডি ডব্লিউ এস এম-কে তার কার্যাবলী সম্পাদনের জন্য কোনও প্রশাসনিক ক্ষমতা দেওয়া হয়নি এবং ডি ডব্লিউ এস এম-এর বেশিরভাগ কাজগুলি পি এইচ ই ডি দ্বারা কেন্দ্রীয়ভাবে সম্পাদন করা হয়।

### 1.15.3 গ্রামীন জল ও স্বাস্থ্যবিধি কমিটি

জে জে এম নির্দেশিকার অনুচ্ছেদ 5.4 অনুসারে, জনসম্প্রদায় গ্রামের জল সরবরাহ পরিকাঠামোর পরিকল্পনা, বাস্তবায়ন, ব্যবস্থাপনা, পরিচালনা এবং রক্ষণাবেক্ষণে অগ্রণী ভূমিকা পালন করবে যার ফলে গ্রামীণ জল ও স্বাস্থ্যবিধি কমিটি (ভি ডব্লিউ এস সি)-এর মাধ্যমে প্রতিটি গ্রামীণ পরিবারে এফ এইচ টি সি সরবরাহ করা হবে।

নিরীক্ষায় ছয়টি নির্বাচিত জেলায় ওয়ার্কিং ডিভিশনের নথিগুলির পুঙ্খানুপুঙ্খ তদন্তে, 24 টি নির্বাচিত গ্রামে সুবিধাপ্রপকদের জিজ্ঞাসাবাদ করে এবং 21 টি জি পি-র ফোকাসড গ্রুপ ডিসকাশন (এফ জি ডি)-এর ভিত্তিতে দেখা যায় যে, ভি ডব্লিউ এস সি গুলি গ্রামের জল সরবরাহ প্রকল্পগুলির পরিকল্পনা, নকশা, বাস্তবায়ন এবং ও এন্ড এম-এর সাথে জড়িত ছিল না কারণ এস ডব্লিউ এস এম জেলার ভিতর এবং গ্রামে জল সরবরাহ প্রকল্পের সমস্ত পরিকাঠামোর জন্য প্রশাসনিক অনুমোদন দেওয়ার জন্য ডি ডব্লিউ এস এম/ভি ডব্লিউ এস সি-কে ক্ষমতা দেয়নি, গ্রামের সমস্ত পরিকাঠামো পি এইচ ই ডি দ্বারা তৈরি করা হয়।

দপ্তর জানায় (মার্চ 2025) যে সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে পি ডব্লিউ এস এস গুলির দপ্তর দ্বারা রক্ষণাবেক্ষণ করা হবে। উত্তরটি গ্রহণযোগ্য নয় কারণ পি ডব্লিউ এস এস জল জীবন মিশনের নির্দেশিকা অনুসারে জি পি/ভি ডব্লিউ এস সি দের রক্ষণাবেক্ষণ করা উচিত।

***সুপারিশ 10: জে জে এম নির্দেশিকা অনুসারে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (এস ডব্লিউ এস এম, ডি ডব্লিউ এস এম এবং ভি ডব্লিউ এস সি) কার্যকর করার জন্য দপ্তরের পদক্ষেপ নেওয়া উচিত।***

## 1.16 উপসংহার

জে জে এম-এর মার্চ 2024-এ সমস্ত গ্রামীণ পরিবারে এফ এইচ টি সি প্রদানের লক্ষ্য মার্চ 2024-র মধ্যে রাজ্য পূরন করতে পারেনি। বার্ষিক লক্ষ্যমাত্রা অনেকাংশে অপূর্ণ রয়ে গেছে। গুণমান প্রভাবিত এবং জে ই-এ ই এস জেলাগুলিতে জল সরবরাহের অপ্রতুলতা এবং বিদ্যালয় ও অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির একটি উল্লেখযোগ্য অংশে পানীয় জল সরবরাহ অব্যাহত রয়েছে। প্রকল্প শুরুতে বিলম্ব, পরিকল্পনা ও ডি পি আর তৈরিতে খামতি, উৎসের যথাযথ মূল্যায়ন না করা এবং সম্প্রসারনের কাজ ধীরে সম্পন্ন হওয়ায় কারনে ঘাটতি দেখা দিয়েছে। ফলস্বরূপ, সমস্ত গ্রামীণ পরিবার এবং প্রতিষ্ঠানগুলিতে নিরাপদ, পর্যাপ্ত এবং নিয়মিত জল সরবরাহ নিশ্চিত করার উদ্দেশ্য অসফল থেকে গেছে, যার ফলে জনসংখ্যার একটি বড় অংশের স্বাস্থ্য সম্পর্কিত বিপদের আশঙ্কা রয়েছে।

রাজ্যে জল জীবন মিশনের পরিকল্পনা অপর্যাপ্ত ছিল এবং প্রকল্পের নির্দেশিকা অনুসারে ছিল না। গ্রামীন কর্ম পরিকল্পনা বিলম্বিত হয়েছিল। জেলা কর্ম পরিকল্পনাও প্রস্তুত করা হয়নি, গ্রাম এবং জেলার প্রয়োজনীয়তা বিচার না করেই রাজ্য কর্ম পরিকল্পনা তৈরি করা ত্রূটিপুর্ণ ছিল।

রাজ্যে জে জে এম-এর কাজ বাস্তবায়নে অধিক বিলম্ব, দুর্বল পরিকল্পনা এবং দুর্বল রূপায়ণের কারণে ক্ষতিগ্রস্থ হয়েছে। 2024 সালের ডিসেম্বরের মধ্যে অনুমোদিত প্রকল্পগুলির মাত্র 14.73 শতাংশ সম্পন্ন হয়েছে, যখন উৎসগুলির পর্যাপ্ততা মূল্যায়ন না করেই রেট্রোফিটিং করা হয়েছিল।

জল জীবন মিশনের আওতায় প্রকল্প পরবর্তী ব্যবস্থাপনায় ঘাটতি ছিল কারন সম্পূর্ণ প্রকল্পগুলি জি পি/ভি ডব্লিউ এস সি-এর হাতে হস্তান্তর করা হয়নি, ইউজার চার্জ নেওয়া হয়নি, যার ফলে রক্ষণাবেক্ষণে ঘাটতি দেখা গেছে।

জল জীবন মিশনের আওতায় জলের গুণমান পর্যবেক্ষণ অপর্যাপ্ত ছিল এবং রাজ্যের পরীক্ষাগারগুলিতে স্বীকৃতি, পরিকাঠামো এবং মানব সম্পদের অভাব ছিল। এফ টি কে-এর মাধ্যমে জনসম্প্রদায়ের নজরদারিও অকার্যকর ছিল। আর্সেনিক, ফ্লোরাইড ইত্যাদি দ্বারা উল্লেখযোগ্য দূষণ এবং খারাপ ক্লোরিনেশন পদ্ধতির ফলে গ্রামীণ পরিবারগুলি দূষিত পানীয় জলের সংস্পর্শে এসেছে।

জল জীবন মিশনের আওতায় নজরদারি কার্যকর ছিল না এবং নিরীক্ষায় দেখা যায় টি পি আই এ-গুলিকে যুক্ত করতে বিলম্ব, আই ও টি-ভিত্তিক নজরদারির অভাব এবং সামাজিকস্তরে নিরীক্ষার অভাব দেখা গেছে, যা পারদর্শিতা এবং জবাবদিহিতাকে দুর্বল করে।

# দ্বিতীয় অধ্যায়

## আর টি ও এবং এস টি এ গুলির কার্যকারিতা সম্পর্কিত বিষয় ভিত্তিক মান্যতাবিষয়ক নিরীক্ষা

# দ্বিতীয় অধ্যায়

## পরিবহন দপ্তর

## 2 আর টি ও এবং এস টি এ গুলির কার্যকারিতা সম্পর্কিত বিষয় ভিত্তিক মান্যতাবিষয়ক নিরীক্ষা

### 2.1 ভূমিকা

পশ্চিমবঙ্গ সরকারের পরিবহন দপ্তর সড়ক পরিবহন সম্পর্কিত বিস্তৃত পরিসরের জনসেবা প্রদানের জন্য দায়ী। এর কাজগুলির মধ্যে রয়েছে ড্রাইভিং লাইসেন্স প্রদান, মোটরযান নিবন্ধন, যাত্রী ও পণ্য পরিবহনের জন্য পারমিট প্রদান। এটি এই পরিষেবাগুলির সাথে সম্পর্কিত মাশুল, কর এবং চার্জের মাধ্যমে রাজস্ব সংগ্রহ করে, যা রাজ্যের আর্থিক সম্পদে অবদান রাখে।

মোটরযান আইন, 1988-এর অধীনে পরিকল্পিত প্রধান নিয়ন্ত্রক কাজকর্ম এবং রাজ্য আইনের অধীনে পরিকল্পিত কর আদায়ের ক্ষমতা পশ্চিমবঙ্গ সরকারের পরিবহন দপ্তরের পরিবহন অধিকার-এর অধীনে কর্মরত আঞ্চলিক পরিবহন কার্যালয় (আর টি ও) এবং অতিরিক্ত আঞ্চলিক পরিবহন কার্যালয় (এ আর টি ও) দ্বারা বাস্তবায়িত হয়েছিল।

31 মার্চ 2024 পর্যন্ত পরিবহন দপ্তরের অধীনে 53টি আর টি ও/এ আর টি ও ছিল।

### 2.2 সাংগঠনিক কাঠামো

দপ্তরের সাংগঠনিক কাঠামো **তালিকা 2.1**-এ তুলে ধরা হল।

**তালিকা 2.1: পশ্চিমবঙ্গ পরিবহন দপ্তরের সাংগঠনিক কাঠামো**




### 2.3 দপ্তরের রাজস্ব প্রাপ্তি ও আদায়ের জন্য ব্যয়

পশ্চিমবঙ্গ মোটরযান কর আইন এবং নিয়মের অধীনে প্রদত্ত পরিষেবার জন্য সংগৃহীত মোটরযান কর, সেস এবং বিভিন্ন মাশুল পরিবহন দপ্তরের সামগ্রিক রাজস্ব তৈরি করে। দপ্তরের ব্যয়ের মধ্যে প্রশাসনিক ব্যয়, কর্মীদের বেতন ও ভাতা, পরিকাঠামো নির্মাণের জন্য ব্যয় ইত্যাদি রয়েছে। গত পাঁচ বছরে পরিবহন দপ্তর কর্তৃক সংগৃহীত রাজস্ব এবং ব্যয় **সারণী 2.1**-এ দেখানো হল।

**সারণী 2.1: পশ্চিমবঙ্গ পরিবহণ দপ্তরের আয় ও ব্যয়**

| আর্থিক বছর | রাজস্ব আদায় (খাত 0041) (কোটি টাকায়) | ব্যয় (খাত 2041) (কোটি টাকায়) | আদায়কৃত রাজস্বের শতকরা হিসাবে সংগ্রহের ব্যয়/খরচ |
|---|---|---|---|
| 2019-20 | 2,600.81 | 51.69 | 1.987 |
| 2020-21 | 2,336.33 | 44.58 | 1.908 |
| 2021-22 | 2,647.15 | 45.25 | 1.709 |
| 2022-23 | 3,391.85 | 51.68 | 1.524 |
| 2023-24* | 3,789.85 | 59.37 | 1.567 |

*(উৎস: পশ্চিমবঙ্গ সরকারের সংশ্লিষ্ট বছরের বাজেট প্রকাশনা)*

**সংশোধিত প্রাক্কলিত রাশি*

**সারণী 2.1** থেকে এটি স্পষ্ট যে, 2019-20 আর্থিক বছর থেকে 2023-24 আর্থিক বছর পর্যন্ত দপ্তরের রাজস্ব এবং ব্যয় যথাক্রমে 45.72 এবং 14.86 শতাংশ বৃদ্ধি পেয়েছে।

## 2.4 নিরীক্ষার উদ্দেশ্য

এস এস সি এ-এর উদ্দেশ্যগুলি ছিল এটা মূল্যায়ন করা যে:

- *আর টি ও গণ আইন/নিয়মাবলী অনুযায়ী কার্যকরভাবে লাইসেন্স প্রদান, নবীকরণ এবং বাতিল করেছে কিনা?*
- *আইন/নিয়মাবলী অনুসারে আর টি ও কর্তৃক রেজিস্ট্রেশন, পারমিট এবং ফিটনেস শংসাপত্র প্রদানের মাধ্যমে যানবাহনের নিবন্ধন ও ব্যবহারের উপর নিয়ন্ত্রণ ও নিয়ম বাস্তবায়িত হয়েছে কিনা?*
- *আর টি ও গুলি দক্ষভাবে রাজস্বের নিরূপণ, ধার্য্য, আদায় ও প্রেরণ (আইন/নিয়ম অনুযায়ী কর, জরিমানা, অর্থদন্ড, সেস ইত্যাদি) এবং বকেয়ার উপর উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে কিনা?*
- *মোটরযান আইন/নিয়মাবলী মেনে চলা নিশ্চিত করার জন্য আর টি ও গুলি কার্যকরীভাবে প্রয়োগমূলক কার্যক্রম পরিচালনা করেছে এবং লঙ্ঘন রোধ করার জন্য পর্যাপ্ত পর্যবেক্ষন করেছে কিনা?*
- *স্বচ্ছ ও দক্ষভাবে আদেশ এবং জনসেবা প্রদানের জন্য আর টি ও গুলিতে সঠিক লোকবল, সরঞ্জাম এবং অন্যান্য সম্পদ ঠিকমতো দেওয়া হয়েছিল কিনা?*

## 2.5 নিরীক্ষার মানদণ্ড

নিরীক্ষা মানদণ্ড নিম্নলিখিতগুলি থেকে প্রাপ্ত হয়েছিল:

- মোটরযান আইন (এম ভি এ), 1988;
- কেন্দ্রীয় মোটরযান নিয়মাবলী (সি এম ভি আর), 1989;
- পশ্চিমবঙ্গ মোটরযান নিয়মাবলী (ডব্লিউ বি এম ভি আর), 1989;
- পশ্চিমবঙ্গ মোটরযান কর নিয়মাবলী (ডব্লিউ বি এম ভি টি আর), 1957;
- পশ্চিমবঙ্গ মোটরযান কর আইন (ডব্লিউ বি এম ভি টি এ), 1979;
- পশ্চিমবঙ্গ মোটরযান আইনের উপর অতিরিক্ত কর এবং এককালীন কর (ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ), 1989;
- পশ্চিমবঙ্গ কোষাগার নিয়মাবলী (ডব্লিউ বি টি আর), 2005;

- পশ্চিমবঙ্গ মোটর পরিবহন শ্রমিক কল্যাণ সেস আইন (ডব্লিউ বি এম টি ডব্লিউ ডব্লিউ সি এ), 2010;
- ভারত সরকারের রিজার্ভ ব্যাংক, সড়ক পরিবহন মন্ত্রক, পশ্চিমবঙ্গ সরকারের পরিবহন দপ্তর ইত্যাদি দ্বারা সময়ে সময়ে জারি করা বিজ্ঞপ্তি।

## 2.6 আঞ্চলিক পরিবহন কার্যালয় নির্বাচনের জন্য নমুনা পদ্ধতি

আই ডি ই এ সফটওয়্যারের মাধ্যমে যদৃচ্ছভাবে নমুনা সংগ্রহের মাধ্যমে নিরীক্ষার জন্য 53টি আর টি ও/এ আর টি ও[75]-এর মধ্যে ছয়টি[76]-কে নির্বাচন করা হয়। 2019-24 সময়কালে রাজস্ব আদায়, নিবন্ধিত পরিবহন ও অ-পরিবহণ যানবাহনের সংখ্যা এবং 'ই-বাহন' ও 'ই-সারথি'-এর মাধ্যমে পরিচালিত লেনদেনের সংখ্যার উপর ভিত্তি করে আর টি ও/এ আর টি ও গুলিকে তিনটি বিভাগে (উচ্চ, মাঝারি এবং নিম্ন) বিভক্ত করা হয়েছিল। সাধারনভাবে যদৃচ্ছ নমুনা সংগ্রহের মাধ্যেমে ছয়টি মোটরযান চেকপোষ্ট (এম ভি সি পি)-এর মধ্যে দুটিকে নির্বাচন করা হয়।

## 2.7 নিরীক্ষার পরিধি এবং পদ্ধতি

2024 সালের জুন থেকে অক্টোবরের মধ্যে এস টি এ পশ্চিমবঙ্গ, রাজ্য পরিবহণ আপিল ট্রাইব্যুনাল, পি ভি ডি (জন যান দপ্তর) কলকাতা; আলিপুরদুয়ার, মুর্শিদাবাদ ও পুরুলিয়া-আর টি ও এবং ব্যারাকপুর ও কালনা এ আর টি ও-গুলির কার্যস্থল নিরীক্ষা করা হয়েছিল। এছাড়াও, আর টি ও, মুর্শিদাবাদ এবং কোচবিহারের অধীনে পলসান্ডা ও শ্রীরামপুরের মোটর যান চেক পোস্ট (এম ভি সি পি) নিরীক্ষার জন্য নির্বাচিত করা হয়েছিল। নমুনা সংগৃহীত আর টি ও/এ আর টি ও-এর অধীনে বাছাইকৃত মোটর প্রশিক্ষণ স্কুল, স্বয়ংক্রিয় ধোঁয়া নির্গমন পরীক্ষা কেন্দ্র, যোগ্যতা পরীক্ষা কেন্দ্র, ড্রাইভিং পরীক্ষা কেন্দ্র এবং এম ভি সি পি গুলি নিরীক্ষা দল এবং আর টি ও/এ আর টি ও-এর সদস্যদের সমন্বয়ে গঠিত দল দ্বারা যৌথভাবে পরিদর্শন (জে পি আই) করা হয়েছিল।

বিশেষত পরিষেবা-প্রদান কার্যক্রম (যেমন লাইসেন্স, যানবাহনের নিবন্ধীকরণ, পারমিট প্রদান ইত্যাদি) এবং মাশুল সংগ্রহের দায়িত্ব সম্পর্কিত ক্ষেত্রে 'ই-বাহন'[77] এবং 'ই-সারথি'[78] অ্যাপ্লিকেশনগুলির ব্যাক-এন্ড তথ্য বিশ্লেষণ করা হয়। এছাড়াও, আর টি ও/ ই-বাহন পোর্টাল-এ উপলব্ধ ফ্রন্ট-এন্ড তথ্যও নিরীক্ষার উদ্দেশ্যে ব্যবহৃত হয়েছে।

---

[75] *23টি আর টি ও এবং 30টি এ আর টি ও।*

[76] *পি ভি ডি: কলকাতা, আর টি ও: আলিপুরদুয়ার, মুর্শিদাবাদ ও পুরুলিয়া; এবং এ আর টি ও: ব্যারাকপুর এবং কালনা।*

[77] *সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রক (এম ও আর টি এইচ), জি ও আই 'বাহন' অ্যাপ্লিকেশনটি চালু করেছে। 'বাহন' ই-ট্রান্সপোর্ট মিশন মোড প্রকল্পের অধীনে একটি ফ্ল্যাগশিপ অ্যাপ্লিকেশন, যানবাহন নিবন্ধীকরণ, পারমিট, কর, ফিটনেস এবং সংশ্লিষ্ট প্রক্রিয়া সম্পর্কিত। সর্বশেষ সংস্করণ,ই-বাহন', 02 জুন 2015-এ চালু হয়েছে, এটি একটি কেন্দ্রীভূত, ওয়েব সক্ষম অ্যাপ্লিকেশন, যা সমস্ত আর টি ও, ডিলার, নাগরিক, পরিবহনকারী এবং অন্যান্য বিভিন্ন স্টেকহোল্ডারদের ওয়েব-ভিত্তিক উপলব্ধতাকে সহজতর করে, যখন অ্যাপ্লিকেশনটির কনফিগারেশন যোগ্যতা রাষ্ট্রের নির্দিষ্ট কাস্টমাইজেশনকে সম্ভব করে।*

[78] *সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রক (এম ও আর টি এইচ), জি ও আই 'সারথি' অ্যাপ্লিকেশনটিও চালু করেছিল। ড্রাইভিং লাইসেন্স সম্পর্কিত পরিষেবাগুলির কম্পিউটারাইজেশনের জন্য ই-ট্রান্সপোর্ট মিশন মোড প্রকল্পের অধীনে 'সারথি' একটি ফ্ল্যাগশিপ অ্যাপ্লিকেশন। এটা ড্রাইভিং লাইসেন্স, লার্নার লাইসেন্স, কন্ডাক্টর এবং ড্রাইভিং স্কুল লাইসেন্স আর টি ও গুলিতে এবং পরিবহন দপ্তর কর্তৃক জারি করা বিভিন্ন ধরণের লাইসেন্সের অধীনে সম্পর্কিত পরিষেবাগুলি প্রদানের জন্য একটি ওয়ান-স্টপ সমাধান। সর্বশেষ সংস্করণ, 'ই-সারথি' 02 জুন 2015-এ চালু হয়েছে, এটি একটি ওয়ার্কফ্লো-ভিত্তিক অ্যাপ্লিকেশন যা ওয়েব-ভিত্তিক কেন্দ্রীভূত আকারে উপলব্ধ।*

পরিবহন দপ্তরের সচিবের সাথে নিরীক্ষার উদ্দেশ্য এবং পদ্ধতি নিয়ে আলোচনার জন্য এন্ট্রি কনফারেন্স 16 জুলাই 2024-এ অনুষ্ঠিত হয়। পরিবহন দপ্তরের সচিবের সাথে নিরীক্ষা ফলাফল নিয়ে আলোচনা করার জন্য এক্সিট কনফারেন্স 09 এপ্রিল 2025-এ অনুষ্ঠিত হয়। দপ্তর থেকে প্রাপ্ত উত্তর যথাযথভাবে প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

## নিরীক্ষার ফলাফল

## 2.8 লাইসেন্স প্রদান, নবীকরণ ও বাতিল

### 2.8.1 ড্রাইভিং পরীক্ষার জায়গাগুলির পরিকাঠামো

1988 সালের মোটরযান আইনের অধীনে ড্রাইভিং লাইসেন্স প্রদান এবং নিয়ন্ত্রণ করার আইনি ক্ষমতা লাইসেন্সিং কর্তৃপক্ষ (এল এ)-এর রয়েছে। কেন্দ্রীয় মোটরযান নিয়মাবলী (সি এম ভি আর), 1989-এর নিয়ম 15(3)-তে উল্লিখিত নিয়ম (***পরিশিষ্ট-2.1***) একজন ব্যক্তির যানবাহন চালানোর দক্ষতা পরীক্ষা করে। এল এ-এর কার্যালয়ে পর্যাপ্ত পরিকাঠামো যেমন উঁচু স্থান, ট্র্যাফিক লাইট, টেস্ট ট্র্যাকে ট্র্যাফিক প্রতীক/চিহ্ন, মোটরযান চালানোর জন্য ব্যক্তির দক্ষতা পরীক্ষা করার জন্য পর্যাপ্ত সংখ্যক লেন থাকা উচিত।

তবে, বিভিন্ন ড্রাইভিং কেন্দ্রে (পি ভি ডি-কসবা, আর টি ও-মুর্শিদাবাদ, পুরুলিয়া, আলিপুরদুয়ার, এ আর টি ও-ব্যারাকপুর, কালনা) অবস্থিত পরিকাঠামোগুলি দক্ষতা পরীক্ষা করার জন্য অপর্যাপ্ত বলে মনে হয়েছে কারণ তাদের উঁচু জায়গা, ট্র্যাফিক আলো, টেস্ট ট্র্যাকে ট্র্যাফিক প্রতীক/ চিহ্ন ইত্যাদির অভাব রয়েছে যা নীচের ছবিতে দেখানো হয়েছে:

**চিত্র 2.1 থেকে 2.8: বিভিন্ন ড্রাইভিং কেন্দ্রে পর্যাপ্ত পরিকাঠামোর অভাব দেখায়**



***চিত্র 2.1:* পি ভি ডি, কলকাতার অধীনে পি ভি ডি কসবায়, ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।**



***চিত্র 2.2:* মুর্শিদাবাদ আর টি ও-তে ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।**



***চিত্র 2.3:* পুরুলিয়া আর টি ও-তে ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।**




***চিত্র 2.4:* এ আর টি ও, ব্যারাকপুরে ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।**



***চিত্র 2.5: আলিপুরদুয়ারের আর টি ও-তে ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।***



***চিত্র 2.6: আলিপুরদুয়ারের আর টি ও-তে ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।***




***চিত্র 2.7: এ আর টি ও, কালনায় ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।***




***চিত্র 2.8: এ আর টি ও, কালনায় ড্রাইভিং পরীক্ষাস্থলে উঁচু জায়গা, ট্রাফিক আলো, টেস্ট ট্রাকে ট্রাফিক প্রতীক/চিহ্ন, পর্যাপ্ত সংখ্যক লেন ইত্যাদির অভাব দেখা যাচ্ছে।***

দপ্তরের কর্মকর্তাদের সাথে নিরীক্ষা দল দ্বারা ছয়টি লাইসেন্সিং কর্তৃপক্ষ (এল এ)-এর কার্যালয়ে দক্ষতা পরীক্ষার পরিকাঠামো যৌথভাবে (জুলাই-আগস্ট 2024) পরিদর্শনের সময় সি এম ভি আর, 1989-এ নির্ধারিত নিয়মের লঙ্ঘন ও নিম্নলিখিত ত্রুটিগুলি দেখা গেছে:

- খাড়া ঊর্ধ্বমুখী ঢালে চালকদের গাড়ি থামানো এবং পুনরায় চালু করার ক্ষমতা সঠিকভাবে পরীক্ষা করার জন্য বা নিচের দিকে গাড়ি চালানোর সময় দ্রুত নিম্ন গিয়ারে পরিবর্তন করার জন্য পরীক্ষা করার কোনও পরিকাঠামো ছিল না।
- পরীক্ষার জায়গাগুলিতে ট্র্যাফিক আলো বা ট্র্যাফিক কন্ট্রোলার দিয়ে সজ্জিত করা হয়নি, যা ট্র্যাফিক চিহ্ন, ট্র্যাফিক সঙ্কেত, ট্র্যাফিক নিয়ন্ত্রক/পুলিশদের নির্দেশাবলীর পাশাপাশি রাস্তা ব্যবহারকারী অন্যান্যদের সংকেতগুলির প্রতিক্রিয়া হিসাবে সঠিক এবং তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে আবেদনকারীদের দক্ষতার মূল্যায়ন করার জন্য অপরিহার্য।
- ট্র্যাকগুলিতে পর্যাপ্ত লেন ছিল না যাতে ব্যক্তির ওভারটেক করার, অন্যান্য যানবাহনের কথা মাথায় রেখে নিরাপদে গাড়ি চালানোর এবং রাস্তায় যথাযথ সতর্কতা অবলম্বন করার এবং যথাযথ সংকেত দেওয়ার দক্ষতা পরীক্ষা করা যায়।
- পরীক্ষার জায়গাগুলি কেবল একটি অপর্যাপ্ত আকারের ট্র্যাক/গ্রাউন্ড মার্কিং দিয়ে সজ্জিত ছিল, যা বিভিন্ন শ্রেণির যানবাহন যেমন দ্বি-চাকা, তিন চাকা, হালকা মোটর যানবাহন, পরিবহন যানবাহন ইত্যাদির জন্য প্রয়োজনীয় ড্রাইভিং দক্ষতা কার্যকরিভাবে মূল্যায়ন করার জন্য পর্যাপ্ত ছিল না।
- পি ভি ডি-কলকাতার অধীনে পি ভি ডি, কসবা দ্বারা ব্যবহৃত টেস্ট ট্রাক ছাড়া অনান্য টেস্ট ট্রাকগুলিতে ড্রাইভিং পরীক্ষার ভিডিও রেকর্ডিংয়ের সুবিধা ছিল না।

সুতরাং, ড্রাইভিং টেস্টের জায়গাগুলিতে এই অপর্যাপ্ত পরিকাঠামো আবেদনকারীদের ড্রাইভিং দক্ষতার সঠিক মূল্যায়নকে বাধা দেয়। দক্ষতার যথাযথ পরীক্ষা ছাড়া, যারা গাড়ি চালাতে পুরোপুরি দক্ষ নয় এমন ব্যক্তিদের ড্রাইভিং লাইসেন্স প্রদানের সম্ভাবনা ছিল যা রাস্তায় নির্বিঘ্নে যানবাহন চলাচল এবং জনসাধারণের সুরক্ষাকে প্রভাবিত করে।

পরিবহণ দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) স্থানের সীমাবদ্ধতা এবং পরিকাঠামো উন্নয়নের প্রয়োজনীয়তা স্বীকার করে।

***সুপারিশ 1: আবেদনকারীদের দক্ষতা কার্যকরভাবে মূল্যায়ন করার জন্য সরকারকে ড্রাইভিং পরীক্ষাস্থলগুলিতে পর্যাপ্ত পরিকাঠামোর ব্যবস্থা করতে পারে।***

### 2.8.2 গিয়ার ছাড়া এবং 50 সিসির উপরে ইঞ্জিন ক্ষমতা সম্পন্ন মোটর সাইকেল চালানোর জন্য ড্রাইভিং লাইসেন্স জারি করার ক্ষেত্রে বয়সের মাপকাঠির ম্যাপিং

এম ভি আইন, 1988-এর ধারা 4 অনুযায়ী 18 বছরের কম বয়সী কোনও ব্যক্তি কোনও প্রকাশ্য স্থানে মোটরযান চালাতে পারবেন না, তবে 50 সিসির কম ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল 16 বছর বয়স হওয়ার পরে কোনও ব্যক্তি প্রকাশ্য স্থানে চালাতে পারবেন।

2019-24 সময়কালের 53 টি এল এ-এর 'ই-সারথি'র তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে ড্রাইভিং লাইসেন্স (ডি এল) জারি করার জন্য গিয়ার ছাড়া এবং 50 সিসির বেশি ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল চালানোর ন্যূনতম যোগ্য বয়স 18 বছরের পরিবর্তে 16 বছর হিসাবে ম্যাপ করা হয়েছে। ফলস্বরূপ 46 টি এল এ-তে 50 সিসির বেশি ইঞ্জিন ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল চালানোর জন্য 18 বছরের কম বয়সী 1,271 জন আবেদনকারীকে ডি এল দেওয়া হয়েছে যার মধ্যে নমুনা পরীক্ষিত ছয়টি ইউনিটের মধ্যে পাঁচটি ইউনিটের 480 জন রয়েছে।

18 বছরের কম বয়সীদের ডি এল প্রদান করা কেবল আইনের বিধান লঙ্ঘন করেনি সাথে প্রকাশ্য স্থানে/রাস্তায় চলাচলকারী অন্যান্য ব্যক্তিদের পথ সুরক্ষার সঙ্গে আপস করে। এছাড়াও, এম ভি আইন ও নিয়ম পালন নিশ্চিত না করে ডি এল জারি করা লাইসেন্সিং কর্তৃপক্ষের জন্য আইনী এবং নিয়ন্ত্রণ সংক্রান্ত অভিযোগ জারি হতে পারে।

পরিবহণ দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে সিস্টেমটি উন্নীতকরণের জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে এবং নিশ্চিত করা হয় যে প্রয়োজনীয় সহায়ক নথি সহ বিশদে জানানো হবে। যদিও, বিস্তারিত উত্তর পাওয়া যায়নি (জুলাই 2025)।

### 2.8.3 কন্ডাক্টর লাইসেন্সের মেয়াদ ভুলভাবে ম্যাপ করা

1988 সালের এম ভি আইনের ধারা 14 অনুযায়ী ঝুঁকিপূর্ন বা বিপজ্জনক পণ্য বহনকারী যানবাহনের জন্য তিন বছর এবং এছাড়া পরিবহন যানবাহন চালানোর জন্য ডি এল-এর মেয়াদ/বৈধতা পাঁচ বছর ছিল।

এছাড়াও, আইনের ধারা-36 অনুযায়ী ধারা 14 যেমন কন্ডাক্টর লাইসেন্স[79] (সি এল)-এর ক্ষেত্রে প্রযোজ্য হবে, তেমনি ড্রাইভিং লাইসেন্সের ক্ষেত্রেও প্রযোজ্য।

2019-24 সময়কালের জন্য 'ই-সারথি'-এর তথ্যাবলি বিশ্লেষণ করে দেখা যায় যে এই সময়ের মধ্যে 53 এল এ দ্বারা জারি করা 9,031টি সি এল-এর মেয়াদ পাঁচ বছরের পরিবর্তে তিন বছর

[79] *এম ভি আইন, 1988-এর ধারা 2 অনুসারে কন্ডাক্টর হলেন স্টেজ ক্যারেজ বাসে নিযুক্ত একজন ব্যক্তি যিনি যাত্রীদের কাছ থেকে ভাড়া আদায় করেন, বাসে ওঠা বা নামা নিয়ন্ত্রণ করেন এবং নির্ধারিত অন্যান্য কাজ যেমন টিকিট বুকিং, চালককে নির্দেশনা, যাত্রীদের সঠিক আচরণ পরিচালনা ইত্যাদি করেন।*

ছিল। এর থেকে বোঝা যায় যে 'ই-সারথি' তথ্যভান্ডারে সি এল-এর মেয়াদ ভুলভাবে ম্যাপিং করা ছিল যার ফলে সব ক্ষেত্রেই কম মেয়াদের সি এল জারি করা হয়।

নির্ধারিত সময়ের চেয়ে কম সময়ের জন্য লাইসেন্সের মেয়াদ ঠিক করার ফলে কেবল আইনের বিধানই লঙ্ঘনই হয়নি বরং লাইসেন্স নবীকরণের অকাল প্রয়োনীয়তাও তৈরি করেছে। এই শীঘ্র পুনঃনবীকরণ প্রক্রিয়া লাইসেন্সধারীদের জন্য অসুবিধার তৈরি করে এবং পরীক্ষাকেন্দ্রের উপর অপ্রয়োজনীয় চাপ সৃষ্টি করে।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে সিস্টেমটি উন্নীত করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে এবং ভবিষ্যতে এই ধরনের ত্রুটি এড়ানো হবে।

### 2.8.4 কোনও প্রশিক্ষণ ছাড়াই ই-ঠেলাগাড়ি/ই-রিকশার জন্য ড্রাইভিং লাইসেন্স প্রদান

সি এম ভি আর, 1989-এর নিয়ম 8A অনুযায়ী ই-রিকশা বা ই-ঠেলাগাড়ি চালানোর লাইসেন্স প্রত্যাশী প্রত্যেক আবেদনকারীকে রাজ্য সরকার কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসারে কমপক্ষে দশ দিনের জন্য প্রশিক্ষণ নিতে হবে এবং রাজ্য সরকার কর্তৃক অনুমোদিত যে কোনও প্রতিষ্ঠান থেকে প্রশিক্ষণের শংসাপত্র নিতে হবে। 2019-24 সময়কালের 'ই-সারথি' তথ্যাবলি বিশ্লেষণ করে দেখা যায় যে 33 টি এল এ-তে ই-রিকশা বা ই-ঠেলাগাড়ি চালানোর জন্য 8,517 টি ডি এল জারি করা হয়েছে যার মধ্যে নমুনা পরীক্ষিত ছয়টির মধ্যে চারটি[80] ইউনিটের 373 টি রয়েছে।

এছাড়াও প্রশিক্ষণ ও শংসাপত্রের বিবরণ কেবল একটি ক্ষেত্রেই পাওয়া গেছে। বাকি 8,516 টি ক্ষেত্রে প্রশিক্ষণের বিস্তারিত তথ্য তথ্যভান্ডারে পাওয়া যায়নি। এটি ইঙ্গিত দেয় যে ই-রিকশা বা ই-ঠেলাগাড়ি চালানোর জন্য এল এ দ্বারা আবেদনকারীদের কাছ থেকে 10 দিনের এই জাতীয় প্রশিক্ষণের শংসাপত্র গ্রহণ না করেই ডি এল জারি করা হয়েছিল। এতে আইনি বিধান লঙ্ঘন ও সড়ক নিরাপত্তার সঙ্গে আপস করার পাশাপাশি কম দক্ষ চালকদের ড্রাইভিং লাইসেন্স প্রদানের ঝুঁকি বেড়েছে।

পরিবহণ দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে সিস্টেমটি উন্নীত করার জন্য পদক্ষেপ নেওয়া হয়েছে এবং আশ্বাস দেওয়া হয় যে প্রয়োজনীয় সহায়ক নথি সহ বিশদে জানানো হবে। যদিও, বিস্তারিত উত্তর পাওয়া যায়নি (জুলাই 2025)।

## 2.9 নিবন্ধীকরণ, পারমিট ও ফিটনেস শংসাপত্র প্রদানের মাধ্যমে যানবাহনের নিবন্ধীকরণ ও ব্যবহারের প্রনিয়ম এবং নিয়ন্ত্রণ

### 2.9.1 ডিলারদের ব্যবসা শংসাপত্র (টি সি) পর্যবেক্ষণ

ব্যবসা শংসাপত্র (টি সি) হল সি এম ভি আর, 1989-এর অধীনে আর টি ও অথবা সংশ্লিষ্ট এস টি এ দ্বারা মোটরযান ডিলারদের জারি করা একটি সরকারি নথি যা যানবাহন ক্রয়, বিক্রয় বা পরিবহনের অনুমতি দেয়। এটি নতুন বা ব্যবহৃত যানবাহনের ব্যবসায়ের সাথে জড়িত সমস্ত ডিলারদের জন্য বাধ্যতামূলক। মোটরযান ডিলারদের টি সি মঞ্জুর ও নবীকরণ সি এম ভি আর, 1989-এর নিয়ম 35-এর অধীনে পরিচালিত হয়। সি এম ভি আর-এর নিয়ম 39 অনুযায়ী, শুধুমাত্র একটি গাড়ির জন্য টি সি একবার[81] ব্যবহার করা যাবে। 2019-24 সময়কালের জন্য ডিলারদের যানবাহনের নিবন্ধীকরণ সম্পর্কিত 'ই-বাহন' থেকে সংগৃহীত তথ্য যাচাই করে যে গুরুত্বপূর্ণ বিষয়গুলি প্রকাশ পেয়েছে:

---

[80] *পুরুলিয়া, মুর্শিদাবাদ, আলিপুরদুয়ার এবং কালনা।*

[81] *একটি টি সি একবারে শুধুমাত্র একটি গাড়ির জন্য ব্যবহার করা যেতে পারে। মেয়াদ শেষ হওয়ার ভিতর পূর্ববর্তী গাড়িটি নিবন্ধিত হওয়ার পরেই, এটি আবার অন্য গাড়ির জন্য ব্যবহার করা যেতে পারে।*

### (i) মেয়াদ উত্তীর্ণ ব্যবসা শংসাপত্র ব্যবহার

রাজ্য জুড়ে 81 জন ডিলারের টি সি-এর মেয়াদ শেষ হয়ে গিয়েছিল, যার মধ্যে 20 জন ডিলার শংসাপত্র পুনর্নবীকরণ না করেই এগুলির মাধ্যেমে কাজ চালিয়ে যান। এই অ-মান্যতার ফলে 1.08 লক্ষ টাকার টি সি মাশুল[82] আদায় করা হয়নি, কারণ এই ডিলাররা অবৈধ টি সি ব্যবহার করে অবৈধভাবে ব্যবসা পরিচালনা করছিল। এটি আর টি ও গুলিতে টি সি পুনর্নবীকরণের পাশাপাশি ‘ই-বাহন’ এবং সি এম ভি আর নিয়ম প্রয়োগের ক্ষেত্রে পদ্ধতিগত ত্রুটিগুলিও তুলে ধরে।

### (ii) মেয়াদ উত্তীর্ণ টি সি দিয়ে গাড়ির নিবন্ধন

20 জন ডিলারের টি সি-এর মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও, এই ডিলারদের দ্বারা বিক্রি হওয়া 7,549 টি গাড়ি 48টি আর টি ও/এ আর টি ও-তে নিবন্ধিত হয়েছিল, যার মধ্যে 2022-24 সময়কালে নমুনা পরিক্ষিত ছয়টি ইউনিটের মধ্যে পাঁচটি ইউনিটের[83] 1,762 টি গাড়ি রয়েছে।

এতে প্রমাণ হয় যে আর টি ও/এ আর টি ও-রা ডিলারদের টি সি-এর বিবরন পর্যবেক্ষণ করতে ব্যর্থ হয়েছিল এবং বৈধ টি সি ছাড়াই যানবাহনগুলি নিবন্ধিত হয়েছিল। এছাড়াও, সিস্টেমটি এটি প্রতিরোধ করতে ব্যর্থ হয়েছিল কারণ ‘ই-বাহন’-এর সাথে ডিলার রেজিস্ট্রেশন মডিউলের যথাযথ সংহতকরণের অভাব ছিল এবং নিবন্ধীকরণের সময় কোনও ডিলারের টি সি বৈধ কিনা তা পরীক্ষা করার জন্য ডিলার নিবন্ধীকরণ মডিউলে বৈধতা নিয়ন্ত্রণের অভাব ছিল। ফলস্বরূপ মেয়াদ উত্তীর্ন টি সি সহ যানবাহনের নিবন্ধন পর্যবেক্ষণে ব্যর্থতা দেখা দেয়।

### (iii) ব্যবসা শংসাপত্র-এর অনুমোদিত সীমা অতিক্রম করে নিবন্ধন

2019 থেকে 2024 সালের মধ্যে 627 টি ক্ষেত্রে ডিলাররা 19,08,482 টি গাড়ির নিবন্ধনের জন্য আবেদন করেছিলেন। যদিও, এই সময়ের মধ্যে এই ডিলারদের কাছে প্রকৃতপক্ষে উপলব্ধ ব্যবসা শংসাপত্রের (টি সি)-এর সংখ্যা মাত্র 8,38,664 (যা আবেদনের দিনের সংখ্যা এবং জারি করা টি সি-এর ভিত্তিতে গণনা করা হয়)। এতে প্রমাণ হয় যে বৈধ টি সি ছাড়াই 10,69,818 টি যানবাহন নিবন্ধিত হয়। সুতরাং, ডিলারদের কাছে থাকা টি সি-এর সংখ্যার চেয়ে 10,69,818 টি বেশি যানবাহনের নিবন্ধনের জন্য আবেদন করা হয়েছে। যেহেতু নিবন্ধন আবেদনে টি সি নম্বরের প্রয়োজন ছিল না, তাই একাধিক গাড়িতে টি সি পুনরায় ব্যবহার করা হচ্ছে কিনা তা জানার কোনও উপায় ছিল না, যা সি এম ভি আর নিয়মের পরিপন্থী। ফলস্বরূপ, ‘ই-বাহন'-এর পাশাপাশি আর এ গন এমন ক্ষেত্রে নজরদারি করতে ব্যর্থ হয়েছিল যেখানে একই সময়ে একাধিকবার টি সি ব্যবহার করা হয়েছিল।

পরিবহণ দপ্তর, টি সি এবং ই-বাহন সংহতকরণের বিষয়ে এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) বলে যে প্রথানুযায়ী পরিবর্তন করা হয়েছে এবং ই-বাহন তথ্যভান্ডারের সাথে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে। বৈধতা নিয়ন্ত্রণের অভাবের বিষয়ে দপ্তর আরও বলে যে প্রয়োজনীয় উন্নতিসাধন করা হয়েছে এবং ভবিষ্যতে এই জাতীয় ত্রুটি এড়ানো হবে।

***সুপারিশ 2: সরকার মোটরযান আইনের নিয়ম মেনে শুধুমাত্র বৈধ টি সি-এর ভিত্তিতে গাড়ি বিক্রি নিশ্চিত করতে ডিলারদের দ্বারা গাড়ির নিবন্ধীকরণের উপর পর্যবেক্ষন ব্যবস্থা জোরদার করতে পারে।***

---

[82] *অভিযোজিত যানবাহন, দুই চাকার গাড়ি ও অন্যান্য যানবাহনের জন্য যথাক্রমে টি সি প্রতি 100 টাকা, 500 টাকা ও 1,000 টাকা করে প্রতি বছর।*

[83] *পি ভি ডি-1395, মুর্শিদাবাদ-46, আলিপুরদুয়ার-21, ব্যারাকপুর-294, কালনা-06।*

## 2.9.2 অন্যান্য রাজ্যের যানবাহন থেকে পুনর্নির্ধারণের নিবন্ধীকরণ মাশুল আদায়

1988 সালের এম ভি এ-এর ধারা 47(1) অনুসারে, যদি কোনও রাজ্যের নথিভুক্ত কোনও গাড়ি বারো মাসের বেশি সময় ধরে অন্য রাজ্যে রাখা হয়, তবে গাড়ির মালিককে অবশ্যই নতুন রাজ্যে নিবন্ধন কর্তৃপক্ষের কাছে নতুন নিবন্ধীকরণ প্রতীকের জন্য আবেদন করতে হবে। এম ভি আইন, 1988-এর ধারা 48-এর অধীনে মূল আর এ দ্বারা জারি করা নিবন্ধীকরণ শংসাপত্র এবং একটি অনাপত্তি শংসাপত্র (এন ও সি) সহ এই আবেদনটি বারো মাসের মধ্যে জমা দিতে হবে।

সি এম ভি নিয়মাবলী, 1989-এর নিয়ম 81 অনুযায়ী নিবন্ধীকরণ চিহ্ন/নিবন্ধীকরন নম্বর পুনরায় বরাদ্দের জন্য মাশুল দিতে হবে এবং ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 69 (4) অনুযায়ী নতুন নিবন্ধীকরণ প্রতীকের জন্য আবেদন করতে ব্যর্থ হলে এম ভি আইন, 1988-এর ধারা 47(1) অনুসারে গাড়ির মালিক ডব্লিউ বি এম ভি আর 1989-এর তফসিল-A-তে বর্ণিত জরিমানা দিতে দায়বদ্ধ।

2016 সালের সেপ্টেম্বর থেকে 2024 সালের মার্চ পর্যন্ত 'ই-বাহন' তথ্যের নিরীক্ষা বিশ্লেষণ থেকে জানা যায় যে 2010-11 থেকে 2023-24 সময়কালে পশ্চিমবঙ্গে অন্যান্য রাজ্য থেকে 85,686 টি মোটরযান এসেছে। এর মধ্যে 72,822 টি গাড়ির প্রয়োজনীয় রেজিস্ট্রেশন মার্ক পরিবর্তনের প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। বাকি যানবাহনের মধ্যে 4,972 টি যানবাহন তাদের ঠিকানা আপডেট করে পশ্চিমবঙ্গ করেছে তবে 12 মাসের নির্ধারিত সময়সীমার পরেও তাদের নিবন্ধীকরণ চিহ্ন পরিবর্তন করেনি, সুতরাং এম ভি এ, 1988-এর লঙ্ঘন হয়েছে।

বাধ্যতামূলক পুনঃনিবন্ধীকরণ প্রক্রিয়া অনুসরণ না করে, রাজ্যে এই যানবাহনগুলির চলাচল রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের পক্ষ থেকে অপর্যাপ্ত নজরদারির ইঙ্গিত দেয়। পরিবহণ দপ্তরও এই যানবাহনগুলির নতুন নিবন্ধীকরন প্রতীক পুনঃনির্ধারণের জন্য মাশুল এবং জরিমানা বাবদ 44.00 লক্ষ টাকা আদায় করতে পারেনি (***পরিশিষ্ট-2.2***)।

এই ঘাটতি রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের দ্বারা নিয়মের পালন এবং কার্যকরীভাবে প্রয়োগ ও পর্যবেক্ষণ এবং রাজস্ব সংগ্রহ নিশ্চিত করার জন্য এম ভি এ, 1988-এর প্রাসঙ্গিক বিধানগুলির যথাযথ ম্যাপিংয়ের প্রয়োজনীয়তা তুলে ধরে। পরিবহণ দপ্তর নিরীক্ষা পর্যবেক্ষণ মেনে নিয়েছে (09 এপ্রিল 2025)।

## 2.9.3 যানবাহন থেকে 28.77 কোটি টাকা পারমিট মাশুল অনাদায়

এম ভি এ, 1988-এর ধারা 66-এ অনুযায়ী যে কোনও পরিবহন গাড়ির মালিক ভাড়া বা পারিতোষিকে তার গাড়ি চালানোর জন্য নির্ধারিত কর্তৃপক্ষের কাছ থেকে অনুমতি পাওয়ার পরেই তার গাড়িটি সর্বসাধারণের ব্যবহারের জন্য রাস্তায় বার করতে পারবেন। ডব্লিউ বি এম ভি আর, 1989-এর ধারা 126, 127 এবং 129-এর তফসিল-'এ' তে উল্লিখিত হার অনুসারে বিভিন্ন ধরণের যানবাহনের ক্ষেত্রে পারমিটের জন্য আবেদন এবং পারমিট প্রদান/নবীকরনের জন্য মাশুল আদায়যোগ্য ছিল। এম ভি এ, 1988-এর ধারা 81 অনুযায়ী একটি পারমিট তার মেয়াদ শেষ হওয়ার তারিখের কমপক্ষে 15 দিন আগে করা আবেদনের ভিত্তিতে পুনর্নবীকরণ করা যেতে পারে। এছাড়াও, ডব্লিউ বি এম ভি আর, 1989-এর ধারা 151 অনুযায়ী পারমিটের মেয়াদ শেষ হওয়ার পরে পারমিট পুনর্নবীকরণের জন্য আবেদন গ্রহণ করা যেতে পারে, তবে তফসিল E3-তে নির্ধারিত বিলম্ব মাশুল প্রদানের পরে। আর টি এ দ্বারা যে হারে এই ধরনের বিলম্ব মাশুল আদায় করার কথা ছিল তা **সারণী 2.2**-এ উল্লেখ করা হল।

**সারণী 2.2: পরিবহন যানবাহনের পারমিটের ধরন এবং তা প্রদান/নবীকরনের জন্য মাশুল এবং বিলম্ব মাশুল**

| ক্রমিক সংখ্যা | মাশুলের ধরন | পরিমাণ (কোটি টাকায়) | | |
|---|---|---|---|---|
| | | স্টেজ ক্যারেজ পারমিট | কন্ট্রাক্ট ক্যারেজ পারমিট | মালবাহী ক্যারেজ পারমিট |
| 1 | পারমিট নবীকরনের জন্য আবেদন মাশুল | 500.00 | 500.00 | 500.00 |
| 2 | অনুমতিপত্রে প্রতিস্বাক্ষরের জন্য আবেদন মাশুল | 500.00 | 500.00 | 0.00 |
| 3 | এক অঞ্চলের জন্য পারমিট নবীকরন (পাঁচ বছরের জন্য) | 4,000.00 | 2,500.00 (অটোরিকশার জন্য 1,000 টাকা) | এক অঞ্চলের জন্য 500 এবং একাধিক অঞ্চলের জন্য 1,000 |
| 4 | অঞ্চল প্রতি পারমিটে প্রতিস্বাক্ষরের জন্য মাশুল (পাঁচ বছরের জন্য)। | 1,000.00 | 750.00 | 0.00 |
| 5 | পারমিট পুনর্নবীকরণের জন্য আবেদনের ক্ষেত্রে বা মেয়াদ শেষ হওয়ার 90 দিনের বেশি হলে বিলম্ব মাশুল | 90 দিনের জন্য 3,000 টাকা এবং 90 দিনের বেশি হলে প্রতি মাসে আরও 500 টাকা অথবা তার অংশ | | |

*(উৎস: ডব্লিউ বি এম ভি আর 1989-এর তফসিল-'A')*

পশ্চিমবঙ্গে নির্বাচিত চারটি আর টি এ[84] ও এস টি এ-এর সারগ্রন্থ নথি এবং 2019-24 সময়কালের পারমিট সম্পর্কিত সমগ্র পশ্চিমবঙ্গের 'ই-বাহন' তথ্য বিশ্লেষণ করে নিম্নোক্ত বিষয়গুলি প্রকাশ পায়:

**ক.** নিরীক্ষা 2019-24 সময়কালের জন্য পি ভি ডি-কলকাতা ও মুর্শিদাবাদ, আর টি ও-পুরুলিয়া এবং আলিপুরদুয়ার এবং এস টি এ পশ্চিমবঙ্গের 277 টি পারমিট রেজিস্টারের মধ্যে 26 টি যাচাই করে (***পরিশিষ্ট-2.3***) দেখা যায় যে 2,956 টি যানবাহনের মধ্যে 446 টিতে পারমিটধারীরা বৈধতার মেয়াদ শেষ হওয়ার পরেও তাদের পারমিট পুনঃনবীকরণ করতে আসেননি। পারমিটগুলি জমাও দেওয়া হয়নি বা বাতিল করা হয়নি। সুতরাং, ডব্লিউ বি এম ভি নিয়মাবলী 1989-এর তফসিল E3 অনুসারে পারমিট পুনঃনবীকরণে বিলম্বের জন্য বিলম্ব মাশুল এবং প্রদেয় পারমিট মাশুল আদায় হয়নি। যানবাহনের 'ই-বাহন' তথ্যভান্ডার থেকে দেখা গেছে যে যানবাহন মালিকরা এই যানবাহনের ফিটনেস শংসাপত্র/পি ইউ সি সি পুনঃনবীকরণ করছেন, যদিও তাদের দ্বারা পারমিট পুনঃনবীকরণ করা হয়নি। এর ফলে (31.03.2024 পর্যন্ত) পারমিট মাশুল এবং বিলম্ব মাশুল বাবদ 1.01 কোটি টাকা আদায় করা হয়নি (***পরিশিষ্ট-2.4***)।

**খ.** নিরীক্ষায় 2019-24 সময়কালের 'ই-বাহন' তথ্য বিশ্লেষণে দেখা যায় যে 51 টি আর এ-এর আওতাধীন 13,971 টি পরিবহন যানবাহনের 31 মার্চ 2024 তারিখে পারমিটের মেয়াদ শেষ হয়ে গেছে এবং যানবাহন মালিকরা সড়ক কর প্রদান করেছেন, তাদের গাড়ির বীমা নবীকরণ করেছেন, দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র অথবা বৈধ ফিটনেস শংসাপত্র এই মেয়াদ উর্ত্তীন কালেও বজায় রেখেছেন। এটি ইঙ্গিত দেয় যে যানবাহনগুলি তাদের পারমিট পুনঃনবীকরণ না করেই রাস্তায় চলছিল। এর ফলে পারমিট মাশুল এবং বিলম্ব মাশুল বাবদ 27.76 কোটি টাকা আদায় হয়নি (***পরিশিষ্ট-2.5***)।

নিরীক্ষায় আরও দেখা যায় যে, 'ই-বাহন' তথ্যভান্ডারে মেয়াদ উত্তীর্ণ পারমিটের তথ্য পাওয়া গেলেও, কর্তৃপক্ষ এই দিকটি পর্যবেক্ষণ করেনি বা তাদের তথ্য পর্যালোচনা করেনি।

দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে মেয়াদ উত্তীর্ণ পারমিটগুলির কার্যকর পর্যবেক্ষণের জন্য নতুন নির্দেশিকা জারি করা হবে। তবে, এখনো (জুলাই 2025) নতুন নির্দেশিকা পাওয়া যায়নি।

84 *পি ভি ডি-কলকাতা, আর টি ও-মুর্শিদাবাদ, পুরুলিয়া এবং আলিপুরদুয়ার।*

## 2.9.4 পারমিট ছাড়া যানবাহন চলাচল

উদ্দিষ্ট মালিক এস টি এ বা আর টি এ থেকে একটি অফার লেটার পাওয়ার পরেই একটি গাড়ি পরিবহন যানবাহন হিসাবে নিবন্ধিত হয় বা পারমিটের জন্য নীতিগত অনুমোদনের ইঙ্গিত দেয় যে উক্ত গাড়ি মালিকের কাছে বর্তমান। তবে, আর এ গণ নিশ্চিত করতে ব্যর্থ হন যে, যানবাহন মালিকরা এই অফার লেটারগুলির উপর ভিত্তি করে নিবন্ধীকরণের পরবর্তীকালে প্রয়োজনীয় পারমিট পেয়েছিল। ফলস্বরূপ, অনেক পরিবহন যানবাহন বৈধ পারমিট ছাড়াই রাস্তায় চলাচল করেছিল। 1988 সালের এম ভি এ-এর ধারা 66 অনুযায়ী কোনও পরিবহণ গাড়ির মালিক নির্ধারিত কর্তৃপক্ষের কাছ থেকে পারমিট নেওয়ার পরেই সর্বসাধারণের জায়গায় তাঁর গাড়ি ব্যবহার করতে পারবেন।

এছাড়াও, ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 141 অনুযায়ী প্রতিটি পারমিটে অবশ্যই যানবাহন (গুলি)-এর রেজিস্ট্রেশন চিহ্ন (গুলি) থাকতে হবে এবং যা থাকলে তবেই গাড়ি চালিত হবে এবং পারমিট প্রদানকারী পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক অফার লেটারে নির্ধারিত সময়কালেই তা চালিত হবে যা সাধারণত অফার লেটার জারি করার তারিখ থেকে এক মাসের বেশি হবে না।

ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 126, 127 এবং 129-এর তফসিল 'A'-তে বর্ণিত হার অনুসারে, বিভিন্ন ধরণের যানবাহনের ক্ষেত্রে পারমিটের আবেদন এবং পারমিট প্রদান/নবীকরণের জন্য মাশুল আদায়যোগ্য ছিল। এছাড়াও, ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 124-এ নতুন পারমিটের ক্ষেত্রে তফসিল E4-এ নির্ধারিত জামানত আদায়ের বিধান আছে। এছাড়াও, এম ভি এ, 1988-এর ধারা 81 অনুযায়ী একটি পারমিট তার মেয়াদ শেষ হওয়ার তারিখের কমপক্ষে 15 দিন আগে করা আবেদনের ভিত্তিতে পুনর্নবীকরণ করা যেতে পারে। তবে ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 151 অনুযায়ী পারমিটের মেয়াদ শেষ হওয়ার পরে পারমিট পুনর্নবীকরণের জন্য আবেদন গ্রহণ করা যেতে পারে, তবে তফসিল E3-তে নির্ধারিত বিলম্ব মাশুল প্রদান করতে হবে।

'ই-বাহন' মডিউলে অফার লেটার সম্পর্কিত সংগৃহীত তথ্য থেকে জন্য জানা যায় যে পশ্চিমবঙ্গ রাজ্য জুড়ে নতুন নিবন্ধিত যানবাহনগুলির (বৈদ্যুতিক যানবাহন ব্যতীত) জন্য মোট 18,337 টি অফার লেটার জারি করা হয়েছিল।

পি ভি ডি-কলকাতা এবং পুরুলিয়া, ব্যারাকপুর, মুর্শিদাবাদ, কালনা এবং আলিপুরদুয়ার-আর টি ও-এর নথি খতিয়ে দেখে জানা গেছে যে অফার লেটারের ভিত্তিতে যাত্রী পরিবহন যানবাহন হিসাবে নিবন্ধিত 5,212 টি যানবাহনের মধ্যে 867 টি পরিবহন যানবাহনের[85] মালিকরা পারমিটের জন্য আবেদন করেননি যদিও তারা ফিটনেস শংসাপত্র (সি এফ) এবং/অথবা দূষন নিয়ন্ত্রন শংসাপত্র (পি ইউ সি সি) এর মতো অন্যান্য লাইসেন্স পুনর্নবীকরণ করছেন এবং/ অথবা কর দিচ্ছিলেন।

এটি ইঙ্গিত দেয় যে অফার লেটারের ধারনকারীরা নিবন্ধনের পর থেকে (জানুয়ারী 2022 থেকে মার্চ 2024) পারমিট ছাড়াই তাদের যানবাহন চালাচ্ছিল। অফার লেটার জারিকরা কর্তৃপক্ষ (এস টি এ এবং আর টি এ) সেইসাথে আর এ/পি ভি ডি পর্যবেক্ষণ করার পাশাপাশি পারমিট ছাড়া পরিবহন যানবাহনের চলাচলের নজরদারি করতে ব্যর্থ হয়েছে।

পারমিট ছাড়া পরিবহন যানবাহন চলাচল কেবল বিধিবদ্ধ বিধানের লঙ্ঘনই নয়, পারমিট মাশুল এবং বিলম্ব মাশুল বাদব 92.92 লক্ষ টাকার রাজস্ব ক্ষতিও হয়েছে (***পরিশিষ্ট-2.6***)। এছাড়াও, ডব্লিউ বি এম ভি আর, 1989-এর তফসিল-E4-এর অধীনে নির্ধারিত আছে যে পারমিটের

[85] *পি ভি ডি-573, পুরুলিয়া-56, কালনা-25, ব্যারাকপুর-52, মুর্শিদাবাদ-93 এবং আলিপুরদুয়ার-68।*

জন্য নিবন্ধিত মালিকদের কাছ থেকে জামানত[86] বাবদ যানবাহন প্রতি 1,000 টাকা হারে 8.67 লক্ষ টাকা বকেয়া আছে।

পরিবহণ দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে দপ্তর গাড়ির নিবন্ধন প্রক্রিয়ার সময় বা অফার লেটার জারি করার ছয় মাসের মধ্যে যানবাহনের মালিকদের পারমিট নেওয়া বাধ্যতামূলক করার কথা ভাবছে। তবে এ বিষয়ে বিজ্ঞপ্তি/নির্দেশিকা/আদেশ যদি থাকে তা এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.9.5 অনুমোদন মাশুল আদায়

সি এম ভি আর, 1989-এর নিয়ম 83 এবং 87 এবং ভারত সরকারের সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রক (এম ও আর টি এইচ) দ্বারা জারি করা নির্দেশিকাগুলির[87] সাথে পঠিত, জাতীয় পারমিটের অনুমোদন দেওয়ার পদ্ধতি নির্ধারণ করে। ইহা এই জাতীয় পারমিট[88] অনুমোদনের জন্য প্রতি বছর 1,000 টাকা মাশুল নির্ধারণ করে। বিধিতে বলা হয়েছে যে এই জাতীয় অনুমোদনের বৈধতার মেয়াদ এক বছরের বেশি হবে না।

জাতীয় পারমিট সম্পর্কিত 2019-24 সময়কালের 'ই-বাহন' তথ্যের নিরীক্ষা বিশ্লেষণ থেকে জানা যায় যে জাতীয় পারমিটধারী[89] (51 টি নিবন্ধনকারী কর্তৃপক্ষের দ্বারা) 59,357 টি যানবাহনের মধ্যে 13,055 টি যানবাহন নিরীক্ষা সময়কালে অনুমোদনের বৈধতার মেয়াদ শেষ হওয়ার পরে তাদের অনুমোদন পুনর্নবীকরণ করেনি, ফলস্বরূপ অনুমোদন মাশুল বাবদ 2.73 কোটি টাকা আদায় করা হয়নি (***পরিশিষ্ট-2.7***) তৎসহ ছয়টি[90] পরীক্ষিত ইউনিটের 1,053 টি গাড়ি বাবদ 19.03 লক্ষ টাকা আদায় হয়নি। অনুমোদন মাশুল না দেওয়ার বিষয়ে সতর্কতা জারি করার ব্যবস্থা না থাকায় অন্যান্য কর/মাশুল আদায় করার সময় আর এ গণ এই যানবাহনগুলি থেকে অনুমোদন মাশুল আদায় করতে পারেনি। এর ফলে 2.73 কোটি টাকা অনুমোদন মাশুল আদায় করা হয়নি।

এই বিষয়ে (ডিসেম্বর 2024) পরিবহণ দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে মেয়াদ উত্তীর্ণ পারমিটগুলির কার্যকর পর্যবেক্ষণের জন্য নতুন নির্দেশিকা জারি করা হবে। তবে, নতুন নির্দেশিকা, যদি থাকে তা এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

***সুপারিশ 3: অফার লেটার, আর সি, পারমিট প্রদান/পুনঃনবীকরণের সময় বিদ্যমান নিয়ম ও বিধানগুলির পালন নিশ্চিত করার জন্য সরকার 'ই-বাহন'-এর মাধ্যমে যথাযথ নজরদারি করতে পারে।***

### 2.9.6 ফিটনেস মাশুল অনাদায়/কম আদায়

মোটর যান আইন (এম ভি এ) 1988-এর ধারা 56-এ বলা আছে যে ধারা 59 এবং 60-এর বিধান অনুসারে যদি কোন মোটর যানের ফিটনেস শংসাপত্র (সি এফ) না থাকে তবে তা যথাযথ পদ্ধতিতে নিবন্ধিকৃত হতে পারে না। এই ক্ষেত্রে সি এফ নবীকরণ/পাওয়ার জন্য পরিবহন যানের মালিককে একটি আবেদন জমা দিতে হবে এবং ফিটনেস পরীক্ষার জন্য গাড়িটি হাজির করতে হবে। সি এম ভি আর 1989-এর নিয়ম 81-তে আলাদাভাবে এই মাশুল[91] বর্ণিত আছে।

---

86 *যানবাহনের শ্রেণী নির্বিশেষে কন্ট্রাক্ট ক্যারেজ যানবাহনের জন্য 1,000 টাকা।*

87 *এফ নং আর টি-16031/3/2009-টি তারিখ 27 আগষ্ট 2010 ।*

88 *অল ইন্ডিয়া গুডস পারমিট।*

89 *পাঁচ বছরের জন্য কার্যকর।*

90 *পি ভি ডি-59, পুরুলিয়া-95, কালনা-23, ব্যারাকপুর-552, মুর্শিদাবাদ-308 এবং আলিপুরদুয়ার-16।*

91 *মোটরসাইকেল 200 টাকা, তিন চাকার বা হালকা মোটরযান বা কোয়াড্রিসাইকেল 400 টাকা এবং মাঝারি বা ভারী মোটরযান 600 টাকা।*

এছাড়াও, পশ্চিমবঙ্গ মোটর যান আইন (ডব্লিউ বি এম ভি আর), 1989-এর নিয়ম 57 (6) অনুসারে সি এফ নবীকরণের জন্য আবেদনের মেয়াদ শেষ হওয়ার ন্যূনতম এক মাস আগে জমা করতে হবে। যদি মালিক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে বা যোগ্যতা পরীক্ষার জন্য মোটর যানটি হাজির করাতে ব্যর্থ হয় তবে তাকে যোগ্যতা পরীক্ষার জন্য নির্ধারিত মাশুলের 150 শতাংশ জমা দিতে হবে। এ ছাড়াও সি এম ভি আর, 1989-এর নিয়ম 81 অনুসারে মালিককে যানের ফিটনেস শংসাপত্র শেষ হয়ে যাওয়ার পর প্রতিদিন বিলম্বের জন্য 50 টাকা করে অতিরিক্ত মাশুল দিতে হবে।

**ক.** 2019-24-এ 52 টি নিবন্ধীকরণ কর্তৃপক্ষের ‘ই-বাহন’ তথ্যাবলীর নিরীক্ষা বিশ্লেষণে দেখা যায় যে 8,79,027 টি মোটর যানের মধ্যে 31 মার্চ 2024 পর্যন্ত 44,132 টি মোটর যানের ফিটনেস শংসাপত্রের মেয়াদ শেষ হয়ে গেছে এবং বাকি যানগুলির ফিটনেস শংসাপত্র নবীকরণ হয়নি। ‘ই-বাহন’-এর ‘এফ আই টি এন ই এস এস’ টেবিলের ‘এফ আই টি_ইউ পি টি ও’ ক্ষেত্র থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী 31 মার্চ 2024 পর্যন্ত বৈধতার তারিখ ছিল। ফলস্বরূপ, 31 মার্চ 2024 পর্যন্ত ফিটনেস মাশুল এবং জরিমানা বাবদ 187.04 কোটি টাকা অনাদায়ী রয়েছে (***পরিশিষ্ট-2.8***) ।

নিরীক্ষায় দেখা যায় যে ফিটনেস শংসাপত্র বাতিল হওয়ার তথ্য ‘ই-বাহন’ তথ্যাবলীতে থাকলেও কর্তৃপক্ষ সে বিষয়ে যথাযথ নজরদারি করেনি বা এই বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহন করেনি।

ইহাও লক্ষনীয় যে, এই খেলাপি সময়ে এই সকল যানের মালিকগণ তাদের সড়ক কর দিয়েছে বা যাদের বীমার নবীকরণ করেছে/দূষণ নিয়ন্ত্রন শংসাপত্র/পারমিট মাশুল জমা করেছে যা ‘ই-বাহন’ তথ্যাবলীতে উপলব্ধ যা ইঙ্গিত দেয় যে যানগুলি রাস্তায় চলমান ছিল এবং অচল ছিল না। মেয়াদোত্তীর্ণ ফিটনেস শংসাপত্রধারী যানবাহন চালানোর ফলে কেবল পরিবেশেরই ক্ষতিই হয় না বরং জনসাধারণের সড়ক নিরাপত্তার জন্যও ঝুঁকির কারণ হতে পারে।

যাইহোক, অন্যান্য কর/মাশুল আদায় করার সময় অদেয় ফিটনেস শংসাপত্র মাশুল আদায়ের কোন বিধান না থাকার ফলে নিবন্ধীকরণ কর্তৃপক্ষগণ অন্যান্য কর বা মাশুল আদায়ের সময় ফিটনেস শংসাপত্র মাশুল আদায় করেনি। ফলস্বরূপ 4.25 কোটি টাকার ফিটনেস মাশুল এবং অতিরিক্ত মাশুল/জরিমানা বাবদ 182.79 কোটি টাকা অনাদায়ী রয়েছে। ফিটনেস শংসাপত্রের মেয়াদ উর্ত্তীনের বছর ভিত্তিক সময়কাল **তালিকা 2.2**-এ দেখানো হয়েছে।

**তালিকা 2.2: ফিটনেস শংসাপত্র (সি এফ)-এর মেয়াদ উত্তীর্ণ**



**খ.** 2019-24 সময়কালে 52টি নিবন্ধীকরণ কর্তৃপক্ষের 'ই-বাহন' তথ্যাবলী বিশ্লেষণ করে নিরীক্ষায় দেখা যায় যে, 3,26,177 টি মোটরযান পরিদর্শন এবং সি এফ নবীকরণের জন্য হাজির করা হয়েছে যা একদিন থেকে 83 মাস পর্যন্ত বিলম্বে হাজির করা হয়েছে। পরিদর্শনের জন্য বিলম্বে যান হাজির করানোর জন্য ধার্য্য 150 শতাংশ জরিমানার নিরিখে নিবন্ধীকরণ কর্তৃপক্ষগণ সি এম ভি আর, 1989-এর নিয়ম 81 অনুসারে শুধুমাত্র স্বাভাবিক মাশুল আদায় করেছে। 'ই-বাহন' সফটওয়্যারে যথাযথ ম্যাপিং না করার ফলে এবং সি এম ভি আর, 1989-এর নিয়ম 81 অনুসারে মাশুলের 150 শতাংশ জরিমানা আদায় করার বিধান সিস্টেমে না থাকার ফলে এই ঘটনা ঘটেছে। ফলস্বরূপ 10.61 কোটি টাকার ফিটনেস মাশুল কম আদায় হয়েছে (***পরিশিষ্ট-2.9***)।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে, পরবর্তীকালে সিস্টেমের আধুনিকীকরণ হয়েছে এবং নিশ্চিত করে যে, প্রয়োজনীয় সহায়ক নথিসহ বিস্তারিত উত্তর দেবে। যাইহোক, বিস্তারিত উত্তর এখনও পাওয়া যায়নি (জুলাই 2025)।

### ***2.9.7 অবৈধ দূষণ নিয়ন্ত্রন শংসাপত্র (পি ইউ সি সি) থাকা গাড়িগুলিকে ফিটনেস শংসাপত্র প্রদান***

এম ভি আইন, 1988-এর ধারা 56 সেইসাথে সি এম ভি আর, 1989-এর নিয়ম 62 অনুসারে একমাত্র পরিদর্শনকারী আধিকারিক বা নির্ধারিত অটো এমিশন টেস্টিং সেন্টার (এ ই টি সি)-ই ধোঁয়া নির্গমনের নির্ধারিত পরীক্ষা করে সি এফ নবীকরণ করতে পারে।

নিরীক্ষা 2019-24 সময়কালে 51 টি নিবন্ধীকরণ কর্তৃপক্ষের 'ই-বাহন' তথ্যাবলী বিশ্লেষণ করে দেখে যে ছয়টি নমুনা সংগৃহীত ইউনিটের 603 টি ক্ষেত্রে মোট 5,231 টি (***পরিশিষ্ট-2.10***) যানবাহনের সি এফ নবীকরণ করা হয়েছে যেগুলির কোনো বৈধ পি ইউ সি সি ছিল না। সি এফ প্রদানের সময় বৈধ পি ইউ সি সি-এর ব্যাপারটি পরিদর্শনকারী আধিকারিক ধর্তব্যের মধ্যেই আনেনি। প্রাথমিকভাবে এই ব্যর্থতার কারণ 'ই-বাহন' তথ্যাবলীর সাথে (এ ই টি সি)[92]-এই তথ্যের অপর্যাপ্ত সংহতির ফলে অবৈধ পি ইউ সি সি থাকা যানবাহনগুলিকে চিহ্নিত করতে সিস্টেম ব্যর্থ হয়েছে সেইসাথে পরিদর্শনকারী আধিকারিকদেরও (আই ও) সতর্ক করতে ব্যর্থ হয়েছে।

ফলস্বরূপ, আর এ গণ প্রয়োজনীয় পদ্ধতি-ভিত্তিক বৈধ নিয়ন্ত্রণের অভাবে সি এফ প্রদান কার্যকরভাবে নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছে। এরফলে যানবাহনগুলি বৈধ পি ইউ সি সি ছাড়াই দূষণ নিয়ন্ত্রণ পরিমাপকে অগ্রাহ্য করেই রাস্তায় চলেছে যার ফলে প্রকৃতির উপর প্রতিরূপ প্রভাব পড়েছে।

পরিবহণ দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে, পরবর্তিকালে পদ্ধতির আধুনিকীকরণ হয়েছে এবং নিশ্চিত করে যে, প্রয়োজনীয় সহায়ক নথিসহ বিস্তারিত উত্তর দেবে। দপ্তর আরও জানায় যে, প্রয়োজনীয় উন্নতির জন্য পদক্ষেপ নেওয়া হচ্ছে এবং বৈধ নিয়ন্ত্রণ যথাযথভাবে সিস্টেমে রাখা হবে যাতে ত্রুটিগুলি ভবিষ্যতে এড়ানো যায়। যাইহোক, বিস্তারিত উত্তর পাওয়া যায়নি (জুলাই 2025)।

## 2.10 রাজস্ব নির্ধারণ, ধার্য্য, সংগ্রহ এবং প্রেরণ

### 2.10.1 ডিলার এবং/অথবা প্রস্তুতকারকদের থেকে কর এবং জরিমানা আদায়ে নজরদারি

ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 3(2)-এ কোনো ডিলার বা প্রস্তুতকারক যারা নিজেদের অধীনে বা নিয়ন্ত্রনে কোনো যানবাহন রাখে এবং তা ব্যবসায়িক শংসাপত্রের ভিত্তিতে প্রকাশ্য

[92] *এ ই টি সি হল যানবাহনের ধোঁয়া নির্গমন নিয়ম পরীক্ষা করার এবং যানবাহনে পি ইউ সি সি প্রদানের জন্য অনুমোদিত সংস্থা।*

স্থানে চললে সেক্ষেত্রে আইনের ধারার অংশ-H-এ উল্লিখিত হারে[93] ডিলার কর আরোপিত হবে। মোটর যানের প্রথম নিবন্ধীকরণের সময় (স্থায়ী বা অস্থায়ী) ব্যবহারের সময়সীমা নির্বিশেষে এই কর এককালীন টাকা হিসাবে কর নির্ধারণকারী আধিকারিক আদায় করবে যা ফেরৎযোগ্য নয়। এছাড়াও ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 11 অনুযায়ী সময়ের মধ্যে কর প্রদান না করলে জরিমানা ধার্য্য হবে।

**ডিলারদের কর অনাদায়:** 2019-24 সময়কালে 'ই-বাহন' তথ্যাবলীর নিরীক্ষা বিশ্লেষণে দেখা যায় যে পরিবহন দপ্তরের 52 টি আর এ-এর অন্তর্গত 45,61,529 টি প্রথমবার নিবন্ধীকৃত মোটর যানের ক্ষেত্রে (হয় স্থায়ী বা অস্থায়ী) ডিলার কর আদায়যোগ্য ছিল। এছাড়াও লক্ষ্য করা যায় যে 40,11,280 টি গাড়ির ক্ষেত্রে ডিলার কর প্রদান করা হয়নি। এছাড়াও, 40,11,280 টি খেলাপকারী যানের মধ্যে 1,380 টি যানের পারমিটের ধরন এমন ছিল যেগুলির উপর ডিলার কর বাধ্যতামূলক ছিল যা 'ই-বাহন' তথ্যাবলীতে আপডেট করা হয়নি। ফলস্বরূপ, এইসব ক্ষেত্রে ডিলার কর প্রদানের বাধ্যবাধকতার উপর নিরীক্ষা কোনো মন্তব্য করতে পারেনি। নিরীক্ষা সময়কালে নমুনা পরীক্ষিত ছয়টি আর এ-তে বাকি 40,09,900 টি যানবাহনের প্রদেয় 181.87 কোটি টাকা সাথে 6,11,342 টি যানবাহনের জন্য প্রদেয় 27.50 কোটি টাকা ডিলার কর নির্ধারণ বা আদায় হয়নি (***পরিশিষ্ট- 2.11***)।

প্রাথমিকভাবে কর নির্ধারণ এবং আদায়ের ব্যর্থতার দায় যায় 'ই-বাহন'-এ খেলাপকারি যানের তালিকা তৈরিতে ব্যর্থতা বা অনাদায়ী ডিলার/মালিক সম্পর্কে আর এ গণকে সতর্ক করা প্রভৃতির মত যথাযথ তথ্যের অভাব।

**জরিমানা কম আদায়:** 'ই-বাহন' তথ্যাবলীর বিশ্লেষনে দেখা যায় যে 2019-20 থেকে 2023-24 সময়কালে 5,86,014 টি মোটর যানের[94] ক্ষেত্রে ডিলার কর আদায় করা হয়েছে। 2004 থেকে 2024 সময়কালের মধ্যে ক্রয় করা বা নিবন্ধীকৃত যানবাহনের ক্ষেত্রেই এই কর আদায় করা হয়েছে। এই সকল ক্ষেত্রে তথ্যাবলীর বিশ্লেষনে দেখা যায় যে 50 টি আর এ-তে 3,661টি মোটর যান থেকে ডিলার কর 21 থেকে 183 দিন দেরিতে প্রদত্ত হয়েছে এবং সেক্ষেত্রে তারা ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 11 অনুসারে নির্ধারিত হারে জরিমানা দিতে বাধ্য।

বিলম্বে প্রদানের জন্য জরিমানা ডব্লিউ ই এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 10[95]-এ নির্দিষ্ট হারে নির্ধারিত রয়েছে যা ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 11-এ নির্ধারিত হারে প্রযোয্য হওয়ার কথা ছিল। 'ই-বাহন'-এ জরিমানার সঠিক পরিমাণ নির্ধারণ না করার ফলে 9.59 লক্ষ টাকার রাজস্ব কম আদায় হয়েছে যেখানে 12.44 লক্ষ টাকার পরিবর্তে আদতে 2.85 লক্ষ টাকা আদায় হয়েছে (***পরিশিষ্ট-2.12***)।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে, প্রয়োজনীয় সহায়ক নথি সমেত বিস্তারিত উত্তর দেবে। দপ্তর আরও জানায় যে বিলম্বের জন্য প্রদেয় জরিমানা সিস্টেমে অন্তর্ভুক্ত করা হবে এবং আদায় করা হবে। বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.10.2 সড়ক কর এবং জরিমানা আদায়

ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 3 এবং ডব্লিউ বি এ টি ও টি এম এ, 1989-এর ধারা 3 ও 4 অনুযায়ী নিবন্ধীকৃত মোটর যানের প্রত্যেক মালিক বা কোনও ব্যক্তি কোনও মোটর

[93] *মোটরসাইকেলের জন্য 200 টাকা, তিন চাকার জন্য 300 টাকা, হালকা মোটরযানের জন্য 800 টাকা, মাঝারি মোটরযানের জন্য 2,000 টাকা এবং ভারী মোটরযানের জন্য 3,000 টাকা হারে।*

[94] *2019-24 সময়কালে 5,50,249 টি যানবাহন নিবন্ধিত হয়েছে এবং 35,765 টি যানবাহন পূর্ববর্তী সময়ের ছিল।*

[95] *অতিরিক্ত কর, এককালীন এবং জীবনকালীন কর সম্পর্কিত।*

যান ক্রয় করলে বা তার অধীনে রাখলে তবে সে ত্রৈমাসিক বা বার্ষিক হারে নির্ধারিত কর প্রদান করবে।

এছাড়াও, ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 11 এবং ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 10 অনুসারে বৈধতার সময়সীমা অতিক্রম করে গেলে প্রদেয় করের দ্বিগুন জরিমানা দিতে বাধ্য থাকবে।

'ই-বাহন' তথ্যাবলীর নিরীক্ষা বিশ্লেষনে দেখা যায় যে 52 টি আর এ-তে 19,17,497 টি (আজীবন কর দিয়ে নিবন্ধীকৃত যান ছাড়া) যানবাহনের মধ্যে 4,11,260 টি যানবাহনের মালিক 31 মার্চ 2024 পর্য্যন্ত 1,074.23 কোটি টাকার সড়ক কর এবং জরিমানা প্রদান করেনি (***পরিশিষ্ট-2.13***)। খেলাপের বছর ভিত্তিক সময়কাল **তালিকা 2.3**-এ দেখানো হল।

**তালিকা 2.3: কর প্রদানে ব্যর্থতার সময়কাল**




'ই-বাহন'-এ কর প্রদানে ব্যর্থ মালিকদের তালিকা থাকা স্বত্তেও কর আধিকারিকগণ সেইসব মালিকদের কর নির্ধারণ বা আদায় পর্যবেক্ষণ করেনি। এছাড়াও, ওইসব খেলাপকারী যানের মালিকগণ ঐ সময়ে হয় যানের বীমা নবীকরণ করিয়েছে/দূষণ নিয়ন্ত্রন শংসাপত্র/পারমিট নিয়েছে বা তাদের অধীনে বৈধ ফিটনেস শংসাপত্র ছিল যা প্রমাণ করে যে যানগুলি রাস্তায় চলমান ছিল। অন্যান্য মাশুল আদায়ের সময় অনাদায়ী সড়ক কর এবং জরিমানা আদায়ের কোনও সতর্কীকরণ ব্যবস্থা সিস্টেমে ছিল না।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে, প্রয়োজনীয় সহায়ক নথি সহ বিস্তারিত উত্তর দেবে। যাইহোক অনুস্মারক পত্র দেওয়া স্বত্তেও সেই বিস্তারিত উত্তর এখনও (আগষ্ট 2025 পর্য্যন্ত) পাওয়া যায়নি।

### 2.10.3 কন্ট্রাক্ট ক্যারেজ থেকে অতিরিক্ত কর ধার্য্য এবং আদায়

ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা-I-এর অংশ B(3) অনুযায়ী, পর্যটক ট্যাক্সি, লাক্সারি ট্যাক্সি এবং ওমনিবাস (14 মিটার পর্য্যন্ত এবং যা পরিবহন যান হিসাবে নিবন্ধীকৃত নয়) ছাড়া অন্যান্য কন্ট্রাক্ট ক্যারেজ থেকে অতিরিক্ত কর ধার্য্য হবে। অংশ B(3) অনুসারে বার্ষিক অতিরিক্ত কর অটো রিক্সার ক্ষেত্রে 400 টাকা, মিটার ট্যাক্সির ক্ষেত্রে 800 টাকা এবং অন্যান্য কন্ট্রাক্ট ক্যারেজ[96] যেখানে বসার ক্ষমতা (ড্রাইভার সমেত) ছয় পর্যন্ত 3,000[97] টাকা এবং বসার ক্ষমতা (ড্রাইভার সমেত) ছয়-এর বেশি হলে 7,000 টাকা।

---

[96] *ম্যাক্সি ক্যাব, বাস, ক্যাম্পার ভ্যান, ওমনি বাস।*

[97] *দার্জিলিং জেলার তিনটি পাহাড়ি মহকুমার জন্য 1,500 টাকা।*

2019-20 থেকে 2023-24 সময়কালে 'ই-বাহন' তথ্যাবলীর বিশ্লেষনে দেখা যায় যে 'ই-বাহন' সফটওয়্যার-এ ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 3 এবং 4-এর অনুপযুক্ত ম্যাপিং এর কারনে 51টি টি এ-তে 1,48,519 টির মধ্যে 46,874 টি কন্ট্রাক্ট ক্যারেজ থেকে কোনও অতিরিক্ত কর আদায় হয়নি। ফলস্বরূপ 8.05 কোটি টাকার অতিরিক্ত কর আদায় হয়নি (***পরিশিষ্ট-2.14***), যার মধ্যে নমুনা পরীক্ষীত ছয়টি ইউনিটের 4,215 টি গাড়ির ক্ষেত্রে 73.57 লক্ষ টাকা আদায় হয়নি।

যেহেতু অতিরক্ত কর নির্ধারন ও আদায় বিভিন্ন বিষয় যেমন যানবাহনের ধরন, আসন ক্ষমতা, পারমিটের ধরন ইত্যাদির উপর নির্ভর করে তাই অতিরিক্ত করের প্রযোজ্য হারের অনুপযুক্ত ম্যাপিং যানবাহন মালিকদের অতিরক্ত কর প্রদান থেকে অবৈধভাবে দায়মুক্ত করে। এছাড়াও, এই পদ্ধতিগত ত্রুটি পরবর্তীকালে সঠিকভাবে কর ধার্য্য এবং আদায়কে প্রভাবিত করতে পারে।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে, প্রয়োজনীয় সহায়ক নথি সহ বিস্তারিত উত্তর দেবে। দপ্তর এটি প্রবর্তনের উপর আরও জোর দেবে। একই সময়ে এটাও দেখা যায় যে পদ্ধতি জোরদার করতে প্রয়োজনের তুলনায় লোকবল কম ছিল। যাইহোক, বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.10.4 অন্যান্য রাজ্যের পন্যবাহী যানবাহন থেকে অতিরক্ত কর কম আদায়

ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 3 এবং 4-এর সংলগ্ন তফসিল I-এ উল্লেখ আছে যে, পশ্চিমবঙ্গে পণ্যবাহী যান হিসাবে নিবন্ধীকৃত যানবাহনের ক্ষেত্রে ডব্লিউ বি এম ভি টি এ, 1979 অনুযায়ী নির্ধারিত প্রদেয় বার্ষিক করের 50 শতাংশ অতিরিক্ত কর হিসাবে ধার্য্য হবে এবং পশ্চিমবঙ্গ ব্যতীত অন্যান্য রাজ্যে নিবন্ধীকৃত যানবাহনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের যথাযথ কর্তৃপক্ষ দ্বারা নতুন নিবন্ধীকরণ চিহ্ন বরাদ্দ না হওয়া পর্যন্ত ডব্লিউ বি এম ভি এ টি, 1979 অনুযায়ী বার্ষিক করের 80 শতাংশ অতিরিক্ত কর হিসাবে ধার্য্য হবে।

2019-20 থেকে 2023-24 সময়কালে 'ই-বাহন' তথ্যাবলীর নিরীক্ষা বিশ্লেষনে দেখা যায় যে 30 টি টি এ-তে 'ই-বাহন'-সফটওয়্যার-এ নিবন্ধীকরণ চিহ্ন পরিবর্তন না করে অন্য রাজ্যের পণ্যবাহী যানবাহন পশ্চিমবঙ্গে চলাচলের জন্য 6,123 টির মধ্যে 4,509 টি যানবাহনের জন্য ভুলভাবে 50 শতাংশ বার্ষিক করের হারে অতিরিক্ত কর ধার্য্য করেছে যা আসলে নির্ধারিত 80 শতাংশ হারে ধার্য্য হওয়া উচিৎ ছিল কিন্তু হয়নি তার কারন ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 3 এবং 4-এর ভুল ম্যাপিং। যার ফলে রাজস্ব বাবদ 51.68 লক্ষ টাকা কম ধার্য্য ও আদায় হয়েছে (***পরিশিষ্ট 2.15***)।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে প্রয়োজনীয় সহায়ক নথিসহ বিস্তারিত উত্তর দেবে। যাইহোক, সেই বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.10.5 স্টেজ ক্যারেজ থেকে অতিরক্ত কর আদায়

ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 3 এবং 4-এর তফসিল-I অনুযায়ী সাধারণ স্টেজ ক্যারেজ এবং বিশেষ স্টেজ ক্যারেজ (মিনি বাস)-এর ক্ষেত্রে ডব্লিউ বি এম ভি টি এ, 1979 অনুযায়ী প্রদেয় বার্ষিক করের 10 শতাংশ অতিরিক্ত কর হিসাবে ধার্য্য হবে এবং যেগুলি এক্সপ্রেস/নির্দিষ্ট আসন সংখ্যক স্টেজ ক্যারেজ সেগুলির ক্ষেত্রে রাজ্য পরিবহন কর্তৃপক্ষ বা আঞ্চলিক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক 7,000 টাকা করে বার্ষিক অতিরিক্ত কর ধার্য্য হবে।

2019-20 থেকে 2023-24 সময়কালের 'ই-বাহন' তথ্যাবলীর বিশ্লেষণে দেখা যায় যে 81,199 টির মধ্যে 60,035 টি যানবাহনের ক্ষেত্রে পরিষেবার ধরণ 'ই-বাহন'-এ উপলব্ধ ছিল

না। পরিষেবার ধরণের উপর করের হার নির্ধারণ হয় বলে নিরীক্ষা 60,035 গুলি যানবাহনের উপর কোনও মন্তব্য করতে পারেনি। বাকি 21,164 টি যানবাহনের ক্ষেত্রে 34 টি টি এ-তে 2,256 টি যানের ক্ষেত্রে 'ই-বাহন' সফটওয়্যারে অতিরক্ত কর ভুল নির্ধারণ করেছে এবং ডব্লিউ বি এম ভি টি এ, 1979 অনুযায়ী বার্ষিক প্রদেয় করের 10 শতাংশ হারে কর ধার্য্য করেছে আসলে এক্সপ্রেস/নির্দিষ্ট আসন সংখ্যক স্টেজ ক্যারেজের ক্ষেত্রে যা হওয়া উচিৎ ছিল বার্ষিক 7,000 টাকা 'ই-বাহন' সফটওয়্যারে ভুল ম্যাপিং-এর জন্য তা হয়নি। ফলস্বরূপ, রাজস্ব বাবদ 38.78 লক্ষ টাকা কম আদায় হয়েছে (***পরিশিষ্ট-2.16***)।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে প্রয়োজনীয় সহায়ক নথি সহ বিস্তারিত উত্তর দেবে। যাইহোক সেই বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.10.6 হালকা মোটরযান থেকে সড়ক কর আদায় নির্ধারণ

ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 9BB সংলগ্ন তফসিল-IV-এর অংশ 1A-তে উল্লেখ আছে যে যানের মূল্যের 5.50 শতাংশ বা নূন্যতম নির্ধারিত মূল্য[98] যা বেশি হবে তাই এককালীন কর হিসাবে পাঁচ বছরের জন্য ধার্য্য হবে।

তফসিল IV-এর অংশ 1A-তে আরও উল্লেখ আছে যে যানের মূল্যের 10 শতাংশ বা নূন্যতম নির্ধারিত মূল্য[99] যা বেশি হবে তাই জীবন-কালীন কর হিসাবে ধার্য্য হবে। যানের মালিককে সিদ্ধান্ত নিতে হবে এককালীন না জীবন-কালীন কর দেবে। আইনে এটিও উল্লেখ আছে যে নন-এ সি যানের ক্ষেত্রে যার ইঞ্জিন ক্ষমতা 800 সিসি-এর কম (এককালীন করের ক্ষেত্রে 3,000 টাকা এবং জীবন-কালীন করের ক্ষেত্রে 10,000 টাকা) তার ক্ষেত্রে কর জমার ক্ষেত্রে ছাড়ের ব্যবস্থা আছে। 2019-20 থেকে 2023-24 সময়কালের 'ই-বাহন' তথ্যাবলীর নিরীক্ষা বিশ্লেষনে নিম্নলিখিত বিষয়গুলি নজরে আসে:

- **এককালীন কর:** 8,93,247 টি যানবাহনের এককালীন করের মধ্যে 521টির ক্ষেত্রে আইনে নির্ধারিত নূন্যতম কর আদায় করা হয়েছে। এটা গোচরে আসে যে যানবাহনের বিক্রয় মূল্যের উপর আদায়যোগ্য 5.50 শতাংশ করের তুলনায় আইনে প্রস্তাবিত নূন্যতম কর বেশি। এর ফলে 43 টি টি এ-তে 44.53 লক্ষ টাকার রাজস্ব কম ধার্য্য এবং আদায় হয়েছে (***পরিশিষ্ট-2.17***)।
- **জীবন-কালীন কর:** আরও লক্ষ্য করা যায় যে 62,892 টি যানবাহনের মধ্যে 71 টির ক্ষেত্রে আদায়কৃত জীবন-কালীন কর আইনে নির্ধারিত হারের থেকে কম হয়েছে যা যানের বিক্রয় মূল্যের 10 শতাংশের কম। 25 টি টি এ-তে 7.24 লক্ষ টাকার রাজস্ব কম ধার্য্য এবং আদায় হয়েছে (***পরিশিষ্ট-2.17***)।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে প্রয়োজনীয় সহায়ক নথি সহ বিস্তারিত উত্তর দেবে। যাইহোক, সেই বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি। বলবৎ ক্রিয়া জোরদার করার লোকবলের অভাবের কথাও দপ্তর নজরে আনে।

### 2.10.7 বিশেষ কর এবং জরিমানা অনাদায়

ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 3(3)-তে উল্লেখ আছে যে প্রত্যেক নিবন্ধীকৃত মোটরযানের মালিক এবং ডিলার বা প্রস্তুতকারক যে নিজের অধীনে বা নিয়ন্ত্রনে কোনও

[98] *900 সিসি, 1,490 সিসি, 2,000 সিসি এবং 2,000 সিসি-র বেশি ইঞ্জিন ধারণক্ষমতা সম্পন্ন যানবাহনের জন্য যথাক্রমে সর্বনিম্ন 17,000 টাকা, 25,000 টাকা, 35,000 টাকা এবং 45,000 টাকা।*

[99] *900 সিসি, 1,490 সিসি, 2,000 সিসি এবং 2,000 সিসি-র বেশি ইঞ্জিন ধারণক্ষমতার যানবাহনের জন্য যথাক্রমে 40,000 টাকা, 55,000 টাকা, 80,000 টাকা এবং 1,00,000 টাকা।*

যানবাহন রাখে এবং তাতে কোনও শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্র থাকলে তবে উপ-ধারা (1)-এ প্রদেয় কর ছাড়াও অংশ-I-এ নির্ধারিত হারে[100] বিশেষ কর দিতে বাধ্য।

ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 9BA(5)-এ অনুযায়ী মোটরযান আইন, 1988-এর অধীনে নিবন্ধীকৃত প্রত্যেক ব্যাটারী চালিত যানের মালিক এবং প্রত্যেক ব্যক্তি যে কোনও ব্যাটারী চালিত যান ক্রয় করেছে বা তার অধীনে বা নিয়ন্ত্রনে আছে এবং সেই যানে শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা থাকলে উপ-ধারা (1)-এর অধীনে এককালীন কর ছাড়াও তফসিল VI-এর অংশ I-এ উল্লিখিত হারে বিশেষ কর দিতে বাধ্য।

এছাড়াও, ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 11 এবং ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর ধারা 10 অনুসারে 15 দিনের অতিরিক্ত সময়সীমা শেষ হওয়ার পরে নির্ধারিত করের দ্বিগুন জরিমানা দিতে বাধ্য।

যাইহোক, পরিবহন দপ্তর বিজ্ঞপ্তি সংখ্যা 1181L তারিখ 10.08.2012 দ্বারা অ-পরিবহন যানবহন (মোটর যান ও অমনিবাস) এবং পর্যটক ট্যাক্সি, লাক্সারি ট্যাক্সি বা 14 আসন ক্ষমতা পর্যন্ত (কন্ট্রাক্ট ক্যারেজ) যানবাহন কে বিশেষ কর প্রদান থেকে ছাড় দিয়েছে।

'ই-বাহন' তথ্যাবলীর 2019-24 সময়কালের নিরীক্ষা বিশ্লেষনে দেখা যায় যে, 19,110 টি যানে শীতাতপ নিয়ন্ত্রন যন্ত্র লাগানো ছিল (50 টি নিবন্ধীকরণ কর্তৃপক্ষের অধীনে)। এর মধ্যে 5,755 টি যানের মালিকগন কোনও বিশেষ কর দেয়নি। এছাড়াও তথ্যাবলীতে 5,755 টির মধ্যে 4,432 টি যানের পারমিটের বিবরণ তথ্যভান্ডারে উপলব্ধ নয় সেই কারনে আইন লঙ্ঘনকারী এই সকল যানের ক্ষেত্রে নিরীক্ষা কোনও মন্তব্য করতে পারেনি। 50 টি আর এ-এর অধীনে বাকি, 1,323 টি যানের মালিকগন 2.86 কোটি টাকার জরিমানা সমেত বিশেষ কর 31 মার্চ 2024 পর্য্যন্ত প্রদান করেনি (***পরিশিষ্ট-2.18***)।

'ই-বাহন'-এ বিশেষ কর খেলাপী যানের তালিকা প্রস্তুতির ব্যবস্থা না থাকায় কর নির্ধারন আধিকারিকগন বিশেষ কর খেলাপকারী যানের মালিকদের ক্ষেত্রে তা নজরদারি ও আদায়ে ব্যর্থ হয়েছে। এছাড়াও খেলাপকারীদের সাবধানতামূলক বার্তা দেয়ার ব্যবস্থা বা বিশেষ কর না দেয়ার ব্যাপারে টি এ গণকে অবগত করার ব্যবস্থা না থাকায় নজরদারি ব্যবস্থা দুর্বল হয়ে পড়েছে। দেখা যায় যে এইসব খেলাপকারীগন কর খেলাপের সময় হয় সড়ক কর দিয়েছে বা গাড়ির বীমা নবীকরন করেছে/দূষন নিয়ন্ত্রন সংশাপত্র/পারমিট নিয়েছে বা তাদের কাছে যানের বৈধ ফিটনেস সংশাপত্র ছিল যা ইঙ্গিত দেয় যে যানগুলি রাস্তায় চলমান ছিল।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে, প্রয়োজনীয় সহায়ক নথি সহ বিস্তারিত উত্তর দেবে। বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি। দপ্তর আরও জানায় যে, বলবৎ ক্রিয়া জোরদার করার মতো লোকবলও কম আছে।

### 2.10.8 অডিও ও ভিডিও মাশুল আদায়

ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 218(7)-এর তফসিল F-এ উল্লেখ আছে যে মোটর যান[101] থেকে বার্ষিক 300 টাকা এবং মোটর যান ছাড়া অন্য পরিবহন যাতে রেডিও সেট, গ্রামাফোন, টেপ রেকর্ডার, ক্যাসেট রেকর্ডার বা অন্য ধরনের যন্ত্র যা থেকে শব্দ বের হয় সে সকল যান থেকে বার্ষিক 500 টাকা হারে অডিও মাশুল আদায় যোগ্য।

*[100] যাত্রী পরিবহন যানবাহন: (i) 35 টি আসন পর্যন্ত-আসন প্রতি বার্ষিক 3,000 টাকা; (ii) 35-এর বেশি আসনের জন্য–আসন প্রতি 6,000 টাকা; পণ্যবাহী যানবাহন-আসন প্রতি 6,000 টাকা; এবং ব্যাটারি চালিত মোটর গাড়ি এবং ওমনি বাস (পরিবহন যানবাহন হিসেবে নিবন্ধিত নয়): (i) পাঁচ বছরের জন্য 2.5 কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন ব্যাটারির জন্য 4,000 টাকা; এবং (ii) পাঁচ বছরের জন্য 2.5 কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন ব্যাটারির জন্য 7,500 টাকা।*

*[101] 14 জনের বেশি আসন ক্ষমতা সম্পন্ন অথবা ব্যাটারিচালিত।*

পশ্চিমবঙ্গ মোটর যান নিয়মাবলী, 1989-এর তফসিল F-এ উল্লেখ আছে যে কোনও মোটর যান এবং পর্যটক মোটর ক্যাব-এর ক্ষেত্রে বছরে 500 টাকা এবং অন্য কোনও পরিবহন যানে ভিডিও সেট, টেলিভিশন বা অন্য কোনও যন্ত্র যাতে শব্দ সমেত বা শব্দ ছাড়া কোনও কিছু দেখা যায় সে ক্ষেত্রে বছরে 2,000 টাকা দিতে হবে।

যদিও, পরিবহন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার 10 আগষ্ট 2012-এর বিজ্ঞপ্তি সংখ্যা 1182L দ্বারা ব্যটারি চালিত মোটর যান ছাড়া অন্যান্য মোটর যান এবং অমনিবাস (14 সীটার পর্য্যন্ত এবং যা পরিবহন যান হিসাবে নিবন্ধীকৃত নয়)-এর মালিকদের অডিও এবং ভিডিও মাশুল প্রদান থেকে মুক্তি দিয়েছে গাড়িতে অডিও/ভিডিও সিস্টেম লাগানো থাকলেও।

2019-24 সময়কালের 'ই-বাহন' তথ্যাবলীর নিরীক্ষা বিশ্লেষনে দেখা যায় যে 52 টি আর এ-তে 1,34,199 টি এবং 6,767 টি যানের ক্ষেত্রে যথাক্রমে অডিও এবং ভিডিও সিস্টেম লাগানো থাকায় তারা অডিও এবং ভিডিও মাশুল দিতে বাধ্য।

যাইহোক, 31 মার্চ 2024 পর্য্যন্ত 52 টি আর এ-তে 41,050 টি এবং 3035 টি যানবহনের মালিক যথাক্রমে 531.81 লক্ষ টাকার অডিও মাশুল এবং 83.56 লক্ষ টাকার ভিডিও মাশুল প্রদান করেনি (***পরিশিষ্ট-2.19*** এবং ***পরিশিষ্ট 2.20***)। নমুনা হিসাবে বাছাইকৃত ছয়টি ইউনিটের 7,153 টি এবং 751 টি যানবাহনের মালিকগণ যথাক্রমে 89.28 লক্ষ টাকার অডিও মাশুল এবং 11.23 লক্ষ টাকার ভিডিও মাশুল প্রদান করেনি।

লক্ষ্য করা যায় যে এই সকল খেলাপকারী কর খেলাপের সময় হয় সড়ক কর দিয়েছে বা যানের বীমা নবীকরন করেছে/দূষন নিয়ন্ত্রন শংসাপত্র/পারমিট নিয়েছে বা তাদের কাছে যানের বৈধ ফিটনেস শংসাপত্র ছিল যা ইঙ্গিত করে যানবাহনগুলি রাস্তায় চলমান ছিল।

'ই-বাহন' রিপোর্ট মডিউলে না ছিল অডিও মাশুল খেলাপকারীদের তালিকা তৈরির কোনও বিধান না ছিল খেলাপকারী মালিকদের সর্তক বার্তা পঠানোর কোনও বিধান যার ফলে আর এ গন খেলাপকারীদের শনাক্ত করতে ব্যর্থ হয়েছে। ফলস্বরূপ 6.15 কোটি টাকার অডিও এবং ভিডিও মাশুল আদায় হয়নি।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে তারা চার সপ্তাহের মধ্যে বিস্তারিত উত্তর দেবে। যাইহোক, সেই বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.10.9 বিশেষ মাশুল আদায়

ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 121 অনুযায়ী রাজ্যের মধ্যে ভারী পণ্যবাহী যানবাহন, মোট ওজন (জি ভি ডব্লিউ) 22,542 কেজির বেশি তা চলাচল নিষিদ্ধ। তবে 22 ফেব্রুয়ারি 1991-এর বিজ্ঞপ্তি দ্বারা পশ্চিমবঙ্গ সরকার এই বিধিনিষেধ শিথিল করে এবং জি ভি ডব্লিউ-এর উপর নির্ভর করে বিভিন্ন হারে (***পরিশিষ্ট-2.21***) একটি বিশেষ মাশুল প্রদানের ভিত্তিতে রাজ্যে এই জাতীয় যানবাহন চলাচলের অনুমতি দেয়।

2019-24 সময়কালের 'ই-বাহন' তথ্যের নিরীক্ষা বিশ্লেষণ করে দেখা যায় যে 1,08,667 টি ভারী পণ্যবাহী যানবাহন (51টি আর এ)-তে মোট ওজন 22,542 কেজির বেশি ছিল এবং বিশেষ মাশুল দিতে দায়বদ্ধ। যদিও, 51টি আর এ-তে 15,722 টি ভারী পণ্যবাহী যানবাহনের মালিকরা 31 মার্চ 2024 পর্যন্ত 14.54 কোটি টাকার বিশেষ মাশুল প্রদান করেনি (***পরিশিষ্ট-2.22***)। এছাড়াও, খেলাপি সময়কালে যানবাহনের মালিকরা হয় সড়ক কর প্রদান করছেন বা যানবাহন বীমা/দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র/পারমিট পুনর্নবীকরণ করছেন বা বৈধ ফিটনেস শংসাপত্র ধারণ করছেন, যা নির্দেশ করে যে এই যানবাহনগুলি রাস্তায় চলাচল করছে।

'ই-বাহন' রিপোর্ট মডিউলে খেলাপিদের বিবরণ তৈরি করা, যানবাহন মালিকদের সতর্ক বার্তা পাঠানো এবং বিশেষ মাশুল না দেওয়ার বিষয়ে আর এ-তে বিজ্ঞপ্তি দেওয়ার মতো প্রয়োজনীয় বৈশিষ্ট্যগুলির অভাব থাকায় অন্যান্য কর/মাশুল সংগ্রহের সময় টি এ গণ বিশেষ মাশুল আদায় করতে ব্যর্থ হয়েছিল।

বিশেষ মাশুল নির্ধারণ ও আদায়ে আর এ দের ব্যর্থতা সরকারের রাজস্ব সুরক্ষার উদ্দেশ্যকে ব্যর্থ করেছে।

পরিবহণ দপ্তর চার সপ্তাহের মধ্যে বিস্তারিত জবাব দিতে সম্মত হয়েছিল (09 এপ্রিল 2025)। তবে বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.10.10 পরিবহন শ্রমিকদের কল্যাণ সেস, সুদ ও জরিমানা নির্ধারণ ও আদায়

ডব্লিউ বি এম টি ডব্লিউ ডব্লিউ সি এ, 2010-এর তাফসিল 4-এর তফসিল অনুসারে, ভাড়া বা প্রতিদানের জন্য যাত্রী বা পণ্য পরিবহনকারী মোটর যানবাহনের জন্য ডব্লিউ বি এম ভি টি এ, 1979 এবং ডব্লিউ বি এ টি ও টি এম ভি এ, 1989-এর অধীনে প্রদেয় বার্ষিক করের 10 শতাংশের বেশি পরিবহন শ্রমিক কল্যাণ সেস নির্ধারণ করা হয়েছে। পরিবহণ দপ্তর প্রযোজ্য আইন অনুসারে বার্ষিক সড়ক করের সর্বাধিক 10 শতাংশ হারে এই সেস মূল্যায়ন ও সংগ্রহ করেছিল। ডব্লিউ বি এম টি ডব্লিউ সি আইন, 2010-এর নিয়ম 4(4) বাধ্যতামূলক করেছে যে সেস দিতে বাধ্য যানবাহন মালিকদের ওই আইনের ধারা 11-এর অধীনে নির্দিষ্ট সময়সীমার মধ্যে ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর অধীনে সড়ক করের সাথে এটি প্রদান করতে হবে। যদি কোনও মালিক সময়মতো সেস দিতে ব্যর্থ হন, তবে 7 নম্বর ধারায় নির্ধারিত তারিখ থেকে পরিশোধ না করা পর্যন্ত বকেয়া পরিমাণের উপর 2 শতাংশ মাসিক সুদ ধার্য করা হবে। এছাড়াও, ধারা 8A-তে বলা আছে যে অপরিশোধিত সেস বকেয়া হিসাবে গণ্য করা হয়েছিল এবং নির্ধারিত কর্তৃপক্ষ যথাযথ তদন্তের পরে সেসের পরিমাণ পর্যন্ত জরিমানা আরোপ করতে পারে।

**ক.** 2019-24 সময়কালের 'ই-বাহন' তথ্যভান্ডারের নিরীক্ষা বিশ্লেষণ থেকে জানা যায় যে, 52 টি আর এ-তে 8,51,028 টি পরিবহন যানবাহনের মধ্যে, 2,64,974 টি যানবাহনের মালিকরা 31 মার্চ 2024 পর্যন্ত পরিবহন শ্রমিকদের কল্যাণ সেস এবং সুদ বাবদ 68.56 কোটি টাকা (***পরিশিষ্ট-2.23***) পরিশোধ করেননি যার মধ্যে ছয়টি নমুনা পরীক্ষিত ইউনিটের 35,753 টি পরিবহন যানের ক্ষেত্রে তা হল 10.74 কোটি টাকা। টি ডব্লিউ ওয়েলফেয়ার সেস খেলাপি তালিকা তৈরির জন্য সিস্টেমে কোনও উপায় না থাকায় টি এ গুলি সেস না দেওয়ার বিষয়টি পর্যবেক্ষণ করতে পারেনি। এছাড়াও, কর আদায়ের সময় পরিবহন শ্রমিকদের কল্যাণ সেস পরিশোধ না করার বিষয়ে টি এ গণকে সতর্ক করার কোনও বিধান ছিল না এবং খেলাপিদের সতর্ক বার্তা পাঠানোর কোনও বিধানও ছিল না।

**খ.** 2019-24 সময়কালের 'ই-বাহন' তথ্যের নিরীক্ষা বিশ্লেষণের সময় দেখা গেছে যে 3,13,612 টি যানবাহনের ক্ষেত্রে যদিও 7 থেকে 553 দিনের বিলম্বে সেস প্রদান করা হয়েছিল, বিলম্বিত অর্থ প্রদানের জন্য কেবল জরিমানা আদায় করা হয়েছিল। তবে, 'ই-বাহন' সফ্টওয়্যারে ডব্লিউ বি এম টি ডব্লিউ সি এ, 2010-এর ধারা 7-এর ম্যাপিং না করার কারণে পরিবহণ শ্রমিক কল্যাণ সেসের বিলম্বিত পরিশোধের সুদ মূল্যায়ন বা সংগ্রহ করা যায়নি, যার ফলে রাজস্ব বাবদ 22.63 লক্ষ টাকা (***পরিশিষ্ট-2.24***) ক্ষতি হয়েছে যার মধ্যে *ছয়টি নমুনা পরীক্ষিত ইউনিট সম্বন্ধিত* 53,632 টি *ক্ষেত্রের* 3.68 লক্ষ *টাকার ক্ষতি হয়েছে।*

এই ঘাটতিটি প্রমান করে যে যথাযথ বিধান পালন এবং রাজস্ব আদায় নিশ্চিত করার জন্য 'ই-বাহন' সিস্টেমে ডব্লিউ বি এম টি ডব্লিউ ডব্লিউ সি আইন, 2010-এর প্রাসঙ্গিক বিধানগুলির উন্নত এবং পর্যাপ্ত সংহতকরণের প্রয়োজনীয়তা তুলে ধরে।

পরিবহন শ্রমিক কল্যাণ সেস এবং সুদ আদায় না হওয়ার কারণে রাজস্ব আদায়ে ঘাটতি পরিবহন শ্রমিক কল্যাণের জন্য সরকারের পৃথক তহবিলের নিয়মকে প্রভাবিত করতে পারে।

পরিবহণ দপ্তর চার সপ্তাহের মধ্যে বিস্তারিত জবাব দিতে সম্মত হয়েছিল (09 এপ্রিল 2025)। তবে বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

### 2.10.11 কর ও অর্থদন্ড আদায়ের জন্য গৃহীত ব্যবস্থার পর্যাপ্ততা

ডব্লিউ বি এম ভি টি এ, 1979-এর ধারা 14 অনুসারে, যে কোনও কর, অর্থদন্ড বা জরিমানা বকেয়া ভূমি রাজস্বের মতোই আদায় করা যেতে পারে। তদনুসারে, যে মোটরযানের উপর কর, অর্থদন্ড বা জরিমানা বকেয়া রয়েছে, সেই মোটরযানটি বাজেয়াপ্ত বা বিক্রি করা যেতে পারে, যদিও সেই মোটরযানটি যার আনুষাঙ্গিক কর, অর্থদন্ড বা জরিমানা প্রদানের জন্য বাধ্য যে ব্যক্তি তার দখলে বা নিয়ন্ত্রণে থাকুক বা না থাকুক।

নিরীক্ষার সময়, নির্বাচিত আর এ-গণকে ডব্লিউ বি এম ভি টি আইন, 1979-এর ধারা 14-এর অধীনে কর, অর্থদন্ড বা জরিমানা আদায়ের জন্য গৃহীত পদক্ষেপের বিবরণ পেশ করার জন্য অনুরোধ করা হয়েছিল। তবে, নিরীক্ষার জন্য প্রয়োজনীয় বিবরণ নিবন্ধনকারী কর্তৃপক্ষ দ্বারা উপস্থাপন করা হয়নি,

এটি ইঙ্গিত দেয় যে উপযুক্ত কর্তৃপক্ষ বিদ্যমান আইনে বর্ণিত রাজস্ব আদায়ের জন্য শংসাপত্র সংক্রান্ত কার্যক্রমের জন্য কোনও পদক্ষেপ শুরু করেনি।

সুতরাং, ধারা 14-এর অধীনে বকেয়া আদায়ের জন্য অপর্যাপ্ত পদক্ষেপের ফলে 4,11,260 টি খেলাপি যানবাহন মালিকের কাছ থেকে কর আদায় এবং জরিমানা আদায়ের 1074.23 কোটি টাকার বিপুল পরিমান আদায় করা বাকি আছে (***পরিশিষ্ট-2.13***), যেমনটি **অনুচ্ছেদ 2.10.2**-এ আলোচনা করা হয়েছে।

পি ভি ডি-কলকাতা এবং আর টি ও-পুরুলিয়া জানিয়েছে যে ডাব্লিউ বি এম ভি টি আইন, 1979-এর ধারা 14-এর অধীনে বকেয়া আদায়ের জন্য কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। পি ভি ডি-কলকাতা আরও জানিয়েছে যে কলকাতায় কোনও শংসাপত্র প্রদানকরি আধিকারিক না থাকায় ব্যবস্থা নেওয়া সম্ভব হয়নি।

পরিবহন দপ্তর চার সপ্তাহের মধ্যে একটি বিস্তারিত উত্তর জমা দিতে সম্মত হয়েছিল (09 এপ্রিল 2025) তবে উত্তর এখনও পাওয়া যায়নি (জুলাই 2025)।

## 2.11 মোটরযান আইন/বিধি মেনে চলা বলবৎকরণ কার্যক্রম ও পর্যবেক্ষণ

### 2.11.1 বেসরকারী তত্ত্বাবধায়ক দ্বারা বিধান মেনে চলার মূল্যায়ন

পশ্চিমবঙ্গ সরকার মোটরযান আইন 1988-এর অধীনে বাজেয়াপ্ত যানবাহন রাখার জন্য একজন তত্ত্বাবধায়ক (বেসরকারি/সরকারি সংস্থা) নিয়োগের জন্য একটি বিস্তারিত পদ্ধতি[102] নির্ধারণ করেছিল।

বিজ্ঞপ্তির অনুচ্ছেদ 5 (a) অনুসারে বেসরকারী কাস্টোডিয়ান সরকারের কাছে আবেদনের সময় ডিমান্ড ড্রাফ্ট বা ব্যাংক গ্যারান্টি আকারে 3 লক্ষ টাকা অগ্রিম মূল্য জমা (ই এম ডি) করবে, যা আবেদনকারী নির্বাচিত না হলে ফেরতযোগ্য থাকবে। আবেদনকারী নির্বাচিত হওয়ার ক্ষেত্রে, এই জাতীয় ই এম ডি জামানত (এস ডি)-এ রূপান্তরিত হবে। বিজ্ঞপ্তি-তে উল্লিখিত কোনও শর্ত লঙ্ঘনের ক্ষেত্রে এই এস ডি বাজেয়াপ্ত করা যেতে পারে।

[102] *বিজ্ঞপ্তি সংখ্যা 1246-ডব্লিউ টি/3 এম-116/2003 তারিখ 01 মার্চ 2005।*

উপরোক্ত বিজ্ঞপ্তি অনুসারে, মুর্শিদাবাদের জেলা শাসক (ডি এম) পলসান্ডা এম ভি সি পি-তে একজন বেসরকারী তত্ত্বাবধায়কে নিয়োগের জন্য একটি দরপত্র আহ্বান করেছিলেন (ডিসেম্বর 2013) এবং এই উদ্দেশ্যে একটি সংস্থাকে নিযুক্ত করা হয়েছিল।

অফার লেটারের শর্ত (d) অনুযায়ী 2014 সালের 25 ফেব্রুয়ারির মধ্যে কর্তৃপক্ষের (ডি এম) কাছে একটি চুক্তি দাখিল করার কথা ছিল এবং প্রয়োজনীয় পরিকাঠামোর ব্যবস্থা করার কথা ছিল। তত্ত্বাবধায়কে প্রাথমিকভাবে এক বছরের জন্য নির্বাচিত করা হয়েছিল এবং সন্তোষজনক সম্পাদনের পরে, অফার লেটারে বর্ণিত সমস্ত শর্তাদি পূরণ সাপেক্ষে বার্ষিক ভিত্তিতে নিয়োগ পুনর্নবীকরণ করা যেতে পারে।

এছাড়াও, অফার লেটারের ধারা 2 অনুসারে, তত্ত্বাবধায়কের হেফাজতে রাখা বাজেয়াপ্ত যানবাহনের মালিকদের কাছ থেকে আদায় করা আটক চার্জের 25 শতাংশ মাসিক ভিত্তিতে ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কর আধিকারিককে প্রদান করতে বাধ্য ছিল।

তাছাড়া, ধারা 5 ও 6-এর শর্তানুযায়ী, পর্যাপ্ত সার্বক্ষনের নিরাপত্তা, পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্রপাতির ব্যবস্থা এবং বন্যা, ভূমিকম্প, অগ্নিকাণ্ড ইত্যাদি মোকাবিলায় যানবাহন ও প্রাঙ্গণকে বীমার আওতায় আনতে হবে।

তত্ত্বাবধায়ককে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে প্রমাণিত একটি রেজিস্টার বজায় রাখতে হবে যাতে যানবাহনের প্রাপ্তি ও মুক্তি এবং আটক মাশুলের আদায় করা অর্থের পরিমাণ সহ প্রতিটি বিবরণ নথিবদ্ধ করা যায় এবং যখন প্রয়োজন হয় তখন পরিদর্শনের জন্য তা উপস্থাপন করতে হয়।

মুর্শিদাবাদের আর টি ও-এর আওতাধীন পলসান্ডায় নিরীক্ষা দল দ্বারা এম ভি সি পি-এর যৌথভাবে পরিদর্শনের সময় (আগষ্ট 2024) বেসরকারী কাস্টোডিয়ানের নথিগুলি যাচাই করে নিম্নলিখিত ঘাটতিগুলি লক্ষ্য করা গেছে:

i) বেসরকারী কাস্টোডিয়ান এজেন্সি থেকে ই এম ডি আদায়ের বিধান জেলা শাসকের জারি করা অফার লেটারে অন্তর্ভুক্ত ছিল না। ফলে তা পরিশোধ সংক্রান্ত কোনো নথি নিরীক্ষায় উপস্থাপন করা যায় নি। এছাড়াও, ই এম ডি-এর অনাদায় সরকারকে কাস্টোডিয়ান দ্বারা শর্ত না মানার ক্ষেত্রে জরিমানা আদায় না করার ঝুঁকিতে ফেলে।

ii) জি ও ডব্লিউ বি এবং বেসরকারী কাস্টোডিয়ানের মধ্যে কোনও আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়নি। 2014 সালের 28 জানুয়ারি জারি করা অফার লেটার এবং মুর্শিদাবাদের লালবাগের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের কাছে দাখিল করা হলফনামার ভিত্তিতে তত্ত্বাবধায়ক কাজ শুরু করে। তাছাড়াও, নতুন হলফনামা দাখিল করা হয়নি বা এক বছরের জন্য প্রাথমিক নিয়োগের পরে নিয়োগের সময়সীমা পুনর্নবীকরণ করা হয়নি এবং একই সংস্থা তার তত্ত্বাবধায়ক ব্যবসা চালিয়ে যাচ্ছিল (এপ্রিল 2025)।

iii) কাস্টোডিয়ানের মাসিক ভিত্তিতে কর আধিকারিকের কাছে প্রাপ্য আটকের চার্জের সরকারের অংশের অর্থ প্রেরণ করার কথা। তবে 'ই-বাহন' থেকে প্রাপ্ত আদায় রসিদ থেকে জানা যায় যে শেষ অর্থ প্রদান করা হয়েছিল 2018-19 সময়কালের জন্য। 2019 থেকে 2024 সাল পর্যন্ত সরকারের অংশের জন্য কোনও অর্থ প্রদান করা হয়নি। ফলস্বরূপ, 10.41 লক্ষ টাকা বকেয়া পরিমাণ তত্ত্বাবধায়কের দ্বারা প্রদানের জন্য মুলতুবি রয়েছে যা **সারণী 2.3**-এ বর্ণিত হল।

**সারণি 2.3: কাস্টোডিয়ান কর্তৃক সরকারি অংশের অর্থ প্রেরণ না করা**

| সময়কাল | কাস্টোডিয়ান কর্তৃক আদায়কৃত আটক মাশুল (টাকায়) | আটক চার্জের 25% হারে সরকারী অংশ (টাকায়) |
|---|---|---|
| 2019-20 | 1,69,350.00 | 42,337.50 |
| 2020-21 | 1,22,775.00 | 30,693.75 |
| 2021-22 | 8,98,955.00 | 2,24,738.75 |
| 2022-23 | 15,46,245.00 | 3,86,561.25 |
| 2023-24 | 14,26,765.00 | 3,56,691.25 |
| **মোট** | **41,64,090.00** | **10,41,022.50** |

*(উৎস: বেসরকারি কাস্টোডিয়ান কর্তৃক রক্ষণাবেক্ষণকৃত সংগ্রহ রেজিষ্টার)*

iv) বাজেয়াপ্ত যানবাহনের জন্য কাস্টোডিয়ান পার্কিংয়ে চব্বিশ ঘন্টার পর্যাপ্ত সুরক্ষা ছিল না। এছাড়া বাজেয়াপ্ত যানবাহনের নিরাপত্তার জন্য পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবস্থাও ছিল না। মাত্র দুটি অগ্নিনির্বাপক সিলিন্ডার বসানো ছিল। সিলিন্ডারগুলিতে মরিচা পড়েছিল এবং মেয়াদ উত্তীর্ণের তারিখটি সুস্পষ্ট ছিল না।




*চিত্র 2.9: এম ভি চেকপোস্টের পার্কিং স্থল পরিদর্শনের ছবি*




*চিত্র 2.10: মরিচা পড়া ও মেয়াদ উত্তীর্ণ অগ্নিনির্বাপক যন্ত্রের ছবি*

v) বন্যা, ভূমিকম্প, অগ্নি ইত্যাদির বিরুদ্ধে প্রাঙ্গন ও যানবাহনের জন্য বীমা আওতাভুক্তর অনুলিপি নিরীক্ষার জন্য পেশ করা হয়নি।

vi) 2019-24 সময়কালের জন্য বেসরকারি কাস্টোডিয়ান দ্বারা রক্ষণাবেক্ষণ করা রেজিস্টার উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রামানীকরন হয়নি। এছাড়াও, রেজিস্টার (যদি থাকে) পরিদর্শন সম্পর্কিত পরিদর্শন প্রতিবেদনের কোনও অনুলিপি নিরীক্ষার জন্য পেশ করা হয়নি।

সুতরাং, প্রযোজ্য শর্তাবলী মেনে না চলার ক্ষেত্রে কোনও আনুষ্ঠানিক চুক্তি না থাকায় উপযুক্ত কর্তৃপক্ষ কাস্টোডিয়ানের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারবে না। এছাড়াও, অফার লেটারে ই এম ডি-এর সংস্থান অন্তর্ভুক্ত না করায় কাস্টোডিয়ানকে অযাচিত পক্ষপাতিত্ব করা হয়েছে।

এছাড়াও, অপর্যাপ্ত পরিকাঠামো এবং বীমা আওতার অভাব, নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থার অনুপস্থিতি সবমিলিয়ে বাজেয়াপ্ত যানবাহনের নিরাপত্তা এবং সুরক্ষার সাথে আপস করা হয়েছিল। তাছাড়া, আর টি ও, মুর্শিদাবাদ কর্তৃক বেসরকারি কাস্টোডিয়ানকে অমান্য এবং নজরদারি না করার ফলে তত্ত্বাবধায়ক নির্ধারিত সময়ের পরেও সরকারি রাজস্ব বাবদ 10.41 লক্ষ টাকা আটকে রেখেছেন।

পরিবহন দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) জানায় যে সচিব একটি স্ট্যান্ডার্ড চুক্তি চূড়ান্ত করার নির্দেশ দিয়েছেন। তবে, স্ট্যান্ডার্ড চুক্তির অনুলিপি, থাকলেও তা এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

## 2.11.2 ওয়েইব্রিজ পর্যবেক্ষণ

মোটরযান আইন, 1988-এর ধারা 113 এবং 114-তে মাত্রাতিরিক্ত ওজন নেওয়া যানবাহনের ক্ষেত্রে ওজন সীমাবদ্ধতা এবং প্রয়োগ সম্পর্কিত বিধান আছে:

- **ধারা 113** বলা হয়েছে, কোনো গাড়ির রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লিখিত ওজন সীমা অতিক্রম করলে তা প্রকাশ্য রাস্তায় চালানো যাবে না।
- **ধারা 114** এনফোর্সমেন্ট কর্তৃপক্ষকে কোনও গাড়িকে ওজন করার ক্ষমতা দেয় যদি বিশ্বাস করার কারণ থাকে যে এটি অতিরিক্ত বোঝা বহন করছে। যদি গাড়িটিতে মাত্রাতিরিক্ত বোঝা পাওয়া যায় তবে অতিরিক্ত বোঝা খালাস করা সহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে পারে।

এছাড়াও, এম ভি এ, 1988-এর 194 ধারায় বলা হয়েছে যে যদি কেউ ধারা 113 বা 114-এর নিয়ম লঙ্ঘন করে পরিবহন যানবাহন চালায় বা গাড়ি চালানোর অনুমতি দেয় তবে তিনি ন্যূনতম 20,000 টাকা জরিমানা এবং অতিরিক্ত প্রতি টন বোঝার জন্য 2,000 টাকা জরিমানা এবং অতিরিক্ত বোঝা খালাসের জন্য চার্জ দিতে বাধ্য হবে।

এছাড়াও, ডব্লিউ বি এম ভি আর, 1989-এর নিয়ম 287(11) অনুযায়ী আইনের ধারা 114-মান্যতার উদ্দেশ্যে নিবন্ধনকারী কর্তৃপক্ষ দ্বারা নিযুক্ত ব্যক্তি দ্বারা প্রতি ছয় মাস অন্তর ওজন মাপার যন্ত্রের যথার্থতা পরীক্ষা করা হবে।

যেহেতু এনফোর্সমেন্ট দলকে অতিরিক্ত বোঝা এবং শাস্তির জন্য গাড়ির ওজনের উপর নির্ভর করতে হয়, তাই ওয়েই ব্রিজের নির্ভুলতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে, আর টি ও-মুর্শিদাবাদ এবং কোচবিহারের আওতাধীন যথাক্রমে পলসান্দা এবং শ্রীরামপুরে এম ভি সি পি গুলির জে পি আই (জুলাই-আগস্ট 2024) থেকে দেখা যায় যে চেকপোস্টগুলিতে অবস্থিত ওয়েই ব্রিজগুলি প্রতি ছয় মাসের বদলে বছরে পরীক্ষা করা হচ্ছিল। যেহেতু বোঝার ওজন অপরাধের শাস্তির সাথে সম্পর্কিত, ওজন প্রক্রিয়ায় যে কোনও ত্রুটি সরকারী রাজস্ব আদায় এবং প্রয়োগকারী কার্যক্রমের কার্যকারিতার উপর সরাসরি প্রভাব ফেলে।

পরিবহণ দপ্তর চার সপ্তাহের মধ্যে বিস্তারিত জবাব দিতে সম্মত হয়েছে (09 এপ্রিল 2025)। তবে বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

***সুপারিশ 4: পরিবহন দপ্তর ওজনের যথার্থতা, রাজস্ব আদায় এবং ওজন যন্ত্রগুলি কার্যকারীভাবে প্রয়োগ করার জন্য সমস্ত চেকপোস্টগুলিতে ওজন যন্ত্রগুলির অর্ধবার্ষিক পরীক্ষা ও যথাযথ পর্যবেক্ষণ করতে পারে।***

## 2.11.3 ই-চালান মডিউলের মূল্যায়ন

এম ভি এ, 1988-এর ধারা 200 এম ভি আইন এবং নিয়মগুলির কোনও বিধান লঙ্ঘনের জন্য অপরাধের গঠন নির্ধারণ করে। এম ভি আইন/নিয়মগুলির বিধান আরও ভালভাবে পর্যবেক্ষণ এবং মেনে চলার জন্য, 2021 সালের সেপ্টেম্বর থেকে পশ্চিমবঙ্গে পর্যায়ক্রমে ই-চালান মডিউল চালু করা হয়েছিল। পরবর্তীকালে মডিউলটিকে 'ই-বাহন' সিস্টেমের সঙ্গে যুক্ত করা হয়।

পি ভি ডি-কলকাতার বলবৎকারী বিভাগে পয়েন্ট অফ সেল (পি ও এস) মেশিন ব্যবহার করে ই-চালানের মাধ্যমে অপরাধ গঠনের পদ্ধতি যাচাইয়ের সময় (আগস্ট 2024) নিরীক্ষা পর্যবেক্ষণ করে যে পি ও এস মেশিনে গাড়ির রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রির পরে যানবাহনের কর, ফিটনেস, পি ইউ সি সি, বীমা ইত্যাদির মেয়াদ শেষ হওয়ার সাথে সম্পর্কিত বিবরণ সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে পরিপূর্ণ হচ্ছে। তবে, যানবাহন চালানোর সময় ড্রাইভিং লাইসেন্স প্রদান বা ব্যবহার সম্পর্কিত নিয়ম লঙ্ঘনের সাথে জড়িত অপরাধের ক্ষেত্রে, পরিদর্শক কর্তৃপক্ষকে এই জাতীয় নথিভূক্তি ম্যানুয়ালি করতে হবে।

এছাড়াও, মোটরযান আইন, 1988-এর ধারা 56-এ বলা হয়েছে, বৈধ সি এফ ছাড়া কোনও গাড়িকে বৈধ নথিভুক্ত বলে বিবেচিত হবে না। এইসব গাড়ির ক্ষেত্রে বৈধ নথিভুক্ত ছাড়া চালানোর জন্য অপরাধ হিসাবে বিবেচিত হবে। তবে পুরুলিয়া, পি ভি ডি-কোলকাতা, কালনা এবং ব্যারাকপুরের ক্ষেত্রে ই-চালান মডিউল থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে বৈধ সি এফ ছাড়া চলাচলকারী যানবাহনের ক্ষেত্রে, শাস্তির পরিমাণ 15,000 টাকা এর পরিবর্তে 10,000 টাকা করা হয়েছিল (আর সি ছাড়া যানবাহনের জন্য 5,000 টাকা প্লাস সি এফ ছাড়া যানবাহনের জন্য 10,000 টাকা) কারন সি এফ ছাড়া গাড়ি চালানোর জন্য কেবলমাত্র 10,000 টাকা প্রযোজ্য ছিল। আলিপুরদুয়ার ও মুর্শিদাবাদের আর এ গণ দ্বারা ই-চালান তথ্য পেশ করা হয়নি এবং তাই নিরীক্ষায় কোনও মন্তব্য করা যায়নি। তবে অন্যান্য ইউনিটের ক্ষেত্রেও একই সম্ভাবনা উড়িয়ে দেওয়া যায় না।

পরিবহণ দপ্তর জানায় (09 এপ্রিল 2025) যে কলকাতা ট্রাফিক পুলিশ, পশ্চিমবঙ্গ ট্র্যাফিক পুলিশ এবং পরিবহণ দপ্তরের সহযোগিতায় এম ভি আইন ও নিয়মাবলি লঙ্ঘনের ক্ষেত্রে অপরাধের মামলাগুলির যথাযথ পর্যবেক্ষণের জন্য একটি পোর্টাল "সংযোগ" তৈরি করা হচ্ছে।

## 2.11.4 কর পরিশোধে ব্যর্থ যানবাহনকে দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র প্রদান

পরিবহণ দপ্তর জানিয়েছে[103] যে দূষন নিয়ন্ত্রন শংসাপত্র (পি ইউ সি সি) প্রদান করার জন্য স্বয়ংক্রিয় ধোঁয়া নির্গমন পরীক্ষা কেন্দ্র (এ ই টি সি)-এ শুধুমাত্র সেই সব গাড়ি পরীক্ষা করা যাবে, যেগুলি কর, অর্থদন্ড, জরিমানা এবং মুলতুবি থাকা ই-চালান থেকে মুক্ত। নিরীক্ষায় 51 টি আর এ-র তথ্য বিশ্লেষণ করে দেখা যায় যে 2,541 টি গাড়ির ক্ষেত্রে (পি ইউ সি সি) জারি করা হয়েছে, যদিও এই ধরনের গাড়ি 9.83 কোটি টাকার এম ভি কর পরিশোধে ব্যর্থ হয়েছে। যেহেতু, এ ই টি সি গুলি 'ই-বাহন' ডেটাবেসের সাথে পর্যাপ্তভাবে লিঙ্ক ছিল না,

[103] *পশ্চিমবঙ্গ সরকারের 11 অক্টোবর 2023 তারিখের বিজ্ঞপ্তি সংখ্যা 4505-ডব্লিউ টি/টি পি টি-18011/107/2023।*

তাই সিস্টেমটি করের বাধ্যবাধকতা থেকে মুক্ত যানবাহনগুলি সনাক্ত করতে সক্ষম হয়নি। ফলস্বরূপ, বকেয়া সড়ক কর সহ যানবাহনগুলিকেও পি ইউ সি সি জারি করা হয়েছিল।

সুতরাং, আর এ গণ 'ই-বাহন' পোর্টালে প্রয়োজনীয় ভ্যালিডেশন কনট্রোলের অভাবে কর-খেলাপি যানবাহনগুলিকে পি ইউ সি সি দেওয়ার প্রক্রিয়াটি পর্যবেক্ষণ করতে পারেনি। এর জন্য যানবাহনগুলিকে এম ভি কর, এম ভি অতিরিক্ত কর, বিশেষ মাশুল ইত্যাদির মতো কর প্রদান ছাড়াই পি ইউ সি সি জারি করার অনুমতি দেয়।

দপ্তর এক্সিট কনফারেন্সে (09 এপ্রিল 2025) ভ্যালিডেশন কনট্রোলের অভাবের বিষয়ে জানায় যে প্রয়োজনীয় উন্নতিসাধন শুরু করা হয়েছে এবং ভবিষ্যতে এই জাতীয় ত্রুটিগুলি এড়ানো হবে। দপ্তরটি চার সপ্তাহের মধ্যে বিস্তারিত জবাব দিতে সম্মত হয়েছে। তবে বিস্তারিত উত্তর এখনও (জুলাই 2025) পাওয়া যায়নি।

***সুপারিশ 5: সড়ক কর বকেয়া থাকা যানবাহনগুলিকে পি ইউ সি সি জারি করা রোধ করতে সরকার এ ই টি সি গুলির সাথে 'ই-বাহন' পোর্টাল যথাযথভাবে লিঙ্ক করতে পারে।***

**কোলকাতা**

**১২ জানুয়ারি, ২০২৬**

**(মনীশ কুমার)**
**প্রধান মহাগাণনিক (নিরীক্ষা-II)**
**পশ্চিমবঙ্গ**

**প্রতিস্বাক্ষরিত**

**নতুন দিল্লী**

**১৪ জানুয়ারি, ২০২৬**

**(কে. সঞ্জয় মূর্তি)**
**ভারতের মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষক**

# পরিশিষ্টসমূহ

# পরিশিষ্ট

## পরিশিষ্ট-1.1

**(অনুচ্ছেদ 1.8 দ্রষ্টব্য)**

**নির্বাচিত জেলা, ব্লক ও গ্রামের তালিকা**

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলা | নির্বাচিত ব্লক | সংশ্লিষ্ট জি পি | নির্বাচিত গ্রাম |
|---|---|---|---|---|
| 1 | জলপাইগুড়ি | মাটিয়ালি | মাটিলিহাট | ইয়ংটং চা বাগান |
| 2 | | | ইন্দোগ মাটিয়ালি | জুরান্টি চা বাগান |
| 3 | | ক্রান্তি | চেংমারি | যোগেশচন্দ্র চা বাগান |
| 4 | | | লাটাগুড়ি | লাটাগুড়ি |
| 5 | বাঁকুড়া | বিষ্ণুপুর | ভোরা | মাউলা |
| 6 | | | বানকাদহ | উপর আমদহারা |
| 7 | | সিমলাপাল | লক্ষ্মীসাগর | খাপময়না |
| 8 | | | পারসোলা | মাধবপুর |
| 9 | মুর্শিদাবাদ | রাণীনগর-I | পাহাড়পুর | সিঙ্কাইপুর |
| 10 | | | হুরশি | বেগমপুর |
| 11 | | নবগ্রাম | অমরকুন্ডা | মধুনিয়া |
| 12 | | | শিবপুর | রাইন্ডা |
| 13 | পুরুলিয়া | ঝালদা-II | বেগুনকোদর | বৃন্দাবনপুর |
| 14 | | | | চতম্বরী |
| 15 | | পুরুলিয়া-I | সোনাইঝুরি | রামনগর |
| 16 | | | | বালিগারা |
| 17 | পূর্ব বর্ধমান | বর্ধমান-I | বেলকাশ | গোদা (পি) |
| 18 | | | ক্ষেতিয়া | টেন্ট্রাল |
| 19 | | কেতুগ্রাম-II | বিলেশ্বর | বিলেশ্বর রসুই |
| 20 | | | | চার্কি |
| 21 | পূর্ব মেদিনীপুর | চাঁদিপুর | ব্রজালালচক | শ্রীকৃষ্ণপুর |
| 22 | | | দিবাকরপুর | গিলাখালি |
| 23 | | কন্টাই-I | দুলালপুর | সিলামপুর |
| 24 | | | মাজিলাপুর | গাহিরা বার |

## পরিশিষ্ট-1.2

**(অনুচ্ছেদ 1.11.1.2 দ্রষ্টব্য)**

**জমির সমস্যা, ডি আই পাইপের সমস্যা ইত্যাদির কারণে ব্যাহত পরিবর্ধন প্রকল্পগুলির বিবরণ**

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলার নাম | কাজের নাম | টি এস এম/এস এম সংখ্যা | অনুমোদিত খরচ (কোটি টাকায়) | এস এল এস এস সি অনুমোদনের তারিখ | কার্যাদেশের তারিখ | সমাপ্তির নির্ধারিত তারিখ | বর্তমান অবস্থা | অসম্পূর্ণ থাকার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | বাঁকুড়া | চুয়ামাসিনা জোন-বি জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | টি এস এম/019172 | 2.43 | 16/11/22 | 24/07/23 | 31/12/24 | 0% | সম্পন্ন হয়নি |
| 2 | বাঁকুড়া | চাকুপারসোল জোন-বি জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | টি এস এম/019171 | 3.57 | 16/11/22 | 24/07/23 | 31/03/25 | 0% | সম্পন্ন হয়নি |
| 3 | জলপাইগুড়ি | ইয়ংটং চা বাগান এলাকায় নল বাহিত জল সরবরাহ প্রকল্পের পুনরুজ্জীবন | টি এস এম/011308 | 1.39 | 16/11/22 | 09/03/23 | 31/03/25 | 0% | জমির সমস্যা এবং স্থানীয় সমস্যা |
| 4 | জলপাইগুড়ি | যোগেশচন্দ্র চা বাগান এলাকায় পি ডব্লিউ এস এস-এর পুনরুজ্জীবন | টি এস এম/018310 | 0.70 | 16/11/22 | 14/07/23 | 31/12/24 | 0% | জমির সমস্যা |
| 5 | জলপাইগুড়ি | লাটাগুড়ি নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | এস এম/13278 | 18.35 | 16/12/21 | 26/04/22 | 31/12/24 | 0% | স্থানীয় সমস্যা, মিস্ত্রি ও শ্রমিক সমস্যা |
| 6 | মুর্শিদাবাদ | আর্সেনিক অধ্যুষিত এলাকার জন্য ভূগর্ভস্থ জল ভিত্তিক ডব্লিউ/এস প্রকল্পের আওতায় অমরকুন্ডার বাগোর, নন্দীগ্রাম, মধুনিয়া, চায়ননগর, সানকুরিয়া রায়ন্দায় এবং অমরকুন্ডা মৌজায় জলের উৎস বৃদ্ধি এবং গৃহস্থালিতে সক্রিয় নল সংযোগ (এফ এইচ টি সি) | টি এস এম/008712 | 2.73 | 16/03/22 | 11/07/23 | 11/07/25 | 0% | উপলব্ধ নয় |

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলার নাম | কাজের নাম | টি এস এম/এস এম সংখ্যা | অনুমোদিত খরচ (কোটি টাকায়) | এস এল এস এস সি অনুমোদনের তারিখ | কার্যাদেশের তারিখ | সমাপ্তির নির্ধারিত তারিখ | বর্তমান অবস্থা | অসম্পূর্ণ থাকার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 7 | মুর্শিদাবাদ | আর্সেনিক অধ্যুষিত এলাকার জন্য আজামতপুর ভূগর্ভস্থ জল-ভিত্তিক ডব্লিউ/এস প্রকল্পের আওতায় মৌজা সিঙ্কাইপুর (314775)-এ জলের উৎস বৃদ্ধি ও গৃহস্থালিতে সক্রিয় নল সংযোগ | টি এস এম/008702 | 0.73 | 16/03/22 | 11/07/23 | 11/07/25 | 0% | উপলব্ধ নয় |
| 8 | পূর্ব বর্ধমান | মঙ্গলকোটে পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | এস এম/16487 | 857.85 | 16/11/22 | 01/03/23 | 31/10/24 | 5% | জমি শনাক্ত করা যায়নি |
| 9 | পূর্ব বর্ধমান | পূর্ব বর্ধমান জেলার বর্ধমান বিভাগের বর্ধমান উপ-বিভাগের বর্ধমান-I ব্লকে এফ এইচ টি সি প্রদানের জন্য ভূগর্ভস্থ জল ভিত্তিক নবাভাত পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | এস এম/09489 | 5.69 | 14/10/21 | 16/12/21 | 31/07/24 | 65% | পেশ করেনি |
| 10 | পূর্ব বর্ধমান | খেতিয়া নল বাহিত জল সরবরাহ প্রকল্পের কম্যান্ড এরিয়ার মধ্যে গৃহস্থালিতে সক্রিয় নল সংযোগ দেওয়ার জন্য সংস্কার বা সম্প্রসারণের কাজ করা | এস এম/03151 | 1.26 | 14/01/21 | 31/01/21 | 31/12/24 | 6% | উপলব্ধ নয় |
| 11 | পূর্ব মেদিনীপুর | হাবিচক ডব্লিউ/এস প্রকল্পে জে জে এম-এর আওতায় এফ এইচ টি সি প্রদানের জন্য সংস্কার বা সম্প্রসারণ কাজ | এস এম/06887 | 0.99 | 07/08/20 | 05/10/20 | 31/07/24 | 95% | উপলব্ধ নয় |
| 12 | পূর্ব মেদিনীপুর | পূর্ব মেদিনীপুর জেলার তমলুক ডিভিশনে তমলুক সাব-ডিভিশনের অধীন চাঁদিপুর ব্লকে এফ এইচ টি সি প্রদানের জন্য রাশিকাচক পি ডব্লিউ এস এস-এর পুনরুজ্জীবন ও পুনর্নির্মাণ | এস এম/09277 | 3.16 | 08/09/21 | 02/12/21 | 31/12/24 | 85% | উপলব্ধ নয় |

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলার নাম | কাজের নাম | টি এস এম/এস এম সংখ্যা | অনুমোদিত খরচ (কোটি টাকায়) | এস এল এস এস সি অনুমোদনের তারিখ | কার্যাদেশের তারিখ | সমাপ্তির নির্ধারিত তারিখ | বর্তমান অবস্থা | অসম্পূর্ণ থাকার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 13 | পূর্ব মেদিনীপুর | জে জে এম বারচুনফালি ডব্লিউ/এস প্রকল্পের অধীনে এফ এইচ টি সি-কে অন্তর্ভুক্ত করার জন্য পুনরুজ্জীবন/পুনর্নির্মাণ কাজ | এস এম/06883 | 0.99 | 07/08/20 | 05/09/20 | 31/12/23 | 98% | উপলব্ধ নয় |
| 14 | পূর্ব মেদিনীপুর | জে জে এম-এর আওতায় কন্টাই-I ব্লকের অধীনে সিলামপুর পি ডব্লিউ এস এস-এর সংস্কারের কাজ এফ এইচ টি সি প্রদানের জন্য | এস এম/07479 | 0.80 | 29/12/20 | 29/12/20 | 30/03/23 | 95% | উপলব্ধ নয় |
| 15 | পুরুলিয়া | জোন IIA এবং IIB-এর জন্য রঘুনাথপুর নল বাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | এস এম/18250 | 10.78 | 14/10/23 | 01/03/23 | 16/03/24 | 20% | ডি আই পাইপ সরবরাহে বিলম্ব, জমির সমস্যা ইত্যাদি |
| 16 | পুরুলিয়া | বন্দোয়ান পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারন | টি এস এম/019805 | 3.97 | 01/02/23 | 10/02/23 | 31/03/24 | 25% | ডি আই পাইপ সরবরাহে বিলম্ব, জমির সমস্যা ইত্যাদি |
| 17 | পুরুলিয়া | সাঁতুরি ব্লকে এফ এইচ টি সি প্রদানের জন্য রামচন্দ্রপুরের ভূ-গর্ভস্থ ডব্লিউ/এস প্রকল্পের সম্প্রসারণ | এস এম/10045 | 15.77 | 08/09/21 | 24/01/22 | 31/03/24 | 45% | ডি আই পাইপ সরবরাহে বিলম্ব, জমির সমস্যা ইত্যাদি |

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলার নাম | কাজের নাম | টি এস এম/এস এম সংখ্যা | অনুমোদিত খরচ (কোটি টাকায়) | এস এল এস এস সি অনুমোদনের তারিখ | কার্যাদেশের তারিখ | সমাপ্তির নির্ধারিত তারিখ | বর্তমান অবস্থা | অসম্পূর্ণ থাকার কারণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 18 | পুরুলিয়া | জোন-IB-এর রঘুনাথপুর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের অঞ্চল সম্প্রসারণ | টি এস এম/017383 | 52.71 | 14/10/22 | 01/03/23 | 28/08/24 | 55% | জমি সমস্যা, রাস্তার পাশের দখল |
| 19 | পুরুলিয়া | এফ এইচ টি সি প্রদানের জন্য ঝালদা (গ্রামীণ অংশ) ডব্লিউ/এস প্রকল্পের সম্প্রসারন | এস এম/09577 | 7.92 | 08/09/21 | 10/02/22 | 31/12/24 | 30% | উপলব্ধ নয় |
| 20 | পুরুলিয়া | গৃহস্থালিতে সক্রিয় নল সংযোগ (এফ এইচ টি সি) প্রদানের জন্য লাগদা পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারন | এস এম/09036 | 9.66 | 08/09/21 | 08/02/22 | 31/12/24 | 35% | উপলব্ধ নয় |

*(উৎস: জে জে এম-আই এম আই এস এবং ডব্লিউ বি পি এইচ ই ডি ডব্লিউ বি জে জে এম ড্যাশবোর্ড ডেটা 19 ডিসেম্বর 2024-এ উপলব্ধ)*

*দ্রষ্টব্য- জুরান্টির জন্য: জে জে এম-আই এম আই এস পোর্টালে কোনও তথ্য নেই*

## পরিশিষ্ট-1.3

**(অনুচ্ছেদ 1.11.1.3 দ্রষ্টব্য)**

**জমি সমস্যার কারণে নতুন প্রকল্পগুলির কাজ ব্যাহত হয়েছে**

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলার নাম | কাজের নাম | অনুমোদিত খরচ (কোটি টাকায়) | এস এল এস এস সি/দপ্তরের অনুমোদনের তারিখ | প্রথম ওয়ার্ক অর্ডারের তারিখ | সম্পূর্ণ না হওয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|
| 1 | পুরুলিয়া | পুরুলিয়া জেলার (উত্তরাঞ্চল) জন্য ভূপৃষ্ঠস্থ জলভিত্তিক পি ডব্লিউ এস এস (প্রথম পর্যায়) | 290.69 | 24/05/22 | 01/03/23 | জমি সমস্যা, রাস্তার পাশের দখল |
| 2 | পুরুলিয়া | পুরুলিয়া জেলার (উত্তরাঞ্চল) জন্য ভূপৃষ্ঠস্থ জল ভিত্তিক পি ডব্লিউ এস এস (তৃতীয় পর্যায়) | 659.22 | 05/12/22 | 01/03/23 | জমি সমস্যা, রাস্তার পাশের দখল |
| 3 | পূর্ব বর্ধমান | শক্করা পি ডব্লিউ এস এস | 470.45 | 28/12/22 | 09/07/23 | জমি চিহ্নিত করা যায়নি |
| 4 | পূর্ব বর্ধমান | বাহির সর্বমঙ্গলা-বি পি ডব্লিউ এস এস | 576.58 | 30/09/22 | 19/05/23 | জমি চিহ্নিত করা যায়নি |
| 5 | মুর্শিদাবাদ | ব্রাহ্মন্ডিহি এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 7.59 | 17/11/22 | 04/01/23 | জমি পাওয়া যায়নি |
| 6 | মুর্শিদাবাদ | কুমার সান্দা এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 10.01 | 16/01/23 | 11/01/23 | জমি পাওয়া যায়নি |
| 7 | মুর্শিদাবাদ | কান্দারা এবং সংলগ্ন মৌজাগুলিতে পি ডব্লিউ এস এস | 9.38 | 02/11/22 | 10/01/23 | জমি পাওয়া যায়নি |
| 8 | মুর্শিদাবাদ | ভাটপাড়া এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 11.70 | 18/07/23 | 21/07/23 | জমি পাওয়া যায়নি |
| 9 | মুর্শিদাবাদ | যশোহারী পি ডব্লিউ এস এস | 4.78 | 17/11/22 | 22/12/22 | জমি পাওয়া যায়নি |
| 10 | মুর্শিদাবাদ | মোল্লা পি ডব্লিউ এস এস | 4.92 | 04/02/23 | 10/02/23 | জমি পাওয়া যায়নি |
| 11 | মুর্শিদাবাদ | মারুরা এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 11.68 | 16/01/22 | 11/01/23 | জমি পাওয়া যায়নি |
| 12 | মুর্শিদাবাদ | কোগ্রাম এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 7.91 | 20/01/23 | 10/04/23 | জমি পাওয়া যায়নি |
| 13 | মুর্শিদাবাদ | নবদুর্গা এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 9.18 | 29/11/22 | 20/03/23 | জমি পাওয়া যায়নি |
| 14 | মুর্শিদাবাদ | আমজুয়া এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 9.73 | 20/01/23 | 08/02/23 | জমি পাওয়া যায়নি |
| 15 | মুর্শিদাবাদ | পুনরাপাড়া এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 5.97 | 29/11/22 | 16/03/23 | জমি পাওয়া যায়নি |
| 16 | মুর্শিদাবাদ | জাজান এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 4.67 | 29/11/22 | 16/03/23 | জমি পাওয়া যায়নি |

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলার নাম | কাজের নাম | অনুমোদিত খরচ (কোটি টাকায়) | এস এল এস এস সি/দপ্তরের অনুমোদনের তারিখ | প্রথম ওয়ার্ক অর্ডারের তারিখ | সম্পূর্ণ না হওয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|
| 17 | মুর্শিদাবাদ | ইন্দ্রাণী এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 14.76 | 20/07/23 | 21/07/23 | জমি পাওয়া যায়নি |
| 18 | মুর্শিদাবাদ | সেরপুর এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 7.65 | 29/11/22 | 10/01/23 | জমি পাওয়া যায়নি |
| 19 | মুর্শিদাবাদ | মুনিগ্রাম এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 3.90 | 29/11/22 | 13/01/23 | জমি পাওয়া যায়নি |
| 20 | মুর্শিদাবাদ | ভারওয়ান এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 12.68 | 20/07/23 | 21/07/23 | জমি পাওয়া যায়নি |
| 21 | মুর্শিদাবাদ | বিন্দরপুর এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 9.33 | 24/02/23 | 23/08/23 | জমি পাওয়া যায়নি |
| 22 | মুর্শিদাবাদ | মণ্ডলসর এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 4.79 | 22/02/23 | 03/03/23 | জমি পাওয়া যায়নি |
| 23 | মুর্শিদাবাদ | বিশ্বনাথপুর পি ডব্লিউ এস এস | 2.45 | 10/03/23 | 20/07/23 | জমি পাওয়া যায়নি |
| 24 | মুর্শিদাবাদ | ফতেপুর এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.45 | 22/02/23 | 14/07/23 | জমি পাওয়া যায়নি |
| 25 | মুর্শিদাবাদ | রণগ্রাম এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 1.99 | 22/02/23 | 08/08/23 | জমি পাওয়া যায়নি |
| 26 | মুর্শিদাবাদ | গুন্ডিরিয়া এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.17 | 22/02/23 | 17/07/23 | জমি পাওয়া যায়নি |
| 27 | মুর্শিদাবাদ | বাবরপুর ও সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.56 | 13/03/23 | 17/07/23 | জমি পাওয়া যায়নি |
| 28 | মুর্শিদাবাদ | বাড্ডা ও তৎসংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 8.13 | 20/02/23 | 28/06/23 | জমি পাওয়া যায়নি |
| 29 | মুর্শিদাবাদ | ধনডাঙ্গা ও তৎসংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.58 | 28/02/23 | 16/03/23 | জমি পাওয়া যায়নি |
| 30 | মুর্শিদাবাদ | বাদুয়া ও তৎসংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 7.36 | 20/02/23 | 08/05/23 | জমি পাওয়া যায়নি |
| 31 | মুর্শিদাবাদ | ছত্রপুর এবং তৎসংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.09 | 13/03/23 | 27/09/23 | জমি পাওয়া যায়নি |
| 32 | মুর্শিদাবাদ | পার্বতীপুর এবং তৎসংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 6.15 | 28/02/23 | 09/03/23 | জমি পাওয়া যায়নি |
| 33 | মুর্শিদাবাদ | আলমপুর ও সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 4.45 | 13/03/23 | 22/10/23 | জমি পাওয়া যায়নি |
| 34 | মুর্শিদাবাদ | উজুনিয়া সিসুয়া এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.42 | 28/02/23 | 08/03/23 | জমি পাওয়া যায়নি |
| 35 | মুর্শিদাবাদ | গয়েসপুর ও সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 4.27 | 20/02/23 | 28/06/23 | জমি পাওয়া যায়নি |
| 36 | মুর্শিদাবাদ | বেরবাড়ি ও সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 1.46 | 20/02/23 | 28/03/23 | জমি পাওয়া যায়নি |
| 37 | মুর্শিদাবাদ | কোল্লা এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.47 | 28/02/23 | 10/04/23 | জমি পাওয়া যায়নি |

| ক্রমিক সংখ্যা | নির্বাচিত জেলার নাম | কাজের নাম | অনুমোদিত খরচ (কোটি টাকায়) | এস এল এস এস সি/দপ্তরের অনুমোদনের তারিখ | প্রথম ওয়ার্ক অর্ডারের তারিখ | সম্পূর্ণ না হওয়ার কারণ |
|---|---|---|---|---|---|---|
| 38 | মুর্শিদাবাদ | আমলাই এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 7.10 | 28/02/23 | 04/09/23 | জমি পাওয়া যায়নি |
| 39 | মুর্শিদাবাদ | হামিদপুর ও সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 2.72 | 03/02/23 | 27/03/23 | জমি পাওয়া যায়নি |
| 40 | মুর্শিদাবাদ | মাতুয়া এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 1.25 | 22/02/23 | 18/07/23 | জমি পাওয়া যায়নি |
| 41 | মুর্শিদাবাদ | বৈদ্যনাথপুর সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 12.19 | 31/07/23 | 04/08/23 | জমি পাওয়া যায়নি |
| 42 | মুর্শিদাবাদ | বিপ্রা শেখর এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 8.65 | 03/02/23 | 23/03/23 | জমি পাওয়া যায়নি |
| 43 | মুর্শিদাবাদ | মসলা এবং সংলগ্ন মৌজায় পি ডব্লিউ এস এস | 3.67 | 02/03/23 | 21/07/23 | জমি পাওয়া যায়নি |
| 44 | মুর্শিদাবাদ | খারসা নলবাহিত জল সরবরাহ প্রকল্প | 2.03 | 22/02/23 | 03/08/23 | জমি পাওয়া যায়নি |
| 45 | মুর্শিদাবাদ | সুজাপুর নলবাহিত জল সরবরাহ প্রকল্প | 0.81 | 24/02/23 | 02/08/23 | জমি পাওয়া যায়নি |

*(উৎস: পি এইচ ই ডি-এর ওয়ার্কিং ডিভিশন কর্তৃক প্রদত্ত তথ্য)*

## পরিশিষ্ট 1.4

## {অনুচ্ছেদ 1.11.2 (ii) দ্রষ্টব্য}

## 28 টি বাতিল প্রকল্পের ডি পি আর-এর জন্য অপব্যয়

| ক্রমিক সংখ্যা | বাতিল ডি পি আর-এর নাম | সংস্থার নাম | ডব্লিউ/ও সংখ্যা ও তারিখ | ডব্লিউ/ও-এর নিরিখে প্রস্তুত ডি পি আর | সর্বশেষ প্রদত্ত বিল পর্যন্ত ব্যয় (টাকায়) (B) | বাতিল ডি পি আর-এর জন্য ব্যয় (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ=চ/ঙ | জ |
| 1 | মুর্শিদাবাদ জেলার বহরমপুর ব্লকে ফতেপুর জন্য ভূগর্ভস্থ জল ভিত্তিক নলবাহিত জল সরবরাহ প্রকল্প (পি ডব্লিউ এস এস)-এর সম্প্রসারন | এনভিরোটেক সলিউশন | 298/এম ইউ আর ডি 03.02.22 | 06 | 14,20,560 | 2,36,760.00 | আর এ-1 |
| 2 | মুর্শিদাবাদ ডিভিশনের পি এইচ ই ডি-এর অধীনে মুর্শিদাবাদ জেলার বহরমপুর ব্লকে বুদরপাড়া জোন-I-এ ভূগর্ভস্থ জল নির্ভর পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | রেডিয়েন্ট | 3271/এম ইউ আর ডি 05.10.21 | 01 | 4,72,543 | 4,72,543.00 | এফ/এফ |
| 3 | মুর্শিদাবাদ ডিভিশনের অন্তর্গত বহরমপুর ব্লকের বুদারপাড়া জোন-II পার্ট-A-তে ভূগর্ভস্থ জল নির্ভর পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | | | | | | |
| 4 | মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ ডিভিশন পি এইচ ই ডি-এর অধীনে বহরমপুর ব্লকের বুদরপাড়া জোন-II পার্ট-B-তে ভূগর্ভস্থ জল নির্ভর পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | | | | | | |
| 5 | মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ ডিভিশন পি এইচ ই ডি-এর অধীনে বহরমপুর ব্লকে বুদরপাড়া জোন-III পার্ট-A-তে ভূগর্ভস্থ জল নির্ভর পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | | | | | | |
| 6 | মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ ডিভিশন পি এইচ ই ডি-এর অধীনে বহরমপুর ব্লকে বুদরপাড়া জোন-III পার্ট-B-তে ভূগর্ভস্থ জল নির্ভর পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | | | | | | |
| 7 | মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের পঞ্চগ্রাম জোন-I-এর জন্য ভূগর্ভস্থ জল নির্ভর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | এনভিরোটেক সলিউশন | 1929/এম ইউ আর ডি 19.07.22 | 03 | 6,82,932 | 2,27,644.00 | আর এ-1 |
| 8 | মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের পঞ্চগ্রাম জোন-II-এর জন্য ভূগর্ভস্থ জল নির্ভর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | | | |
| 9 | মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের পঞ্চগ্রাম জোন-III-এর জন্য ভূগর্ভস্থ জল নির্ভর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | | | |
| 10 | মুর্শিদাবাদ জেলার নবগ্রাম ব্লকের নবগ্রাম জোন-I-এর জন্য ভূগর্ভস্থ জল নির্ভর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | 6,82,932 | 2,27,644.00 | |
| 11 | মুর্শিদাবাদ জেলায় নবগ্রাম ব্লকের নবগ্রাম জোন-II-এর জন্য ভূগর্ভস্থ জল নির্ভর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | | | |
| 12 | অমরকুন্ডুর জন্য ভূগর্ভস্থ জল-নির্ভর নলবাহিত জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | 6,82,932 | 2,27,644.00 | |

| ক্রমিক সংখ্যা | বাতিল ডি পি আর-এর নাম | সংস্থার নাম | ডব্লিউ/ও সংখ্যা ও তারিখ | ডব্লিউ/ও-এর নিরিখে প্রস্তুত ডি পি আর | সর্বশেষ প্রদত্ত বিল পর্যন্ত ব্যয় (টাকায়) (B) | বাতিল ডি পি আর-এর জন্য ব্যয় (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ=চ/ঙ | জ |
| 13 | মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া ব্লকে কিসমত ইমাদপুর জোন-IA-তে জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ার্স কনসোর্টিয়াম | 286/এম ইউ আর ডি 03.02.22 | 07 | 36,65,320 | 5,23,617.17 | এফ/এফ |
| 14 | মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া ব্লকে কিসমত ইমাদপুর জোন-IB-তে জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | 36,65,320 | 5,23,617.17 | |
| 15 | মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া ব্লকে কিসমত ইমাদপুর জোন-IIA-তে জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | 36,65,320 | 5,23,617.17 | |
| 16 | মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া ব্লকে কিসমত ইমাদপুর জোন-IIB-তে জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | 36,65,320 | 5,23,617.17 | |
| 17 | মুর্শিদাবাদ জেলায় হরিহরপাড়া ব্লকে কিসমত ইমাদপুর জোন-III-তে জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | | | 36,65,320 | 5,23,617.17 | |
| 18 | মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ ডিভিশনের পি এইচ ই ডি-এর অধীন বহরমপুর ব্লকের ছায়ঘড়ি-তে ভূগর্ভস্থ জলনির্ভর পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | রেডিয়েন্ট | 3270/এম ইউ আর ডি 05.10.21 | 01 | 603,606 | 6,03,606.00 | এফ/এফ |
| 19 | মুর্শিদাবাদ জেলায় মুর্শিদাবাদ ডিভিশনের পি এইচ ই ডি-এর আওতায় ডোমকাল ব্লকের জোন-I (পার্ট-A) ডোমকাল পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | মার্চেন্ডাইজ ইন্ডিয়া | 284/এম ইউ আর ডি 03.02.22 | 12 | 74,28,172 | 6,19,014.33 | আর এ-2/ এফ |
| 20 | মুর্শিদাবাদ জেলায় মুর্শিদাবাদ ডিভিশনের পি এইচ ই ডি-এর আওতায় ডোমকাল ব্লকের জোন-I (পার্ট-B) ডোমকাল পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | | | | 74,28,172 | 6,19,014.33 | |
| 21 | মুর্শিদাবাদ জেলায় মুর্শিদাবাদ ডিভিশনের পি এইচ ই ডি-এর আওতায় ডোমকাল ব্লকের জোন-III ডোমকাল পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | | | | 74,28,172 | 6,19,014.33 | |
| 22 | মুর্শিদাবাদ জেলায় মুর্শিদাবাদ ডিভিশন পি এইচ ই ডি-এর অধীনে ডোমকল ব্লকের জোন-II-এ জুগিন্ডা পি ডব্লিউ এস এস–এর সম্প্রসারণ | | | | 74,28,172 | 6,19,014.33 | |
| 23 | ভগরপুর রমনা পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | মেসার্স শোভা অ্যান্ড কোম্পানি | 1924 / এম ইউ আর ডি 19.07.22 | 04 | 9,05,654 | 2,26,413.5 | এফ/এফ |
| 24 | ভূগর্ভস্থ জল নির্ভর কাটাকোবরা জোন-II পি ডব্লিউ এস এস-এর সম্প্রসারণ | | | | 9,05,654 | 2,26,413.5 | |

| ক্রমিক সংখ্যা | বাতিল ডি পি আর-এর নাম | সংস্থার নাম | ডব্লিউ/ও সংখ্যা ও তারিখ | ডব্লিউ/ও-এর নিরিখে প্রস্তুত ডি পি আর | সর্বশেষ প্রদত্ত বিল পর্যন্ত ব্যয় (টাকায়) (B) | বাতিল ডি পি আর-এর জন্য ব্যয় (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ | ছ=চ/ঙ | জ |
| 25 | সাগরপাড়া জোন-I পি ডব্লিউ এস এস (নতুন) | মার্চেন্ডাইজ ইন্ডিয়া | 2914/এম ইউ আর ডি 01.11.22 | 05 | 14,68,578 | 2,93,715.60 | আর এ-1 |
| 26 | সাগরপাড়া জোন-II পি ডব্লিউ এস এস (নতুন) | | | | 14,68,578 | 2,93,715.60 | |
| 27 | অর্জুনপুর নলবাহিত জল সরবরাহ প্রকল্প | জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ার্স কনসোর্টিয়াম | 1191/এম ইউ আর ডি 10.05.22 | 06 | 22,37,972 | 3,72,995.33 | আর এ-1 |
| 28 | মুর্শিদাবাদ জেলায় বারওয়ান ব্লকের বারওয়ান জোন-II জল সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ | | 285/এম ইউ আর ডি 03.02.22 | 13 | 53,15,932 | 4,08,917.84 | আর এ-2 |
| **মোট** | | | | | | **89,12,155.54** | |

*(উৎস: মুর্শিদাবাদ বিভাগ, পি এইচ ই ডি)*

## পরিশিষ্ট-1.5

**(অনুচ্ছেদ 1.11.4 দ্রষ্টব্য)**

**14 টি বাস্তবায়নে সহায়তাকারী সংস্থা (আই এস এ)-র নিয়ুক্তিতে ব্যয়ের বিবরণ**

| ক্রমিক সংখ্যা | আই এস এ-এর নাম | ওয়ার্ক অর্ডার নম্বর | চুক্তির সময়কাল (দিন) | দরপত্রের পরিমাণ (টাকায়) | 23.07.2024 পর্যন্ত প্রদান করা অর্থ (টাকায়) |
|---|---|---|---|---|---|
| 1 | হালদাহ ইস্টার্ন ডেভেল্পমেন্ট সোসাইটি | 2858/আর এস তারিখ 20.05.22 | 180 | 1,86,44,472 | 1,86,44,472 |
| | | 385/আর এস তারিখ 30.01.23 | 180 | 1,86,44,472 | 1,86,44,472 |
| | | 2708/আর এস তারিখ 31.08.23 | 182 | 2,30,90,661 | 2,30,90,661 |
| | | 2854/আর এস তারিখ 20.05.22 | 150 | 2,23,78,104 | 2,12,77,011 |
| 2 | হরিশ্চন্দ্রপুর পল্লী উন্নয়ন সোসাইটি | 445/আর এস তারিখ 02.02.23 | 365 | 1,98,37,356 | 1,98,37,356 |
| | | 354/আর এস তারিখ 02.02.24 | 182 | 1,22,99,161 | 0 |
| | | 4690/আর এস তারিখ 17.08.22 | 365 | 1,90,69,117 | 1,90,69,117 |
| | | 2700/আর এস তারিখ 30.08.23 | 182 | 1,05,61,623 | 1,05,61,623 |
| | | 715/আর এস তারিখ 01.03.24 | 306 | 1,62,33,286 | 0 |
| 3 | কুলটিকারি মাদার টেরেসা সোসাল ওয়েলফেয়ার সোসাইটি | 4730/আর এস তারিখ 19.08.22 | 365 | 4,30,46,156 | 4,30,46,156 |
| | | 2701/আর এস তারিখ 31.08.23 | 182 | 2,33,97,187 | 2,33,97,187 |
| | | 737/আর এস তারিখ 04.03.24 | 306 | 3,64,96,499 | 0 |
| | | 4738/আর এস তারিখ 22.08.22 | 365 | 2,71,44,217 | 2,71,44,217 |
| | | 3110/আর এস তারিখ 10.10.23 | 180 | 1,69,73,419 | 1,69,73,419 |
| | | 795/আর এস তারিখ 11.03.24 | 245 | 2,13,67,469 | 0 |
| 4 | রঙ্গলীবাজনা আনএমপ্লয়েড ইয়ুথ ওয়েলফেয়ার সোসাইটি | 4688/আর এস তারিখ 17.08.22 | 365 | 1,05,70,995 | 1,05,70,995 |
| | | 3114/আর এস তারিখ 10.10.23 | 180 | 1,02,15,239 | 51,07,618 |
| | | 832/আর এস তারিখ 13.03.24 | 245 | 1,29,91,880 | 0 |
| 5 | কর্ণজোরা অগ্নিবিনা সেবা সমিতি | 2855/আর এস তারিখ 20.05.22 | 150 | 2,21,62,326 | 2,21,62,326 |
| | | 487/আর এস তারিখ 07.02.23 | 210 | 2,06,33,443 | 2,06,33,443 |
| | | 3074/আর এস তারিখ 06.10.23 | 180 | 2,11,87,987 | 2,11,87,987 |
| | | 794/আর এস তারিখ 11.03.24 | 269 | 3,14,88,512 | 0 |
| | | 4724/আর এস তারিখ 18.08.22 | 365 | 1,74,96,111 | 1,67,96,266 |
| | | 3539/আর এস তারিখ 28.11.23 | 183 | 96,09,203 | 48,04,602 |
| 6 | চাকভিগু বিদ্যাসাগর সোসাল ওয়েলফেয়ার সোসাইটি | 4722/আর এস তারিখ 18.08.22 | 365 | 1,67,03,702 | 1,67,03,702 |
| | | 2747/আর এস তারিখ 05.09.23 | 182 | 90,40,310 | 90,40,310 |
| | | 735/আর এস তারিখ 04.03.24 | 306 | 1,41,49,238 | 0 |
| | | 4723/আর এস তারিখ 18.08.22 | 365 | 3,15,03,395 | 3,15,03,395 |
| | | 2748/আর এস তারিখ 05.09.23 | 182 | 1,72,98,083 | 1,72,98,083 |
| | | 736/আর এস তারিখ 04.03.24 | 306 | 2,67,68,291 | 0 |
| 7 | তুবগ্রাম গ্রাম্যক উন্নয়ন সমিতি | 4736/আর এস তারিখ 22.08.22 | 365 | 4,79,18,006 | 4,79,18,006 |
| | | 2683/আর এস তারিখ 29.08.23 | 182 | 2,62,36,214 | 2,62,36,214 |
| | | 714/আর এস তারিখ 01.03.24 | 306 | 4,06,90,742 | 0 |
| | | 5772/আর এস তারিখ 09.11.22 | 365 | 4,54,73,003 | 4,54,73,003 |
| | | 3540/আর এস তারিখ 28.11.23 | 183 | 2,50,41,185 | 2,50,41,185 |
| | | 831/আর এস তারিখ 13.03.24 | 245 | 3,64,61,157 | 0 |

| ক্রমিক সংখ্যা | আই এস এ-এর নাম | ওয়ার্ক অর্ডার নম্বর | চুক্তির সময়কাল (দিন) | দরপত্রের পরিমাণ (টাকায়) | 23.07.2024 পর্যন্ত প্রদান করা অর্থ (টাকায়) |
|---|---|---|---|---|---|
| 8 | চাঁদনিচাখট অ্যাসোসিয়েশন ফর রুরাল সোশ্যাল অ্যান্ড হেলথ অ্যাডভান্সমেন্ট | 4737/আর এস তারিখ 22.08.22 | 365 | 4,88,56,532 | 1,22,14,133 |
| 9 | ইমাজিন | 5773/আর এস তারিখ 09.11.22 | 365 | 4,97,97,030 | 4,97,97,030 |
| | | 3371/আর এস তারিখ 08.11.23 | 182 | 3,06,65,584 | 1,53,32,792 |
| | | 830/আর এস তারিখ 13.03.24 | 237 | 3,90,45,907 | 0 |
| | | 4731/আর এস তারিখ 19.08.22 | 365 | 2,71,87,192 | 2,71,87,192 |
| | | 2682/আর এস তারিখ 29.08.23 | 182 | 2,13,42,441 | 2,13,42,441 |
| | | 711/আর এস তারিখ 01.03.24 | 306 | 3,32,27,552 | 0 |
| | | 4729/আর এস তারিখ 19.08.22 | 365 | 3,94,78,092 | 3,94,78,092 |
| | | 2681/আর এস তারিখ 29.08.23 | 182 | 2,17,78,110 | 2,17,78,110 |
| | | 713/আর এস তারিখ 01.03.24 | 306 | 3,36,00,142 | 0 |
| | | 446/আর এস তারিখ 02.02.23 | 212 | 2,51,88,436 | 2,51,88,436 |
| | | 2702/আর এস তারিখ 31.08.23 | 182 | 2,59,76,831 | 2,59,76,831 |
| 10 | খাগড়াবাড়ি রুরাল এনার্জি ডেভলপমেন্ট অ্যাসোশিয়েশন | 4686/আর এস তারিখ 17.08.22 | 365 | 1,32,84,256 | 1,32,84,256 |
| | | 2762/আর এস তারিখ 07.09.23 | 182 | 73,57,199 | 73,57,199 |
| | | 780/আর এস তারিখ 07.03.24 | 300 | 1,13,08,571 | 0 |
| 11 | দক্ষিণ রঙ্গলিবাজনা | 4687/আর এস তারিখ 17.08.22 | 365 | 1,74,40,136 | 1,74,26,158 |
| | | 2698/আর এস তারিখ 30.08.23 | 182 | 1,00,75,803 | 1,00,75,803 |
| | | 779/আর এস তারিখ 07.03.24 | 300 | 2,17,14,190 | 0 |
| 12 | ফাঁসিদেওয়া সোশ্যাল অ্যান্ড ওয়েলফেয়ার সোসাইটি | 4689/আর এস তারিখ 17.08.22 | 365 | 85,06,921 | 85,06,921 |
| | | 3288/আর এস তারিখ 31.10.23 | 182 | 44,91,817 | 22,45,909 |
| 13 | লিমরা সোশ্যাল ওয়েলফার সোসাইটি | 4728/আর এস তারিখ 19.08.22 | 365 | 3,87,81,566 | 3,87,81,566 |
| | | 2684/আর এস তারিখ 29.08.23 | 182 | 2,15,95,397 | 2,15,95,397 |
| | | 733/আর এস তারিখ 04.03.24 | 306 | 3,29,67,227 | 0 |
| 14 | উত্তর দিনাজপুর অঙ্কুর গ্রাম উন্নয়ন সোসাইটি | 5774/আর এস তারিখ 09.11.22 | 365 | 1,72,07,202 | 1,71,60,157 |
| | | 3372/আর এস তারিখ 08.11.23 | 182 | 92,57,284 | 46,28,642 |
| | | 829/আর এস তারিখ 13.03.24 | 237 | 1,18,91,575 | 0 |
| | | **মোট** | | **1,44,48,45,214** | **94,15,19,891** |

*(উৎস: রিসোর্স বিভাগ, পি এইচ ই ডি)*

## পরিশিষ্ট-1.6

**(অনুচ্ছেদ 1.11.7 দ্রষ্টব্য)**

**বিদ্যমান পি ডব্লিউ এস এস-এর কমান্ড এলাকার বাইরে অবস্থিত অঙ্গনওয়াড়ি কেন্দ্র (এ ডব্লিউ সি)-এ জল সরবরাহ ব্যবস্থা বাস্তবায়নে অতিরিক্ত ব্যয়ের বিশদ বিবরণ**

| ক্রমিক সংখ্যা | জি পি-এর নাম | চুক্তি সংখ্যা | ওয়ার্ক অর্ডার সংখ্যা | সংস্থার নাম | অঙ্গনওয়াড়ি কেন্দ্রের সংখ্যা | দরপত্র মূল্য (টাকায়) | চূড়ান্ত বিল/শেষ আর এ বিল অনুযায়ী ব্যয় (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | রাঙামাটি | 527/2021-22 | 245/জে ডি তারিখ, 27.01.22 | বি এম কনস্ট্রাকশন | 35 | 95,01,801 | 94,70,638 |
| 2 | তেসিমলা | 654/2021-22 | 736/জে ডি তারিখ 17.03.22 | প্রসেনজিৎ বসাক | 23 | 62,09,681 | 61,43,784 |
| 3 | ওদলাবাড়ি | 714/2021-22 | 129/জে ডি তারিখ 14.01.22 | মেসার্স আর এন ট্রেডার্স | 35 | 94,96,097 | 91,12,061 |
| | | | | **মোট** | **93** | | **2,47,26,483** |

93 টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য প্রকৃত ব্যয়: 2,47,26,483 টাকা

ডি পি আর অনুসারে, 93 টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য আনুমানিক ব্যয়: 79,495 টাকা × 93 = 73,93,035 টাকা

93 টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জন্য অতিরিক্ত ব্যয়: 2,47,26,483 টাকা - 73,93,035 টাকা = 1,73,33,448 টাকা= অর্থাৎ 1.73 কোটি টাকা

*(উৎস: জলপাইগুড়ি বিভাগ, পি এইচ ই ডি)*

## পরিশিষ্ট-1.7

## (অনুচ্ছেদ 1.11.8 দ্রষ্টব্য)

## অস্বীকার্য ব্যয়

| ক্রমিক সংখ্যা | জেলা | বাস্তবায়নকারী বিভাগের নাম | অস্বীকার্য পরিমাণ (কোটি টাকায়) |
|---|---|---|---|
| 1. | বাঁকুড়া | বাঁকুড়া বিভাগ, পি এইচ ই ডাইরেক্টর | 1.90 |
| 2. | জলপাইগুড়ি | জলপাইগুড়ি বিভাগ, পি এইচ ই ডাইরেক্টর | 1.32 |
| 3. | মুর্শিদাবাদ | বহরমপুর বিভাগ-I, পি এইচ ই ডাইরেক্টর | 0.42 |
| 4. | | মুর্শিদাবাদ বিভাগ, পি এইচ ই ডাইরেক্টর | 0.48 |
| 5. | পূর্ব বর্ধমান | বর্ধমান বিভাগ, পি এইচ ই ডাইরেক্টর | 0.17 |
| 6. | পুরুলিয়া | পুরুলিয়া বিভাগ, পি এইচ ই ডাইরেক্টর | 2.12 |
| | **মোট** | | **6.41** |

*(উৎস: বাস্তবায়নকারী বিভাগ)*

## পরিশিষ্ট-1.8

**(উৎস: অনুচ্ছেদ 1.11.9 দ্রষ্টব্য)**

**সময়মতো এফ টি কে ব্যবহার না করার কারণে অপব্যয়**

| ওয়ার্কিং ডিভিশনের নাম | পর্যায় | ক্রয়/ সরবরাহকৃত প্যাকেটের সংখ্যা | করনীয় পরীক্ষার সংখ্যা | প্রকৃতপক্ষে করা পরীক্ষার সংখ্যা | পরীক্ষা করা হয়নি | এফ টি কে-এর মেয়াদ শেষ হওয়ার তারিখ | প্যাকেটগুলির মেয়াদ শেষ হয়ে গেছে তার সংখ্যা | হার (টাকায়) | অপব্যয় (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ (= 50 * গ) | ঙ | চ | ছ | জ (= চ/50) | ঝ | ঞ (= জ * ঝ) |
| জলপাইগুড়ি | I | 290 | 14,500 | 3,044 | 11,456 | নভেম্বর-22 | 229 | 1,700.00 | 3,89,300.00 |
| | II | 678 | 33,900 | 8,411 | 25,489 | আগস্ট-23 | 509 | 1,700.00 | 8,65,300.00 |
| বাঁকুড়া | I | 730 | 36,500 | 20,238 | 16,262 | নভেম্বর -22 | 325 | 1,700.00 | 5,52,500.00 |
| | II | 1,539 | 76,950 | 27,904 | 49,046 | নভেম্বর-23 | 980 | 1,700.00 | 16,66,000.00 |
| পূর্ব মেদিনীপুর | I | 860 | 43,000 | 30,298 | 12,707 | নভেম্বর-22 | 254 | 1,700.00 | 4,31,800.00 |
| | II | 2,047 | 1,02,350 | 83,294 | 19,056 | নভেম্বর-23 | 381 | 1,700.00 | 6,47,700.00 |
| পূর্ব বর্ধমান | I | 690 | 34,500 | 12,638 | 21,862 | নভেম্বর-22 | 437 | 1,700.00 | 7,42,900.00 |
| | II | 2,253 | 1,12,650 | 57,257 | 55,393 | নভেম্বর-23 | 1,107 | 1,700.00 | 18,81,900.00 |
| পুরুলিয়া | I | 425 | 21,250 | 36 | 21,214 | নভেম্বর-22 | 424 | 1,700.00 | 7,20,800.00 |
| | II | 941 | 47,050 | 9,414 | 37,636 | নভেম্বর-23 | 752 | 1,700.00 | 12,78,400.00 |
